

আইনে রাস্তা
বাবু কুমার

আদুর নাবী

সূচীপত্র

المرآة الحالية



আদুর রায়ক বিন ইউসুফ

আদর্শ নারী

আব্দুর রায়ঘাক বিন ইউসুফ

প্রকাশক :

আব্দুর রায়ঘাক

নওদাপাড়া, পোঃ সপুরা

থানা-শাহ মখদুম, রাজশাহী।

প্রথম প্রকাশ

ছফ্র ১৪২৮ হিজরী

ফেব্রুয়ারী ২০০৭ ইসারী

ফাল্গুন ১৪১৩ বঙ্গাব্দ

দ্বিতীয় প্রকাশ

ডিসেম্বর ২০০৯

[লেখক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত]

কম্পিউটার কম্পোজ :

তৃবা কম্পিউটার

নওদাপাড়া, পোঃ সপুরা

থানা-শাহ মখদুম, রাজশাহী।

মোবাইল : ০১৭১৭-০৮৮৯৬৭।

মূল্য : ৫০.০০ (পঞ্চাশ) টাকা মাত্র।

ADARSA NARI :

WRITTEN & PUBLISHED BY ABDUR RAZZAQ BIN YOUSUF MUHADDIS, AL-MARKAZUL ISLAMI AS-SALAFI, NAWDAPARA, RAJSHAHY. Mobile: 01717088967.

Price: 50.00 Taka only.

সূচীপত্র

ভূমিকা	৫
আদর্শ নারীর বৈশিষ্ট্য	৭
আদর্শ স্ত্রী	১৪
নারী-পুরুষের আদর্শ	৩৭
কন্যাকৃতি নারী	৮৮
কন্যা-লালন-পালন জান্মাত পাওয়ার মাধ্যম	৮৫
স্ত্রী হিসাবে নারী	৮৬
মা হিসাবে নারী	৮৮
আদর্শ নারীর আদব বা শিষ্টাচার	৫০
চলাফেরা, শোয়া ও নিন্দার আদব	৫৩
খাওয়ার আদব	৫৬
খাদ্য পরিমাণে কম খাওয়া	৫৯
খাওয়ার শেষে করণীয়	৬০
পেশাব পায়খানার আদব	৬২
এক নথরে পেশাব পায়খানার আদব	৬৫
ওয়ুর মাহাত্ম্য	৭০
ওয়ুর বিবরণ	৭২
ওয়ু সম্পর্কে অন্যান্য জ্ঞাতব্য বিষয়	৭৩
যেসব কারণে ওয়ু ভঙ্গ হয়	৭৪
গোসলের বিবরণ	৭৫
গোসল সম্পর্কে অন্যান্য জ্ঞাতব্য	৭৬
গোসলের প্রকারভেদ	৭৭
তায়াম্মুমের বিবরণ	৭৭
যে কারণে তায়াম্মুম করতে হয়	৭৮
তায়াম্মুম সম্পর্কে জ্ঞাতব্য	৭৮
হায়েয় ও নেফাসের আলোচনা	৭৯
হায়েয় অবস্থায় যেসব কাজ করা নিষেধ	৭৯
হায়েয় হতে পরিত্রাতা লাভের উপায়	৭৯
হায়েয় সম্পর্কে অন্যান্য মাসআলা সমূহ	৮১
ঈমান	৮২
ঈমানের অস্তর্ভুক্ত কার্যাবলী।	৮৫
ঈমানের ফলাফল	৮৮
ছালাত	৮৯
ছালাতের গুরুত্ব ও ফয়েলত	৯১
এক নথরে ছালাত	৯৪
আয়ান ও আয়ানের দো‘আ	৯৭
আয়ানের জওয়াব এবং আয়ান শেষের দো‘আ	৯৭

ইক্ষুমতের বাক্য	৯৯
ইক্ষুমতের জবাব	৯৯
ছালাতের প্রয়োজনীয় দো'আ সমূহ	১০০
সালাম ফিরানোর পরের দো'আ সমূহ	১০০
ছালাতে নারী-পুরুষের পার্থক্য	১১১
ছালাতে নারীর পোশাক	১১২
বিবিধ জ্ঞাতব্য বিষয়	১১৪
পাঁচ ওয়াক্ত ছালাতের সুন্নাতী ক্ষুরাআত	১১৪
নফল ছালাত	১১৭
বিভিন্ন ছালাতের পরিচয়	১১৯
রাতের ছালাত বা তাহাজুদ ছালাত	১২৫
এক নথরে রাতের নফল ছালাতের রাক'আত সংখ্যা ও নিয়ম	১২৬
ছালাতুয় যুহা বা চাশতের ছালাত	১৩১
সূর্যগ্রহণ বা চন্দ্ৰগ্রহণের ছালাত	১৩২
প্রয়োজন পূৰণের ছালাত	১৩৩
ক্ষমা প্রার্থনার ছালাত	১৩৪
ছালাতুল ইন্সেখারা বা কল্যাণ ইঙ্গিত প্রার্থনার ছালাত	১৩৫
মুসাফির বা সফরকারীর ছালাত	১৩৭
সফরের দূরত্ব এবং কৃত্তৰের মেয়াদ	১৩৭
অসুস্থ ব্যক্তির ছালাত	১৩৯
যাকাতের আলোচনা	১৩৯
কোন কোন মালে যাকাত দিতে হবে	১৪২
যাকাতের নিসাব বা কি পরিমাণ মাল হ'লে যাকাত দিতে হবে	১৪৪
যাকাতের হক্কদার	১৪৫
আল্লাহর রাস্তায় দান	১৪৫
দান করার পর বলে বেড়ানো	১৪৮
ছিয়ামের আলোচনা	১৪৯
ছিয়ামের গুরুত্ব ও মাহাত্ম্য	১৫১
রাসূল (ছাঃ)-এর ছিয়াম	১৫৪
এক নথরে রাসূল (ছাঃ)-এর ছিয়াম	১৫৭
মুসাফির বা ভ্রমণকারী ও অসুস্থ ব্যক্তির ছিয়াম	১৫৭
ছিয়াম অবস্থায় করণীয়	১৫৯
সাহারী ও ইফতার	১৬২
হজ্জ	১৬৪
হজ্জের ফরাইলত	১৬৫
জাহান্নামী নারী	১৬৬
জান্নাতী নারী	১৭৩
যিকিরের আলোচনা	১৮২

ভূমিকা

إِنَّ الْحَمْدَ لِلَّهِ نَحْمَدُهُ وَنَسْتَعِينُهُ وَنَسْتَعْفِرُهُ وَنَعُوذُ بِاللَّهِ مِنْ شُرُورِ أَنفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ
أَعْمَالِنَا مَنْ يَهْدِهِ اللَّهُ فَلَا مُضِلٌّ لَهُ وَمَنْ يُضْلِلُ فَلَا هَادِيَ لَهُ وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ
وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ.

আদর্শ পরিবার বইটি প্রকাশের পর পরই আদর্শ নারী বইটি বের করার ইচ্ছা করেছিলাম। কারণ বর্তমান বিশ্বে মুসলিম সমাজে নারীদের যথাযথ মূল্যায়ন যেমন হচ্ছে না, তেমনি ইসলামী আদর্শে নারী জীবন গড়ে তোলার লক্ষ্যে বহু বই-পুস্তক বাজারে পাওয়া যায়। কিন্তু সেগুলির অধিকাংশই কুরআন ও ছহীহ হাদীছের পরিবর্তে জাল-য়েফ হাদীছ এবং বানাওয়াট মিথ্যা কিছুছা-কাহিনীতে ভরপুর। যা পড়ে নারীরা প্রকৃত ইসলামী আদর্শ সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করতে পারে না। পারে না রাসূলে কারীম (ছাঃ)-এর সুন্নাত অনুযায়ী নিজ জীবন ও পরিবার গঠন করতে। তাই বর্তমান নারী সমাজকে কুরআন ও ছহীহ হাদীছ ভিত্তিক কেবল রাসূল (ছাঃ)-এর সুন্নাত অনুযায়ী জীবন গড়ার লক্ষ্যে একটি বইয়ের একান্ত প্রয়োজন ছিল। কারণ একটা পরিবারকে সুন্দর করে ইসলামী আদর্শে গড়ে তোলার জন্য একজন আদর্শ নারীই হচ্ছে মূলভিত্তি। সন্ত ছাড়া যেমন একটি ঘর শূন্যে দাঢ়িয়ে থাকতে পারে না, তেমনি আদর্শ নারী ছাড়া আদর্শ পরিবারের আশা করা যায় না। এজন্য নবী করীম (ছাঃ) স্বামী-স্ত্রীকে সমানভাবে আদর্শ পরিবার গড়ে তোলার অধিকার দিয়েছেন। নবী করীম (ছাঃ) বলেন, স্বামী হচ্ছে কর্তা আর স্ত্রী হচ্ছে কর্তৃ (সিলসিলা ছহীহ)। নবী করীম (ছাঃ) বলেন, স্বামী যেমন পিরিবারের ব্যাপারে জিজ্ঞাসিত হবে স্ত্রীও তেমনি জিজ্ঞাসিত হবে (রুখারী, মুসলিম, মিশকাত)। আর এজন্যই নবী করীম (ছাঃ) আদর্শ নারীকে বিবাহ করে বলেছেন (রুখারী, মুসলিম)। সুতরাং ইসলামের দৃষ্টিতে একজন মহিলা কিভাবে আদর্শ নারী হিসাবে গড়ে উঠতে পারে সেজন্য ‘আদর্শ নারী’ নামে বইটি প্রকাশ করলাম। কিন্তু বিভিন্ন সমস্যার কারণে শত ইচ্ছা থাকা সত্ত্বেও বইটি প্রকাশে অনেক বিলম্ব হ'ল, সেজন্য আমরা দুঃখিত। ‘আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ’-এর বার্ষিক তাবলীগী ইজতেমা ২০০৭ উপলক্ষ্যে বইটি প্রকাশিত হ'ল- ফালিল্লাহিল হামদ।

বইটি প্রকাশে আমাকে একাত্তভাবে সহযোগিতা করেছে আমার সহধর্মীনী উম্মু মরিয়ম। সে আমার অন্যান্য বইগুলিতেও যথাসাধ্য সহযোগিতা করেছে। আমি তার জন্য প্রাণ খোলা দো'আ করছি, আল্লাহ যেন তাকে এর উত্তম পারিতোশিক দান করেন এবং আমার লেখনীর কাজে আরো সহযোগিতা করার তাওফীক দান করেন-আমীন! বইটি প্রকাশে আমাকে আরো সহযোগিতা করেছেন মাসিক আত-তাহরীক-এর সহকারী সম্পাদক মুহাম্মাদ কাবীরুল ইসলাম। আল্লাহ তাকেও জায়ের খায়ের দান করুন। এছাড়া আরো অনেকে বিভিন্নভাবে বইটি প্রকাশে আমাকে সহযোগিতা করেছেন, তাদের সবার জন্য দো'আ করছি, আল্লাহ যেন তাদের সবাইকে উত্তম প্রতিদান প্রদান করেন-আমীন!

অনেক সতর্কতা অবলম্বন সত্ত্বেও বইটিতে কিছু ক্রটি-বিচ্ছুতি ও মুদ্রণ প্রমাদ থেকে যাওয়া অসম্ভব নয়। সে বিষয়ে সম্মানিত পাঠকগণ অবহিত করলে পরবর্তী সংস্করণে তা সাদরে বিবেচিত হবে ইনশাআল্লাহ। বইটি পাঠ করে মুসলিম নারীগণ যদি নিজেদেরকে ইসলামী আদর্শে গড়ে তুলতে সচেষ্ট হন এবং এর মাধ্যমে পরিবার, সমাজ ও দেশে ইসলামী ভাবধারা ফুটে ওঠে তাহ'লে আমরা আমাদের এ ক্ষুদ্র প্রচেষ্টা স্বার্থক বলে মনে করব। আল্লাহ আমাদের এ শ্রমটুকু কুরুল করুন-আমীন!

॥লেখক॥

আদর্শ নারীর বৈশিষ্ট্য

প্রত্যেকটি জিনিসের ভাল ও মন্দ গুণগুণ রয়েছে। এই গুণগুণগুলিকে সে জিনিসের বৈশিষ্ট্য বলা হয়। বিশ্ব প্রতিপালক আল্লাহ এবং তাঁর রাসূল (ছাঃ)-এর পক্ষ থেকে মহিলাদের জন্য নির্দিষ্ট কিছু উত্তম আদর্শ রয়েছে। সেগুলিই হচ্ছে আদর্শ নারীর বৈশিষ্ট্য। এই বৈশিষ্ট্যগুলি যে নারীর মধ্যে থাকবে সে-ই ইসলামের দৃষ্টিতে আদর্শ নারী বলে বিবেচিত হবে। অতএব বিশ্বের মুসলিম নারীদের শিক্ষার লক্ষ্যে আদর্শ নারীর কিছু বৈশিষ্ট্য নিম্নে আলোকপাত করা হ'ল।

রাসূল (ছাঃ) বলেন, ‘সম্পূর্ণ দুনিয়া হচ্ছে সম্পদ। আর দুনিয়ার শ্রেষ্ঠ সম্পদ হচ্ছে সতী-সাধ্বী নারী’ (বুখারী, মুসলিম, বাংলা মিশকাত হ/২৯৪৯)। অত্র হাদীছে একমাত্র আদর্শনারীকে পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদ বলা হয়েছে। নবী (ছাঃ) এ কথা বলে নারীদের মান-সম্মান বহুগুণ বৃদ্ধি করেছেন এবং জাতির কাছে তাদেরকে মূল্যবান ও গ্রহণযোগ্য করে পেশ করেছেন। পৃথিবীর কোন জাতি নারীদেরকে কোন দিন এরূপ সম্মান দিতে পারেনি। আল্লাহ তা‘আলা আদর্শ নারীর গুণাবলী উল্লেখ করে বলেন,

فَالصَّالِحَاتُ قَانِتَاتٌ حَافِظَاتٌ لِلْغَيْبِ بِمَا حَفِظَ اللَّهُ

‘অতএব যারা সতী-সাধ্বী স্ত্রী লোক তারা তাদের স্বামীদের ব্যাপারে আল্লাহর হৃকুম পালনকারীণী এবং স্বামীদের অনুপস্থিতিতে গোপনীয় বিষয়গুলির হেফায়তকারীণী হয়ে থাকে। কেননা আল্লাহ নিজেই তার হেফায়ত করেন’ (নিসা ৩৪)। অত্র আয়াতে আল্লাহ তা‘আলা আদর্শ নারীর পরিচয় দিতে গিয়ে তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করেছেন-

- (১) সতী-সাধ্বীঃ ঐ স্ত্রী লোককে সতী-সাধ্বী বলা হয় যার মধ্যে ইসলামের দৃষ্টিতে অসাধু ও দৃষ্টিকুটু কোন আচরণ পরিলক্ষিত হয় না।
- (২) আল্লাহর হৃকুম পালনকারীণী অর্থাৎ আল্লাহর আইন-বিধান স্বতঃস্ফূর্ত ও সার্বিকভাবে মেনে চলা। (৩) স্বামীর অনুপস্থিতিতে গোপনীয়তা রক্ষা করা। এগুলি হচ্ছে আদর্শ নারীর বিশেষ গুণাবলী, যা অর্জনের জন্য প্রত্যেক মুসলিম রমনীর সচেষ্ট হওয়া আবশ্যিক। এক্ষেত্রে যত বাধা আসুক না কেন তা উপেক্ষা

করার চেষ্টা করতে হবে। আর আল্লাহর উপর ভরসা রাখতে হবে। কেননা তিনি নিজেই তাদের হেফায়তের অঙ্গীকার করেছেন।

আল্লাহ তা'আলা অন্যত্র বলেন, ‘নবী যদি আপনাদের সবাইকে তালাক দেন তাহ’লে অসম্ভব নয় যে, আল্লাহ নবীকে তোমাদের পরিবর্তে এমনসব স্ত্রী দিবেন যারা তোমাদের চেয়ে উত্তম হবে। যারা হবে সত্যিকার মুসলিম অনুগত, তওবাকারী, ইবাদতকারী, ছিয়াম পালনকারী কুমারী কিংবা অকুমারী’ (তাহরীম ৫)।

এ আয়তে আল্লাহ আদর্শ নারীর ছয়টি গুণ উল্লেখ করেছেন। যথা-

- (১) মুসলিম- এমন স্ত্রী লোক যারা একনিষ্ঠভাবে আল্লাহর আদেশ-নিষেধ পালন করতে সর্বদা প্রস্তুত থাকবে।
- (২) মুমিন- যে অকৃত্রিম নির্ণয় সহকারে ঈমান এনেছে। অর্থাৎ যাবতীয় বাধা-বিঘ্ন উপেক্ষা করে আল্লাহ, তাঁর রাসূল এবং তাঁর দীনের প্রতি ঈমান আনয়ন করেছে।
- (৩) আনুগত্যশীল- আনুগত্য বলতে কোন পীর-দরবেশের আনুগত্য নয় বরং আল্লাহ, তাঁর রাসূল এবং স্বামীর আনুগত্যকে ঝুঁকানো হয়েছে।
- (৪) তওবাকারী- এমন স্ত্রী লোক যারা সর্বক্ষণ আল্লাহর নিকট নিজের কৃত অপরাধের জন্য ক্ষমা চায়। নিজের পাপ কর্মের জন্য সদা-সর্বদা লজ্জিত ও অনুত্পন্ন হয়। এ ধরনের স্ত্রীদের মধ্যে কোন সময়ই অহংকার, গৌরব ও আত্মস্ফুরিতার ভাবধারা জাগ্রত হ’তে পারে না। এমন রমণীগণ হয় নরম প্রকৃতির।
- (৫) ইবাদতকারী- একজন নারীকে সর্বোত্তম হওয়ার জন্য ইবাদতগুলার হওয়া একান্তই যৱন্নরী।
- (৬) ছিয়াম পালনকারী- ফরয বা নফল ছিয়াম পালন করা অতীতের নবী ও সৎলোকদের কাজ। ছিয়াম পালন করলে প্রত্যন্তি দমন হয়। তাই ছিয়াম পালন করা আদর্শ নারীদের এক বিশেষ গুণ।

মহিলাদের সুন্দর আদর্শের ব্যাপারে রাসূল (ছাঃ) বলেন, ‘তোমাদের মহিলাদের মধ্যে সবচেয়ে উত্তম হচ্ছে এমন নারী যে, মেহপরায়না, ঘন ঘন সন্তান

প্রসবকারিণী, সমব্যথী, সান্ত্বনা প্রদানকারিণী, সহযোগিনী’ (সিলসিলা ছহীহা হা/১৮৪৯, ১৯৫২)। এ হাদীছে আদর্শ নারীর চারটি বৈশিষ্ট্য বর্ণিত হয়েছে। যথা-

- (১) স্বামীর প্রতি গভীর অনুরাগী ও বন্ধুভাবাপন্ন হওয়া।
- (২) অধিক সত্তান প্রসব করা। দারিদ্রের ভয়ে সত্তান নেয়া বন্ধ করা যাবে না। কেননা রিয়িকের মালিক আল্লাহ। তিনি সবার রিয়িক দান করেন।
- (৩) স্বামীর কাজে সহযোগিতা করা। অর্থাৎ স্বামীর ইবাদত-বন্দেগী হ'তে শুরু করে ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক সব কাজে তাকে সহযোগিতা করা।
- (৪) স্বামীর দুঃখে দুঃখী হওয়া ও তার ব্যথায় সমব্যথী হওয়া। উপরোক্ত চারটি গুণ লাভ করার জন্য প্রত্যেক মুসলিম মহিলাকে যত্নবান হওয়া অতীব যরুরী।

অন্য এক বর্ণনায় রাসূল (ছাঃ) বলেন,

بِالْإِلْكَارِ فَإِنَّهُنَّ أَعْدَبُ أَفْوَاهًا وَأَنْتَقُ أَرْحَامًا وَأَرْضَى بِالْيَسِيرِ

‘তোমরা কুমারীদের বিবাহ কর। কেননা তাদের মুখ বেশি মিষ্টি, তারা অধিক গর্ভধারিণী এবং অল্পে তুষ্ট’ (সিলসিলা ছহীহা হা/৬২৩, ১৯৫৭)। অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে, (১) স্বামীর নিকট কুমারী স্তৰ হিসাবে থাকা যরুরী। এ বাণী দ্বারা আরো প্রতীয়মান হয় যে, ‘চুন থেকে পান খসলেই’ অর্থাৎ একটু অসুবিধা হ'লেই প্রথম স্বামীর ঘর-সংসার ছেড়ে দিতীয় স্বামী গ্রহণ করা শোভনীয় নয়। যদিও তা শরীরী ‘আতে জায়েয়। (২) অধিক সত্তান প্রসব করতে হবে। (৩) স্বামীর সামর্থ অনুসারে সামান্য কোন জিনিসে তুষ্ট থেকে স্বামীর মন জয় করার চেষ্টা করতে হবে। আর এগুলি আদর্শ নারীরা ছাড়া অন্যের পক্ষে অসম্ভব।

আদর্শ নারীর একটি বিশেষ গুণের কথা উল্লেখ করে রাসূল (ছাঃ) বলেন,

لَيْسَ لِلنِّسَاءِ وَسْطُ الطَّرِيقِ

‘নারীরা রাস্তার মধ্য দিয়ে চলাচল করবে না’ (সিলসিলা ছহীহা হা/৮৫৬)। অত্র হাদীছে আদর্শ নারীদের রাস্তায় চলার আদর্শ বর্ণিত হয়েছে। রাস্তায় চলার ব্যাপারে আদর্শ নারীর বৈশিষ্ট্য হচ্ছে, তারা রাস্তার মধ্যস্থল দিয়ে এদিক সেদিক

তাকিয়ে চলবে না। দৃষ্টি নত করে রাস্তার এক পাশ দিয়ে চলাই হচ্ছে আদর্শ নারীর বৈশিষ্ট্য। আল্লাহ তা'আলা বলেন,

وَقُلْ لِلْمُؤْمِنَاتِ يَعْضُضْنَ مِنْ أَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوجَهِنَّ وَلَا يَكِيدُنَّ زِينَتَهُنَّ
الْأَمَاظِهَرَ مِنْهَا وَلَيَضْرِبَنَّ بِخُمُرِهِنَّ عَلَى جُبُونِهِنَّ وَلَا يُبِدِّيْنَ زِينَتَهُنَّ الْأَلْعُوْلَتَهُنَّ أَوْ أَبَاءَءَ
بُعُولَتَهُنَّ أَوْ أَبْنَائَهُنَّ أَوْ أَبْنَاءَ بُعُولَتَهُنَّ أَوْ أَخْوَانَهُنَّ أَوْ بَنِي أَخْوَتَهُنَّ أَوْ نِسَائَهُنَّ
أَوْ مَالِكَتْ أَيْمَانَهُنَّ أَوْ التَّبَعِيْنَا غَيْرِ أَوْلَى الْأَرْبَةِ مِنَ الرِّجَالِ أَوْ الطَّفْلِ الَّذِيْنَ لَمْ يَظْهِرُوا عَلَى
عَوْرَتِ النِّسَاءِ وَلَا يَضْرِبَنَّ بِأَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِيْنَ مِنْ زِينَتِهِنَّ وَتُوْبُوا إِلَى اللَّهِ جَمِيعًا
أَيْهَا الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تَفْلِحُونَ -

‘আপনি মুমিন নারীদেরকে বলুন, তারা যেন তাদের দৃষ্টিকে সংযত করে ও তাদের লজ্জাস্থানের হেফায়ত করে, যা প্রকাশমান তা ব্যতীত তাদের সৌন্দর্যকে প্রকাশ না করে এবং তারা যেন তাদের মাথার ওড়নাকে তাদের বুকের উপর দিয়ে পেটিয়ে রাখে’ তারা যেন তাদের স্বামী, পিতা, শ্বশুর, পুত্র, স্বামীর পুত্র, ভাতা, ভাতুস্পুত্র, ভগ্নিপুত্র, আপন নারীগণ, তাদের মালিকানাধীন দাসী, পুরুষদের মধ্যে যৌন কামনা-রহিত পুরুষ এবং নারীদের গোপন অঙ্গ সম্বন্ধে অঙ্গ বালক ব্যতীত কারো নিকট তাদের আভরণ প্রকাশ না করে, তারা যেন তাদের গোপন আবরণ প্রকাশের উদ্দেশ্যে সজোরে পদক্ষেপ না করে। হে মুমিনগণ! তোমরা সকলে আল্লাহর দিকে প্রত্যাবর্তন কর, যাতে তোমরা সফলকাম হ'তে পার’ (নূর ৩১)।

মহান আল্লাহ আরো বলেন, ‘তোমরা স্বগ্রহে অবস্থান কর। প্রাচীন জাহেলী যুগের নারীদের মত নিজেদেরকে প্রদর্শন কর না’ (আহযাব ৩৩)। রাসূল (ছাঃ) বলেন, ‘লজ্জা হচ্ছে ঈমান। আর ঈমান হচ্ছে জান্নাত লাভের মাধ্যম’ (মিশকাত হ/৫০৭৭)। উপরোক্ত আয়াত ও হাদীছ দ্বারা বুঝা যায় যে, মহিলাদেরকে নিজ গৃহেই অবস্থান করতে হবে। প্রয়োজন বশত যদি তাদেরকে বাইরে যেতেই হয় তাহলে তাদেরকে পূর্ণ পর্দা করে যেতে হবে। মূলতঃ পর্দাই হচ্ছে মহিলাদের জন্য এক শ্রেষ্ঠ গুণ। কারণ যাদের পর্দা নেই তাদের লজ্জা-শরম নেই। আর যাদের লজ্জা নেই ইবাদত-বন্দেগীর প্রতি ভালবাসা তাদের নিকট হ'তে দূরে সরে

যায়। তাই প্রত্যেক মুমিনা মহিলার জন্য কুরআন-হাদীছ অনুসারে পর্দা করা যরুবী এবং লোক দেখানো পর্দা পরিহার করা আবশ্যিক।

হ্যরত আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যখন স্বামী স্ত্রীকে (বিশেষ প্রয়োজনে) বিছানায় ডাকে আর স্ত্রী তা অমান্য করে। তখন স্বামী অসম্ভট্ট হ’লে এবং ঐ অবস্থায় রাত অতিবাহিত করলে ফিরিষতাগণ সকাল পর্যন্ত ঐ স্ত্রীর উপর অভিশাপ করতে থাকে’। অন্য বর্ণনায় রয়েছে, ‘কোন ব্যক্তি যদি তার স্ত্রীকে বিছানায় ডাকে আর স্ত্রী তা অমান্য করে তাহ’লে স্বামী স্ত্রীর প্রতি সম্ভট্ট না হওয়া পর্যন্ত আল্লাহ ঐ স্ত্রীর প্রতি রাগান্বিত থাকেন’ (মুভাফাক্ত আলাইহ, মিশকাত হাতৃ৪৬; বাংলা মিশকাত হা/৩১০৮)।

অত্র হাদীছ দ্বারা বোঝা যায় যে, স্বামীর আদেশ তৎক্ষণিকভাবে পালন করা এবং সর্বাবস্থায় স্বামীকে সম্ভট্ট রাখা আদর্শ নারীদের অন্যতম বৈশিষ্ট্য।

আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘নারী যখন পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করে, রামাযানের ছিয়াম পালন করে, লজ্জাস্থানের হিফায়ত করে ও স্বামীর আনুগত্য করে, তখন সে জান্নাতের যে কোন দরজা দিয়ে ইচ্ছা প্রবেশ করতে পারবে’ (হিনইয়া, মিশকাত হা/৩২৫৪, হাদীছ হাসান)।

অত্র হাদীছে মহিলাদের জান্নাতে যাওয়ার চারটি গুণ বর্ণিত হয়েছে। যে মহিলার মধ্যে উক্ত চারটি গুণ বিদ্যমান থাকবে সে তার ইচ্ছানুযায়ী জান্নাতের যে কোন দরজা দিয়ে প্রবেশ করতে পারবে। গুণগুলি হচ্ছে-

(১) রাসূলুল্লাহ (ছাঃ)-এর সুন্নাত অনুযায়ী দিনে-রাতে পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করা। (২) রামাযান মাসের ছিয়াম পালন করা। (৩) লজ্জাস্থানের হিফায়ত করা। অর্থাৎ অবৈধ যৌন মিলনে লিঙ্গ না হওয়া। (৪) স্বামীর আনুগত্য করা। অর্থাৎ স্বামীর আদেশ-নিষেধ মেনে চলা এবং স্বামী অসম্ভট্ট হয় এমন কাজ থেকে বিরত থাকা। স্বামীর সম্ভট্টিতে তুষ্ট থাকা। উক্ত গুণাবলী অর্জনের জন্য সচেষ্ট থাকা প্রত্যেক মুমিনা মহিলার জন্য যরুবী।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرُو قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَنْتَظِرُ اللَّهُ إِلَى إِمْرَأَةٍ لَا
تَشْكُرُ لِزَوْجِهَا وَهِيَ لَا تَسْتَغْفِرُ عَنْهُ.

আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘আল্লাহ সে মহিলার দিকে করুণার দৃষ্টি দেন না, যে স্বামীর শুকরিয়া আদায় করে না, আর সে স্বামীকে নিজের জন্য পরিপূর্ণ মনে করে না’ (তাবারাগী, কাবায়ির পঃ ২৯৩)।

অতএই হাদীছে মহিলাদের দু'টি দোষের কথা বলা হয়েছে। (১) স্বামীর কৃতজ্ঞতা জ্ঞাপন না করা। (২) স্বামীকে নিজের জন্য যথেষ্ট মনে না করা। মুসলিম মহিলাদের জন্য উক্ত দোষ দু'টি থেকে বেঁচে থাকা অতীব যুক্তি। কেননা যে কারণে মহিলারা বেশি বেশি জাহানামে যাবে তার মধ্যে অন্যতম হচ্ছে স্বামীর কৃতজ্ঞতা প্রকাশ না করা (বুখারী, মুসলিম, মিশকাত হ/১৪৮২)।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ لَعَنِ اللَّهِ الْوَاسِيْمَاتِ وَالْمُسْتَوْشِمَاتِ وَالْمُنْتَمِصَاتِ وَالْمُنْفَلِجَاتِ
لِلْحُسْنِ الْمُغْيِرَاتِ خَلْقَ اللَّهِ تَعَالَى.

আব্দুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) বলেন, ‘আল্লাহ তা‘আলা ঐসব নারীদের প্রতি অভিশাপ করেছেন, যারা সৌন্দর্য বৃদ্ধি করার উদ্দেশ্যে দেহে উক্তি (সুচিবিদ্ধ করে চিত্র অংকন) করে বা অন্যের মাধ্যমে করিয়ে নেয়। যারা এ উপড়িয়ে চিকন করে, যারা দাঁত সমৃতকে শানিত ও সরু বানায়। কারণ তারা আল্লাহর স্বাভাবিক সৃষ্টির বিকৃতি ঘটায়’ (বুখারী, মুসলিম, মিশকাত হ/৪৪৩১)। রাসূল (ছাঃ) আরো বলেন, ‘যারা চুলে জোড়া লাগায় অথবা অন্যের দ্বারা লাগিয়ে নেয়, যে নারী দেহে কিছু অংকন করে অথবা অন্যের দ্বারা করিয়ে নেয় তাদের উভয়ের প্রতি অভিশাপ করেছেন’ (বুখারী, মুসলিম, মিশকাত হ/৪৪৩০, বাংলা মিশকাত হ/৪২৩৩ ৮ম খণ্ড)।

উপরোক্ত হাদীছ দু'টিতে রাসূল কতিপয় কাজ করতে মহিলাদের বারণ করেছেন। আদর্শনারীর জন্য উক্ত কাজগুলি থেকে বেঁচে থাকা আবশ্যিক। রাসূল (ছাঃ) বলেন,

لَعْنَ اللَّهِ الْمُنْتَشِبِهِينَ مِنَ الرِّجَالِ بِالنِّسَاءِ وَالْمُنْتَشِبَهَاتِ مِنَ النِّسَاءِ بِالرِّجَالِ

‘আল্লাহ তা‘আলা সেই সব পুরুষের প্রতি অভিশাপ করেছেন, যারা মহিলার বেশ ধারণ করে। আর ঐসব মহিলাদের প্রতিও অভিশাপ করেন, যারা পুরুষেরদ বেশ ধারণ করে’ (বুখারী, মিশকাত হ/৪৪২৯, বাংলা মিশকাত হ/৪২৩২)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে, কোন পুরুষ মহিলার পোশাক পরিধান করতে পারে না। তেমনি কোন মহিলাও পুরুষের পোশাক পরিধান করতে পারে না। তদ্বপ যে সমস্ত পোশাকে মহিলাদের সাথে পুরুষের সাদৃশ্য করা হয় কিংবা পুরুষদের সাথে মহিলাদের সাদৃশ্য হয়, সেসব পরিহার করতে হবে। আদর্শ নারীর জন্য এসব কাজ থেকে বিরত থাকা একান্ত আবশ্যিক। প্রকৃতপক্ষে একজন আদর্শ মুসলিম মহিলা কখনো পুরুষের সাদৃশ্য অবলম্বন করতে পারে না।

কোন এক বৈঠকে রাসূল (ছাঃ) বলেন, ‘আমি জাহানামের প্রতি লক্ষ্য করলাম দেখলাম স্থানকার অধিকাংশই নারী। ছাহাবীগণ বললে, হে আল্লাহর রাসূল! এর কারণ কি? তিনি বললেন, তাদের কুফরীর কারণে। জিজেস করা হ’ল, তারা কি আল্লাহর সাথে কুফরী করে? রাসূল (ছাঃ) বললেন, না, তারা স্বামীর বৃত্তজ্ঞতা প্রকাশ করে না এবং অনুগ্রহের শুকরিয়া আদায় করে না। তুমি যদি সারা জীবন তাদের সাথে অনুগ্রহ কর, অতঃপর তোমার মধ্যে কোন ক্রটি লক্ষ্য করে, তখন বলে ফেলে আমি তোমার মধ্যে কোন কল্যাণই পাইনি’ (বুখারী, মুসলিম, বাংলা মিশকাত হ/১৩৯৭।)

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ قَالَ لَوْ كُنْتُ أَمْرًا أَحَدًا أَنْ يَسْجُدَ لِأَحَدٍ لَمَرْتُ الْمَرْأَةَ أَنْ تَسْجُدَ لِرَوْجِهَا—

আবু হুরায়রা (রা) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যদি আমি আল্লাহ ছাড়া অন্য কাউকে সেজদা করার নির্দেশ দিতাম তবে স্ত্রীর প্রতি তার স্বামীকে সেজদা করার নির্দেশ দিতাম (তিরমিয়ী, মিশকাত হ/৩২৫৫; বাংলা মিশকাত হ/৩১১৬, হাদীছ ছহীহ)। অত্র হাদীছে স্ত্রীর উপর স্বামীর হক্ক কতটুকু তা স্পষ্ট হয়েছে।

অন্য এক বর্ণনায় রয়েছে, ‘স্বামী হচ্ছে মহিলাদের জন্য জাহানাম এবং জাহানাতের মাধ্যম’ (সিলসিলা ছহীহ হ/২৬১২, ১৯৩৪)। অত্র হাদীছগুলি দ্বারা বুঝা যায় যে, আদর্শ মহিলার জন্য তার স্বামীকে রায়ী-খুশি করা, আদেশ-নিষেধ মেনে চলা, তার খিদমতে সর্বদা নিয়োজিত থাকা অত্যন্ত যরুবী।

উপরোক্ত আলোচনা থেকে প্রতীয়মান হয় যে, একজন মহিলাকে আদর্শ হ’তে হ’লে নিম্নোক্ত গুণাবলী অর্জন করতে হবে। ঈমানদার, পরহেয়েগার, নেককার, আল্লাহভীর, লজ্জাস্থানের হিফায়তকারিণী, সতী-সাধবী, উত্তম চরিত্রের

অধিকারিণী, অনুগত, পর্দাশীলা, দানশীলা, ছালাত আদায়কারিণী, ছিয়াম পালনকারিণী ইত্যাদি। এক কথায় যার মধ্যে রাসূল (ছাঃ)-এর আদর্শ রয়েছে সেই হচ্ছে প্রকৃত আদর্শ নারী। কেননা আল্লাহ বলেন,

لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِمَنْ كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرِ وَذَكَرَ اللَّهَ كَثِيرًا.

‘প্রকৃত পক্ষে তোমাদের জন্য আল্লাহর রাসূলের জীবনে রয়েছে এক সর্বোত্তম আদর্শ। এমন প্রত্যেক ব্যক্তির জন্য যে, আল্লাহ এবং পরকালের প্রতি আশাবাদী এবং খুব বেশি বেশি আল্লাহকে স্মরণ করে’ (আহসাব ২১)।

আদর্শ স্ত্রী

একটা পরিবারকে আদর্শ করার জন্য আদর্শ স্ত্রী অপরিহার্য। পানির মধ্যে চলাচল করলে পা ভিজবে না এটা যেমন অবাস্তব, তেমন আদর্শ স্ত্রী ছাড়া আদর্শ পরিবারের কামনা করা অবাস্তব। যদিও হয় তবে তা খুব কম হবে। কুরআনে দুইজন আদর্শ নারীর চরিত্র ও নমুনা পেশ করা হয়েছে। যে আদর্শের অনুসরণ করা ঈমানদার নারীদের জন্য আবশ্যিক। তার একজন হচ্ছেন ফেরাউনের স্ত্রী আছিয়া। ফেরাউন ছিল স্বৈরাচারী, সীমালজ্ঞনকারী, নির্যাতনকারী, আল্লাহত্ত্বাহী, গৌহ শলাকাধারী প্রচণ্ড প্রতাপশালী সম্বাট। পৃথিবীর ইতিহাসে সে ছিল আল্লাহর প্রকাশ্য দুশ্মন। অথচ তার স্ত্রী ছিলেন আল্লাহর দীনের পূর্ণ ও শক্তিশালী ঈমানদার। ফেরাউন তাঁর উপর চাঁপ সৃষ্টি করেছিল তাকে প্রতিপালক হিসাবে মেনে নেওয়ার জন্য। কিন্তু তিনি তা অস্বীকার করেছিলেন এবং বলেছিলেন, আমার প্রতিপালক, আপনার প্রতিপালক এবং সকল বস্তুর প্রতিপালক হচ্ছেন আল্লাহ। তখন ফেরাউন ভীষণ ক্রুদ্ধ হয়ে তাঁকে খুব কঠিন শাস্তি দিয়েছিল। ফেরাউন তার চার হাত-পায়ে পেরেক মেরে বুকের উপর পাথর চাঁপিয়ে শাস্তি দিত। তিনি এই আল্লাহ বিরোধী কঠোর মেজায়ী সম্বাটের আধিপত্য থেকে নিষ্কৃতি লাভের জন্য কাতর কঢ়ে দো ‘আ করতে থাকতেন। তিনি অমানবিক শাস্তি র শিকার হওয়া সত্ত্বেও পূর্ণ ঈমানের অধিকারী হয়ে সদাসর্বদা আল্লাহকে ডাকতেন। এটা নারীদের জন্য অনুকরণীয় এক বিরল আদর্শ।

এই আল্লাহ বিশ্বাসী মহিলাকে দুনিয়ার সব মহিলার জন্য দৃষ্টান্তস্বরূপ আল্লাহ তা ‘আলা পেশ করেছেন।

وَضَرَبَ اللَّهُ مَثَلًا لِّلَّذِينَ آمَنُوا امْرَأَتَ فِرْعَوْنَ إِذْ قَالَتْ رَبُّ ابْنِ لِي عِنْدَكَ بَيْتًا فِي
الْجَنَّةِ وَنَجَّنِي مِنْ فِرْعَوْنَ وَعَمَّلْهُ وَنَجَّنِي مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ ﴿١﴾

‘আল্লাহ্ তা‘আলা ঈমানদার নারী-পুরুষের জন্য ফেরাউনের স্ত্রীকে দৃষ্টান্ত স্বরূপ পেশ করেছেন। ফেরাউনের স্ত্রী আছিয়া দো‘আ করে বললেন, হে আল্লাহ্! আমার জন্য তোমার কাছে জান্নাতে একটি ঘর নির্মাণ কর এবং ফেরাউন ও তার কার্যকলাপ থেকে আমাকে মুক্তি দাও। মুক্তি দাও আমাকে অত্যাচারী লোকদের নির্যাতন থেকে’ (তাহরীম ১১)।

মুমিন নারী-পুরুষের অবস্থা কি হ’তে পারে তা দেখার ও তার সাথে সঙ্গতি রক্ষা করার উদ্দেশ্যে আল্লাহ্ তা‘আলা ফেরাউনের স্ত্রীকে দৃষ্টান্ত হিসাবে পেশ করেছেন। প্রতাপশালী ফেরাউনের কঠোর শাস্তির মুখোমুখি হয়েও আছিয়া চরম ঈমানের পরিচয় দিয়েছেন, যা মুমিন নারী-পুরুষের জন্য এক উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি চূড়ান্ত ঈমানের পরিচয় দিয়ে আল্লাহর নিকট ঘর বানানোর আবেদন করেছেন এবং ফেরাউন ও তার অত্যাচারী সম্প্রদায় হ’তে বাঁচতে চেয়েছেন।

দ্বিতীয় দৃষ্টান্ত হচ্ছে ঈসা (আৎ)-এর মা মরিয়মের আদর্শ। তিনি ছিলেন পবিত্রতা, সততা ও আল্লাহ্ ভীরুতার জ্ঞানস্তুতি প্রতীক। আল্লাহর বাণী,

وَمَرِيمَ ابْنَتَ عِمْرَانَ الَّتِي أَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيهِ مِنْ رُوحِنَا وَصَدَقَتْ بِكَلِمَاتِ رَبِّهَا
وَكُتُبِهِ وَكَانَتْ مِنَ الْفَانِتِينَ ﴿২﴾

‘আর ইমরান কল্যান মরিয়ম, যিনি তাঁর যৌনাঙ্গের পূর্ণ রক্ষণাবেক্ষণ করেছেন। তখন আমি তার মধ্যে আমার থেকে রুহ ফুঁকে দিয়েছি। তিনি তার প্রতিপালকের সব কথা ও তাঁর কেতাবসমূহের সত্যতা মেনে নিয়েছেন। বস্তুত তিনি ছিলেন নিয়মিত ইবাদতকারিণী, আল্লাহর আদেশ পালনকারী বিনয়ী লোকদের অন্তর্ভুক্ত’ (তাহরীম ১২)। অত্র আয়াতে মারিয়ামের চূড়ান্ত ঈমানের তিনটি পরিচয় দেয়া হয়েছে- (১) যৌনাঙ্গের পূর্ণ রক্ষণাবেক্ষণকারিণী। যেনা তাকে স্পর্শ করেনি। (২) তিনি তার প্রতিপালকের সব কথা ও তাঁর কেতাব সমূহের প্রতি অটল বিশ্বাসী ছিলেন। (৩) নিয়মিত ইবাদতে ছিলেন অতুলনীয়।

আদর্শ নারী-পুরুষের জন্য এই আয়াতদ্বয় এক বাস্তব উদাহরণ।

আল্লাহ তা'আলা আদর্শন্ত্রীর গুণ উল্লেখ করে বলেন,

﴿فَالصَّالِحَاتُ قَانِتَاتٌ حَافِظَاتٌ لِلْغَيْبِ بِمَا حَفِظَ اللَّهُ﴾

‘অতএব যারা সতী-সাধবী স্ত্রীলোক, তারা তাদের স্বামীদের ব্যাপারে আল্লাহর ভক্তি পালনকারী এবং স্বামীদের অনুপস্থিতিতে গোপনীয় বিষয়গুলির হেফায়তকারী হয়ে থাকে। কেননা আল্লাহ নিজেই তার হেফায়ত করেন’ (মিসা ৩৪)।

আল্লাহ তা'আলা এখানে সতী-সাধবী আদর্শ স্ত্রীর পরিচয় দিয়েছেন যারা স্বামীর আনুগত্য করে এবং স্বামীর অনুপস্থিতিতে নিজেকে হেফায়ত করে।

আল্লাহ তা'আলা অন্যত্র বলেন,

﴿عَسَىٰ رَبُّهُ إِنْ طَلَقَنَّ أَنْ يُبْدِلَهُ أَرْوَاجًاٰ خَيْرًاٰ مِنْ كُنْ مُسْلِمَاتٍ مُؤْمِنَاتٍ قَانِتَاتٍ تَائِبَاتٍ عَابِدَاتٍ سَائِحَاتٍ ثَيَّبَاتٍ وَأَبْكَارًا﴾

‘নবী যদি আপনাদের সবাইকে তালাক দিয়ে দেন, তাহ’লে অসম্ভব নয় যে, আল্লাহ্ নবী ﷺ কে তোমাদের পরিবর্তে এমন সব স্ত্রী দিবেন যারা তোমাদের চেয়ে উন্নত হবে। যারা হবে সত্যিকার মুসলিম, আনুগত্যশীল, তাওবাকারী, ইবাদতকারী, ছিয়াম পালনকারী, কুমারী কিংবা অকুমারী’ (তহরীম ৫)।

এখানে আদর্শন্ত্রীর ছয়টি গুণ পেশ করা হচ্ছে।

(১) ‘মুসলিম’ মুসলিম শব্দটির অর্থ হচ্ছে কার্যত আল্লাহ্ ভক্ত ও আইন-বিধান পালনকারী। তারা এমন স্ত্রী হবে যারা আল্লাহ্ আদেশ-নিষেধ পালন করতে সর্বদা প্রস্তুত থাকবে।

(২) ‘মুমিন’ মুমিন বলতে এমন লোককে বুঝায় যে অকৃত্রিম নিষ্ঠা সহকারে ঈমান গ্রহণ করেছে। অতএব মুমিন স্ত্রীর বিশেষত্ব হচ্ছে এই যে, সত্য হৃদয়ে আল্লাহ্, তাঁর রাসূল এবং তাঁর দ্বীনের প্রতি ঈমান রাখে। আর কার্যত নিজের চরিত্র, অভ্যাস-আদত, আচার-আচরণ ও ব্যবহারে আল্লাহ্ দ্বীন অনুসরণ করে চলে।

(৩) ‘আনুগত্যশীল’ এই শব্দের দু’টি অর্থ এবং দু’টি অর্থই এখানে গ্রহণীয়। প্রথম তারা এমন স্ত্রী হবে যারা আল্লাহর এবং তার রাসূলের অনুগত ও আদেশ পালনকারী হবে। দ্বিতীয়তঃ তারা হবে নিজের স্বামীর অনুগত।

(৪) ‘তাওবাকারী’ তারা এমন স্ত্রী হবে যারা সবসময়ই আল্লাহর কাছে নিজের গুনাহ ও অপরাধের জন্য ক্ষমা চায়। নিজের দুর্বলতাও পদচ্ছলনের অনুভূতি সবসময় দংশন করে এবং সেজন্য লজিত ও অনুতঙ্গ হয়। এ ধরনের স্ত্রীর মধ্যে কোন সময়ই অহংকার, গৌরব, অহমিকতা, উন্নাসিকতা ও আত্মস্মরিতার ভাবধারা জাগতে পারে না। এমন স্ত্রী স্বভাবতই ন্যূন প্রকৃতির এবং বিনীত মনোভাবের হয়।

(৫) ‘ইবাদতকারী’ একজন নারীর সর্বোত্তম হওয়ার ব্যাপারে এই জিনিসের খুব বেশি প্রভাব লক্ষ করা যায়। এমন স্ত্রী ইবাদত করার কারণে আল্লাহর নির্ধারিত সীমাসমূহ পূরাপূরি রক্ষা করে চলে। এমন স্ত্রী কখনোই আল্লাহরই এবাদত করা থেকে মুখ ফিরাবে না- এ আশা তার প্রতি খুব বেশি করা যায়।

(৬) ‘ছিয়াম পালনকারী’ ফরয বা নফল ছিয়াম পালন করা অতীতের নবী ও সৎ লোকদের কাজ। ছিয়াম পালন করলে প্রবৃত্তি দমন হয়। ছিয়াম পালনে অভ্যস্ত স্ত্রীর কাছে সবধরনের কল্যাণের আশা করা যায়। এ যাবত আদর্শ স্ত্রীর যেসব গুণাবলী পেশ করা হ’ল, সেগুলি পরিপূর্ণভাবে অর্জন করার জন্য সচেষ্ট থাকা প্রত্যেক নারীর কর্তব্য। আল্লাহ তুমি তাওফীক দান কর।

عَنْ أَبِي مُوسَى رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ كَمَلَ مِنَ الرِّجَالِ كَثِيرٌ وَلَمْ يَكُمْ مِنَ النِّسَاءِ إِلَّا آسِيَةً امْرَأَةُ فِرْعَوْنَ وَمَرْيَمُ بِنْتُ عِمْرَانَ وَإِنَّ فَضْلَ عَائِشَةَ عَلَى النِّسَاءِ كَفَضْلٍ
الرَّبِيدٌ عَلَى سَائِرِ الطَّعَامِ

আবু মুসা (রাঃ) থেকে বর্ণিত রাসূল ﷺ বলেছেন, ‘পুরুষদের মধ্যে অনেকেই পূর্ণ ঈমানদার হয়েছেন কিন্তু নারীদের মধ্যে ইমরানের কন্যা মারইয়াম এবং ফেরাউনের স্ত্রী আছিয়া ব্যতীত আর কেউ পূর্ণ ঈমানদার হ’তে পারেনি’। তিনি আরো বলেছেন, ‘সব নারীর উপর আয়েশার মর্যাদা এমন যেমন সব রকমের খাদ্য সামগ্রির উপর ছারীদের মর্যাদা’ (বুখারী হা/৩৪১১, মুসলিম হা/৪৪৫৯,

মিশকাত হা/৫৭২৪, বাংলা মিশকাত হা/৫৪৭৯)। রঞ্জিট টুকরা টুকরা করে গোশতের বোলের মধ্যে ভিজিয়ে দেওয়াকে ছারীদ বলে।

عَنْ عَلَيِّ بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُمْ عَنِ النَّبِيِّ قَالَ خَيْرٌ نِسَائِهَا مَرِيمٌ وَخَيْرٌ نِسَائِهَا حَدِيجَةُ۔

আলী (রাঃ) বলেন, আমি রাসূল ﷺ কে বলতে শুনেছি, ‘মারহিয়াম বিনতু ইমরান হচ্ছেন সমস্ত নারীর মধ্যে শ্রেষ্ঠ। আর খাদীজা বিনতু খুওয়াইলিদ হচ্ছেন বর্তমান দুনিয়ার সমস্ত নারী সমাজের মধ্যে শ্রেষ্ঠ’ (বুখারী হা/৩৮১৫, মুসলিম হা/৪৪৫৮, মিশকাত হা/৬১৭৫, বাংলা মিশকাত হা/৫৯২৪)।

عَنْ أَئْسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ قَالَ حَسْبُكَ مِنْ نِسَاءِ الْعَالَمِينَ مَرِيمٌ ابْنَةُ عُمْرَانَ وَخَوْيِجَةُ بَنْتُ حُوَيْلَدٍ وَفَاطِمَةُ بَنْتُ مُحَمَّدٍ وَآسِيَةُ امْرَأُ فِرْعَوْنَ۔

আনাস (রাঃ) বলেন, নবী ﷺ বলেছেন, ‘সারা বিশ্বের মহিলাদের মধ্য থেকে এই চারজন মহিলার ফয়লিত সম্পর্কে তোমার অবগত হওয়া যথেষ্ট। তাঁরা হচ্ছেন ইমরানের মেয়ে মারহিয়াম, খুওয়াইলেদের মেয়ে খাদীজা, মুহাম্মদ ﷺ এর মেয়ে ফাতিমা এবং ফেরাউনের স্ত্রী আছিয়া’ (তিরমিয়ী হা/৩৮৭৮, মিশকাত হা/৬১৮, বাংলা মিশকাত হা/৫৯৩০)।

অত্র হাদীছে রাসূল ﷺ এই চারজন নারীর মর্যাদা সম্পর্কে জানতে বলেছেন। কারণ কোন নারী বা পুরুষ প্রকৃতপক্ষে আদর্শও আল্লাহ্ ভীরু হ'তে চাইলে এসব নারীদের ইতিহাস অবগত হওয়া অপরিহার্য। কোন নারী যদি তার সতীত্ব যথাযথভাবে রক্ষা করতে চায়, কঠিন দুর্বিসহ অবস্থায় ধৈর্যধারণ করতে চায় এবং পরিবারকে আদর্শকরতে চায়, তাহ'লে তার জন্য মারহিয়াম ও আছিয়ার ঈমানী আদর্শ অবগত হওয়া যান্নরী।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ أَتَى جِبْرِيلُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ هَذِهِ حَدِيجَةُ قَدْ أَتَتْ مَعَهَا إِنَاءُ فِيهِ إِدَامٌ وَطَعَامٌ فَأَتَتْكَ فَاقْرَأْ عَلَيْهَا السَّلَامَ مِنْ رَبِّهَا وَمَنْتِيْ وَبَشِّرْهَا بِبَيْتٍ فِي الْجَنَّةِ مِنْ قَصَبٍ وَلَا صَخْبٍ فِيهِ وَلَا نَصْبٍ.

আবু হুরায়রা (রাঃ) বলেন, একদা জিরাট্ল (আঃ) নবী করীম (ছাঃ)-এর নিকট এস বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! এই যে, দেখছেন খাদীজা একটি পাত্র নিয়ে আসছেন। তাতে তরকারী এবং খাদ্যদ্রব্য রয়েছে। তিনি যখন আপনার নিকট আসবেন, তখন আপনি তাকে তাঁর প্রতিপালকের পক্ষ হ'তে এবং আমার পক্ষ হ'তে সালাম দেবেন এবং তাকে জান্নাতের মধ্যে মুক্তা খচিত এমন একটি প্রাসাদের সুসংবাদ প্রদান করবেন যেখানে নেই কোন হৈ হল্লোড়, নেই কোন কষ্ট-ক্লেশ (বুখারী, মুসলিম, মিশকাত হা/৫৯২৫)। অত্র হাদীছে খাদীজা (রাঃ) যে অনুকরণীয়া, অনুস্মরণীয়া, এক চূড়ান্ত উত্তম আদর্শের অধিকারীণী মহিলা তা স্পষ্টরূপে ফটে উঠেছে। কারণ আল্লাহ তা‘আলা তাকে সালাম দিয়েছেন, জিবরাইল (আঃ) তাকে সালাম দিয়েছেন। জিবরাট্ল (আঃ) তাকে জান্নাতের সুসংবাদও প্রদান করেছেন। একজন মহিলার মর্যাদা আল্লাহর নিকট কত বেশী হলে আল্লাহ তাকে এভাবে মূল্যায়ন করেন তা ভাবার বিষয়।

عَنْ عَائِشَةَ قَالَتْ...فَدَخَلَ النَّبِيُّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى حَدِيبَةَ بْنِتِ حُوَيْلِدٍ فَقَالَ
رَمْلُونِيْ رَمْلُونِيْ فَرَمَلُونِهِ حَتَّى دَهَبَ عَنْهُ الرَّوْعُ فَقَالَ لِحَدِيبَةَ وَأَخْبَرَهَا الْخَبَرَ لَقَدْ خَشِيتُ
عَلَى نَفْسِي فَقَالَتْ حَدِيبَةُ كَلَّا وَاللَّهِ مَا يُخْزِيْكَ اللَّهُ أَبَدًا إِنَّكَ لَتَصِيلَ الرَّحْمَ وَتَحْمِلُ الْكُلَّ
وَتَكْسِبُ الْمَعْدُومَ وَتَغْرِيْ الصَّيْفَ وَتَعْيِنُ عَلَى نَوَابِيْنِ الْحَقَّ فَانْطَلَقَ بِهِ حَدِيبَةُ حَتَّى أَتَتْ
بِهِ وَرَقَةَ بْنِ نَوْفَلَ.

আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) খাদীজার নিকট এসে বললেন, আমাকে চাদর দ্বারা আবৃত কর আমাকে চাদর দ্বারা আবৃত করেন। তারপর তার কিছু ভিত্তি দূর হ'ল। তখন তিনি খাদীজা (রাঃ)-এর নিকট ঘটনা আদ্যোপাত্ত জানিয়ে তাঁকে বললেন, আমি আমার ব্যাপারে ভয় করছি। খাদীজা (রাঃ) বললেন, আল্লাহর কসম! কখনো (আপনার কোন ভয়ের কোন কারণ নেই) আল্লাহ আপনাকে লাভ্যিত করবেন না। কারণ আপনি তো আত্মীয়-স্বজনের সাথে সদাচরণ করেন, অসহায় দুঃস্থদের দায়িত্ব বহন করেন, নিঃস্বকে সহযোগিতা করেন, যেহমানের আপ্যায়ন করেন এবং হক পথে দুদর্শাগ্রস্তকে সাহায্য করেন। অতঃপর খাদীজা (রাঃ) নবী করীম (ছাঃ)-কে তার

চাচাত ভাই ওয়ারাকাহ ইবনে নওফালের নিকট নিয়ে গেলেন (বুখারী হা/৩)। অত্র হাদীছ দ্বারা প্রতীয়মান হয় যে, অতি বুদ্ধিমতি আদর্শ স্ত্রীর নিকট গুরুত্বপূর্ণ গোপন কথা বলতে পারে। আদর্শ স্ত্রী হ'লে স্বামী তার কাছে পরামর্শ চাইতে পারে। একমাত্র আদর্শ নারী খুব ভয়-ভীতি ও সংকটময় মুহূর্তে স্বামীকে সান্ত্বনা দিতে পারে এবং জটিল বিষয়ে পরামর্শ নেওয়ার জন্য কোন ব্যক্তির কাছে যাওয়ার পরামর্শ দিতে পারে। আর এসব কারণেই খাদীজা (রাঃ) মুসলিম নারীদের জন্য অনুকরণীয় এক অনুপম আদর্শ হিসাবে খ্যাতিমান হয়ে আছেন।

عَنْ أَبِي سَلَمَةَ أَنَّ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا عَائِشَةُ هَذَا جِبْرِيلُ يُقْرِئُكِ السَّلَامَ قَالَتْ وَعَلَيْهِ السَّلَامُ وَرَحْمَةُ اللَّهِ قَالَتْ وَهُوَ يَرَى مَا لَنِي

আবু সালমা (রাঃ) হতে বর্ষিত আয়েশা (রাঃ) বলেন, একদা রাসূল (ছাঃ) আমাকে বললেন, হে আয়েশা! এই যে, জিবরাইল তোমাকে সালাম দিচ্ছেন। আয়েশা (রাঃ) বললেন, তাঁর উপরও সালাম এবং রহমত বর্ষিত হোক। রাসূল (ছাঃ) যা দেখতে পান, আমরা তা দেখতে পাই না (বুখারী, মুসলিম, মিশকাত হা/৫৯২৭)।

যাকে জিবরাইল (আঃ) সালাম দেন তিনি কত বড় সৌভাগ্যবতি আদর্শ নারী তা বলার অপেক্ষা রাখে না। এসব নারী হচ্ছেন নারীদের জন্য চির অনুসরণীয়।

عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ لِيْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرِيْتُكِ فِي الْمَنَامِ ثَلَاثَ لَيَالٍ يَجِئُ بِكِ الْمَلَكُ فِي سَرَقَةٍ مِنْ حَرَبٍ فَقَالَ لِيْ هَذِهِ إِمْرَأَتِكَ فَكَشَفْتُ عَنْ وَجْهِكِ التَّوْبَ فَإِذَا أَنْتِ هِيَ فَقْلَتُ إِنْ يَكُنْ هَذَا مِنْ عِنْدِ اللَّهِ يَمْضِيْهُ.

আয়েশা (রাঃ) বলেন, একদা রাসূল (ছাঃ) আমাকে বললেন, তোমাকে তিন রাত আমাকে স্বপ্নে দেখানো হয়েছে। একজন ফেরেশতা তোমাকে রেশমী কাপড়ে জড়িয়ে নিয়ে আসেন এবং আমাকে বলেন, এই আপনার স্ত্রী। তখন আমি তোমার মুখের কাপড় সরিয়ে দেখি তুমি আয়েশা। অতঃপর আমি মনে মনে বললাম, এ স্বপ্ন যদি আল্লাহর পক্ষ থেকে হয়ে থাকে, তাহ'লে অবশ্যই তা একদিন পূর্ণ হবে' (বুখারী, মুসলিম, মিশকাত হা/৫৯২৮)।

অত্র হাদীছ প্রমাণ করে যে, আয়েশা (রাঃ) এক ব্যতিক্রমী আদর্শের অধিকারী নারী। কারণ আল্লাহ তা'আলা স্বয়ং তাকে নবীর স্ত্রী হিসাবে পসন্দ করেছিলেন। যে কারণে জিবরাউল (আঃ)-এর মাধ্যমে নবী করীম (ছাঃ)-কে দেখানো হয় এবং জিবরাউল (আঃ) বলেন, এই আপনার স্ত্রী। অন্য বর্ণনায় রয়েছে জিবরাউল (আঃ) আয়েশাকে এক সবুজ রেশমী কাপড়ে জড়িয়ে এনে নবী করীম (ছাঃ)-কে বললেন, ইহকালে ও পরকালে ইনি আপনার স্ত্রী (তিরমিয়ী, মিশকাত হ/৫৯৩১)।

عَنْ أَبِي مُوسَى قَالَ مَا أَشْكَلَ عَلَيْنَا أَصْحَابَ رَسُولِ اللَّهِ حَدَّيْتُ قَطُّ فَسَأَلْتَنَا عَائِشَةَ إِلَّا
وَجَدْنَا عِنْدَهَا مِنْهُ عِلْمًا.

আবু মুসা আশ'আরী (রাঃ) বলেন, আমরা রাসূল (ছাঃ)-এর ছাহাবীগণ যখনই কেন মাসআলা নিয়ে সমস্যায় পড়তাম তখনই আয়েশা (রাঃ)-কে জিজ্ঞেস করতাম এবং তার সঠিক সমাধান পেতাম (তিরমিয়ী, হাদীছ ছহীহ, মিশকাত হ/৫৯৩৪)। অত্র হাদীছ দ্বারা প্রমাণিত হয় যে, শরী'আত সম্পর্কে আয়েশা (রাঃ) ছিলেন অগাধ জ্ঞানের অধিকারিণী। সকল ছাহাবী তাঁকে শরী'আত সম্পর্কে জিজ্ঞেস করতেন। আদর্শ নারীদের কাজ হবে জ্ঞান চর্চা করা এবং মহিলাদের শিক্ষা দেয়া। নারীদের জ্ঞান অর্জন করা এবং অন্যদের তালীম দেয়ার ব্যাপারে পৃথিবীর এক অন্ধিতীয় নমুনা হচ্ছেন আয়েশা (রাঃ)।

عَنْ أَبِي هُرَيْرَةَ رضيَّ اللَّهُ عَنْهُ لَمْ يَكُنْدِبْ إِبْرَاهِيمُ إِلَّا ثَلَاثُ كَذَابٍ،
ثَلَاثُ مِنْهُنَّ فِي ذَاتِ اللَّهِ قَوْلُهُ إِنِّي سَقِيمٌ وَقَوْلُهُ كُلُّ فَعْلَةٍ كَبِيرُهُمْ هَذَا وَقَالَ بَيْنَا هُوَ ذَاتُ
يَوْمٍ وَسَارَةً إِذْ أَتَى عَلَى جَبَارٍ عَلَى جَبَارَةَ فَقَيْلَ لَهُ إِنَّ هُنَّا رَجُلًا مَعَهُ إِمْرَأَةٌ مِنْ أَحْسَنِ
النَّاسِ فَأَرْسَلَ إِلَيْهِ فَسَأَلَهُ عَنْهَا مَنْ هَذِهِ قَالَ أَخْتِي فَأَتَى سَارَةَ فَقَالَ لَهَا إِنَّ هَذَا الجَبَارُ إِنْ
يَعْلَمُ أَنِّي امْرَأٌ يَعْلَمُنِي عَلَيْكَ فَإِنَّكَ فَأَخْبَرْيْهُ إِنِّي أَخْتِي فَإِنِّي أَخْتِي فِي الإِسْلَامِ
لَيْسَ عَلَى وَجْهِ الْأَرْضِ مُؤْمِنٌ غَيْرِيْ وَغَيْرُكَ فَأَرْسَلَ إِلَيْهَا فَأَتَى بِهَا قَامَ إِبْرَاهِيمُ يُصَلِّي
فَلَمَّا دَخَلَتْ عَلَيْهِ ذَهَبَ يَتَنَاهُلُّهَا بِيَدِهِ فَأَخْدَدَهُ وَيُرْوَيَ فَطُطَّ حَتَّى رَكَضَ بِرَحْلِهِ فَقَالَ أَدْعِيْ
اللَّهَ لِيْ وَلَا أَصْرُكِ فَدَعَتِ اللَّهَ فَأَطْلَكَ ثُمَّ تَنَاهَلَهَا الثَّانِيَةُ فَأَخْدَدَ مِثْلَهَا أَوْ أَشَدَّ فَقَالَ أَدْعِيْ

اللَّهُ لِيْ وَلَا أُضْرِكَ فَدَعَتِ اللَّهَ فَاطِلَقَ فَدَعَا بَعْضَ حَجَبَتِهِ فَقَالَ إِنَّكَ لَمْ تَأْتِنِيْ بِإِنْسَانٍ إِنَّمَا أَتَيْتَنِيْ بِشَيْطَانٍ فَأَحَدَّ مَعَهَا هَاجِرَ فَأَتَتْهُ وَهُوَ قَائِمٌ يُصَلِّي فَأَوْمَأً بِيَدِهِ مَهِيمَ قَالَتْ رَدَّ اللَّهُ كَيْدَ الْكَافِرِ فِيْ نَحْرِهِ وَأَحْدَمَ هَاجِرَ قَالَ أَبُو هُرَيْرَةَ تِلْكَ أَمْكُمْ يَا بَنِي مَاءِ السَّمَاءِ.

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ইবরাহীম (আঃ) তিনবার ব্যতীত কখনো মিথ্যা বলেননি। এর মধ্যে দু'বার ছিল শুধু আল্লাহর পাকের সন্তুষ্টি অর্জনের জন্য। তার প্রথমটি ছিল লোকজন তাঁকে মেলা উৎসবে যেতে বললে তিনি বলেন, ‘আমি অসুস্থ’। আর তাঁর অপর কথাটি ছিল বরং তাদের বড় মূর্তিটিই একাজ করেছে। আর একটি ছিল তার নিজস্ব ব্যাপারে। রাসূল (ছাঃ) বলেন, একদা ইবরাহীম (আঃ) ও তাঁর স্ত্রী সারা এক যালিম শাসনকর্তার এলাকায় এসে পৌঁচলেন। শাসনকর্তাকে খবর দেয়া হ'ল যে, এখানে একজন লোক এসেছে, তার সঙ্গে আছে অতি সুন্দরী এক রমনী। রাজা তখন ইবরাহীম (আঃ)-এর কাছে লোক পাঠাল। সে তাঁকে জিজ্ঞেস করল এ রমনীটি কে? ইবরাহীম (আঃ) বললেন, সে আমার দ্বিনি বোন। অতঃপর ইবরাহীম (আঃ) সারার কাছে আসলেন এবং তাঁকে বললেন, হে সারা! যদি এ অত্যাচারী শাসক জানতে পারে যে, তুমি আমার স্ত্রী তাহ'লে সে তোমাকে আমার নিকট হ'তে জোরপূর্বক ছিনিয়ে নিবে। সুতরাং যদি সে তোমাকে জিজ্ঞেস করে তখন তুমি বলবে যে, তুমি আমার বোন। মূলতঃ তুমি আমার দ্বিনী বোন। কেননা আমি ও তুমি ছাড়া এ যমীনের উপর আর কোন মুমিন নেই। এবার শাসনকর্তা সারার নিকট লোক পাঠাল। সারাকে যালিম শাসকের নিকট উপস্থিত করা হ'ল। অপরদিকে ইবরাহীম (আঃ) ছালাত আদায়ের জন্য দাঁড়ালেন। অতঃপর সারা যখন রাজপ্রাসাদে প্রবেশ করলেন, তখন রাজা তাকে ধরার জন্য হাত বাড়াল, তখনই সে আল্লাহর গঘবে পাকড়াও হ'ল। অন্য বর্ণনায় রয়েছে, তার দম বন্ধ হয়ে গেল। এমনকি যমীনে পা মারতে লাগল। যালিম শাসক নিজের অবস্থা বেগতিক দেখে সারাকে বলল, আমার জন্য আল্লাহর কাছে দো‘আ কর, আমি তোমার কোন ক্ষতি করব না। তখন সারা আল্লাহর কাছে তার জন্য দো‘আ করলেন ফলে সে মুক্তি পেল। অতঃপর সে দ্বিতীয় বার তাকে ধরার জন্য হাত বাড়াল। তখন সে পূর্বের ন্যায় কিংবা আরো কঠিনভাবে পাকড়াও হ'ল। এবারও রাজা বলল, আমার জন্য আল্লাহর কাছে দো‘আ কর আমি তোমার কোন ক্ষতি

করব না। সুতরাং সারা আবারো তার জন্য আল্লাহর কাছে দো'আ করলেন। ফলে সে মুক্তি পেয়ে গেল। তখন শাসক একজন পাহারাদার ডেকে বলল, তোমরাতো আমার কাছে কোন মানুষকে আননি বরং তোমরা আমার কাছে এনেছ শয়তান। তারপর সে সারার খিদমতের জন্য হাজেরা নামে একজন রমনীকে দান করল। অতঃপর সারা ইবরাহীমের কাছে ফিরে আসলেন, তখনও ইবরাহীম (আঃ) ছালাত আদায় করছেন। ঘটনা কি হ'ল? সারা বললেন, আল্লাহ কাফেরের চক্রান্ত তার প্রতি উল্টো চাপিয়ে দিয়ে তার ষড়যন্তকে নস্যাং করে দিয়েছেন এবং সে আমার খিদমতের জন্য হাজেরাকে দান করেছেন। হাদীছটি বর্ণনা করার পর আবু হুরায়রা (রাঃ) বলেন, হে আরববাসীগণ! এ হাজেরাই তোমাদের আদি মাতা (বুখারী, মুসলিম, মিশকাত হা/৫৪৬০)।

অত্র হাদীছ দ্বারা প্রতীয়মান হয় যে, সারা অনুসরণীয় এক বিরল আদর্শের অধিকারী মহিলা ছিলেন। কারণ সকল ভাল মহিলাই কোন না কোন বিপদের সম্মুখীন হয়েছেন, কিন্তু সারার মত নয়। সারা তাঁর মান ইয্যতের ব্যাপারে সরাসরি এক অত্যাচারী লম্পট শাসকের হাতে পড়েছিলেন এবং শাসক খারাপ উদ্দেশ্যে তার দিকে হাত বাঢ়িয়েছিল। কিন্তু আল্লাহ তার শ্বাস-প্রশ্বাস বন্ধ করে দেন। সে তখন মাটিতে পা ছুড়তে থাকে এবং নিজের শোচনীয় অবস্থা থেকে পরিত্রাণের উদ্দেশ্যে সারাকে আল্লাহর কাছে তার জন্য ক্ষমা চাইতে বলে এবং তার কোন ক্ষতি করবে না বলে অঙ্গীকার করে। এভাবে আল্লাহ যালিম বাদশার অসৎ উদ্দেশ্যকে নস্যাং করে দেন এবং সারার ইয্যত রক্ষা করেন। এ থেকে প্রমাণিত হয় যে, সারা ছিলেন একজন মুত্তকী ও আল্লাহর সন্তুষ্টি প্রাপ্ত মহিলা। যার ফলে তার দো'আ কবুল হয়েছিল এবং তিনি তার ইয্যত-আক্রম রক্ষা করতে পেরেছিলেন। এখনো যে কোন মহিলা তার তাকওয়া ও পরহেয়গারিতার মাধ্যমে যে কোন বিপদ থেকে নিজেকে রক্ষা করতে পারে। প্রত্যেক মুসলিম নারীর উচিত এ ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করা। কেননা দেশে যেনা-ব্যভিচারের সংয়লাব চলছে, এ পরিত্রাণের জন্য যে কোন নারী তাকওয়া অর্জনের মাধ্যমে নিজেকে পবিত্র রাখতে পারে। পর্দার বিধান যথাযথভাবে পালন করে পরহেয়গারিতার চরম শিখরে পৌছতে পারে। উপরোক্ত ঘটনা তার জলন্ত প্রমাণ। আল্লাহ তুমি মহিলাদের উপরোক্ত গুণাবলী অর্জনের তাওফীক দান কর।

عَنْ ابْنِ عَبَّاسٍ أَوَّلُ مَا اتَّدَحَّدَ النِّسَاءُ الْمُنْطَقَ مِنْ قَبْلِ إِسْمَاعِيلَ اتَّخَذَتْ مِنْطَقًا لِتَعْفِيَ أَهْلَهَا عَلَى سَارَةِ ثُمَّ جَاءَ بِهَا إِبْرَاهِيمُ وَبِأَنْهَا إِسْمَاعِيلُ وَهِيَ تَرْصُعُهُ حَتَّى وَضَعَهُمَا عِنْدَ الْبَيْتِ عِنْدَ دَوْحَةٍ فَوْقَ زَمْرَدٍ فِي أَعْلَى الْمَسْجِدِ وَلَيْسَ بِمَكَّةَ يَوْمَئِذٍ أَحَدٌ وَلَيْسَ بِهَا مَاءٌ، فَوَضَعَهُمَا هُنَالِكَ وَوَضَعَ عِنْدَهُمَا جَرَابًا فِيهِ تَمْرٌ وَسَقَاءُ فِيهِ مَاءٌ ثُمَّ قَفَى إِبْرَاهِيمُ مِنْطَقًا فَبَعْتُهُ أُمُّ إِسْمَاعِيلَ فَقَالَتْ يَا إِبْرَاهِيمُ أَينَ تَدْهَبُ وَتَرْكُنَا بِهَذَا الْوَادِيِ الَّذِي لَيْسَ فِيهِ إِنْسٌ وَلَا شَيْءٌ فَقَالَتْ لَهُ ذَلِكَ مَرَارًا وَجَعَلَ لَا يَلْتَفِتُ إِلَيْهَا فَقَالَتْ لَهُ اللَّهُ الَّذِي أَمْرَكَ بِهَذَا قَالَ نَعَمْ قَالَتْ إِذْنْ لَا يَصِيرُونَا ثُمَّ رَجَعَتْ فَانْطَلَقَ إِبْرَاهِيمُ حَتَّى إِذَا كَانَ عِنْدَ النَّبِيَّ حِيتُ لَا يَرَاهُ اسْتَقْبَلَ بِوَجْهِهِ الْبَيْتَ ثُمَّ دَعَا بِهَؤُلَاءِ الْكَلِمَاتِ وَرَفَعَ يَدِيهِ فَقَالَ رَبَّنَا إِلَى أَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِيْ بِوَادٍ غَيْرِ ذِيْ ذَرَعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمَ.

ইবনু আকবাস (রাঃ) বলেন, নারী জাতি সর্ব প্রথম কোমরবন্দ বালানো শিখেছে ইসমাইল (আঃ)-এর মায়ের নিকট থেকে। হায়েরা (রাঃ) কোমরবন্দ লাগাতেন, সারা (আঃ) থেকে নিজের মর্যাদা গোপন রাখার জন্য। অতঃপর ইবরাহীম (আঃ) হায়েরা (আঃ) এবং তাঁর শিশু পুত্র ইসমাইলকে সঙ্গে নিয়ে বের হ'লেন। এমতাবস্থায় যে, হায়েরা শিশুকে দুধ পান করাতেন। অবশ্যে যেখানে কাঁবা ঘর অবস্থিত হ'ল ইবরাহীম (আঃ) তাদের দু'জনকে সেখানে নিয়ে আসলেন এবং মসজিদের উচু অংশে যেখানে এখন যমযম কৃপ অবস্থিত সেখানে একটি বড় গাছের নীচে তাদেরকে রাখলেন। তখন মক্কায় না ছিল কোন খাদ্য, না ছিল কোনরূপ পানির ব্যবস্থা। পরে তিনি তাদেরকে সেখানেই রেখে চলে গেলেন। আর এছাড়া তিনি তাদের নিকট রেখে গেলেন একটি থলের মধ্যে কিছু খেজুর ও একটি মশকে কিছু পানি। অতঃপর ইবরাহীম (আঃ) ফিরে চললেন। তখন হায়েরা তাঁর পিছে পিছে যেতে লাগলেন এবং বলতে লাগলেন, হে ইবরাহীম! আপনি কোথায় যাচ্ছেন? আমাদেরকে এমন এক ময়দানে রেখে যাচ্ছেন যেখানে না আছে কোন সাহায্যকারী, আর না আছে খাদ্যের ব্যবস্থা। তিনি একথা তাঁকে বার বার বলতে লাগলেন। কিন্তু ইবরাহীম (আঃ) তার দিকে ফিরেও তাকালেন না। তখন হায়েরা নিরূপায় হয়ে বললেন, আল্লাহ কি আপনাকে এভাবে চলে যেতে বলেছেন? তিনি বললেন, হ্যাঁ। হায়েরা বললেন, তাহ'লে আল্লাহ আমাদেরকে ধৰ্ষণ করবেন না। তারপর হায়েরা ছেলের নিকট ফিরে আসলেন।

আর ইবরাহীম (আঃ) সামনের দিকে চললেন। চলতে চলতে যখন তিনি গিরিপথের এমন বাঁকে পৌঁছলেন, যেখান থেকে স্ত্রী ও সন্তানকে আর দেখা যাচ্ছে না কিংবা তারাও তাঁকে দেখতে পাচ্ছে না, তখন তিনি কাঁবা ঘরের দিকে মুখ করে দাঁড়ালেন। অতঃপর তিনি দু'হাত তুলে প্রার্থনা শুরু করলেন, হে আমার প্রতিপালক! আমি আমার পরিবারের কতককে আপনার সম্মানিত কাঁবা ঘরের নিকট এক অনুর্বর উপত্যকায় রেখে গেলাম। হে আমার প্রতিপালক! যাতে তারা ছালাত কায়েম করতে পারে। অতঃপর আপনি কিছু লোকের অন্তরকে তাদের প্রতি আকৃষ্ট করুন এবং তাদেরকে ফলাদি দ্বারা রুয়ী দান করুন, যেন তারা আপনার শুকরিয়া আদায় করতে পারে (ইবরাহীম ৩৭)। আর ইসমাইলের মা ইসমাইলকে স্বীয় স্তনের দূধ পান করাতেন এবং নিজে ঐ মশক থেকে পানি পান করতেন। অবশ্যে মশকের পানি ফুরিয়ে গেল। তিনি নিজে ত্বক্ষার্ত হ'লেন এবং তাঁর শিশু পুত্রও ত্বক্ষায় কাতর হয়ে পড়ল। তিনি শিশুটির দিকে দেখতে লাগলেন। ত্বক্ষায় তার বুক ধড়ফড় করছে অথবা রাবী বলেন, সে মাটিতে পড়ে ছটফট করছে। শিশু পুত্রের এ করণ অবস্থার প্রতি তাকানো অসহনীয় হয়ে পড়ায় তিনি সরে গেলেন আর তাঁর অবস্থানের নিকটবর্তী পর্বত 'ছাফা'কে একমাত্র তাঁর নিকটতম পর্বত হিসাবে পেলেন। অতঃপর তিনি তার উপর উঠে দাঁড়ালেন এবং ময়দানের দিকে তাকালেন। এদিক সেদিকে তাকিয়ে দেখলেন, কোথাও কাউকে দেখা যায় কি-না? কিন্তু তিনি কাউকে দেখতে পেলেন না। তখন 'ছাফা' পর্বত থেকে নেমে পড়লেন। এমনকি যখন তিনি নিচু ময়দান পর্যন্ত পৌঁছলেন, তখন তিনি তাঁর কামিজের এক প্রান্ত তুলে ধরে একজন ঝান্ত-শ্বান্ত মানুষের মত ছুটে চললেন। অবশ্যে ময়দান অতিক্রম করে 'মারওয়া' পাহাড়ের নিকট এসে তার উপর উঠে দাঁড়ালেন। অতঃপর এদিক সেদিকে তাকালেন, কাউকে দেখতে পান কি-না? কিন্তু কাউকে দেখতে পেলেন না। এমনিভাবে সাতবার দৌড়াদৌড়ি করলেন।

ইবনু আবুস (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) বলেছেন, এজন্যই মানুষ এ পর্বতদ্বয়ের মধ্যে সাঁজি করে থাকে। অতঃপর তিনি যখন মারওয়া পাহাড়ে উঠলেন, তখন একটি শব্দ শুনতে পেলেন এবং তিনি নিজেকেই নিজে বললেন, একটু অপেক্ষা কর। তিনি মনোযোগ দিয়ে শুনলেন। তখন তিনি বললেন, তুমি তো তোমার শব্দ শুনিয়েছ। যদি তোমার নিকট কোন সাহায্যকারী থাকে। হঠাৎ যেখানে যমযম কূপ অবস্থিত সেখানে তিনি একজন ফেরেশতা দেখতে পেলেন। সেই ফেরেশতা তার পায়ের গোড়ালী দ্বারা আঘাত করলেন অথবা তিনি বলেছেন, স্বীয় ডানা দ্বারা আঘাত করলেন। ফলে পানি বের হ'তে লাগল। তখন হায়েরা

(আঃ) এর চারপাশে নিজ হাতে বাঁধ দিয়ে এক হাউজের মত করে দিলেন এবং হাতের কোষভরে তাঁর মশকটিতে পানি ভরতে লাগলেন। তখনো পানি উপচে উঠছিল। ইবনু আবুস (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) বলেছেন, ইসমাঈলের মাকে আল্লাহ রহম করুন। যদি তিনি বাঁধ না দিয়ে যমযমকে এভাবে ছেড়ে দিতেন কিংবা বলেছেন, যদি কোথে ভরে পানি মশকে জমা না করতেন, তাহলে যমযম একটি কৃপ না হয়ে একটি প্রবাহমান ঝর্ণায় পরিণত হ'ত। রাবী বলেন, অতঃপর হায়েরা (আঃ) পানি পান করলেন এবং শিশু পুত্রকেও দুধ পান করালেন, তখন ফেরেশতা তাঁকে বললেন, আপনি ধৰ্মসের কোন আশঙ্কা করবেন না। কেননা এখানেই আল্লাহর ঘর রয়েছে। এ শিশুটি এবং তাঁর পিতা দু'জনে মিলে এখানে ঘর নির্মাণ করবেন এবং আল্লাহ তাঁর আপনজনকে কখনো ধ্বংস করেন না। এ সময় আল্লাহর ঘরের স্থানটি যমীন থেকে টিলার মত উঁচু ছিল। বন্যা আসার ফলে তার ডানে বামে ভেঙ্গে যাচ্ছিল। অতঃপর হায়েরা (আঃ) এভাবেই দিন যাপন করছিলেন। অবশ্যে জুরহুম গোত্রের একদল লোক তাদের কাছ দিয়ে অতিক্রম করছিল। অথবা রাবী বলেন, জুরহুম পরিবারের কিছু লোক কাদা নামক উঁচু ভূমির পথ ধরে এদিকে আসছিল। তারা মক্কায় নীচু ভূমিতে অবতরণ করল এবং তারা দেখতে পেল একরোঁক পাথি চক্রাকারে উড়ছে। তখন তারা বলল, নিশ্চয়ই এ পাথিগুলো পানির উপর উড়ছে। আমরা এ ময়দানের পথ হয়ে বহুবার অতিক্রম করেছি। কিন্তু এখানে কোন পানি ছিল না। তখন তারা একজন কি দু'জন লোক সেখানে পাঠাল। তারা সেখানে গিয়েই পানি দেখতে পেল। সংবাদ শুনে সবাই সেদিকে অগ্রসর হ'ল। রাবী বলেন, ইসমাঈল (আঃ)-এর মা পানির নিকট ছিলেন। তারা তাঁকে বলল, আমরা আপনার নিকটবর্তী স্থানে বসবাস করতে চাই। আপনি আমাদেরকে অনুমতি দিবেন কি? তিনি জবাব দিলেন, হ্যাঁ। তবে এ পানির উপর তোমাদের কোন অধিকার থাকবে না। তারা হ্যাঁ, বলে তাদের মত প্রকাশ করল।

ইবনু আবুস (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) বলেছেন, এ ঘটনা ইসমাঈলের মাকে একটি সুযোগ এনে দিল। আর তিনিও মানুষের সাহচর্য চেয়েছিলেন। অতঃপর তারা সেখানে বসতি স্থাপন করল এবং তাদের পরিবার-পরিজনের নিকটও সংবাদ পাঠাল। তারপর তারাও এসে তাদের সাথে বসবাস করতে লাগল। পরিশেষে সেখানে তাদেরও কয়েকটি পরিবারের বসতি স্থাপিত হ'ল। আর ইসমাঈলও যৌবনে উপনীত হ'লেন এবং তাদের থেকে আরবী ভাষা শিখলেন। যৌবনে পৌঁছে তিনি তাদের নিকট অধিক আকর্ষণীয় ও প্রিয়পাত্র হয়ে উঠলেন। অতঃপর যখন তিনি পূর্ণ যৌবন লাভ করলেন, তখন তারা তাঁর সঙ্গে

তাদেরই একটি মেয়েকে বিবাহ দিল। এরই মধ্যে ইসমাইলের মা হায়েরা (আঃ) ইন্তিকাল করেন। ইসমাইলের বিবাহের পর ইবরাহীম (আঃ) তাঁর রেখে যাওয়া পরিজনের অবস্থা দেখার জন্য এখানে আসলেন। কিন্তু তিনি এসে ইসমাইলকে পেলেন না। তিনি ইসমাইলের স্ত্রীকে তার সমন্বে জিজ্ঞেস করলেন। স্ত্রী বলল, তিনি আমাদের জীবিকার খোঁজে বেরিয়ে গেছেন। অতঃপর তিনি পুত্রবধূকে তাদের জীবন যাত্রা এবং অবস্থা সমন্বে জিজ্ঞেস করলেন। সে বলল, আমরা অতি দূরবস্থায়, অত্যন্ত টানাটনি ও খুব কষ্টে আছি। সে ইবরাহীম (আঃ)-এর নিকট তাদের দুর্দশার অভিযোগ করল। তিনি বললেন, তোমার স্বামী বাড়ী আসলে, তাকে আমার সালাম জানিয়ে বলবে, সে যেন তার ঘরের দরজার চৌকাঠ বদলিয়ে নেয়। অতঃপর যখন ইসমাইল বাড়ী আসলেন, তখন তিনি যেন কিছুটা আভাস পেলেন। তখন তিনি তাঁর স্ত্রীকে জিজ্ঞেস করলেন, তোমার নিকট কেউ কি এসেছিল? স্ত্রী বলল, হ্যাঁ। এমন এমন আকৃতির একজন বৃন্দ লোক এসেছিলেন এবং আমাকে আপনার সমন্বে জিজ্ঞেস করেছিলেন। আমি তাঁকে আপনার সংবাদ দিলাম। তিনি আমাকে আমাদের জীবন যাত্রা সম্পর্কে জিজ্ঞেস করলেন, আমি তাঁকে জানালাম, আমরা খুব কষ্ট ও অভাবে আছি। ইসমাইল (আঃ) জিজ্ঞেস করলেন, তিনি কি তোমাকে কোন নষ্টিহত করেছেন? স্ত্রী বলল, হ্যাঁ। তিনি আমাকে নির্দেশ দিয়েছেন, আমি যেন আপনাকে তাঁর সালাম পৌছাই এবং তিনি আরো বলেছেন, আপনি যেন আপনার ঘরের দরজার চৌকাঠ বদলিয়ে ফেলেন। ইসমাইল (আঃ) বললেন, তিনি আমার পিতা। এ কথা দ্বারা তিনি আমাকে নির্দেশ দিয়ে গেছেন, আমি যেন তোমাকে পৃথক করে দেই। অতএব তুমি তোমার আপনজনদের নিকট চলে যাও। এ কথা বলে ইসমাইল (আঃ) তাকে তালাক দিয়ে দিলেন এবং এ লোকদের থেকে অন্য একটি মেয়েকে বিবাহ করলেন। অতঃপর ইবরাহীম (আঃ) এদের থেকে দূরে রইলেন, আল্লাহ যতদিন চাইলেন। অতঃপর তিনি আবার এদের দেখতে আসলেন। কিন্তু এবারও তিনি ইসমাইল (আঃ)-এর দেখা পেলেন না। তিনি পুত্রবধূর নিকট উপস্থিত হ'লেন এবং তাঁকে ইসমাইল (আঃ) সম্পর্কে জিজ্ঞেস করলেন। সে বলল, তিনি আমাদের খাবারের খোঁজে বেরিয়ে গেছেন। ইবরাহীম (আঃ) জিজ্ঞেস করলেন, তোমরা কেমন আছ? তিনি তাদের জীবন যাপন ও অবস্থা জানতে চাইলেন। তখন সে বলল, আমরা ভাল ও স্বচ্ছ অবস্থায় আছি। আর সে আল্লাহর প্রশংসাও করল। ইবরাহীম (আঃ) জিজ্ঞেস করলেন, তোমাদের পানীয় কি? সে বলল, গোশ্ত। তিনি আবার জানতে চাইলেন, তোমাদের পানীয় কি? সে বলল, পানি। ইবরাহীম (আঃ) দো'আ করলেন, হে আল্লাহ! তাদের গোশ্ত ও

পানিতে বরকত দাও। নবী করীম (ছাঃ) বলেন, এই সময় তাদের সেখানে খাদ্যশস্য উৎপাদন হ'ত না। যদি হ'ত তাহ'লে ইবরাহীম (আঃ) সে বিষয়েও তাদের জন্য দো'আ করতেন। বর্ণনাকারী বলেন, মক্কা ছাড়া অন্য কোথাও কেউ শুধু গোশ্ত ও পানি দ্বারা জীবন ধারণ করতে পারে না। কেননা শুধু গোশ্ত ও পানি জীবন যাপনের অনুকূল হ'তে পারে না।

ইবরাহীম (আঃ) বললেন, যখন তোমার স্বামী ফিরে আসবে, তখন তাঁকে আমার সালাম বলবে, আর তাঁকে আমার পক্ষ থেকে হৃকুম করবে যে, সে যেন তার ঘরের দরজার চৌকাঠ ঠিক রাখে। অতঃপর ইসমাঈল (আঃ) যখন ফিরে আসলেন, তখন তিনি বললেন, তোমাদের নিকট কেউ এসেছিলেন কি? সে বলল, হ্যাঁ একজন সুন্দর চেহারার বৃন্দ লোক এসেছিলেন এবং সে তাঁর প্রশংসা করল, তিনি আমাকে আপনার ব্যাপারে জিজ্ঞেস করেছেন। আমি তাঁকে আপনার সংবাদ জানিয়েছি। অতঃপর তিনি আমার নিকট আমাদের জীবন যাপন সম্পর্কে জানতে চেয়েছেন। আমি তাঁকে জানিয়েছি যে, আমরা ভাল আছি। ইসমাঈল (আঃ) বললেন, তিনি কি তোমাকে আর কোন কিছুর জন্য আদেশ করেছেন? সে বলল, হ্যাঁ। তিনি আপনার প্রতি সালাম জানিয়ে আপনাকে নির্দেশ দিয়েছেন যে, আপনি যেন আপনার ঘরের চৌকাঠ ঠিক রাখেন। ইসমাঈল (আঃ) বললেন, তিনিই আমার পিতা। আর তুমি হ'লে আমার ঘরের চৌকাঠ। একথা দ্বারা তিনি আমাকে নির্দেশ দিয়েছেন, আমি যেন তোমাকে স্ত্রী হিসাবে বহাল রাখি।

অতঃপর ইবরাহীম (আঃ) তাদের থেকে দূরে রাইলেন, যতদিন আল্লাহ চাইলেন। এরপর তিনি আবার আসলেন। (দেখতে পেলেন) যমযম কৃপের নিকটস্থ একটি বিরাট বৃক্ষের নীচে বসে ইসমাঈল (আঃ) তাঁর একটি তীর মেরামত করছেন। যখন তিনি তাঁর পিতাকে দেখতে পেলেন, তিনি দাঁড়িয়ে তাঁর দিকে এগিয়ে গেলেন। তারপর একজন বাপ-বেটার সঙ্গে, একজন বেটা-বাপের সঙ্গে সাক্ষাৎ হ'লে যেমন করে থাকে তাঁরা উভয়ে তাই করলেন। অতঃপর ইবরাহীম (আঃ) বললেন, হে ইসমাঈল! আল্লাহ আমাকে একটি কাজের নির্দেশ দিয়েছেন। ইসমাঈল (আঃ) বললেন, আপনার রব আপনাকে যা আদেশ করেছেন, তা করুন। ইবরাহীম (আঃ) বললেন, তুমি আমাকে সাহায্য করবে কি? ইসমাঈল (আঃ) বললেন, আমি আপনাকে সাহায্য করব। ইবরাহীম (আঃ) বললেন, আল্লাহ আমাকে এখানে একটি ঘর বানাতে নির্দেশ দিয়েছেন। এই বলে তিনি উঁচু টিলাটির দিকে ইশারা করলেন যে, এর চারপাশে ঘেরাও দিয়ে। তখনি তাঁরা উভয়ে কাঁবা ঘরের দেয়াল তুলতে লেগে গেলেন। ইসমাঈল (আঃ) পাথর আনতেন, আর ইবরাহীম (আঃ) নির্মাণ করতেন। পরিশেষে যখন দেয়াল উঁচু

হয়ে গেল, তখন ইসমাইল (আঃ) (মাকামে ইবরাহীম নামে খ্যাত) পাথরটি আনলেন এবং ইবরাহীম (আঃ)-এর জন্য তা যথাস্থানে রাখলেন। ইবরাহীম (আঃ) তার উপর দাঁড়িয়ে নির্মাণ কাজ করতে লাগলেন। আর ইসমাইল (আঃ) তাঁকে পাথর ঘোগান দিতে থাকেন। তখন তারা উভয়ে এ দো'আ করতে থাকলেন, হে আমাদের রব! আমাদের থেকে করুল করুন। নিচয়ই আপনি সবকিছু শুনেন ও জানেন। তাঁরা উভয়ে আবার কা'বা ঘর তৈরী করতে থাকেন এবং কা'বা ঘরের চারিদিকে ঘুরে ঘুরে এ দো'আ করতে থাকেন, ‘হে আমাদের রব! আমাদের থেকে করুল করে নিন। নিচয়ই আপনি সবকিছু শুনেন ও জানেন’ (বাক্সারাহ ১২৭; বুখারী হ/২৩৬৮)।

অত্র হাদীছে হায়েরার ঈমানী পরীক্ষা প্রমাণ করে যে, আল্লাহর প্রতি তার পূর্ণ বিশ্বাস ছিল। কোন খাদ্য ও পানীয়ের ব্যবস্থা না থাকলেও আল্লাহ তাকে ধৰ্মস করবেন না এ বিশ্বাস তার অন্তরে দৃঢ়ভাবে ছিল। এমনকি এই জন-মানবহীন প্রাতরে, অনুর্বর উপত্যকায় তিনি থাকতে পারবেন বলেও জোরাল কঠে প্রকাশ করলেন। আল্লাহর প্রতি পূর্ণ বিশ্বাসী হ'লেই কেবল মানুষ এরূপ বলতে পারে। পৃথিবীর সকল নারীর উচিত আল্লাহর প্রতি ঐরূপ বিশ্বাসী হওয়া, যেরূপ বিশ্বাসী ছিলেন হায়েরা (রাঃ)। হায়েরা (রাঃ)-এর আদর্শ নারীরা গ্রহণ করলে তাদের জীবনে প্রভৃত সফলতা আসবে।

রাসূল (ছাঃ) এই চারজন নারীর মর্যাদা সম্পর্কে জানতে বলেছেন। কারণ কোন নারী প্রকৃত পক্ষে আদর্শ ও আল্লাহভীর হ'তে চাইলে এসব নারীদের ইতিহাস অবগত হওয়া অপরিহার্য। কোন নারী তার সতিত্তকে রক্ষা করে ঈমান ও পরহেয়গারিতার সাথে বেঁচে থাকতে চাইলে তার জন্য এসব নারীর জীবনী সম্পর্কে সম্যক অবগত হয়ে সে অনুযায়ী আমল করা একান্ত যৱন্নী।

নারীদের জন্য অনুকরণীয় আদর্শের অধিকারী আরেকজন মহিলা হচ্ছেন রাসূলল্লাহ (ছাঃ)-এর কন্যা ফাতিমা। তার বিনয়-ন্মতা, শালীন আচরণ, ইবাদত-বন্দেগী, তাক্তওয়া-পরহেয়গারিতা প্রভৃতি আদর্শের কারণে রাসূল (ছাঃ) তাকে জান্নাতী নারীদের অন্যতম নেতৃ বলে উল্লেখ করেছেন। এমর্মে নিম্নোক্ত হাদীছটি বিশেষভাবে উল্লেখযোগ্য।

عَنْ أَمْ سَلَمَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَعَا فَاطِمَةَ عَامَ الْفَتْحِ فَنَاجَاهَا فَبَكَتْ ثُمَّ حَدَّثَهَا فَضَحِّكَتْ فَلَمَّا تُوْفِيَ رَسُولُ اللَّهِ سَأَلَتْ عَنْ بُكَائِهَا وَضَحِّكِهَا فَقَالَتْ أَخْبَرَنِي أَنَّهُ يَمُوتُ فَبَكَيْتُ ثُمَّ أَخْبَرَنِي أَنِّي سَيَّدَةُ نِسَاءِ أَهْلِ الْجَنَّةِ إِلَّا مَرِيمَ بْنَتِ عِمْرَانَ فَضَحِّكَتْ.

উম্মু সালমা (রাঃ) বলেন, মক্কা বিজয়ের পর একদিন রাসূল (ছাঃ) ফাতিমাকে নিজের কাছে ডেকে নিয়ে চুপে চুপে কিছু কথা বললেন। তা শুনে ফাতিমা কেঁদে ফেললেন। অতঃপর তিনি পুনরায় তাঁর সাথে কথা বললেন, এবার ফাতিমা (রাঃ) হেসে উঠলেন। উম্মু সালমা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ)-এর ইন্তেকালের পর আমি ফাতিমাকে ঐদিন কাঁদার এবং হাসার কারণ জিজেস করলাম। তখন তিনি বললেন, রাসূল (ছাঃ) আমাকে বলেছেন, অচিরেই তিনি ইন্তেকাল করবেন, তা শুনে আমি কেঁদেছিলাম। তারপর তিনি আমাকে বললেন, ঈসা (আঃ)-এর মাঝে মরিয়ম বতীত জান্নাতের সকল নারীদের সরদার আমি হব (তিরমিয়ী, হাদীছ ছহীহ হ/১৯৩৩)। পৃথিবীতে যেসব মহিলার আদর্শ অনুসরণীয় মহিলা ছিলেন ফাতিমা (রাঃ) তাদের অন্যতম। তিনি খুব ন্যূন স্বভাবের এবং অত্যন্ত পরহেয়গার মহিলা ছিলেন।

عَنْ أَبْنَى عَبَّاسِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ أَلَا أَخْبِرُكُمْ مِنْ أَهْلِ الْجَنَّةِ النَّبِيُّ فِي الْجَنَّةِ
وَالصَّدِيقُ فِي الْجَنَّةِ وَالشَّهِيدُ فِي الْجَنَّةِ وَالْمَوْلُودُ فِي الْجَنَّةِ وَالرَّجُلُ يَزُورُ أَخَاهُ فِي نَاحِيَةِ
الْمَصْرِ لَا يَزُورُهُ إِلَّا لِلَّهِ عَزَّ وَجَلَّ وَنِسَائُكُمْ مِنْ أَهْلِ الْجَنَّةِ الْوَدُودُ الْمَوْلُودُ الْعَوُودُ عَلَى زَوْجِهَا
الَّتِي إِذَا غَضَبَ جَاءَتْ حَتَّى تَضَعَ يَدَهَا فِي يَدِ زَوْجِهَا وَتَقُولُ لَا أَدُوقُ غَمْضًا حَتَّى
تَرْضَى -

ইবনু আবুস (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘আমি কি তোমাদেরকে জান্নাতের অধিবাসী পুরুষদের সংবাদ দিব না? নবী জান্নাতী, সত্যবাদী জান্নাতী, শহীদ জান্নাতী, নবজাতক শিশু জান্নাতী, একমাত্র আল্লাহর সতুষ্ঠির উদ্দেশ্যে দ্বিনি ভাইয়ের সাক্ষাত্কারী জান্নাতী। আর ঐসব স্ত্রীগণ হচ্ছে জান্নাতের অধিবাসী যারা বন্ধুত্বাপন্ন, স্নেহপরায়ণ, বেশি বেশি সন্তান প্রসবকারিণী, স্বামীর প্রতি বারংবার গভীর প্রেম বিনিময়কারিণী। কোন সময় স্বামী রাগান্বিত হ'লে, স্বামীর হাতে হাত

রেখে বলে, আমি আপনার সন্তুষ্টি অর্জন না করা পর্যন্ত কোন খাদ্যের স্বাদ আস্থাদন করবো না’ (সিলসিলা ছহীহা হ/১৮৭)।

অত্র হাদীছে এমন নারীর আদর্শ প্রকাশ হয়েছে যারা জান্নাতি। হাদীছে চারটি গুণের অধিকারিণী নারীকে জান্নাতি বলা হয়েছে। (১) স্বামীকে খুব বেশি ভালবাসা, (২) ঘন ঘন সন্তান প্রসব করা (৩) স্বামীর সাথে বারংবার গভীর প্রেম বিনিময়ে অনুরাগী হওয়া (৪) স্বামী কোন কারণবশত রাগান্বিত হ'লে স্বামীকে রায়ী-খুশী না করা পর্যন্ত খাদ্য না খাওয়ার দৃঢ় পরিকল্পনা করা। এগুলি আদর্শ নারীর পরিচয়।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ لَيْسَ لِلنِّسَاءِ وَسْطُ الطَّرِيقِ

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘নারীরা রাস্তার মধ্য দিয়ে চলাচল করবে না’ (সিলসিলা ছহীহা হ/৮৫৬)।

এখানে নারীদের রাস্তায় চলার আদর্শ বর্ণনা করা হয়েছে। আদর্শ নারীর পরিচয় হচ্ছে তারা রাস্তার এক পাশ দিয়ে চলাচল করবে। বর্তমান সমাজে এই হাদীছের সম্পূর্ণ বিরোধিতা করা হচ্ছে।

عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَاصٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ أَرْبَعُ مِنْ السَّعَادَةِ الْمَرْأَةُ الصَّالِحةُ
وَالْمَسْكُنُ الْوَاسِعُ وَالْجَارُ الصَّالِحُ وَالْمَرْكَبُ الْهَنْئُ وَأَرْبَعُ مِنَ الشَّقَاءِ الْجَارُ السُّوءُ وَالْمَرْأَةُ
الْسُّوءُ وَالْمَرْكَبُ السُّوءُ وَالْمَسْكُنُ الضَّيْقُ-

সাদ ইবনু আবু ওয়াকাছ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘সৌভাগ্যবান হওয়ার চারটি জিনিস রয়েছে- (১) সতী-সাধী স্ত্রী (২) প্রস্তু বাসস্থান (৩) সৎ ও উপযুক্ত প্রতিবেশী (৪) আরামদায়ক যানবাহন। আর দুর্ভাগ্যবান হওয়ার চারটি জিনিস রয়েছে- (১) খারাপ প্রতিবেশী (২) মন্দ আচরণের স্ত্রী (৩) বিপদজনক যানবাহন (৪) সংকীর্ণ বাসস্থল’ (সিলসিলা ছহীহা হ/২৮৩, ১৯০৩)। এখানে এমন ব্যক্তিকে সৌভাগ্যবান বলা হয়েছে, যার স্ত্রী সতী-সাধী পবিত্র চরিত্রের অধিকারিণী। যার স্ত্রী আদর্শহীন তাকে দুর্ভাগ্যবান বলা হয়েছে।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قِيلَ لِرَسُولِ اللَّهِ ﷺ أَيُّ النِّسَاءِ حَيْرٌ قَالَ الَّتِي تَسْرُهُ إِذَا نَظَرَ إِلَيْهَا
وَنُطْبِعُهُ إِذَا أَمَرَ وَلَا تُخَالِفُهُ فِي نَفْسِهَا وَمَالِهَا بِمَا يَكْرُهُ-

আবু হুরায়রা (রাঃ) বলেন, একদা রাসূল ﷺ কে জিজেস করা হয়েছিল কে সবচেয়ে উত্তম নারী? রাসূল ﷺ বললেন, ‘যে স্ত্রী তার স্বামীকে খুশী করতে পারে, স্বামী যখন তার দিকে লক্ষ্য করে। স্বামী যখন তাকে আদেশ করে, তখন স্বামীর আদেশ যথাযথ মান্য করে। আর তার নিজের ব্যাপারে এবং নিজের সম্পদের ব্যাপারে স্বামী যা অপসন্দ করে সে তা করে না’ (সিলসিলা ছহীহা হা/১৮৩৮/১৯১৬)। এখানে আদর্শনারীর তিনটি গুণ বর্ণনা করা হয়েছে (১) এমন হাসি মুখে থাকা, স্বামী দৃষ্টি দিলেই যেন খুশী হয়। (২) সদাসর্বদা স্বামীর আদেশ পালনে প্রস্তুত থাকা (৩) নিজের ব্যাপারে এবং নিজের অর্থের ব্যাপারে স্বামীর ইচ্ছার বিরোধিতা না করা।

عَنْ حُصَيْنِ بْنِ مَحْصَنٍ عَنْ عَمَّةٍ لَهُ يُقَالُ إِسْمُهَا أَسْمَاءُ أَنَّهَا دَخَلَتْ عَلَى رَسُولِ اللَّهِ ﷺ
لِبَعْضِ الْحَاجَةِ فَقَصَى حَاجَتَهَا فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ ﷺ أَذِّاتُ زَوْجِ أَنْتِ قَالَتْ نَعَمْ قَالَ
كَيْفَ أَنْتِ لَهُ قَالَتْ مَا أُلَوْهُ إِلَّا مَا عَجَزْتُ عَنْهُ فَقَالَ رَسُولُ اللَّهِ ﷺ أَنْظُرِي أَيْنَ أَنْتِ مِنْهُ
فَإِنَّهُ جَنَّتُكَ وَنَارُكِ-

হৃচায়েন ইবনে মেহচান তার ফুফু আসমা (রাঃ) থেকে বর্ণনা করেন, তার ফুফু একদা তার কোন প্রয়োজনের জন্য রাসূল ﷺ এর কাছে গেলেন। রাসূল ﷺ তার প্রয়োজন পূর্ণ করলেন। অতঃপর রাসূল ﷺ বললেন, ‘তোমার স্বামী আছে কি? সে বলল, হ্যাঁ আছে। রাসূল ﷺ বললেন, তুমি তার কেমন স্ত্রী? সে বলল, আমি তার খিদমত করতে কম করি না, তবে আমি তার ব্যাপারে অপারগ হই। রাসূল ﷺ তাকে বললেন, তুমি যা বলছ, সে ব্যাপারে চিন্তা কর, তুমি তার থেকে কোথায় যাবে? নিশ্চয়ই সে তোমার জান্নাত ও জাহানাম’ (সিলসিলা ছহীহা হা/২৬১২, ১৯৩৪)।

অত্র হাদিছে স্ত্রীদেরকে তিনটি বিষয়ে বলা হয়েছে।

- (১) স্ত্রীকে স্বামীর ইচ্ছানুযায়ী প্রিয় হওয়ার চেষ্টা করতে হবে।
- (২) স্বামীর খিদমত করার জন্য যথাযথ চেষ্টা করতে হবে।

(৩) কোন সময় তার নিকট অপারগতা প্রকাশ করা যাবে না। কারণ স্বামী হচ্ছে জাহানাম ও জাহানের মাধ্যম। একমাত্র আদর্শস্ত্রী এগুলি পালন করে থাকে।

قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ خَيْرٌ نِسَائِكُ الْوَدُودُ الْمُوْلُودُ الْمُوَاتِيَةُ الْمُوَاسِيَةُ—

রাসূল ﷺ বলেন, ‘তোমাদের স্ত্রীদের মধ্যে সবচেয়ে উত্তম হচ্ছে এমন নারী যারা স্নেহপরায়না, ঘনঘন সন্তান প্রসবকারিণী, সমব্যথী, সান্ত্বনা প্রদানকারিণী, সহযোগিনী’ (সিলসিলা ছহীহা হা/১৮৪৯, ১৯৫২)।

এখানে আদর্শ নারীর চারটি গুণ বর্ণনা করা হয়েছে- ১. স্বামীর প্রতি বন্ধুত্বাবাপন্ন হওয়া, ২. ঘন ঘন সন্তান প্রসব করা, ৩। স্বামীর দুঃখ-বেদনায় সমব্যথী হওয়া, ৪। স্বামীর কাজে সহযোগিতা করা।

قَالَ رَسُولُ اللَّهِ ﷺ عَلَيْكُمْ بِالإِبْكَارِ فَإِنَّهُنَّ أَعْذَبُ أَفْوَاهًا وَأَنْتُقُ أَرْحَامًا وَأَرْضَى بِالْيَسِيرِ۔

রাসূল ﷺ বলেন, ‘তোমরা কুমারীদের বিবাহ করা। কেননা তাদের মুখ বেশি মিষ্টি, তারা অধিক গর্ভধারিণী এবং অল্পতে সন্তুষ্ট’ (সিলসিলা ছহীহা হা/৬২৩, ১৯৫৭)। হাদীছে আদর্শনারীর তিনটি গুণ বলা হয়েছে- ১. মিষ্টি মুখ হওয়া অর্থাৎ কোন সময় রাগবশত গরম হয়ে স্বামীর সাথে কথা না বলা। ২. বেশী বেশী সন্তান দেয়া, ৩. অল্পে তুষ্ট হওয়া অর্থাৎ স্বামীর যে কোন জিনিসের প্রতি আপত্তি পেশ না করা।

عَنْ تَوْبَانَ قَالَ لَوْ عَلِمْنَا أَيُّ الْمَالِ خَيْرٌ فَنَتَخَذُهُ فَقَالَ أَفْضَلُهُ لِسَانُ ذَاكِرٍ وَقَلْبُ شَاكِرٍ
وَرَوْجَةُ مُؤْمِنَةٍ تُعِينُهُ عَلَى إِيمَانِهِ—

ছাওবান (রাঃ) বলেন, আমরা যদি জানতে পারতাম কোন সম্পদ সবচেয়ে উত্তম, তবে তা সঞ্চয় করতাম। রাসূল ﷺ বললেন, ‘তোমাদের জন্য শ্রেষ্ঠ সম্পদ হচ্ছে, সবসময় আল্লাহকে স্মরণকারী জিহ্বা, শুকরিয়া আদায়কারী অন্তর এবং এমন ঈমানদার স্ত্রী, যে তার স্বামীকে দ্঵িনের ব্যাপারে সাহায্য করে’ (তিরমিয়ী হা/৩০৯৪, মিশকাত হা/২২৭৭, বাংলা মিশকাত হা/২১৭০)।

অত্র হাদীছে তিনটি জিনিসকে শ্রেষ্ঠ সম্পদ বলা হয়েছে।

- (১) আল্লাহর যিকিরকারী জিহ্বা। যার জিহ্বা সবসময় আল্লাহকে স্মরণ করে, তাসবীহ পাঠ করে ও ক্ষমা চায়। তার জন্য তার জিহ্বা শ্রেষ্ঠ সম্পদ।
- (২) যার অন্তর আল্লাহর অনুগ্রহের প্রতি শুকরিয়া আদায় করে, তার জন্য তার অন্তর শ্রেষ্ঠ সম্পদ।
- (৩) ঐ স্ত্রী শ্রেষ্ঠ সম্পদ, যে তার স্বামীকে দ্বিনের ব্যাপারে সব ধরনের সাহায্য করতে পারে।

عَنْ أَئْسٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ إِذَا صَلَتْ خَمْسَهَا وَصَامَتْ شَهْرَهَا وَأَحْصَنَتْ فَرْجَهَا وَأَطَاعَتْ بَعْلَهَا فَلْتَدْخُلْ مِنْ أَيِّ أَبْوَابِ الْجَنَّةِ شَاءَتْ۔

আনাস (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘স্ত্রীলোক যখন তার প্রতি নির্ধারিত পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করে, রামাযান মাসের ছিয়াম পালন করে, নিজের লজ্জাস্থানের হেফায়ত করে ও স্বামীর অনুগত থাকে, তখন সে জান্নাতের যে কোন দরজা দিয়ে ইচ্ছা প্রবেশ করতে পারবে’ (আর নু’আইম, মিশকাত হা/৩২৫৪, বাংলা মিশকাত হা/৩১১৫, হাদীছ ছহীহ)। অত্র হাদীছে আদর্শনারীর চারটি গুণ বর্ণনা করা হয়েছে।

- (১) পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করা আদর্শ নারীর একটি বড় গুণ। এগুণ ছাড়া কোন নারী আদর্শ হতে পারে না।
- (২) রামাযান মাসের ছিয়াম পালন করা আদর্শ নারীর দ্বিতীয় বড় গুণ।
- (৩) আনুগত্য ও সম্ম্যবহারের মাধ্যমেই একজন নারী আদর্শহতে পারে। কোন নারী আনুগত্য ছাড়া আদর্শের দাবী করতে পারে না।
- (৪) আদর্শহওয়ার জন্য লজ্জাস্থানের হেফায়ত করা একটি গুরুত্বপূর্ণ গুণ, যে গুণের মাধ্যমে একজন নারীর ইহকাল ও পরকালের মান-সম্মান নির্ভর করে। একজন ব্যভিচারিণী নারী বিন্দুমাত্র আদর্শের দাবী করতে পারে না।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرُو أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ قَالَ الدُّنْيَا مَنَاعٌ وَخَيْرُ مَتَاعِ الدُّنْيَا الْمَرْأَةُ الصَّالِحةُ۔

আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘গোটা দুনিয়াটাই হচ্ছে সম্পদ। আর দুনিয়ার শ্রেষ্ঠ সম্পদ হচ্ছে সতীসাধবী নারী’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/৩০৮৩, বাংলা মিশকাত হা/২৯৪৯)। অত্র হাদীছে একমাত্র আদর্শস্ত্রীকেই পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদ বলা হয়েছে। নবী ﷺ এ কথা বলে নারীদের মান-সম্মান

এত বেশি করেছেন এবং জাতির কাছে তাদেরকে এত মূল্যবান ও গ্রহণযোগ্য করে পেশ করেছেন, যা পৃথিবীর কোন জাতি নারীদের কোন দিন দিতে পারেন।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ خَيْرُ النِّسَاءِ الَّتِي إِذَا نَظَرَتْ إِلَيْهَا سَرَّتْكَ وَإِذَا
أَمْرَتْهَا أَطَاعَتْكَ وَإِذَا غَيْبَتْ عَنْهَا حَفِظَتْكَ فِي مَالِكَ وَنَفْسِهَا.

আরু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, সবচেয়ে উভয় ও আদর্শ নারী হচ্ছে এমন নারী যে, তুমি তার প্রতি দৃষ্টি রাখলে সে তোমাকে খুশী করতে পারে। তুমি আদেশ করলে মান্য করে। তুমি বাড়ীতে না থাকলে সে নিজেকে হিফায়তে রাখে এবং তোমার সম্পদ হিফায়তে রাখে (বায়হাক্তি, তাফসীর দুররে মানছুর ২/৪৮১ পঃ)।

অত্র হাদীছে আদর্শ নারীর চারটি গুণ পেশ করা করা হয়েছে। যথা- (১) স্বামীর সাথে কথা বললে হাসিমুখে কথা বলে। (২) স্বামী আদেশ করলে মান্য করে। (৩) স্বামী বাড়ীতে না থাকলে নিজেকে হিফায়তে রাখে। (৪) স্বামী অনুপস্থিত থাকলে তার সম্পদ হিফায়ত করে।

عَنْ أَنَسٍ قَالَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا يَصْلُحُ لِبَشَرٍ أَنْ يَسْجُدَ لِبَشَرٍ وَلَوْ
صَلَحَ أَنْ يَسْجُدَ بَشَرٌ لَأَمْرَتُ الْمَرْأَةَ أَنْ يَسْجُدَ لِرَوْجَهَا مِنْ عَظِيمٍ حَقَّهُ عَلَيْهَا، وَالَّذِي
نَفْسِي بِيَدِهِ لَوْ أَنَّ مِنْ قَدَمِهِ إِلَى مَفْرُقِ رَأْسِهِ قُرْحَةً تَنْبَجِسُ بِالْقَيْحِ وَالصَّدِيدُ ثُمَّ أَفْبَلَتْ
تَلْحُسُهُ مَا أَدْتُ حَقَّهُ.

আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, মানুষ মানুষকে সিজদা করতে পারে না। মানুষের জন্য মানুষকে সিজদা করা জায়েয হ'লে, স্ত্রীর উপর স্বামীর হক বড় হওয়ায় আমি স্ত্রীকে আদেশ করতাম স্বামীকে সিজদা করতে। আল্লাহর কসম কারো মাথা হ'তে পা পর্যন্ত যদি জখম হয় এবং সেখান থেকে রক্ত-পূজ বের হ'তে থাকে আর স্ত্রী যদি সে স্থানগুলি জিহ্বা দিয়ে চাটে তরুণ সে তার স্বামীর হক্ক আদায় করতে পারবে না (আহমাদ হ/১৫৫১ হাদীছ ছহীহ)।

অত্র হাদীছ দ্বারা প্রতীয়মান হয় যে, স্ত্রীর উপর স্বামীর হক্ক অনেক বড়। কারণ স্ত্রী সারা জীবন স্বামীর হক্ক আদায় করার চেষ্টা করলেও তা আদায় করা সম্ভব হবে

না। তবুও আদর্শ নারীর কাজ হবে জান্মাত পাওয়ার আশায় আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে স্বামীর খিদমতে সর্বদা নিয়োজিত থাকা।

নারী-পুরুষের আদর্শ

মহান আল্লাহ রাববুল আলামীন তাঁর অগণিত সৃষ্টিকূলের মধ্যে মানব জাতিকে সম্মানিত ও আদর্শকরে সৃষ্টি করেছেন। নারী-পুরুষ উভয়কে যেমন বিশেষভাবে সম্মানিত করে সৃষ্টি করেছেন তেমনিভাবে ইসলামের দৃষ্টিতে নারী-পুরুষের মধ্যে কিছু বিশেষ গুণাবলীও দিয়েছেন। এই গুণাবলীই তাদেরকে উত্তম, আদর্শও সম্মানিত করতে পারে। তাই বর্তমান বিশ্বের নর-নারীকে উত্তম আদর্শে আদর্শিত হওয়ার লক্ষ্যে বিশেষ বিশেষ কিছু গুণাবলী সংক্ষিপ্তাকারে তুলে ধরা হ'ল।

আল্লাহ তা'আলা সূরা আহ্�যাবের ৩৫-৩৬নং আয়াতে পুরুষ-মহিলাদের আদর্শহওয়ার জন্য ১২টি গুণ উল্লেখ করেছেন। মুসলিম নর-নারী এই গুণগুলি অর্জন করতে পারলে বিশ্বের অন্যান্য জাতির মাঝে তারা স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে মাথা ঊঁচু করে সঙ্গীরবে দাঁড়িয়ে থাকতে পারবে। কোন শক্তি তাদের পরামর্শ করতে পারবে না।

ইসলামের দৃষ্টিতে পরিবার, সমাজ, জাতি ও দেশ গঠনে আদর্শনারী-পুরুষের বিশেষ প্রয়োজন। দেশমাতৃকার সেবায় নিয়োজিত হওয়ার জন্য যেসব আদর্শ বা গুণাবলী নারী-পুরুষের অর্জন করা একান্ত আবশ্যক আল্লাহ তা'আলা তা একত্রে উল্লেখ করেছেন। তিনি বলেন,

﴿إِنَّ الْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَالْقَانِتِينَ وَالْقَانِتَاتِ وَالصَّادِقِينَ وَالصَّادِقَاتِ وَالصَّابِرِينَ وَالصَّابِرَاتِ وَالْخَاشِعِينَ وَالْخَاشِعَاتِ وَالْمُتَصَدِّقِينَ وَالْمُتَصَدِّقَاتِ وَالصَّائِبِينَ وَالصَّائِبَاتِ وَالْحَافِظِينَ فُرُوجُهُمْ وَالْحَافِظَاتِ وَالْدَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالْدَّاكِرَاتِ أَعَدَ اللَّهُ لَهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا— وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ الْخَيْرَةُ مِنْ أَمْرِهِمْ وَمَنْ يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلَالًا مُّبِينًا﴾

‘আল্লাহর অনুগত পুরুষ ও স্ত্রীলোক, ঈমানদার পুরুষ ও স্ত্রী লোক, আল্লাহর দিকে মনোযোগকারী পুরুষ ও স্ত্রী লোক, সত্য ন্যায়বাদী পুরুষ ও স্ত্রী লোক, সত্যের পথে দৃঢ়তা প্রদর্শনকারী পুরুষ ও স্ত্রীলোক, আল্লাহর নিকট বিনোদ-নম্র পুরুষ ও স্ত্রীলোক, দানশীল পুরুষ ও স্ত্রীলোক, ছিয়াম পালনকারী পুরুষ ও স্ত্রীলোক,

লজ্জাস্থানের হেফায়তকারী পুরুষ ও স্ত্রীলোক, আল্লাহকে অধিক মাত্রায় স্মরণকারী পুরুষ ও স্ত্রীলোক, আল্লাহ এদের জন্য স্বীয় ক্ষমা ও বিরাট পুরস্কার প্রস্তুত করে রেখেছেন। কোন ঈমানদার পুরুষ ও স্ত্রীলোকের জন্য আল্লাহ এবং তাঁর রাসূল যথন কোন বিষয়ে চূড়ান্তভাবে ফায়ছালা করেন, তখন সে ব্যাপারে তার বিপরীত কিছু করার কোন অধিকার নেই। আর যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলের নাফরমানী করে সে সুস্পষ্ট ভ্রান্ত' (আল-আহয়ার ৩৫-৩৬)।

অত্র আয়াতে নারী পুরুষের জন্য ১২টি শিক্ষণীয়, গ্রহণীয় ও অবশ্য পালনীয় আদর্শ রয়েছে। যা ধারাবাহিকভাবে উল্লেখ করা হ'ল।

প্রথম আদর্শঃ মুসলিম হওয়া বা আত্মসমর্পণ করাঃ আত্মসমর্পণ অর্থ আল্লাহ ও তাঁর রাসূল (ছাঃ)-এর আইন পালনে একনিষ্ঠ হওয়া। প্রত্যেক নর-নারীর জন্য মুসলিম তথা আত্মসমর্পণকারী হওয়া একান্ত আবশ্যক। আল্লাহ তা'আলা নর-নারীর উত্তম বৈশিষ্ট্যকে উল্লেখ করতে গিয়ে প্রথমেই মুসলিম তথা আত্মসমর্পণকারী হওয়ার কথা উল্লেখ করেছেন। আর প্রকৃত মুসলিম হওয়ার ব্যাপারে রাসূল (ছাঃ) বলেছেন, 'পূর্ণ মুসলিম সে পুরুষ বা নারী যার ঘবান ও হাত হ'তে অন্যান্য পুরুষ বা নারী নিরাপদে থাকে' (বুখারী, মুসলিম, মিশকাত হ/৬, বাংলা মিশকাত হ/৫)।

অন্য বর্ণনায় এসেছে, 'মুসলিম সে ব্যক্তি যে নিজের জন্য যা কল্যাণকর মনে অন্যের জন্যও তাই কল্যাণকর মনে করে' (আহমাদ, মিশকাত হ/৫১৭১)।

দ্বিতীয় আদর্শঃ মুমিন অর্থাৎ বিশ্বাস স্থাপনকারী হওয়াঃ মুমিন অর্থ হচ্ছে ঈমানদার। ইসলামী শরী'আতে মুমিন অর্থ বিশ্বাস স্থাপন করা। অর্থাৎ কুরআনে বর্ণিত বিষয় সমূহকে সত্য বলে মেনে নেওয়া। বাহ্যিকভাবে কতগুলি উত্তম গুণের অধিকারী হওয়া। পূর্ণ মুমিন হওয়ার ব্যাপারে রাসূল (ছাঃ) বলেছেন, 'তোমাদের কেউ পূর্ণ মুমিন হ'তে পারে না, যে পর্যন্ত আমি তার নিকট তার পিতা ও তার সন্তান এবং অন্যান্য সকল মানুষ থেকে প্রিয়তম না হব' (আমার আদর্শ হবে তার নিকটে সবচেয়ে প্রিয়। আর এটাই ঈমানের পরিচয়) (বুখারী, মুসলিম, মিশকাত হ/৭)।

অন্য এক হাদীছে এসেছে আনাস (রাঃ) বলেন, রাসূল ﷺ আমাদেরকে এক্ষেত্রে উপদেশ খুব কমই দিয়েছেন, যাতে একথাগুলি বলেননি যে, 'যার আমানতদারী নেই তার ঈমান নেই এবং যার অঙ্গীকারের মূল্য নেই তার দ্বীন-ধর্ম নেই' (আহমাদ হ/১১৯৩৫, মিশকাত হ/৩৫, বাংলা মিশকাত হ/৩১)। অত্র হাদীছ দ্বারা প্রতীয়মান হয় যে, আমানত রক্ষা করা এবং অঙ্গীকার পূরণ করা পূর্ণ মুমিন হওয়ার অন্যতম বৈশিষ্ট্য।

অন্য এক বর্ণনায় রাসূল(ছাঃ) বলেন, ‘একজন মুমিন অপর মুমিনের জন্য আয়না স্বরূপ’ (সিলসিলা ছবীহ হা/১১১৬)।

অর্থাৎ একজন অপর জনের গুনাহ বুঝতে পারলে তাকে গুনাহ থেকে বাঁচানোর জন্য সর্বাত্মক চেষ্টা করবে। এটা মুমিন নারী-পুরুষের আদর্শের পরিচয়।

তৃতীয় আদর্শঃ আল্লাহর দিকে মনোনিবেশকারী হওয়া। এখানে আল্লাহ তা‘আলা এমন নারী-পুরুষের কথা উল্লেখ করেছেন, যাদের মন ও দেহের সকল অঙ্গ-প্রত্যঙ্গ সর্বদা আলাহ্ ইবাদত এবং যিকর-আয়কারে মশগুল থাকে। এ ব্যাপারে আল্লাহ তা‘আলা বলেন,

﴿إِنْ هُوَ قَانِتُ آنَاءِ اللَّيْلِ سَاجِدًا وَقَائِمًا يَحْذِرُ الْآخِرَةَ وَيَرْجُو رَحْمَةَ رَبِّهِ﴾

‘যে ব্যক্তি রাত্রিকালে সিজদার মাধ্যমে অথবা দাঁড়িয়ে ইবাদত করে, পরকালের ভয় রাখে ও তার পালনকর্তার রহমতের প্রত্যাশা করে’ (যুমার ৯)।

আল্লাহ তা‘আলা এখানে নারী-পুরুষের একটি মহৎ গুণ উল্লেখ করেছেন। আর তা হচ্ছে রাত জেগে ইবাদত করা, যা নবী-রাসূল ও বড় আবেদগণের আদর্শ। মূলতঃ আদর্শনারী-পুরুষের জন্য ইবাদত একটি গুরুত্বপূর্ণ বিষয়।

চতুর্থ আদর্শঃ সত্য ও ন্যায়নিষ্ঠ হওয়া। এর অর্থ সে সব লোক যারা সর্বপ্রকার মিথ্যাকে পরিহার করে এবং সত্যের দিকে এগিয়ে যায়। আর সততা হচ্ছে একটি প্রসংশ্ননীয় আদর্শ এবং এমন দৈমানের পরিচয় যার ফলাফল হচ্ছে জান্নাত। কেননা সত্য মানুষকে পুণ্যের দিকে নিয়ে যায়। আর পুণ্য জান্নাতের দিকে নিয়ে যায় (বুখারী, মুসলিম, মিশকাত হা/৪৮২৪)।

অন্য বর্ণনায় আছে, ‘সত্যবাদিতা একটি নেকীর কাজ। আর নেকী জান্নাতের পথে নিয়ে যায়। আর মিথ্যা হ’ল মহাপাপ। পাপ জাহানামের দিকে নিয়ে যায়’ (মুসলিম, মিশকাত হা/৪৮২৪, বাংলা মিশকাত হা/৪৬১৩)।

সত্য সম্পর্কে কবির ভাষায় বলতে হয়, ‘সত্যের জয়, মিথ্যার ক্ষয়’।

পঞ্চম আদর্শঃ সত্যের পথে দৃঢ়তা অবলম্বনকারী হওয়া। এখানে ‘ছবর’ অর্থ হচ্ছে নিজেকে বেঁধে রাখা, বিপদাপদ ও কষ্টের সময় ধৈর্যধারণ করা। আল্লাহর দ্বীন পালন ও তাঁর ইবাদত করতে গিয়ে সকল প্রকার দুঃখ-কষ্ট অকাতরে সহ্য করে অটল হয়ে থাকা। শত বাঁধা-বিপত্তির সময়ও কোনক্রিমেই আদর্শচূর্যত হয় না। এ মর্মে আল্লাহ তা‘আলা বলেন,

سَلَامٌ عَلَيْكُمْ بِمَا صَبَرْتُمْ فَنِعْمَ عُقْبَى الدَّارِ ﴿٦﴾

(ফেরেশতারা বলবে) ‘তোমাদের ধৈর্যের কারণে তোমাদের উপর শান্তি বর্ষিত হোক। এবং তোমাদের এই পরিণাম গৃহ কতই না চমৎকার’ (রাদ ২৪)। অন্যত্র আল্লাহ্ তা‘আলা বলেন, فَاصْبِرْ صَبْرًا جَمِيلًا

‘অতএব আপনি উত্তম ধৈর্য ধারণ করুন’ (মা‘আরিজ ৫)। মহান রাবুল আলামীন অন্যত্র আরো বলেন, وَاسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ

‘তোমরা ধৈর্য ও ছালাতের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর’ (বাক্তৃরা ৪৫)।

আয়াতগুলিতে মহান আল্লাহ্ বিপদের সময়ে ছালাতের মাধ্যমে ধৈর্যধারণ করতে বলেছেন। যা মুমিন নারী-পুরুষের আদর্শ।

ষষ্ঠ আদর্শ : আল্লাহ্ নিকট বিনীত-ন্যৰ হওয়া। আল্লাহ্ তা‘আলা এখানে এমন নারী-পুরুষের আদর্শ বর্ণনা করেছেন, যারা অন্তর-মন ও অঙ্গ-প্রতঙ্গ সবকিছু দিয়ে বিনীতভাবে আল্লাহ্ ইবাদত করে। আল্লাহ্ তা‘আলা বলেন,

﴿فَدْ أَفْلَحَ الْمُؤْمِنُونَ - الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خَائِسُونَ﴾

‘মুমিনগণ সফলকাম হয়েছে, যারা বিনয়ী ও ন্যৰভাবে ভয়-ভীতি নিয়ে নিজেদের ছালাত আদায় করে’ (মুমিন ১-২)। বিনয় ও ন্যৰতা হচ্ছে মুমিন নারী-পুরুষের একটি উত্তম আদর্শ। বিনয় ও ন্যৰতা সম্পর্কে কবি বলেন, ‘বিনয়ে জয়, অহংকারে ক্ষয়’। কবির এই চরণ দ্বারা বুঝা যায় যে, বিনয় ও ন্যৰতা এক মহৎ গুণ। আর অহংকার বিনীত স্বভাবকে নষ্ট করে। তাই অহংকার সর্বদা পরিত্যাজ্য। ইংরেজী প্রবাদে আছে- When money is lost nothing is lost, when health is lost something is lost but when character is lost everything is lost.

সুতরাং বিনয় ও ন্যৰতা চরিত্রের এক মহৎ গুণ। এ গুণ বিনষ্ট হ’লে চরিত্র নষ্ট হয়। আর চরিত্র হচ্ছে মানুষের শ্রেষ্ঠ সম্পদ।

সপ্তম আদর্শ : দানশীল হওয়া। আল্লাহ্ তা‘আলা এখানে এমন নারী-পুরুষের আদর্শ পেশ করেছেন, যারা গরীব-দুঃখী ও অভাবগ্রস্তদের প্রতি দয়া প্রদর্শন করে, উদ্বৃত্ত মাল কেবলমাত্র আল্লাহ্ সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে অভাবগ্রস্ত লোকদের প্রদান করে। রাসূল (ছাঃ) বলেছেন, ‘নিশ্চয়ই মুমিন ক্ষিয়ামতের দিন তার ছাদাক্ষার

ছায়াতলে থাকবে’ (সিলসিলা ছহীহা হা/১৮১৬)। নিঃস-অসহায় মানুষকে নেকীর আশায় দান করা মুমিন নর-নারীর আদর্শ।

অষ্টম আদর্শঃ ছিয়াম পালন করা। যেসব নারী-পুরুষ আল্লাহর ভুক্ত অনুযায়ী ছিয়াম পালন করবে তাদের তাক্বওয়া বৃদ্ধি পাবে এবং ধৈর্য বেশি হবে। ছিয়াম জান্নাত লাভের মাধ্যম, যার প্রতিদান আল্লাহ তা'আলা নিজ হাতে দিবেন। ইবাদতের মধ্যে ছিয়ামের সম্পরিমাণ কোন ইবাদত নেই। তার কোন দ্রষ্টান্তও নেই।

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ النَّبِيَّ ﷺ يَقُولُ مَنْ صَامَ يَوْمًا فِي سَبِيلِ اللَّهِ بَعْدَ اللَّهِ وَجْهَهُ عَنِ النَّارِ سَبْعِينَ حَرِيفًا—

আবু সাউদ খুদরী (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘যে ব্যক্তি আল্লাহর ওয়াস্তে একটি ছিয়াম পালন করবে আল্লাহ তার মুখমণ্ডলকে জাহানামের আগুন থেকে সন্তুর বছরের পথ দূরে করে দিবেন’ (বুখারী হা/২৮৪০; মুসলিম, মিশকাত হা/২০৫৩; বাংলা মিশকাত হা/১৯৫০)।

অন্যত্র রাসূল ﷺ বলেছেন, ‘জান্নাতের আটটি দরজা রয়েছে। তন্মধ্যে একটি দরজার নাম হচ্ছে রাইয়্যান। ছিয়াম পালনকারী ব্যক্তিত ঐ দরজা দিয়ে অন্য কেউ প্রবেশ করতে পারবে না’ (বুখারী হা/৩২৫৭; মুসলিম, মিশকাত হা/১৯৫৭; বাংলা মিশকাত হা/১৮৬১)।

যেসব নারী-পুরুষ অসীম ধৈর্যধারণ করে, আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে ছিয়াম পালন করবে, আল্লাহ তাকে ইচ্ছান্যায়ী জান্নাতে প্রবেশের সুযোগ দিবেন। আর এটা আদর্শ নারী-পুরুষের পক্ষেই সম্ভব।

নবম আদর্শঃ লজ্জাস্থানের হেফায়ত করা। লজ্জাস্থানের হিফায়ত করা ইসলামের দ্রষ্টিতে আদর্শ নারী-পুরুষের একটি বিশেষ গুণ। এসম্পর্কে হাদীছে এসেছে-

عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ عَنْ رَسُولِ اللَّهِ ﷺ قَالَ مَنْ يَصْمِنْ لِي مَا بَيْنَ لَحِيَيْهِ وَمَا بَيْنَ رِجْلَيْهِ أَصْمِنْ لَهُ الْجَنَّةَ

সাহল ইবনু সাদ (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘যে ব্যক্তি আমার কাছে এই অঙ্গীকার করবে যে, সে তার দুই চোয়ালের মধ্যস্থিত বস্ত্র (জিহ্বার) এবং তার দুই পায়ের মধ্যস্থিত বস্ত্র (লজ্জাস্থানের) যিম্মাদার হবে, তবে আমি তার জন্য জান্নাতের যিম্মাদার হব’ (বুখারী হা/৬৪৭৪; মিশকাত হা/৪৮১২; বাংলা মিশকাত হা/৪৬০১)।

অন্য বর্ণনায় আছে, রাসূল (ছাঃ)-কে জিজ্ঞেস করা হয়েছিল কোন জিনিস মানুষকে সবচেয়ে বেশি জাহানামে প্রবেশ করায়? রাসূল (ছাঃ) বললেন, ‘মানুষের মুখ ও লজ্জাস্থান’ (তিরিয়ী হা/২০০৪; ইবনু মাজাহ হা/৪২৪৬; মিশকাত হা/৪৮৩২; বাংলা মিশকাত হা/৪৬২১; সিলসিলা ছহীহা হা/৯৭৭)। অত্র হাদীছদ্দয়ে মুখ ও লজ্জাস্থান সম্পর্কে কঠোরভাবে সতর্ক করা হয়েছে। এই দুই অঙ্গ দ্বারাই মানুষ বেশি বেশি কবীরা গুনাহে লিপ্ত হয়। আর যারা কবীরা গুনাহে লিপ্ত হয় না, তাদের জন্য জান্নাতে প্রবেশে কোন বাধা নেই। কেবলমাত্র আদর্শ নারী-পুরুষই এই গুণের অধিকারী হ'তে পারে।

দশম আদর্শঃ আল্লাহকে অধিক মাত্রায় স্মরণ করা। আল্লাহ তা‘আলা বলেন,
وَادْكُرْ رَبَّكَ كَثِيرًا وَسَبِّحْ بِالْعَشَيِّ وَالْإِبْكَارِ

‘আর আপনি আপনার প্রতি পালককে বেশি বেশি স্মরণ করুন এবং সকাল-সন্ধ্যায় তাসবীহ পাঠ করুন’ (আলে ইমরান ৪১)।

যাইহে আল্লাহ অন্যত্র বলেন, آمُنُوا اذْكُرُوا اللَّهَ ذِكْرًا كَثِيرًا

‘হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে বেশি বেশি স্মরণ কর’ (আহ্বাব ৪১)।

عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ النَّبِيُّ ﷺ يَذْكُرُ اللَّهَ عَلَى كُلِّ أَحْيَاءٍ

আয়েশা (রাঃ) বলেন, নবী ﷺ সবসময় আল্লাহকে স্মরণ করতেন (সিলসিলা ছহীহা হা/৪০৬)।

অত্র আয়াত ও হাদীছ দ্বারা বুঝা যায় যে, মানুষের কর্তব্য হচ্ছে সবসময় আল্লাহকে স্মরণ করা। তাঁকে এক মুহূর্তের জন্যও ভুলে থাকা উচিত নয়। সর্বদ আল্লাহকে স্মরণ করা আদর্শ নারী-পুরুষের পক্ষেই সম্ভব।

একাদশ আদর্শঃ আল্লাহ ও তাঁর রাসূলের ফায়চালাকে চূড়ান্তভাবে মেনে নেওয়া। অর্থাৎ কোন ঈমানদার পুরুষ ও স্ত্রীলোকের জন্য আল্লাহ ও তাঁর রাসূল ﷺ যখন কোন বিষয়ে ফায়চালা করে দেন, তখন সে ব্যাপারে ভিন্নমত পোষণ করার কোন অধিকার মুমিন নর-নারীর থাকে না। আল্লাহ তা‘আলা বলেন,

فَلَا وَرَبَّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ

حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

‘অতঃপর আপনার পালনকর্তার কসম! সে লোক ঈমানদার হ’তে পারে না, যতক্ষণ না তাদের মধ্যে সংঘটিত বিবাদের ব্যাপারে আপনাকে ন্যায়বিচারক বলে মেনে না নিবে এবং আপনার মীমাংসার ব্যাপারে তাদের মনে কোন সংকীর্ণতা থাকবে না ও তা স্বেচ্ছায় গ্রহণ করে নিবে’ (নেসা ৬৫)।

অত্র আয়াতে তিনটি বিষয়কে স্পষ্টভাবে পেশ করা হয়েছে। যথা-

প্রথমতঃ মুসলিম নারী-পুরুষ রাসূল (ছাঃ)-এর যাবতীয় মীমাংসায় সন্তুষ্ট থাকবে, আর যারা এমন নয় তারা থাকবে না।

দ্বিতীয়তঃ কোন সময় কোন বিষয়ে পারম্পরিক মতবিরোধ দেখা দিলে বিবাদ পরিহার করে, উভয় পক্ষকে রাসূল(ছাঃ)-এর কাছে এবং তাঁর অবর্তমানে কুরআন ও ছবীহু হাদীছের আশ্রয় নিয়ে মীমাংসার পথ অন্বেষণ করা প্রতিটি মুসলিম নর-নারীর প্রতি ফরয।

তৃতীয়তঃ যে বিষয়টি নবী (ছাঃ)-এর কথা বা কাজের মাধ্যমে প্রমাণিত তা সম্পাদন করতে গিয়ে মনে কোন রকম সংকীর্ণতা অনুভব করাও আদর্শহীন নারী-পুরুষের লক্ষণ। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

لَوْ أَنَّ مُوسَىَ كَانَ حَيًّا مَا وَسِعَهُ إِلَّا أَنْ يَتَبَعَّنِي

‘মূসা (আঃ) যদি বেঁচে থাকতেন, তাহ’লে তাঁর পক্ষেও আমার অনুসরণ ছাড়া গত্যন্তর থাকত না’ (আহমাদ হ/১৪৬২৩; মিশকাত হ/১৯৪, হাদীছ ছবীহ)।

উক্ত হাদীছ সমূহ দ্বারা প্রমাণিত হয় যে, নবী (ছাঃ)-এর শরী‘আত ব্যতীত অন্য কোন শরী‘আত আদৌ মানা যাবে না। আর ইমাম, পীর, ওয়ালী-আওলিয়াতো দূরের কথা। আদর্শনারী-পুরুষের দ্বারা এমন কাজ কখনো হ’তে পারে না।

দ্বাদশ আদর্শঃ যে নারী-পুরুষ আল্লাহ ও তাঁর রাসূলের নাফরমানী করে, সে স্পষ্ট গোমরাহীর মধ্যে নিমজ্জিত। এখানে আল্লাহ তা‘আলা মুসলিম নারী-পুরুষকে তাঁর নাফরমানী না করার ব্যাপারে কঠোরভাবে সতর্ক করেছেন। কারণ যারা আল্লাহ ও তাঁর রাসূলের আদর্শ মানবে না, তাদের আশ্রয়স্থল জাহান্নাম। আর আল্লাহর সাথে শিরক করা সবচেয়ে বড় নাফরমানী, যার পরিণাম ভয়াবহ (মায়েদা ৭২)।

কন্যারপে নারী

ইসলামের প্রাককালে আরবদের নিকট কন্যা সন্তান জন্ম নেওয়া পিতার জন্য অপমানজনক ছিল। পিতার নিকট কন্যা সন্তান জন্মের সংবাদ দেওয়া হ'লে তারা ভাবত কিভাবে এ জঘণ্য অপমান থেকে বাঁচা যায়। তাই তারা কন্যা সন্তান জন্ম গ্রহণ করলে তাকে জীবন্ত প্রোথিত করত। মহান আল্লাহ কন্যা সন্তানের প্রোথিতকরণ সম্পর্কে বলেন,

وَإِذَا الْمُوْءَدَةُ سُلِّمَتْ، بِأَيِّ دُنْبٍ قُتِّلَتْ

‘জীবন্ত প্রোথিত কন্যা সন্তানকে ক্রিয়ামতের দিন জিজ্ঞেস করা হবে কোন অপরাধে তাকে হত্যা করা হয়েছিল’ (তাকবীর ৭-৮)।

জাহেলী যুগে কন্যা সন্তান ছিল পিতা ও সমাজের নিকট এক অপদার্থ ও মূল্যহীন। তাকে সমাজে বেঁচে থাকতে হ'লে লাঞ্ছিত, অপমানিত হয়ে বেঁচে থাকতে হ'ত। সমাজে তাদের কোন মূল্য ছিল না। এমনকি পিতার সম্পদে তাদের কোন অংশও ছিল না। কিন্তু ইসলাম মানবতার জন্য এই চরম অবমাননাকর রীতি চিরতরে বিলুপ্ত করেছে। কুরআন মাজীদে কন্যাদেরকে পুরুষের মতই মীরাছের অংশীদার করা হয়েছে। এ সম্পর্কে আল্লাহ তা‘আলা বলেন,

يُوصِّيْكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ لِلَّذِكَرِ مِثْلَ حَظِّ الْأَنْثَي়ِينَ فَإِنْ كُنْ نِسَاءً فَوْقَ اثْنَيْنِ فَلَهُنَّ ثُلَّاً مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النَّصْفُ-

‘আল্লাহ তোমাদের সন্তানদের ব্যাপারে তোমাদের বিশেষ অখণ্ডিতিক বিধান দিচ্ছেন। তিনি আদেশ করছেন একজন পুরুষ দু’জন মেয়ের সমান অংশ পাবে। কেবল মেয়ে সন্তান দু’জন কিংবা ততোধিক হ'লে তারা পরিত্যক্ত সম্পত্তির দুই-তৃতীয়াংশ পাবে। আর যদি একজন কন্যা হয় তাহ'লে সে মোট সম্পত্তির অর্ধেক পাবে’ (নিসা ১১)।

কন্যা লালন-পালন জান্মাত পাওয়ার মাধ্যম

প্রাক ইসলামী যুগে কন্যা সন্তান যেমনভাবে অবহেলিত, অপমানিত, লাঞ্ছিত, অপদার্থ ও অবমূল্যায়িত হ'ত, ইসলাম কন্যা সন্তানকে তার যথাযোগ্য সম্মান-মর্যাদা দিয়ে মুসলিম সমাজে তার অবস্থানকে সৃদৃঢ় করেছে। মহানবী মুহাম্মাদ

(ছাঃ) কন্যা সন্তান লালন-পালনের প্রতিও মানুষকে বিভিন্নভাবে উৎসাহিত করেছেন। এ মর্মে অনেক হাদীছ এসেছে, তার কয়েকটি এখানে উল্লেখিত হ'ল-

عَنْ عَائِشَةَ زَوْجِ النَّبِيِّ ﷺ قَالَتْ جَاءَتِنِي امْرَأَةٌ مَعَهَا ابْنَانٌ تَسْأَلُنِي فَلَمْ تَجِدْ عِنْدِي غَيْرَ تَمْرَةٍ وَاحِدَةٍ فَأَعْطَيْتُهَا فَسَمَّتْهَا بَيْنَ ابْنَيْهَا ثُمَّ قَاتَمْ فَخَرَجَتْ فَدَخَلَ النَّبِيُّ ﷺ فَحَدَّثَتْهُ فَقَالَ مَنْ يَلِي مِنْ هَذِهِ الْبَنَاتِ شَيْئًا فَأَحْسَنَ إِلَيْهِنَّ كُنَّ لَهُ سِترًا مِنَ النَّارِ .

আয়েশা (রাঃ) বলেন, একদা এক মহিলা তার দুইটি কন্যা সাথে নিয়ে আমার কাছে আসল। মহিলাটি আমার কাছে কিছু ভিক্ষা চাইল। তখন আমার কাছে একটি খেজুর ছাড়া আর কিছু ছিল না। আমি তাই তাকে দিয়ে দিলাম। সে তা দুই ভাগ করে তার দুই কন্যাকে দিলো এবং নিজে তা থেকে কিছু খেল না। তারপর সে উঠে চলে গেলো। এমন সময় নবী ﷺ বাড়িতে প্রবেশ করলেন। আমি ঘটনাটি তাঁর কাছে পেশ করলাম। তখন তিনি বললেন, ‘যে ব্যক্তি কন্যাদের ব্যাপারে সমস্যার সম্মুখীন হয় এবং তাদের সাথে উত্তম আচরণ করে, তাহ’লে এই কন্যাগণ তার জন্য জাহানামের অন্তরাল হবে’ (বুখারী হা/৫৯৯৫; মুসলিম, মিশকাত হা/৮৯৪৯)।

অর্থাৎ সে জান্নাতে যাবে। ছেলেদের তুলনায় মেয়ে সন্তান অনেক বেশি অনুগ্রহের মুখাপেক্ষী। সর্বকালে নারীরা ছিল সমাজে অবহেলিত, অপদন্ত। বিশেষত জাহেলী যুগে। তাই নবী ﷺ সেই ভ্রান্ত ধারণার মূলোৎপাটন করেছেন। নারীদের সাথে সম্বৰহারের প্রতি উৎসাহিত করেছেন। তাদের দায়িত্ব যারা যথাযথভাবে পালন করবে তাদের জন্য রাসূল ﷺ জান্নাত লাভের ঘোষণা দিয়েছেন।

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ مَنْ عَالَ جَارِيَتِينِ حَتَّىٰ تَبْلُغَا جَاءَ يَوْمَ الْقِيَامَةِ أَنَا وَهُوَ وَضَمَّ أَصَابِعَهُ .

আনাস (রা) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘যে ব্যক্তি দু'টি কন্যাকে বিবাহ-শাদী দেওয়া পর্যন্ত লালন-পালনের দায়িত্ব পালন করবে, আমি এবং সেই ব্যক্তি ক্ষিয়ামতের দিন এভাবে একত্রে থাকব। এই বলে তিনি নিজের আঙুলগুলি মিলিয়ে ধরলেন’ (মুসলিম, মিশকাত হা/৮৯৫৩, বাংলা মিশকাত হা/৪৭৩৩ ‘সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ’ অধ্যায়)।

স্ত্রী হিসাবে নারী

ইসলামপূর্ব সমাজে নারীরা স্ত্রী হিসাবেও কোন মর্যাদা পেত না। চরম অপমান ও অমর্যাদা তাদেরকে সহ্য করতে হ'ত। স্বামীর নিকটেও তাদের কোন মর্যাদা ও অধিকার ছিল না। তাদের সাথে দাসী-বাদীর মত জঘন্য আচরণ করা হ'ত। ইসলাম স্ত্রী হিসাবে নারীদের যথাযোগ্য সম্মান ও মর্যাদা দিয়েছে। সমাজে তাদের অবস্থান সুদৃঢ় করার জন্য নারীকে পুরুষের সমান বলে আল্লাহ ঘোষণা করেছেন। তিনি বলেন,

وَلَهُنَّ مِثْلُ الذِّي عَلَيْهِنَّ بِالْمَعْرُوفِ

‘স্ত্রীদেরও তেমনি অধিকার রয়েছে, যেমন স্বামীদের রয়েছে তাদের উপর’ (বাক্তৃতা ২২৮)।

নারী-পুরুষ উভয়ে আল্লাহর নিকট সমান। মৌলিক অধিকারের ব্যাপারে তাদের মধ্যে কোন পার্থক্য নেই। জাহেলী সমাজে স্ত্রীদের উপর নানা রকম যুলুম-নিয়াতন চালানো হ'ত। একদিকে স্বামীদের নিকট তাদের কোন মর্যাদা ছিল না, অন্যদিকে এক স্বামীর নিকট থেকে তালাক নিয়ে অন্য স্বামী গ্রহণের কোন অধিকার ও সুযোগও তাদের দেওয়া হ'ত না। বরং আটকে রেখে তাদের উপর নানাভাবে যুলুম-অত্যাচার চালিয়ে তাদের নিকট থেকে নিজেদের দেওয়া ধন-সম্পদ ফিরিয়ে নেওয়ার চেষ্টা চালাত। আর এজন্য তারা বিভিন্ন কৌশল অবলম্বন করত, যা ছিল অমানবিক। আল্লাহ তা'আলা এ ধরনের কাজ নিষিদ্ধ করে বলেন,

وَلَا تَعْضُلُوهُنَّ لِتَذَهَّبُوا بِعْضُ مَا أَتَيْتُهُنَّ

‘তোমরা তাদের (স্ত্রীদের) দেয়া ধন-সম্পদের কিছু অংশ কেড়ে নেয়ার উদ্দেশ্যে তাদেরকে আটকে রাখবে না’ (নিসা ১৯)।

প্রাক ইসলামী যুগে স্ত্রীরা অস্থাবর সম্পত্তি বলে বিবেচিত হ'ত। কোন লোক মারা গেলে তার ধন-সম্পদ যেমনভাবে তার উত্তরাধিকারীদের মধ্যে বণ্টন করা হ'ত, তেমনিভাবে তার রেখে যাওয়া স্ত্রীদেরকেও বণ্টন করা হ'ত। এ প্রথা ইসলামের প্রাথমিক যুগে মুসলমানদের মধ্যেও চালু ছিল। এ ব্যাপারে মহান আল্লাহ মুসলমানদের লক্ষ্য করে ঘোষণা করেন

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَحِلُّ لَكُمْ أَنْ تَرْثِقُوا النِّسَاءَ كَرْهًا -

‘হে স্টমানদারগণ! তোমরা মহিলাদেরকে অন্যায়ভাবে জবরদস্তি করে নিজেদের মীরাছের সম্পত্তি বানিয়ে নিও না। তা তোমাদের পক্ষে কখনো হালাল হবে না’ (নিসা ১৯)।

নবী করীম (ছাঃ)ও তাঁর ঐতিহাসিক ভাষণে এ ব্যাপারে বিশেষ গুরুত্বারোপ করে বলেন,

فَاتَّقُوا اللَّهَ فِي النِّسَاءِ فَإِنَّكُمْ أَخْذَنُوهُنَّ بِأَمَانَ اللَّهِ وَاسْتَحْلَلُتُمْ فُرُوجَهُنَّ بِكَلْمَةِ اللَّهِ وَلَكُمْ عَلَيْهِنَّ أَنْ لَا يُوْطِينَ فِرَشَكُمْ أَحَدٌ تَكْرُهُونَهُ فَإِنْ فَعَلْنَ ذَلِكَ فَاضْرِبُوهُنَّ ضَرَبًا غَيْرَ مُبَرِّجٍ وَلَهُنَّ عَلَيْكُمْ رِزْقُهُنَّ وَكِسْوَتُهُنَّ بِالْمُعْرُوفِ—

‘তোমরা নারীদের ব্যাপারে আল্লাহকে ভয় কর। কেননা তোমরা তাদেরকে গ্রহণ করেছ আল্লাহর যামানতে এবং আল্লাহর নির্দেশে তাদের গুপ্তাঙ্ককে হালাল করেছ। তাদের উপর তোমাদের হক্ক হ'ল তারা যেন তোমাদের মহ'লে অপর কাউকে যেতে না দেয়, যা তোমরা অপসন্দ কর। যদি তারা তা করে তবে তাদেরকে প্রহার করবে, তবে সে প্রহার যেন কঠোর না হয়। আর তোমাদের উপর তাদের হক্ক হ'ল তোমরা ন্যায়সঙ্গতভাবে তাদের অন্ন-বস্ত্রের ব্যবস্থা করবে’ (বাংলা মিশকাত হা/২৪৪০)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায় স্ত্রীর সাথে সদয় ব্যবহার করতে হবে। যদি তারা কোন সময় কোন অপরাধ করে তবে তাদেরকে লঘু শাস্তি দিতে হবে। কিন্তু অমানবিকভাবে বেদম প্রহার করা যাবে না। তাদের জন্য সাধ্যমত অন্ন-বস্ত্র ও বাসস্থানের ব্যবস্থা করতে হবে। তাদের সাথে অমানুষিক ব্যবহার করা যাবে না।

জাহেলী যুগে স্ত্রীগণ তাদের স্বামীদের নিকটে ছিল কেবল ভোগের সামগ্রী। স্বামীর কাছে তাদের কোন মূল্য ছিল না। স্বামীর কাছে তারা তাদের যথাযোগ্য মর্যাদা যেমন পেত না, তেমনি তাদের পক্ষ থেকে কোন ভালবাসাও পেত না। যথেচ্ছা তাদের উপর নির্যাতন করত। রাসূল (ছাঃ) তাদের এই মানসিকতাকে উচ্ছেদ কল্পে ঘোষণা করেন, ‘আমার নিকট পৃথিবীর সবচেয়ে প্রিয় বস্তু হচ্ছে স্ত্রী ও সুগন্ধি’ (আবুদাউদ, মিশকাত হা/৫২৬১)।

মা হিসাবে নারী

জাহেলী যুগে নারী সমাজের মান-মর্যাদা এতই নিম্নে নেমে গিয়েছিল যে তাদেরকে পণ্যের মত ব্যবহার করা হ'ত। তাদের কোন ব্যক্তি স্বাধীনতা ছিল না। তাদের মতামতের কোন গুরুত্ব দেয়া হ'ত না। এমনকি ছেলেরা পিতার মৃত্যুর পরে তার স্ত্রী তথা সৎ মাতাকে বিনান্বিধায় স্ত্রীরপে ব্যবহার করত। বলা বাহ্যিক, যাকে মা বলে সম্মোধন করা হয়, পিতার মৃত্যুর পর তাকে স্ত্রী হিসাবে গ্রহণ করা মানব চরিত্রের জগন্য অপমৃত্যু ছাড়া আর কিছু হ'তে পারে না।

জাহেলী যুগের এই জগন্য প্রথার মূলোৎপাটন করে আল্লাহ তা'আলা বলেন, ﴿
وَلَا
تَنْكِحُوا مَا نَكَحَ أَبَاؤكُمْ﴾

‘যে নারীকে তোমাদের পিতা-পিতামহ বিবাহ করেছে তোমরা তাদের বিবাহ করো না’ (নিসা ২২)। পিতা-মাতার মান-সম্মান ও যথাযথ মর্যাদা প্রদানের নির্দেশ দিয়ে আল্লাহ তা'আলা অন্যত্র বলেন,

وَاعْبُدُوا اللَّهَ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا—

‘তোমরা আল্লাহর ইবাদত কর। তাঁর সাথে অন্য কাউকেও শরীক করো না। আর পিতা-মাতার সঙ্গে সদয় ব্যবহার কর’ (নিসা ৩৬)।

মহান আল্লাহ তাঁর ইবাদতের পর পরই পিতা-মাতার সাথে সৎ ব্যবহারের কথা বলেছেন। ইসলাম পূর্ব যুগে মায়ের যেমন কোন মান-সম্মান, মর্যাদা ছিল না, ইসলামের আগমনের পর আল্লাহ মায়ের স্থান অনেক উর্ধ্ব করে দিয়েছেন। ইসলামী সমাজে মা অতি শুদ্ধার পাত্র। আল্লাহ ও তাঁর রাসূল মায়ের অত্যন্ত মর্যাদা দিয়েছেন। এ সম্পর্কে রাসূল (ছাঃ)-এর নিম্নোক্ত হাদীছটি প্রণিধানযোগ্য।

আবু হুরায়রা (রাঃ) রাসূল (ছাঃ) হ'তে বর্ণনা করেন যে, এক ব্যক্তি রাসূল (ছাঃ) এর নিকট আরয় করল, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আমার নিকট সর্বাপেক্ষা অধিক সৌজন্যমূলক আচরণ পাওয়ার অধিকারী কে? উত্তরে তিনি বললেন, তোমার মা। সে আবার জিজ্ঞেস করল তারপর কে? তিনি বললেন, তোমার মা। সে আবার জিজ্ঞেস করল তারপর কে? তিনি বললেন, তোমার পিতা’ (মুসলিম, মিশকাত হা/৪৯১১, বাংলা মিশকাত হা/৪৬৯৪)।

অত্র হাদীছ দ্বারা প্রতীয়মান হয় যে, সন্তানের কাছে পিতা অপেক্ষা মায়ের অধিকার ও মর্যাদা অনেক বেশী। ইসলামে মা হিসাবে নারীকে যে উঁচু মার্যাদা ও

সম্মান দেওয়া হয়েছে, দুনিয়ার অপর কোন মানুষের সম্মানের সাথে তার কোন তুলনা হয় না।

বর্ণিত আছে যে, এক ব্যক্তি রাসূল (ছাঃ)-এর নিকট জিহাদে যাওয়ার অনুমতি চাইলে রাসূল (ছাঃ) তাকে জিজ্ঞেস করলেন, তোমার মা আছে কি? সে বলল, হ্যাঁ, আছেন। তিনি বললেন, যাও মায়ের খিদমতে নিজেকে নিয়েগ কর। কেননা জান্নাত তার পায়ের নিচে' (তিরমিয়ী, মিশকাত হা/৪৯৩৯, বাংলা মিশকাত হা/৪৭২২)।

অত্র হাদীছব্বয় দ্বারা বুঝা যায় যে, পিতার চেয়ে মায়ের অধিকার অনেক বেশী। এর তিনটি কারণ রয়েছে- প্রথমতঃ সুদীর্ঘ দশমাস যাবৎ মা তার সন্তানকে গভৰ্ণ ধারণ করে অপরিসীম কষ্ট করে থাকেন। দ্বিতীয়তঃ প্রসবকালে জীবনের ঝুঁকি নিয়ে সন্তান প্রসব করেন। তৃতীয়তঃ দুঃখপান থেকে শুরু করে প্রায় দশ বছর বয়সে উপনীত হওয়া পর্যন্ত মা নিজের আরামকে হারাম করে সন্তানের লালন-পালন ও সেবা-যত্ন তৎপর থাকে। যা অন্য কোন কিছুর সাথে তুলনীয় নয়। তাই মাকে যথাযোগ্য সম্মান দিলে, তার উপযুক্ত খিদমত করলে এবং তার হক্ক সঠিকভাবে আদায় করলে সন্তান বেহেশত লাভ করতে পারে। এক কথায় মায়ের খিদমতের উপর নির্ভর করে সন্তানের জান্নাত। মায়ের সম্মান না করে, তার খিদমত না করে, তাকে কষ্ট দিয়ে, তার সাথে খারাপ ব্যবহার ও খারাপ আচরণ করে যে যত ইবাদত-বন্দেগী, দান-খয়রাত করুক না কেন সেসব কোন কাজে আসবে না। তাই আমাদের সকলকে মায়ের সাথে সদাচরণ ও সম্ব্যবহারের ব্যাপারে সদা সচেতন হওয়া যরুবী। আর এটাই আদর্শ নারী পুরুষের কাজ।

নারীরা যেহেতু মায়ের পাশে থাকতে পারে না; বরং তাকে স্বামীর বাড়ীতে কাটাতে হয় সেহেতু তাদেরকে মায়ের স্থলে শ্বাশুড়ীকে মায়ের মত যথাযোগ্য সম্মান ও র্যাদা দেওয়া উচিত। কেননা শ্বাশুড়ীর আদেশে স্বামী তার স্ত্রীকে তালাক দিতে পারে (মিশকাত হা/৪৯২৮)। মূলতঃ শ্বশুর-শ্বাশুড়ীর সঙ্গে সাদাচরণ করা একমাত্র আদর্শ নারীর পক্ষে সম্ভব।

আদর্শ নারীর আদব বা শিষ্টাচার

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ
بাল্লাহ বহুবচন, একবচনে بِسْمِ اللّٰهِ
আভিধানিক অর্থে স্থান-কাল-পাত্র ভেদে
বুদ্ধিমত্তা ও শালীনতার সাথে কথা বলা বা কাজ করা, প্রতিটি কাজকে বুঝে-শুনে
বিচক্ষণতার সাথে আনজাম দেওয়াই হচ্ছে আদব। আর পারিভাষিক অর্থে
সৌজন্যমূলক ব্যবহার করা। কথায় ও কাজে এমন আচরণ প্রকাশ করা যা দ্বারা

প্রশংসা লাভ করা যায়। আল্লামা সুযুতী বলেন, উত্তম চরিত্রে ভূষিত হওয়াকে আদব বলে। প্রত্যেক মুমিন নর-নারীর জন্য উত্তম চরিত্রের অধিকারী হওয়া একান্ত যোগী। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেন,

عَنْ أَبِي هِرِيرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سُئِلَ رَسُولُ اللَّهِ عَنْ أَكْثَرِ مَا يَدْخُلُ النَّاسُ الْجَنَّةَ قَالَ تَقْوَى
اللَّهُ وَ حُسْنُ الْخُلُقِ وَ سُئِلَ عَنْ أَكْثَرِ مَا يَدْخُلُ النَّاسُ النَّارَ فَقَالَ الْفَهْمُ وَ الْفَرْجُ

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূল (ছাঃ) কে জিজ্ঞেস করা হ'ল, কোন জিনিস মানুষকে অধিক জানাতে প্রবেশ করায় তিনি বলেন তাক্তওয়া ও সচ্ছরিত্ব। তাকে আরো জিজ্ঞেস করা হ'ল কোন জিনিস মানুষকে অধিক জাহানামে প্রবেশ করায়। তিনি বলেন, মুখ ও লজ্জাস্থান (তিরমিয়ী এটি বর্ণনা করেছেন এবং বলেছেন, হাদীছটি হাসান ও ছহীহ, রিয়ায়ুছ ছালেহীন হা/৬২৭; মিশকাত হা/৪৮৩২)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে আল্লাহর ইবাদত-বন্দেগী ও পরহেয়গারিতার সঙ্গে সঙ্গে সচ্ছরিত্বও জানাতে যাওয়ার মাধ্যম। আর মুখ ও লজ্জাস্থান জাহানামে যাওয়ার কারণ। মূলতঃ চরিত্র মানব জীবনের ভূষণ। তাই উত্তম চরিত্রের অধিকারী হ'তে হ'লে বিনয়ী ও নম্র হ'তে হবে। সেজন্য পরিয়াগ করতে হবে অহংকার দাস্তিকতা, মিথ্যা, পাপাচার গাল-মন্দ অশ্লিল ভাষা। ব্যভিচার, গীবত-তোহমত। যে এসব অহেতুক আচরণ হ'তে মুক্ত সেই হচ্ছে উত্তম চরিত্রের অধিকারী। উত্তম চরিত্রের অধিকারী হওয়ার জন্য আরো কতিপয় বিষয় হাদীছে উল্লিখিত হয়েছে।

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘তোমরা জানাতে প্রবেশ করতে পারবে না যতক্ষণ না তোমরা ঈমান গ্রহণ করবে। আর তোমরা ঈমানদার হ'তে পারবে না যতক্ষণ না তোমরা পরম্পরাকে ভালবাসবে। আমি কি তোমাদেরকে এমন কথা বলে দিব না যা করলে তোমাদের পারম্পরিক ভালবাসা বৃদ্ধি পাবে? (অবশ্যই বলব তাহ'ল) তোমরা পরম্পরের মধ্যে সালামের প্রচলন করবে’ (মুসলিম, মিশকাত হা/৪৬০১; বাংলা মিশকাত হা/৪৮২৬)।

অন্য বর্ণনায় আছে রাসূল (ছাঃ)-কে জিজ্ঞেস করা হ'ল ইসলামে কোন কাজ সর্বোভ্রত? তিনি বললেন, ক্ষুধার্তকে খাদ্য খাওয়ানো এবং পরিচিত অপরিচিত সবাইকে সালাম করা' (বুখারী, মুসলিম, মিশকাত হা/৪৬২৯; বাংলা মিশকাত হা/৪৪২৪)। অত্র হাদীছ দু'টিতে চারটি উত্তম আদর্শের কথা বলা বলা হয়েছে- (১) জানাতে প্রবেশের জন্য পূর্ণ ঈমানের প্রয়োজন (২) পরম্পরাকে ভালবাসা (৩) সালামের

প্রচলন করা, চেনা-অচেনা সকলকে সালাম করা (৪) ক্ষুধার্তকে খাদ্য খাওয়ানো। উক্ত কাজগুলির প্রতি প্রত্যেককেই সজাগ হ'তে হবে। তবে মহিলাদের ব্যাপার স্বতন্ত্র। কেননা যেখানে ক্ষতি ও মন্দ কল্পনার আশংকা রয়েছে, সেখানে সালাম দেওয়া ঠিক নয়। এমন বৃদ্ধ যার মধ্যে ক্ষতির কোন আশংকা নেই, তাকে সালাম দেওয়াতে কোন দোষ নেই।

রাসূল (ছাঃ) সালামের পদ্ধতি বর্ণনা করেছেন যে, কম সংখ্যক লোক বেশি সংখ্যককে সালাম করবে। ছোটরা বড়দেরকে সালাম দিবে, আরোহী ব্যক্তি পদব্রজে চলাচলকারীকে এবং পদব্রজে চলাচলকারী উপবিষ্ট ব্যক্তিকে সালাম করবে। এতে কারো অন্তরে কোন অহংকার বা বিদ্বেষ থাকে না। সালামের জন্য নির্ধারিত বাক্য হচ্ছে, আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ। জবাবে ওয়া আলাইকুমস সালাম বললে ১০ নেকী পাবে। তার সাথে ওয়া রহমাতুল্লাহ যোগ করলে ২০ নেকী, ওয়া বারাকাতুহ যোগ করলে ৩০ নেকী পাবে এবং ওয়া মাগফিরাতুহ যোগ করলে ৪০ নেকী পাবে। ছওয়াবের পরিমাণ এভাবে বৃদ্ধি পেতে থাকবে (আবুদাউদ, বাংলা মিশকাত হ/৪৮৮০)।

সেই ব্যক্তি আল্লাহর নিকট অধিক প্রিয় যে প্রথমে সালাম করে (বুখারী, বাংলা মিশকাত হ/৪৮৮১)। কারো বাড়ির দরজায় অনুমতির জন্য কমপক্ষে তিন বার সালাম করবে অনুমতি না পেলে ফিরে যাবে (বুখারী, মুসলিম, মিশকাত হ/৪৬৬৭)। আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) (আমাকে লক্ষ্য করে) বললেন, হে বৎস! যখন তুমি পরিজনদের নিকট প্রবেশ কর তখন তুমি সালাম করবে, এতে তোমার ও গৃহবাসীর জন্য কল্যাণ বয়ে আনবে (তিরমিয়ী, বাংলা মিশকাত হ/৪৮৮৭)। অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে বাড়ীতে প্রবেশের আগেই সালাম দিতে হবে। নিজ বাড়ী হোক বা অন্যের বাড়ী হোক প্রবেশদ্বারে সালাম দেওয়া সুন্নাত। যদি কেউ কারো মাধ্যমে সালাম পাঠায় তাহ'লে তার জবাব দাতা বলবে ‘আলাইকা ওয়া আলাইহিস সালাম’। অর্থ আপনার ও অমূকের উপর শান্তি বর্ষিত হউক। প্রকাশথাকে যে, জাহেলী যুগে সালামের প্রচলন ছিল না। সে যুগে আনহম ছবাহান বা Good Morning বলা হ'ত। ইসলাম আসার পরে উক্ত প্রথা নিয়ন্ত্র করে সালামের প্রচলন হয়। রাসূল (ছাঃ) মুসলিম অমুসলিম মিলিত মজলিসে এবং মহিলা ও শিশুকে সালাম দিতেন। আর অমুসলিমরা সালাম দিলে উক্তরে বলবে, ‘ওয়া আলাইকুম’। সালামের সঙ্গে স্পৃঙ্গ মুছাফাহ অর্থ হাতের তালুর সঙ্গে তালু মিলান। মুছাফার সময় একে অপরের ডান হাতের তালুর সাথে মিলাতে হয়। ছাহাবায়ে কেরাম পরস্পরে মুছাফাহ করতেন (বুখারী, মিশকাত

হা/৪৬৬৭)। উল্লেখ্য, সালামের সময় **يَغْفِرُ اللَّهُ لَنَا وَلَكُمْ** বর্ণিত দো'আটি ভিত্তিহীন। আর **تَحْمِدُ اللَّهَ وَتَسْتَغْفِرُهُ** বর্ণিত দো'আটি যঙ্গফ। সালামই মূলতঃ দো'আ আর কোন দো'আ বলার প্রয়োজন নেই।

চলাফেরা, শোয়া ও নিদ্রার আদবঃ

ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। এটা কোন পুথিগত বিদ্যা বা নীতিবাক্য সম্বলিত কাব্য নয়। ইসলামের নবী মুহাম্মাদ (ছাঃ)-এর জীবন চরিত ও আদর্শের মাধ্যমে তা বাস্তবায়িত। ফলে মানবজীবনে কোন কাজই তাঁর আদর্শের বাইরে নয়। তাই চলা-ফেরা, উঠা-বসা, শোয়া-নিদ্রা এমনকি যাবতীয় কর্মকাণ্ড কিভাবে সমাধা করতে হবে তা তিনি তাঁর উম্মতকে শিক্ষা দিয়েছেন। আর চলা-ফেরার ব্যাপারে আল্লাহ বলেন,

وَلَا تَمْسِ فِي الْأَرْضِ مَرَحًا، إِنَّكَ لَنْ تَخْرُقَ الْأَرْضَ وَلَنْ تَبْلُغَ الْجَبَابَ طُولًا—

‘তুমি পৃথিবীতে অহংকার করে চল না। নিশ্চয়ই তুমি যমীনকে ধ্বংস করতে পারবে না এবং পাহাড়ের উচ্চতায়ও পৌঁছতে পারবে না’ (ইসরাঃ ৩৭)।

অন্য আয়াতে আছে ইবলীস তার অহংকারের কারণে কাফের হ'ল। তাই অহংকার ও দাস্তিকতা পরিহার করা যরুবী। আমর ইবনে শারীদ (রাঃ) তার পিতা হ'তে বর্ণনা করেন, তিনি বলেন, একদা রাসূল (ছাঃ) আমার নিকট দিয়ে গমন করলেন। তখন আমি এমন অবস্থায় বসা ছিলাম যে, আমার বাম হাত ছিল আমার পিঠের পিছনে আর ডান হাতের তালুর উপর ভর করে বসেছিলাম তখন তিনি আমাকে বললেন, তুমি এমনভাবে বসে আছ যেভাবে আল্লাহর অভিশপ্ত লোকেরা বসে (আবুদাউদ, বাংলা মিশকাত হা/৪৫২৪)। এভাবে বসা দুই কারণে নিষেধ- ১. অহংকারীরা এমন করে বসে ২. এরূপ বসা ইহুদীদের বসার ন্যায়। আবু সাঈদ খুদরী (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ)-কে কা'বা শরীফের আঙিনায় এরূপ স্বীয় উভয় হাত দ্বারা ‘ইহতেব’ অবস্থায় বসে থাকতে দেখেছি (বুখারী, মিশকাত হা/৪৭০৭; বাংলা মিশকাত হা/৪৫০২)। ইহতেব করে বসা অর্থ দুই হাটুকে খাড়া করে হাত বা কাপড় দ্বারা উভয় উরুকে জড়িয়ে বসা। এভাবে বসা জায়েয তবে লক্ষ্য রাখতে হবে যেন সতর খুলে না যায়।

অন্য বর্ণনায় আছে যে, রাসূল (ছাঃ) কুরফুছা অর্থাৎ দুই হাতুকে মাটির সাথে বিছিয়ে দুই হাতের তালুকে উভয় বগলের নিচে চাপিয়ে বসা। (আবুদাউদ, মিশকাত হা/৪৭১৪; বাংলা মিশকাত হা/৪৫০৯)। অন্য বর্ণনায় আছে যে, রাসূল (ছাঃ) আসন পেতে বসতেন। এভাবে বসে তিনি যিকির-আয়কার করতেন' (আবুদাউদ, মিশকাত হা/ ৪৭১৫; বাংলা মিশকাত হা/৪৫১০)।

বারা ইবনে আয়েব (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন শয্যায় যেতেন তখন ডান পার্শ্বের উপর শয়ন করতেন। অতঃপর বলতেন,

اللَّهُمَّ أَسْلِمْتُ نَفْسِي إِلَيْكَ وَوَجَّهْتُ وَجْهِي إِلَيْكَ وَفَوَضَّتُ أَمْرِي إِلَيْكَ وَالْجَاهْلَاتُ ظَهَرْتِ
إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ لَا مَلْجَأً وَلَا مَنْجَأٌ إِلَّا إِلَيْكَ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أُنْزِلْتَ وَ
بِئْبَيْكَ الَّذِي أَرْسَلْتَ—

উচ্চারণঃ আল্লাহম্মা আস্লামতু নাফ্সী ইলাইকা ওয়া ওয়াজ্জাহতু ওয়াজ্জহী ইলাইকা ওয়া ফাওওয়ায়তু আমরী ইলায়কা ওয়া লজা'তু যঃহরী ইলাইকা রংবাত্ত ওয়া রহবাতান ইলাইকা লা-মাল্জা ওয়া লা-মাংজা মিংকা ইল্লা- ইলাইকা আ-মাংতু বিকিতা-বিকাল্লায়ী আংবালতা ওয়া বিনাবিইয়িকাল্লায়ী আর্সালতা।

অর্থঃ 'হে আল্লাহ! আমি নিজেকে তোমার নিকট সমর্পণ করলাম। আমি তোমার দিকে মুখ ফিরালাম, আমার কাজ তোমার নিকট ন্যস্ত করলাম, আগ্রহে ও ভয়ে তোমার সাহায্যের প্রতি ভরসা করলাম। একমাত্র তোমার নিকট ব্যক্তিত কোন আশ্রয়স্থল নেই। আমি তোমার অবতীর্ণ কিতাবকে বিশ্বাস করি। আর ঐ নবীকে বিশ্বাস করি, যাকে তুমি নবী হিসাবে পাঠিয়েছ। রাসূল (ছাঃ) বলেন, 'কেউ যদি এ দো'আ পাঠ করে তারপর রাতে মৃত্যুবরণ করে, সে ইসলামের উপর মৃত্যুবরণ করবে' (বুখারী, মুসলিম, মিশকাত হা/২৩৮৫)।

হ্যাইফা (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, নবী করীম (ছাঃ) রাতে যখন শয্যা গ্রহণ করতেন তখন গালের নিচে হাত রাখতেন তারপর বলতেন, 'আল্লাহম্মা বি ইসমিকা আমৃতু ওয়া আহইয়া'। অতঃপর যখন জাগ্রত হ'তেন তখন বলতেন, 'আলহামদুলিল্লাহিল্লায়ী আহইয়ানা বা'দা মা আমাতানা ওয়া ইলাইহিন নুঁশুর' (বুখারী, মিশকাত হা/২৩৮২)।

عَنْ أَبِي ذِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ أَبِي الْنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا مُضْطَجِعٌ عَلَى بَطْنِي فَرَكَضَ بِرِجْلِهِ وَقَالَ يَا جُنْدُبُ إِنَّمَا هِيَ ضِجْعَةُ أَهْلِ النَّارِ -

আবুয়ার (রাঃ) বলেন, একদা নবী করীম (ছাঃ) আমার নিকট দিয়ে যাচ্ছিলেন তখন আমি উপুড় হয়ে শোয়া ছিলাম। তিনি স্বীয় পা দ্বারা আমাকে নাড়া দিয়ে বললেন, হে জুনদুব! এইরূপ শোয়া দোষখীদের অভ্যাস (ইবনু মাজাহ, মিশকাত হা/৪৭১; বাংলা মিশকাত হা/৪৫২৫)। (আবুয়ার-এর নাম জুনদুব ইবনে জুনাদাহ আল-গিফারী)। অন্য বর্ণনায় আছে আল্লাহ উপুড় হয়ে শোয়াকে পসন্দ করেন না (তিমিয়া, মিশকাত হা/ ৪৭১৮; বাংলা মিশকাত হা/ ৪৫১৩)। এজন্য উপুড় হয়ে শোয়া ঠিক নয়। বাহ্যিক দৃষ্টিতেও এটা খারাপ, এতে জাহানামীদের শয়নের সাদৃশ্য হয়। এটা আল্লাহ এবং তাঁর রাসূল (ছাঃ) পসন্দ করেন না। উপরোক্ষিত হাদীছ সমূহ দ্বারা বুঝা যায় যে, ডান কাতে শোয়া সুন্নাত এবং উপুড় হয়ে শোয়া নিষেধ। উল্লেখ্য যে, বাম কাতে এবং চিত হয়ে শোয়া জায়েয়। আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন রাতে শয্যায় যেতেন তখন তার দু'হাত একত্রিত করে হাতে ফুঁক দিতেন এবং সূরা ইখলাছ, ফালাক্ত ও নাস পড়তেন। অতঃপর দু'হাত দ্বারা সন্তুষ্পর সমস্ত শরীর মুছে দিতেন। মাথা, মুখ ও শরীরের সম্মুখ ভাগ মুছতেন (বুখারী, মুসলিম, মিশকাত হা/২১৩২)।

হাঁচি ও হাই-এর আদবঃ

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যখন তোমাদের কেউ হাঁচি দেয়, তখন সে যেন ‘আলহামদুলিল্লাহ’ বলে এবং তার কোন মুসলমান ভাই অথবা সঙ্গী যে উহা শুনবে, সে যেন বলে ‘ইয়ারহামু কাল্লাহ’ বলে। আর যখন সে ‘ইয়ারহামুকাল্লাহ’ বলবে তখন হাঁচিদাতা যেন বলে, ‘ইয়াহদিকুমুল্লাহ ওয়া ইউচ্চলিঙ্গ বা-লাকুম’ (বুখারী, মিশকাত হা/ ৪৭৩৩; বাংলা মিশকাত হা/৪৫২৭)।

আবু মুসা আশ-আরী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি যখন তোমাদের কেউ হাঁচি দেয় এবং ‘আলহামদুলিল্লাহ’ বলে তখন তোমরা তার জবাব দিবে। আর যদি সে ‘আলহামদুলিল্লাহ’ না বলে তবে তোমরাও তার জবাব দিবে না (মুসলিম, বাংলা মিশকাত হা/৪৫২৯)।

অত্র হাদীছগুলি প্রমাণ করে যে, কারো যদি হাঁচি আসে, তাহলে তাকে ‘আলহামদুলিল্লাহ’ বলতে হবে। আর যদি কোন মুসলমান তা শুনে তাহলে তার জন্য ইয়ারহামুকাল্লাহ’ বলা যানৰী এবং হাঁচিদাতার জন্য ও ‘ইয়াহদিকুমুল্লাহ’ বলা আবশ্যক। আর যদি হাঁচিদাতা কিছু না বলে, তাহলে তার জন্যও কিছু বলতে হবে না (বুখারী, মুসলিম, মিশকাত হ/৪ ৭৩৫)। অতএব আমাদের জন্য করণীয় রাসূলের সুন্নাতকে অনুসরণ করা।

عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا تَنَاؤَبَ
أَحَدُكُمْ فَلِيمْسِكْ بِيَدِهِ عَلَىٰ فِيهِ فَإِنَّ الشَّيْطَانَ يَدْخُلُ -

আবু সাউদ খুদরী (রাঃ) হ'তে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যখন তোমাদের কারো হাই আসে তখন সে যেন স্বীয় হাত দ্বারা নিজের মুখ বন্ধ করে রাখে। কেননা শয়তান মুখের ভিতর প্রবেশ করে’ (মুসলিম, বাংলা মিশকাত হ/৪ ৫৩১)। হাঁচির সময় ‘আলহামদুলিল্লাহ’ বলার নির্দেশ দেওয়া হয়েছে এর কারণ হচ্ছে হাঁচি আসে আল্লাহর পক্ষ থেকে। হাঁচি আল্লাহর নিয়ামত। বস্তুতঃ হাঁচি দ্বারা মস্তিষ্কের জড়তা কেটে যায় এবং শারীরিক-মানসিক প্রফুল্লতা অনুভূত হয়। তাই এর কারণে আল্লাহর প্রশংসা করার কথা বলা হয়েছে। আর হাই নিদ্রা ও অলসতার প্রভাব। এটা আল্লাহর ইবাদতে অমনোযোগী করে দেয়, যা আল্লাহর অপছন্দ। তাই হাইতে মুখ বন্ধ রাখার কথা বলা হয়েছে। হাঁচির সময় মুখে কাপড় অথবা হাত দ্বারা ঢেকে ফেলা এবং হাঁচির শব্দকে নিচু রাখা উত্তম (তিরমিয়ী, বাংলা মিশকাত হ/ ৪ ৫৩২)।

খাওয়ার আদবঃ

عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ لِيْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَمْ اللَّهِ
وَكُلْ بِيَمِينِكَ وَكُلْ مِمَّا يَلِيكَ -

ওমর ইবনে আবু সালমা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ছাঃ) আমাকে বলেছেন, ‘বিসমিল্লাহ’ বলে ডান হ'তে খানা খাও এবং তোমার নিকটের খাবার খাও’ (বুখারী, মুসলিম, বাংলা মিশকাত হ/ ৩৯৮০)।

আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যখন তোমাদের কেউ আহার করে, তখন সে যেন বলে بِسْمِ اللَّهِ رَبِّ الْعَالَمِينَ (মুভাফাক্ত আলাইহ, মিশকাত হা/ ৩১৫৯)। আর প্রথমে যদি আল্লাহর নাম স্মরণ করতে ভুলে যায়, তাহ’লে বলবে بِسْمِ اللَّهِ رَبِّ الْعَالَمِينَ ও অর্থে ‘বিসমিল্লাহি আও-ওয়ালাহু ওয়া আখিরাহু’ (তিরমিয়ী, ২য় খত ৭৪৪ সনদ ছহীহ আলবানী)।

উপরোক্ত হাদীছগুলিতে খাওয়ার কয়েকটি আদবের কথা বলা হয়েছে- ক. খাওয়ার প্রথমে ‘বিসমিল্লাহ’ বলা। কেননা রাসূল (ছাঃ)-এর বাণী যে খাদ্যে ‘বিসমিল্লাহ’ বলা হয় না, সে খাদ্যে শয়তান অংশগ্রহণ করে (মুসলিম, বাংলা মিশকাত হা/৩৯৮১)। খ. ডান হাতে খাওয়া এবং পান করা। রাসূল (ছাঃ)-এর বাণী তোমরা ডান হ’তে খাও এবং পান কর (মুসলিম, বাংলা মিশকাত হা/৩৯৮৩)। কেউই যেন বাম হ’তে না খায় এবং পান না করে। কারণ শয়তান বাম হাতে খায় এবং বাম হাতে পান করে। তাই যারা বাম হাতে খায়, তারা শয়তানের অনুসরণ করে। গ. নিজের নিকট হ’তে এবং এক পাশ হ’তে খাদ্য খাওয়া সুন্নাত। কারণ মাঝখানে বরকত নায়িল হয়। নবী করীম (ছাঃ) বলেন, ‘তোমরা পাশ থেকে খাও। মাঝখান থেকে খেয়ো না। কারণ মাঝখানে বরকত নায়িল হয়’ (তিরমিয়ী, মিশকাত হা/৪২১১)। ঘ. প্রথমে ‘বিসমিল্লাহ’ বলতে ভুলে গেলে খাওয়ার মধ্যে যখনই স্মরণ হবে তখনই ‘বিসমিল্লাহি আও-ওয়ালাহু ওয়া আখিরাহু’ বলা।

প্রত্যেক আদর্শ নারীর জন্য যরুবী যে, রাসূলের সুন্নাত অনুযায়ী খাবার খাওয়া এবং সন্তান-সন্ততি ও পরিবারের অন্যান্য সদস্যদেরকে সুন্নাত মোতাবেক খাদ্য গ্রহণ করার প্রতি উৎসাহিত করা। কেননা রাসূল (ছাঃ) তার খাদ্যে ওমর ইবনে আবু সালমাকে খাদ্য গ্রহণের নিয়ম শিখিয়ে দিয়েছেন। খাদ্যের বাসন এবং আঙুল চেঁটে খাওয়া সুন্নাত। রাসূল (ছাঃ)-এর বাণী জাবের (রাঃ) হ’তে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি তিনি বলেছেন, ‘তোমাদের প্রতিটি কাজের সময় শয়তান তার পাশে উপস্থিত হয় এমনকি আহারের সময়ও। সুতরাং যদি তোমাদের কারো লোকমা পড়ে যায় সে যেন তা তুলে ময়লা পরিষ্কার করে খায় এবং শয়তানের জন্য ছেড়ে না দেয়, আর খাওয়ার শেষে যেন

আঙুল চেটে খায়। কেননা সে জানে না যে খাদ্যের কোন অংশে বরকত আছে (মুসলিম, মিশকাত হা/ ৪১৬৭; বাংলা মিশকাত হা/ ৩৯৮৮)।

উক্ত হাদীছটিতে দু'টি শিক্ষণীয় বিষয় রয়েছে- ১. খাওয়ার সময় খাদ্যের কিছু অংশ পড়ে গেলে তা তুলে খাওয়া আবশ্যিক। যদি তাতে ময়লা লেগে যায় তবুও তা পরিষ্কার করে খেতে হবে। ২. খাওয়ার শেষে হাত ধোয়ার পূর্বে উভম রূপে আঙুল এবং খাদ্যের বাসন চেটে খাওয়া। কারণ খাদ্যের কোন অংশে বরকত আছে তা আমাদের জানা নেই। খাদ্য গ্রহণের সময় হেলান দিয়ে খাওয়া ঠিক নয়। দোষ-ক্রটি প্রকাশ করা ঠিক নয়।

عن جحيفه رض قال رسول الله صلى الله عليه وسلم لا أكُلُ مُنَكِّيَا

আবু জোহাইফা হ'তে বর্ণিত। তিনি বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, আমি হেলান দিয়ে খাই না, হেলান দিয়ে খাওয়া অহংকারীদের আচরণ। তাই নবী করীম (ছাঃ) এটা পসন্দ করতেন না (বুখারী, মিশকাত হা/ ৪১৬৮; বাংলা মিশকাত হা/ ৩৯৮৯)। হেলান দিয়ে খাওয়া রাসূল (ছাঃ)-এর সুন্নাত পরিপন্থী।

عن أبي هريرة رض قال ما عَابَ رَسُولُ اللَّهِ طَعَاماً قَطُّ إِن اشْتَهَاهُ أَكَلَهُ وَإِنْ كَرِهَهُ تَرَكَهُ.

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত। তিনি বলেন, রাসূল (ছাঃ) কখনও কোন খাদ্যের দোষ প্রকাশ করেননি। অবশ্য মনে চাইলে খেতেন এবং অপসন্দ হ'লে পরিত্যাগ করতেন (মুভাফাকু আলাইহ বাংলা মিশকাত হা/ ৩৯৯৩)।

ইমাম নববী বলেন, খাদ্যের শিষ্টাচারিতা হ'ল তার কোন দোষ বর্ণনা না করা। অবশ্য হারাম বস্তু খাদ্য নয়। কাজেই তার দোষ ও অপকারিতা বর্ণনা করা যায়।

খাদ্য পরিমাণে কম খাওয়া:

كُلُوا وَاشْرِبُوا وَلَا تُشْرِفُوا إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ.

‘তোমরা খাও ও পান কর এবং অপব্যয় করো না। তিনি অপব্যয়ীদেরকে পসন্দ করেন না’ (আরাফ ৩১)। অত্র আয়াতে আল্লাহ রাকবুল আলামীন তাঁর বান্দাদেরকে

খেতে ও পান করতে বলেছেন। কিন্তু খাওয়ার মধ্যে অপব্যয় করতে নিষেধ করেছেন। কেননা অপব্যয়করীদেরকে তিনি পসন্দ করেন না।

খাদ্য কম খাওয়ার ব্যাপারে অনেক হাদীছ রয়েছে। মিকদাদ ইবনে মাদীকারাব (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি, তিনি বলেন, কোন ব্যক্তি তার উদর অপেক্ষা মন্দ কোন পাত্রকে পূর্ণ করে না। আদম সন্তানের জন্য এই পরিমাণ কয়েক লোকমাই যথেষ্ট যা দ্বারা সে নিজের কোমরকে সোজা রাখতে পারে ও আঞ্চাহর ইবাদত করতে পারে। আর যদি এর অধিক খাওয়ার প্রয়োজন মনে করে, তবে এক তৃতীয়াংশ খাদ্য, আরেক তৃতীয়াংশ পানীয় এবং অপর তৃতীয়াংশ শ্বাস-প্রশ্বাসের জন্য খালি রাখবে' (তিরমিয়ী, ইবনু মাজাহ. মিশকাত হ/৫১৯২; বাংলা মিশকাত হ/৪৯৬৫)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে, মানুষ যখন খাদ্য গ্রহণ করে তখন তার পেটকে তিন ভাগে ভাগ করে একভাগ খাদ্য, এক ভাগ পানীয় এবং আর এক ভাগ খালি রাখা উচিত। কেননা আদম সন্তান যা দ্বারা তার পেট ভর্তি করে তাই হচ্ছে মন্দ বস্ত। যখন সে তার পেট পূরণ করে আহার করবে তখন তার পেটের হজম শক্তির গরমিল দেখা দিবে, তখন শরীরে বিভিন্ন রোগ ব্যাধির সৃষ্টি হবে তাতে শরীরের অনেক ক্ষতি হবে। বর্তমান অভিজ্ঞ চিকিৎসকদেরও একই অভিমত যে পেটের এক তৃতীয়াংশ খালি রাখা স্বাস্থ্যের জন্য উপকারী।

জাবের (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি একজনের খাবার দু'জনের জন্য যথেষ্ট। আর দু'জনের খাবার চারজনের জন্য যথেষ্ট এবং চারজনের খাবার আটজনের জন্য যথেষ্ট (মুসলিম, বাংলা মিশকাত হ/৩৯৯৬)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায়, যে খাদ্যে একজনে পরিত্পন্ত হয়, সেই খাদ্য দু'জনের প্রয়োজন মিটানোর জন্য যথেষ্ট। এমনিভাবে দু'জনের খাদ্য চারজনের জন্য এবং চারজনের খাদ্য আটজনের জন্য যথেষ্ট। কেননা অর্ধ পেট খেলে মানুষ মরে যায় না। এর দ্বারা উদ্দেশ্য হ'ল যে, নিজে কিছু কম খেয়ে কোন ক্ষুধার্তকে খাবার খাওয়ানোর প্রতি উৎসাহিত করা। কেউ উদর পূরণ করে খাবে আর কেউ না খেয়ে থাকবে এটা ঠিক নয়। এই ব্যক্তি ক্লিয়ামতের দিন বেশি ক্ষুধার্ত হবে যে দুনিয়াতে বেশি পরিত্পন্তি সহকারে খেয়েছে' (শরহে সুন্নাহ, মিশকাত হ/৫১৯৩; বাংলা

মিশকাত হা/ ৪৯৬৬)। দুনিয়াতে একটি ক্ষুধার্ত থেকে পরকালে ক্ষুধার্ত না থাকাই শ্রেয়। কেননা দুনিয়ার ক্ষুধা-তুষণ ক্ষণিকের জন্য আর পরকালের ক্ষুধা-তুষণ স্থায়ী।

উল্লেখ্য যে, নিজের শরীরকে হালকা-পাতলা রাখার জন্য কম খাওয়া ঠিক নয়। কেননা তাতে তার শরীর দুর্বল হয়ে যেতে পারে, এতে তার কর্ম-জীবন এবং আল্লাহর ইবাদত-বন্দেগীতে অলসতা দেখা দিতে পারে। তাই পেটের এক তৃতীয়াংশ খালি রেখে খাওয়া উচিত।

খাওয়ার শেষে করণীয়ঃ

আনাস (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘আল্লাহ তা‘আলা তাঁর সেই বান্দার প্রতি সন্তুষ্ট, যে একথাস খাদ্য খেয়ে তাঁর প্রশংসা করে অথবা এক ঢোক পান করে তাঁর শুকরিয়া আদায় করে’ (যুসিলম বাংলা মিশকাত হা/ ৪০১৮)। আবু উমামাহ হ'তে বর্ণিত, যখন রাসূল (ছাঃ)-এর সম্মুখ হ'তে দস্তরখানা উঠানে হ'ত তখন তিনি এ দো‘আ পড়তেন,

الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيْبًا مُبَارَكًا فِيهِ غَيْرَ مَكْفِيٌّ وَ لَا مُوَدَّعٌ وَ لَا مُسْتَعْنَى عَنْهُ رَبَّنَا۔

উচ্চারণঃ আলহঃ মদু লিল্লা-হি হঃ মদান কাছীরান ত্বইয়িবাম মুবা-রাকাঃ ফীহি গহীরা মাক্ফিইয়িন ওয়ালা- মুওয়াদ্দা ‘ইন ওয়ালা- মুস্তাগনান ‘আনহু রববানা-।

অর্থঃ ‘পাক পবিত্র, বরকতময় আল্লাহর জন্য সমস্ত প্রশংসা। তাঁর নে‘মত হ'তে মুখ ফিরানো যায় না, তাঁর অন্঵েষণ ত্যাগ করা যায় না এবং এর প্রয়োজন থেকেও মুক্ত থাকা যায় না’। তাহ'লে তার পূর্বের গোনাহ সমূহ মাফ করে দিবেন’ (বুখারী, মিশকাত হা/ ৪১৯৯; বাংলা মিশকাত হা/ ৪০১৭)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে, খাদ্য গ্রহণের সময় দস্তরখানা বিছিয়ে খেতে হবে। কারণ খাওয়ার সময় কোন খাদ্য পড়ে গেলে তাতে যেন ময়লা না লাগে এবং তা যেন উঠিয়ে খওয়া যায়। সেজন্য দস্তরখানা বা দস্তরখানা জাতীয় কোন জিনিস যেমন পাটি, মাদুর ইত্যাদি বিছিয়ে খেতে হবে। আর এটা হচ্ছে নারীদের দায়িত্ব। খাওয়ার পরে আরো অনেক দু‘আ আছে যে দু‘আগুলি আদর্শ নারীদের নিজে পড়া এবং তা পরিবারের সকলকে পড়ার জন্য উৎসাহিত করা প্রয়োজন।

আবু আইয়ুব বলেন, রাসূল (ছাঃ) যখন পান করতেন তখন বলতেন

الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَ وَ سَقَىٰ وَ سَوَّغَهُ وَ جَعَلَ لَهُ مَخْرَجًا—

উচ্চারণঃ আল-হাম্দু লিল্লাহ-হিল্লায়ী আত'আমা ওয়া সাক্হা- ওয়া সাউওয়াগাহু ওয়া জা'আলা লাহু মাখরাজা-।

অর্থঃ ‘ঐ আল্লাহর প্রশংসা, যিনি খাওয়ালেন, পান করালেন এবং সহজভাবে প্রবেশ করালেন ও তা বের হওয়ার ব্যবস্থা করলেন’ (আবুদাউদ, মিশকাত, হ/৪২০৭)। মুয়‘আয় ইবনে আনাস তার পিতা হ’তে বর্ণনা করেন তার পিতা বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি আহার করবে অতঃপর বলবে,

الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَنِي هَذَا وَ رَزَقَنِيْهِ مِنْ غَيْرِ حُولٍ بِنِيْ وَ لَا قُوَّةَ—

উচ্চারণঃ আল-হাম্দু লিল্লাহ-হিল্লায়ী আত'আমানী হা-যা ওয়া রবাকুনীহি মিন গহিরি হাওলিম মিন্নী ওয়ালা-কুউওয়াহ।

অর্থঃ ‘সমস্ত প্রশংসা সেই আল্লাহর জন্য, যিনি আমাকে এ পানাহার করালেন এবং এর সামর্থ প্রদান করলেন, যাতে ছিল না আমার কোন উপায়, ছিল না কোন শক্তি’ (তিরমিয়ী, ২য় খঙ, পৃঃ ১৮৪, সনদ ছহীহ-আলবানী)। তাহ’লে তার পূর্বের গুনাহসমূহ মাফ করে দেওয়া হবে।

উল্লেখ্য যে, দেশে প্রচলিত অর্হত মর্মে **الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَنَا وَ سَقَنَا وَ جَعَلَنَا مِنَ الْمُسْلِمِينَ** বর্ণিত হাদীছ ঘষ্টফ (ঘষ্টফ আবু দাউদ, হ/৩৮৫০; তাহকুমীকৃ মিশকাত হ/৪২০৪-এর চীকা)।

খাওয়ার শিষ্টাচারের মধ্যে আরো আছে যে, যখন কোন মাজলিসে এক সঙ্গে খেতে বসা হয় তখন সম্মানিত বয়োজ্যেষ্ঠ ব্যক্তিবর্গ উপস্থিত থাকলে তাদের আগেই খাওয়া শুরু করা ঠিক নয়, যতক্ষণ না সেই সম্মানিত ব্যক্তিগণ শুরু করেন (মুসলিম, মিশকাত হ/ ৪২৩৭; বাংলা মিশকাত হ/৪০৫৩)।

খাদ্যদ্রব্য প্রস্তুত করার পূর্বে তা মেপে নিতে হবে। এতে বরকত রয়েছে কেননা রাসূল (ছাঃ) এর বাণী, মিকদাদ ইবনে মাআদীকারীব (রাঃ) হ’তে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেছেন, ‘তোমরা তোমাদের খাদ্যদ্রব্যকে মেপে নেও। এতে তোমাদের জন্য বরকত দেওয়া হবে’ (বুখারী, মিশকাত হ/ ৪১৯৮; বাংলা মিশকাত হ/৪০১৬)। খাদ্য

মেপে প্রস্তুত করার কারণ হচ্ছে যে, যখন খাদ্য মেপে পরিমাণ মত রাখা করা হবে তখন পরিবার সহ লোকদের কমও হবে না এবং বেশি হয়ে অপচয়ও হবে না। কম হ'লে পরিবারের লোক কষ্ট পাবে এবং বেশি হ'লে অপচয় হবে ও সাংসারিক ক্ষতি হবে, যা ঠিক নয়।

পেশাব পায়খানার আদবঃ

عَنْ أَبِي هَرِيرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا أَنَا لَكُمْ مِثْلُ الْوَالِدِ لِوَالِدِهِ
أَعْلَمُكُمْ إِذَا أَتَيْتُمُ الْغَ�بِطَ فَلَا تَسْتَقِيلُوا الْقِبْلَةَ وَلَا تَسْتَدِيرُوهَا وَامْرُ بِئْلَةَ حَجَارٍ وَنَهَى
عَنِ الرَّوْثِ وَالرَّمَةِ وَنَهَى أَنْ يَسْتَطِيبَ الرَّجُلُ بِيَمِينِهِ -

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, আমি তোমাদের জন্য অনুরূপ যেমন পিতা পুত্রের জন্য। অর্থাৎ পিতা যেমন পুত্রকে যাবতীয় কিছু শিক্ষা দেয় তেমনিভাবে আমি তোমাদেরকে (দ্বীন এমন কি পেশাব পায়খানার শিষ্টচারও) শিক্ষা দেই। তোমরা যখন পেশাব পায়খানায় যাবে তখন কেবলাকে সামনে ও পিছনে করবে না। তিনি ইস্তেজ্ঞায় তিনটি চেলা ব্যবহারের নির্দেশ দিয়েছেন। তিনি গোবর হাড়িড ব্যবহার করতে নিষেধ করেছেন এবং ডান হাত দ্বারা ইস্তেজ্ঞা করতেও নিষেধ করেছেন (বুখারী, মিশকাত হ/ ৩৪৭; বাংলা মিশকাত হ/৩২০)। উপরোক্তিখীত হাদীছ দ্বারা বুঝা যায় যে, কেবলার দিকে মুখ করে এবং কেবলাকে পিছনে রেখে পেশাব পায়খানায় বসা যাবে না। এটা আদর্শ নারীর জন্য করণীয় যে সে যেন তার বাচ্চাদের ছোট থেকেই পূর্ব পশ্চিম দিকে মুখ করে পেশাব বা পায়খানা করতে বারণ করেন। তবে ঘেরাঙ্গলে কেবলাকে সামনে ও পিছনে করা যায়।

আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যখন প্রকৃতির ডাকে শৌচাগারে যেতেন তখন বলতেন **اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ.**

উচ্চারণঃ আল্ল-হুম্মা ইন্নী আ'উয়বিকা মিনাল খুরুছি ওয়াল খাবা-য়িছ।

অর্থঃ ‘হে আল্লাহ! আমি তোমার নিকট অপবিত্র জিন ও অপবিত্রা জিন্নী হ'তে আশ্রয় চাচ্ছি’ (বুখারী, মুসলিম, মিশকাত, হ/৩৩৭, পঃ ৩৪২; বাংলা মিশকাত হ/ ৩৩০ ‘পেশাব-পায়খানার আদব’ অনুচ্ছেদ)।

আয়েশা (রাঃ) বলেন রাসূল (ছাঃ) যখন তার প্রয়োজন শেষে বের হ'তেন তখন বলতেন, ‘হে আল্লাহ তুমি আমাকে ক্ষমা কর’ (তিমিয়া, ইবনু মাজাহ, মিশকাত হা/৩৫৯, সনদ ছহীহ)। উপরোক্ত হাদীছ দুঁটি দ্বারা বুঝা যায় যে, যখন কেউ টয়লেটে যাবে তখন বর্ণিত দো’আটি **اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْخَبَثِ وَالْخَبَائِثِ**— এবং বের হওয়ার সময় **غُفْرَانَكَ** বলা সুন্নাত। যা বাস্তবায়ন করা আমাদের জন্য একান্ত যুক্তি।

প্রকাশ থাকে যে, সমাজে প্রচলিত **الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَذْهَبَ عَنِّي الْأَذْيَ وَعَافَانِي** বর্ণিত হাদীছটি ঘষ্টফ (মিশকাত হা/ ৩৭৪)।

হযর আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত। তিনি বলেন, যে রাসূল (ছাঃ) বলেলেন তোমরা পেশাবের ছিটাফোটা হ'তে সাবধান থাক কেননা বেশির ভাগ কবরের আয়াব এই কারণে হয়ে থাকে। আব্দুল্লাহ ইবনে আববাস (রাঃ) বলেছেন, একদা রাসূল (ছাঃ) দুঁটি কবরের পাশ দিয়ে যাচ্ছিলেন। এমন সময় বললেন, এদের উভয়কে শাস্তি দেওয়া হচ্ছে। কিন্তু কোন বিরাট ব্যাপারে শাস্তি দেওয়া হচ্ছে না। এদের একজন প্রশাবকালে সতর্কতা অবলম্বন করত না। মুসলিমের অপর বর্ণনায় আছে প্রশাব হ'তে উভয় রূপে পবিত্রতা লাভ করত না। আর অপর জন ছিল চোগলখোরী অর্থাৎ একজনের কথা অন্য জনকে লাগাত (মুত্তাফাক্ত আলাইহ, বাংলা মিশকাত হা/৩১১; মিশকাত হা/৩০৮)।

মুসলিম নর-নারী সকলের জন্য পেশাব থেকে সাবধান থাকা যুক্তি। বিশেষ করে মহিলাদের ব্যাপারটা বেশি জটিল। কেননা তাদের পেশাব বেশি ছিটে যায় যা তাদের নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়ে। তাই পরহেজগার আদর্শ নারীর জন্য এ ব্যাপারে বেশি সতর্কতা অবলম্বন করা যুক্তি। তবে যেটুকু সাধ্যের বাইরে সে ব্যাপারে আল্লাহ ভাল জানেন। কাতাদাহ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যখন তোমাদের কেউ পানি পান করে সে যেন পানে নিঃশ্বাস ত্যাগ না করে এবং যখন পায়খানায় যায় তখন যেন নিজের ডান হাতে নিজের গুপ্তাঙ্গ না ধরে এবং নিজের ডান হাত দ্বারা ইস্তেঞ্জা না করে (মুত্তাফাক্ত আলাইহ, মিশকাত হা/ ৩৪০; বাংলা মিশকাত হা/ ৩১৩; বাংলা বুখারী ১ম খণ্ড, হা/ ১৫৩)।

রাসূল (ছাঃ) তার উম্মাতকে যাবতীয় বিষয় শিক্ষা দিয়েছেন। তিনি ডান হাতে খেতে এবং পান করতে বলেছেন, কিন্তু ডান হাতে সৌচকার্য করতে নিষেধ করেছেন। আর বাম হাতে খেতে এবং পান করতে নিষেধ করেছেন। কেননা শয়তান বাম হাতে খায় ও পান করে (মুসলিম, মিশকাত হা/৪১৬২-৪১৬৩)। কিন্তু বর্তমানে অনেককে দেখা যায় তারা বাম হাতে পান করা ভদ্রতা বলে মনে করে। যা শয়তানের অনুকরণ ছাড়া কিছুই নয়। আব্দুল্লাহ ইবনে সারজেস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, তোমাদের কেউ যেন গর্তে পেশাব না করে (বাংলা মিশকাত হ/৩২৭)।

عَنْ أَبِي هَرِيرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ إِتَّقُوا الْلَّاعِنَيْنِ قَالُوا وَمَا الْلَّاعِنَيْنِ يَا رَسُولَ اللَّهِ قَالَ الَّذِي يَتَخَلَّى فِي طَرِيقِ النَّاسِ أَوْ فِي ظَلَمٍ -

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘দুই অভিসন্তের কারণ হ’তে বেঁচে থাকবে। ছাহাবীগণ জিজ্ঞেস করলেন, ইয়া রাসূলল্লাহ! দুই অভিসন্ত কি? রাসূল (ছাঃ) উত্তরে বললেন, মানুষের চলার পথে এবং ছায়াস্থলে পায়খানা করা’ (মুসলিম, মিশকাত হ/৩০৯; বাংলা মিশকাত হ/ ৩১২)।

এক নয়রে পেশাব পায়খানার আদবঃ

ক. কেবলাকে সামনে এবং পেছনে করে না বসা। তবে চতুর্দিকে ঘেরা স্থানে জায়েয়। খ. টয়লেটে প্রবেশের সময় শয়তান হ’তে আল্লাহর নিকট পরিত্রাণ চাওয়া। গ. বের হওয়ার সময় ‘গুফরানাকা’ বলা। ঘ. বাম হাতে সৌচকার্য সম্পাদন করা। ঙ. গর্তে পেশাব না করা। চ. মানুষের চলাচলের পথে এবং ছায়াস্থানে পায়খানা না করা। ছ. পেশাব হ’তে সাবধান থাকা অর্থাৎ পেশাব পায়খানা হ’তে ভালভাবে পরিত্রিত অর্জন করা যব্বারী। এজন্য পানি, ঢিলা, টিসু পেপার এগুলো তিন বার ব্যবহার করবে। শুকনা গবর ও হাড় ব্যবহার করা যাবে না। জ. পেশাবে সন্দেহ দূর করার জন্য কাপড়ের উপর থেকে লজ্জাস্থান বরাবর পানি ছিটানো (বাংলা মিশকাত হ/৩০১ ‘পেশাব পায়খানার আদব’ অধ্যায়)। ঝ. ইস্তেঞ্জার পর মাটিতে হাত ঘষা বা হাত উত্তমরূপে পরিষ্কার করা। ট. পানি দ্বারা সৌচকার্য সম্পাদন করা। প্রকাশ থাকে যে, পানি থাকলে ঢেলা বা টিসু ব্যবহার করা যাবে

না। দেশে অনেককে পেশাব-পায়খানার ক্ষেত্রে বিদ'আত করতে দেখা যায়। পেশাবের পর চেলা নিয়ে হেঁটে বেড়ানো, ওষ্ঠা-বসা করা, পা উঁচু-নিচু করা ইত্যাদি নির্লজ্জ ও নোংরা কাজ। এসব পরিহার করা আবশ্যিক।

عَنْ أَبِي أَيْوَبْ وَجَابِرْ وَإِنْسَ رَضِيَ اللَّهُ عَنْهُمْ إِنَّ هَذِهِ الْآيَةَ لَمَّا تَرَكْتُ فِيهِ رِجَالٌ يُحِبُّونَ أَنْ يَنْتَهِرُوا وَاللَّهُ يُحِبُّ الْمُنْتَهِرِينَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ يَا مَعْشَرَ الْأَنْصَارِ إِنَّ اللَّهَ قَدْ أَنْتُمْ عَلَيْكُمْ فِي الْطُّهُورِ فَمَا طُهُورُكُمْ قَالُوا نَتَوَضَّأُ لِلصَّلَاةِ وَنَغْتَسِلُ مِنَ الْجَنَابَةِ وَتَسْتَنْجِي بِالْمَاءِ فَقَالَ فَهُوَ ذَلِكَ فَعَلِيكُمُوهُ.

আবু আইয়ুব আনছারী, জাবের ও আনাস (রাঃ) হ'তে বর্ণিত, যে আনছারীদের সম্পর্কে যখন এই আয়াত নাযিল হয় 'মসজিদে কুবায় এরূপ লোকেরা রয়েছে যারা পবিত্রতা লাভ করাকে ভালবাসে এবং আল্লাহ পবিত্রতা লাভকারীদের ভালবাসেন। তখন রাসূল (ছাঃ) বললেন, হে আনছারগণ! এই আয়াত দ্বারা আল্লাহ তোমাদের প্রশংসা করলেন তোমাদের পবিত্রতার ব্যাপারে। তোমাদের পবিত্রতা কি? তারা বললেন, আমরা ছাগাতের জন্য অযু করি, নাপাকি হ'তে গোসল করি এবং পানি দ্বারা শুচিতা লাভ করি। রাসূল (ছাঃ) বললেন, এটাই তাই যার জন্য আল্লাহ তোমাদের প্রশংসা করলেন। সুতরাং তোমরা সর্বদা এটা করতে থাকবে। (ইবনু মাজাহ বাংলা মিশকাত হা/৩৪১)। অত্র হাদীছ ও আয়াত দ্বারা বুঝা যায় যে পানি দ্বারা ইস্তেঞ্জা করাই উত্তম। এছাড়া আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেন যে, রাসূল (ছাঃ) যখনই পায়খানায় যেতেন তখনই আমি তাঁর জন্য পানি নিয়ে যেতাম, যা দ্বারা তিনিই ইস্তেঞ্জা করতেন এবং স্বীয় হাত মাটিতে ঘষে নিতেন।

আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন পায়খানায় যেতেন, তখন আমি ও অপর একটি বালক পানির পাত্র এবং বর্শাধারী একটি ছড়ি নিয়ে যেতাম। তিনি সেই পানি দ্বারা ইস্তেঞ্জা করতেন (মুত্তাফাকু আলাইহ, আরুদাউদ, বাংলা মিশকাত হা/৩১৫)।

অত্র হাদীছ সমূহ দ্বারা প্রমাণিত হয় যে, রাসূল (ছাঃ) পানি দ্বারা ইস্তেঞ্জা করতেন। তবে যেখানে চিলার কথা উল্লেখ রয়েছে তা পানি না থাকার কারণে পানির পরিবর্তে চিলা ব্যবহার করতেন। তিনি কখনো পানি ও চিলা একসঙ্গে ব্যবহার করেননি। তাই এর বেশি কিছু করা বাড়াবাঢ়ি। যা বিদ'আতের পর্যায়ভূক্ত।

অনুরূপভাবে ভালভাবে ইস্তেঞ্জার নামে কাপড়ের টুকরা, পেপার ইত্যাদি দিয়ে টয়লেট ভর্তি করা, সন্দেহ দূর করার নামে কূলুখ ধরে ৪০ কদম হাঁটা, ওঠা-বসা করা এবং বিভিন্ন ভঙ্গিমায় কসরৎ করা যেমন ভিত্তিহীন তেমনিভাবে লজ্জাহীনতার শামিলও বটে যা পরিত্যাগ করা যরুৱী। যারা পানি ও ঢিলা এক সাঙ্গে ব্যবহার করাকে উত্তম মনে করেন তাদের ধারণা ভিত্তিহীন।

পরিব্রতাঃ প্রত্যেক মুমিন মুসলমানের জন্য পরিব্রতা অর্জন করা একান্ত যরুৱী। ইবাদতের পূর্বশর্ত হ'ল পরিব্রতা অর্জন করা। এটা দু'প্রকার। যথা- অভ্যন্তরীণ ও বাহ্যিক। অভ্যন্তরীণ পরিব্রতা বলতে বুঝায় যাবতীয় শিরকী ও হিংসা-অহংকার, সন্দেহ, নিফাক, রিয়া, কৃপণতা, হেকদ, গিল, আত্মস্তুরিতা হ'তে অন্তরকে পরিব্রত রাখা।

শিরকঃ অর্থ হচ্ছে আল্লাহ পাকের সঙ্গে অন্য কাইকে তাঁর সমকক্ষ মনে করে ইবাদত-বন্দেগী করা, আল্লাহ ছাড়া অন্যের নিকট কোন কিছু চাওয়া। এই শিরক অত্যন্ত বড় গোনাহ। এ শিরককে গোনাহ আল্লাহ ক্ষমা করবেন না। তিনি বলেন,

اَنَّهُ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ حَرَمَ اللَّهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَا وَأْهَانَ النَّارَ وَمَا لِلنَّاسِ مِنْ اَنْصَارٍ.

‘নিশ্চয়ই যে ব্যক্তি আল্লাহর সাথে অংশীদার স্থাপন করে আল্লাহ তার জন্য জাহানাত হারাম করেছেন। আর তার বাসস্থান হচ্ছে জাহানাম। আর অত্যাচারীদের কোন সাহায্যকারী নেই’ (মায়েদাহ ৭২)।

অন্যত্র আল্লাহ বলেন, ‘নিশ্চয়ই আল্লাহ তাকে ক্ষমা করবেন না, যে তাঁর সাথে শিরক করে। আর তিনি এর চেয়ে নিম্ন পর্যায়ের পাপ ইচ্ছা করলে ক্ষমা করবেন’ (নিসা ৪৮)। তাই শিরক থেকে অন্তরকে সার্বিকভাবে পরিব্রত রাখতে হবে।

হিংসাঃ হিংসা হ'ল কারো কোন কল্যাণ দেখে দক্ষ হওয়া ও তার ধ্বংস কামনা করা। এই হিংসা হারাম ও মহাপাপ। এটাই আসমান ও যমীনের সর্বপ্রথম পাপ। যা আসমানে ইবলীস আদম (আঃ)-এর প্রতি করেছিল এবং যমীনে আদম (আঃ)-এর পুত্র কাবীল হাবীলের প্রতি করেছিল। আল্লাহ তা'আলা বলেন, وَ مَنْ

‘আপনি বলুন, হিংসুকের অনিষ্ট হ'তে তোমার নিকট আশ্রয় চাই, যখন সে হিংসা করে’ (ফালাকু ৫)।

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, সোমবার ও বৃহস্পতিবার জান্নাতের সমস্ত দরজা খুলে দেওয়া হয় এবং মুশরিক ব্যতীত সকলকে ক্ষমা করে দেওয়া হয়। কিন্তু ঐ ব্যক্তি ব্যতীত যে তার ভাইয়ের সাথে হিংসা পোষণ করে। ফিরিশতাদের বলা হয় সংশোধন হওয়া পর্যন্ত তাদের অবকাশ দাও (মুসলিম, মিশকাত হা/৫০২৯; বাংলা মিশকাত হা/ ৮৮০৯)। তাই হিংসা-বিদ্বেষের কল্যাণতা থেকে অন্তরকে পরিব্রত রাখা একান্ত যরুবী।

অহংকারঃ এটা হচ্ছে হক বা সত্যকে স্বীকার না করা এবং মানুষকে হীন দৃষ্টিতে দেখা যা অধঃপতনের প্রধান কারণ। অহংকার যেমন মানুষকে সমাজে লাঞ্ছিত করে পরকালেও তেমনি জাহানামের অধিবাসী করে। ইবলীস তার প্রকৃষ্ট প্রমাণ। ইবলীস কেবল অহংকারের কারণে ইহকাল ও পরকালে অভিশঙ্গ হয়েছে। আল্লাহ তা‘আলার বাণী,

وَإِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوا لِلَّادِمَ فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ أَبَى وَاسْتَكْبَرَ وَكَانَ مِنَ الْكَافِرِينَ-

‘আমি যখন ফেরেশতাদেরকে বলেছিলাম যে, তোমরা আদমকে সিজদা কর তখন ইবলীস ব্যতীত সকলেই সিজদা করেছিল। সে অস্বীকার করল এবং অহংকার করল। ফলে সে কাফিরদের অন্তর্ভুক্ত হয়ে গেল’ (বাক্সারাহ ৩৪)।

আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যার অন্তরে সরিষা পরিমাণ সীমান আছে সে জাহানামে যাবে না। আর যার অন্তরে সরিষা পরিমাণ অহংকার আছে সে জান্নাতে যাবে না’ (মুসলিম, মিশকাত হা/৫১০৮)।

উপরোক্ত হাদীছ ও আয়াত ছাড়াও অহংকার সম্পর্কে আল্লাহ তা‘আলার বহু বাণী ও রাসূল (ছাঃ)-এর হাদীছ রয়েছে, যে গুলিতে অহংকার পরিত্যাগ করা প্রত্যেক মুসলমান নর-নারীর জন্য যরুবী বলে উল্লিখিত হয়েছে।

সন্দেহঃ এটা হচ্ছে মতবন্ধ এবং নিজের মধ্যে পরিপূর্ণ দৃঢ়তা না থাকা। আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, তোমরা সন্দেহ করা হ'তে সাবধান থাক। কেননা প্রত্যেক সন্দেহই হচ্ছে বড় মিথ্যা’ (মিশকাত হা/৫০২৮; বাংলা মিশকাত হা/৮৮০৮)।

নিষ্ফাক্ত বা মুনাফেকীঃ নিষ্ফাক্ত হচ্ছে বাহ্যিকভাবে সীমান প্রকাশ করা এবং অন্তরে কুফুরী পোষণ করা।

আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যার মধ্যে চারটি স্বভাব থাকবে সে প্রকৃত মুনাফিক হবে। (১) তার নিকট আমানত রাখা হ'লে তা খিয়ানত করে (২) কথা বললে মিথ্যা বলে (৩) ওয়াদা করলে ভঙ্গ করে (৪) যখন বাগড়ায় লিপ্ত হয় তখন অশ্লীল কথা বলে' (বুখারী, মুসলিম, মিশকাত হা/৫২; বাংলা মিশকাত হা/৫৫০)।

মুনাফিকের পরিণতি অত্যন্ত ভয়াবহ। আল্লাহ তা'আলা মুনাফিকের পরিণতি সম্পর্কে বলেন,

إِنَّ الْمُفَقِّيْنَ فِي الدَّرْكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ وَلَنْ تَجِدْ لَهُمْ نَصِيرًا

‘নিঃসন্দেহে মুনাফিকের স্থান হবে জাহানামের সর্বনিম্নস্তরে। আর তোমরা তাদের জন্য কোন সাহায্যকারী পাবে না’ (নিসা ১৪৫)। অতএব অন্তরকে এসব থেকে পরিশুদ্ধ করতে হবে।

রিয়াঃ রিয়া বা লোক দেখানো ইবাদত যা শিরকের পর্যায়ভূত। রাসূল (ছাঃ) তার উম্মতকে সাবধান করে বলেন, ‘আমি তোমাদের জন্য যে জিনিসের বেশী ভয় পাই তা হচ্ছে ছোট শিরক অর্থাৎ রিয়া বা লৌকিকতা। সুতরাং রিয়া হ'তে সাবধান থাকতে হবে।

কৃপণতাঃ অর্থ-সম্পদ নিজের বা অন্যের প্রয়োজনে খরচ না করে জমা করে রাখা। এমনকি নিঃস্ব-অসহায় মানুষকে দান-ছাদাক্তা না করে সংগ্রহের মানসিকতাই হচ্ছে কৃপণতা। কৃপণতা সম্পর্কে রাসূল (ছাঃ) বলেন, তোমরা অত্যাচার করা হ'তে সাবধান থাক। কেননা ক্ষিয়ামতের দিন হবে অন্ধকার। তোমরা কৃপণতা থেকে বেঁচে থাক। কারণ কৃপণতা তোমাদের পূর্ববর্তী জাতিকে ধ্বংস করেছে। কৃপণতা তাদেরকে অন্যায়ভাবে মানুষকে হত্যা করার প্রতি এবং হারামকে হালাল করার প্রতি উৎসাহিত করেছিল (মুসলিম, মিশকাত হা/১৮৬৫; বাংলা মিশকাত ৪ৰ্থ খণ্ড, হা/১৭৭১)।

হিকদ, গিল বা শক্রতা পোষণ করাঃ উহা হচ্ছে মুমিনদের সাথে শক্রতা পোষণ করা, যা একেবারেই আবেধ। আল্লাহ বলেন,

وَالَّذِينَ يُؤْذِنُونَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمَنَاتِ بَعْيَرْ مَا اكْتَسَبُوا فَقَدْ احْتَمَلُوا بُهْتَانًا وَ إِنَّمَا مُبِينًا

‘যারা বিনা অপরাধে মুমিন পুরুষ ও মুমিনা নারীদেরকে কষ্ট দেয় তারা মিথ্যা অপবাদ ও প্রকাশ্য পাপের বোৰা বহন করে’ (আহযাব ৫৮)। উপরোক্তখিত বিষয়গুলি হ’তে নিজেকে পরিশুল্দ করাই হচ্ছে আত্মার পবিত্রতা অর্জন করা।

পক্ষান্তরে বাহ্যিক পবিত্রতা বলতে বুৰোয় শারঙ্গি তরীকায় ওয়ু, গোসল বা তায়াম্বুম ইত্যাদি সম্পন্ন করা। আল্লাহ তা‘আলার বাণী, ‘নিশ্চয়ই আল্লাহ অন্তর থেকে তওবাকারী ও বাহ্যিকভাবে পবিত্রতা অর্জনকারীদের ভালবাসেন’ (বাক্তৃরাহ ২২২)।

রাসূল (ছাঃ) এরশাদ করেন, **لَا تَقْبِلُ الصَّلَاةُ بِغَيْرِ طُهُورٍ وَلَا صَدَقَةً مِنْ غُلُولٍ**

‘পবিত্রতা ব্যতীত কারো ছালাত কবুল হয় না এবং হারাম মালের ছাদাকা কবুল হয় না’ (যুসলিম, মিশকাত হা/৩০১ ‘পবিত্রতা’ অধ্যায়)। প্রত্যেক মুহূর্তের জন্য দৈহিক পবিত্রতার সাথে বাহ্যিক পবিত্রতা অর্জন করাও একান্ত যৱনী। কেননা বাহ্যিক পবিত্রতার ফলে মানসিক প্রশান্তি লাভ হয়। ইসলামে দৈহিক পবিত্রতা হাছিলের জন্য তিনটি পদ্ধতি রয়েছে। তা হচ্ছে ওয়ু, গোসল ও তায়াম্বুম। ওয়ুর অভিধানিক অর্থ পরিচ্ছন্নতা ও জ্যোতি। শরীর আত্মের পরিভাষায় আল্লাহর নামে পবিত্র পানি দ্বারা শারঙ্গি পদ্ধতিতে হাত, মুখ, পা, ঘোত করা এবং মাথা মাসাহ করাকে ওয়ু বলে।

ওয়ুর ফরয চারটি। যথা- মুখমণ্ডল ধৌত করা, কনুই সহ হাত ধৌত করা, মাথা মাসাহ করা এবং পদযুগল টাখনু সহ ধৌত করা। এর্মর্মে আল্লাহ বলেন, ‘হে বিশ্বাসীগণ! যখন তোমরা ছালাতের জন্য প্রস্তুত হও তখন তোমাদের মুখমণ্ডল ও হস্তদ্বয় কনুই পর্যন্ত ধৌত কর এবং তোমাদের মাথা মাসাহ কর ও পদযুগল টাখনু সহ ধৌত কর’ (মায়েদাহ ৬)। অত্র আয়াত দ্বারা বোা যায় যে সম্পূর্ণ মুখমণ্ডল, দুই হাতের কনুই পর্যন্ত ধৌত করা, সম্পূর্ণ মাথা মাসাহ করা এবং পদযুগল টাখনু পর্যন্ত ধৌত করাই হচ্ছে ওয়ুর ফরয।

ওয়ুর মাহাঅ্য়ৎ:

আবু হুরায়রা (রাঃ) বলেন, একদিন রাসূল (ছাঃ) বললেন, আমি কি তোমাদের বলে দিব না যে, আল্লাহ কিসের দ্বারা মানুষের গোনাহ মুছে দেন এবং মর্যাদা বৃদ্ধি করেন? ছাহাবীগণ বললেন, হ্যা, হে আল্লাহর রাসূল! রাসূল (ছাঃ) বললেন,

কষ্ট সত্ত্বেও পূর্ণভাবে ওয়ু করা, মসজিদের দিকে অধিক পদক্ষেপে গমন করা এবং এক ছালাত শেষ করার পর অপর ছালাতের প্রতিক্ষায় থাকা' (মুসলিম, মিশকাত, বাংলা মিশকাত ২য় খণ্ড, হা/২৬৩)।

عَنْ عُثْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ
الْوَضُوءَ حَرَجَتْ حَطَايَاهُ مِنْ جَسَدِهِ حَتَّى تَخْرُجَ مِنْ تَحْتَ أَطْفَارِهِ-

ওছমান (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি ওয়ু করে এবং উত্তমরূপে ওয়ু করে, তার গুনাহ সমূহ তার শরীর হতে বের হয়ে যায়। এমনকি তার নখের নিচ হতেও বের হয়ে যায়’ (মুভাফাকু আলাইহ, বাংলা মিশকাত হা/২৬৪, ২য় খণ্ড)।

عَنْ عُثْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مِنْ امْرٍ مُّسْلِمٍ
تَحْضُرُهُ صَلَاةً مَكْتُوبَةً فَيَحْسِنُ وَضْوَءَهَا وَخُشْعَهَا وَرُكُعَهَا إِلَّا كَائِنٌ كَفَّارَةً لِمَا قَبْلَهَا وَمَا
الْذُنُوبُ مَالَمْ يُؤْتَ كَبِيرَةً وَذَلِكَ الدَّهَرُ كُلُّهُ-

ওছমান (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘যখন কোন মুসলমানের নিকট ফরয ছালাতের সময় উপস্থিত হয়। আর সে উত্তমরূপে ওয়ু করে, ছালাতের একাংতা, রুকু, সিজদা সুন্দরভাবে সম্পন্ন করে তার ঐ ছালাত পূর্ববর্তী সমস্ত গুনাহের কাফফারা হয়ে যায়। যতক্ষণ না সে কবীরা গুনাহ করে। আর এটা সর্বদা হয়ে থাকে’ (মুসলিম, বাংলা মিশকাত ২য় খণ্ড, হা/২৬৬)।

ওমর ইবনুল খাত্বাব (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘তোমাদের মধ্যে যে ওয়ু করবে এবং উত্তমরূপে অথবা বলেছেন ওয়ুকে সমস্ত নিয়মের সাথে পরিপূর্ণ করবে অতঃপর বলবে,

أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ-

‘আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোন মা‘বূদ নেই এবং মুহম্মাদ (ছঃ) তাঁর বান্দা ও রাসূল’। অন্য বর্ণনায় আছে,

أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ-

‘আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোন মা’বুদ নেই, তিনি একক, তার কোন শরীক নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহম্মদ (ছঃ) তাঁর বান্দা ও রাসূল’। তার জন্য জান্নাতের আটটি দরজা খুলে দেয়া হবে। সে যে দরজা দিয়ে ইচ্ছা জান্নাতে প্রবেশ করতে পারবে’ (ইমাম মুসলিম তাঁর ছবীহ গঠনে এভাবে বর্ণনা করেছেন, বাংলা মিশকাত ২য় খণ্ড, হা/২৫৯)।

আবু হৱায়রা (রাঃ) হ'তে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেন, ‘কাল ঘোড়া সমূহের মধ্যে কপালে চিতা (অর্থাৎ যার কপাল সাদা) বিশিষ্ট ঘোড়া যেভাবে চেনা যায় ক্ষিয়ামতের দিন আমার উম্মতের ওয়ুর অঙ্গুলি উজ্জল হওয়ার কারণে আমি তাদের চিনতে পারব এবং তাদের হাউয় কাওছারের পানি পান করানোর জন্য আমি আগেই পৌঁছে যাব। অতএব যে চায় সে যেন তার উজ্জ্বলতাকে বৃদ্ধি করে’ (মুসলিম, মিশকাত হা/২৯৮; বাংলা মিশকাত ২য় খণ্ড, হা/২৭৮)।

ওয়ুর বিবরণঃ ওয়ুর পূর্বে ভালভাবে মিসওয়াক করা সুন্নাত। রাসূল (ছাঃ) বলেন, ‘আমি যদি আমার উম্মতের উপর কষ্টকর মনে না করতাম তাহ’লে এশার ছালাত দেরী করে পড়ার এবং প্রত্যেক ছালাতের পূর্বে মিসওয়াক করার নির্দেশ দিতাম।

অতএব ঘুম থেকে উঠে এবং প্রত্যেক ছালাতের জন্য ওয়ু করার পূর্বে মিসওয়াক করা উত্তম। এ সময় জিহ্বার উপর হাত ঘষে গড়গড়া করা উচিত।

ওয়ু করার নিয়মঃ রাসূল (ছাঃ)-এর সার্বিক জীবনের ওয়ুর হাদীছগুলি একত্রিত করলে ওয়ুর নিয়ম হবে নিম্নরূপ- প্রথমে মনে মনে ওয়ুর নিয়ত করে ‘বিসমিল্লাহ’ বলে ওয়ু শুরু করা। ডান হাতে পানি দিয়ে উভয় হাতের কঙ্গি পর্যন্ত তিনি বার ধোত করা এবং এক হাতের আঙ্গুল দিয়ে অপর হাতের আঙ্গুল খিলাল করা। আঙুলে আংটি থাকলে সেটা ভাল করে নাড়িয়ে সেখানে পানি পৌঁছানো। তারপর কুলি করা ও নাকে পানি দিয়ে নাক ঝাড়া। এরপর সমস্ত মুখমণ্ডল ধোত করা। পুরুষদের দাঢ়ির ভিতরে পানি দিয়ে খিলাল করা। অতঃপর দুই হাত কনুই পর্যন্ত ধোত করা (প্রথমে ডান হাত ও পরে বাম হাত)। তারপর দুই হাত ভিজিয়ে মাথা মাসাহ করা। মাসাহ করার সময় দুই হাতের আঙ্গুল এক জায়গায় করে সামনের দিক হ'তে পিছনের ঘাড় পর্যন্ত নিয়ে গিয়ে পুনরায় সামনে ফিরিয়ে নিয়ে আসা। মাথায় পাগড়ি থাকলে তার উপর মাসাহ করা। এরপর ভিজা শাহাদত আঙ্গুল দু’টি দুই কানের ভিতর ঢুকিয়ে দিয়ে এবং বৃক্ষাঙ্গুল দু’টি দুই কানের পিঠের উপর

হ'তে নিচ পর্যন্ত মাসাহ করা। তারপর প্রথমে ডান ও পরে বাম পায়ের টাখনু পর্যন্ত ভালভাবে ধোত করা এবং পা ধোয়র সময় বাম হাতের আঙুল দ্বারা পায়ের আঙুল খিলাল করা। প্রত্যেক অঙ্গ তিনবার করে ধোত করা উত্তম। শুধু মাথা ও কান একবার মাসাহ করা। এভাবে ওয়ু শেষ করার পর সামান্য পানি নিয়ে লজ্জাস্থান বরাবর কাপড়ের উপরে ছিটিয়ে দেওয়া সুন্নাত। তারপর ওয়ু শেষ করে নিম্নোক্ত দো'আ পাঠ করা।

أَشْهُدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهُدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ—اللَّهُمَّ
اجْعَلْنِي مِنَ التَّوَابِينَ وَاجْعَلْنِي مِنَ الْمُتَطَهِّرِينَ—

উচ্চারণঃ আশ্হাদু আল্লা-হা ইল্লাল্লাহু হু ওয়াহ্দাহু দাহু লা- শারীকালাহু ওয়া আশ্হাদু আল্লা মুহাম্মাদান ‘আবদুহু ওয়া রসূলুহ। আল্লাহমাজ ‘আলনী মিনাত তাওয়া-বীনা ওয়াজ ‘আলনী মিনাল মুতাত্তহিরীন।

অর্থঃ ‘আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোন মা'বুদ নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহম্মাদ (ছাঃ) তাঁর বান্দা ও রাসূল। হে আল্লাহ! আমাকে তওবাকারী ও পবিত্রতা অবলম্বনকারীদের অন্তর্ভুক্ত কর’ (ছহীহ তিরমিয়ী, মিশকাত হা/২৮৯; ইরওয়া হা/৯৬-এর আলোচনা দ্রঃ সনদ ছহীহ; মুসলিম, মিশকাত ৩৯ পৃঃ হা/২৮৯ ‘পবিত্রতা’ অধ্যায়)।

ওয়ু সম্পর্কে অন্যান্য জ্ঞাতব্য বিষয়ঃ

- (১) ওয়ুর অঙ্গগুলি এক হ'তে তিনবার ধোয়া যাবে। তবে রাসূল (ছাঃ) তিনবার করেই অধিকাংশ সময় ওয়ুর অঙ্গ-প্রত্যঙ্গ ধোত করতেন (মুসলিম, মিশকাত হা/৩৯৭; বাংলা বুখারী ১ম খণ্ড ১৫৮/১৫৯)।
- (২) ওয়ুর অঙ্গগুলির মধ্যে সামান্যতম জায়গা শুকনা থাকলে ওয়ু হবে না (বুলুণ্ড মারাম হা/৫০; বাংলা বুখারী ১ম খণ্ড, হা/১৩৫)।
- (৩) ওয়ুর জন্য ব্যবহৃত পানি বা ওয়ুর শেষে পাত্রের পানি নাপাক হয় না। বরং তা দিয়ে পুনরায় ওয়ু বা পবিত্রতা হাচিল করা যায় (বাংলা বুখারী ১ম খণ্ড হা/১৫৫)।
- (৪) ওয়ুর মধ্যে ধারাবাহিকতা বজায় রাখা যরুবী (মায়েদা ৩৩)।

- (৫) ওয়ুর অঙ্গে যথম থাকলে ও তাতে পটি বাধা থাকলে এবং তাতে পানি লেগে রোগ বৃদ্ধির আশংকা থাকলে তার উপর ভিজা হাতে মাসাহ করা যায় (বুলুণ্ড মারাম হা/১১৪ ‘তায়াস্মুম’ অধ্যায়)।
- (৬) মোয়ার উপর মাসাহ করা যায়। পবিত্র অবস্থায় ওয়ু করে মোয়া পরিধান করলে মুসাফিরের জন্য তিন দিন তিন রাত এবং মুকীমের জন্য একদিন এক রাত মাসাহ করা যায় (মুসলিম, বুলুণ্ড মারাম হা/৫৬)। উল্লেখ্য, সুস্থ ব্যক্তির জন্য জানাবাতের (অপবিত্রতা) গোসলের সময় মোয়া খুলতেই হবে।
- (৭) ওয়ুর অঙ্গুলি ডান দিক থেকে ধোত করা সুন্নাত (মুভাফাক্ত আলাইহ, বুলুণ্ড মারাম হা/৪১)।
- (৮) কোন পুরুষের ওয়ুর অবশিষ্ট পানি দ্বারা অন্য যে কোন মহিলা ওয়ু করতে পারে (বঙ্গানুবাদ বুখারী ১ম খণ্ড হা/১৯৩)।
- (৯) ওয়ু শেষে পবিত্র তোয়ালে, গামছা বা অনুরূপ কিছু কাপড় দিয়ে ভিজা অঙ্গ মোছা যায়।
- (১০) এক ওয়ুতে পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করা যায় (বাংলা মিশকাত হা/২৮৭)।
- (১১) ওয়ুতে মাথা ও কান মাসাহ করার পর দুই হাতের পিঠ দ্বারা ঘাড় মাসাহ করার কোন ছহীছ হাদীছ নেই। এ ব্যাপারে একটি হাদীছ পাওয়া যায়, যাকে ইমাম নববী জাল বলেছেন।
- (১২) মুখে ওয়ুর নিয়ত পড়ার কোন দলীল নেই। ওয়ুর সময় বিভিন্ন অঙ্গ ধোয়ার ক্ষেত্রে পৃথক কোন দো‘আ নেই। যারা পৃথক দো‘আর কথা বলেন, তাদের কথা ভিত্তিহীন। ওয়ুর শেষে সূরা কদর পাঠ করারও কোন দলীল নেই।
- যেসব কারণে ওয়ু ভঙ্গ হয়ঃ রাসূল (ছাঃ) বিভিন্ন সময়ে বিভিন্নভাবে ওয়ু ভঙ্গের কারণ উল্লেখ করেছেন। সেগুলি নিম্নরূপঃ
- (১) পেশাব-পায়খানার রাস্তা দিয়ে কোন কিছু বের হ'লে ওয়ু ভঙ্গে যায় (আবুদাউদ, বাংলা মিশকাত হা/২৮১)।
 - (২) উটের গোশত খেলে ওয়ু ভঙ্গে যায় (বাংলা মিশকাত হা/২৮৪)।
 - (৩) সম্পূর্ণ ঘুমিয়ে গেলে (বাংলা মিশকাত হা/২৯৩)।
 - (৪) যৌন উত্তেজনা সহ যৌনাঙ্গ স্পর্শ করলে।

(৫) পেটের গোলমালের জন্য কেউ যদি সন্দেহে পতিত হয় তাহলে শব্দ, গন্ধ
বা কোন চিহ্ন না পাওয়া পর্যন্ত ওয়ু করার প্রয়োজন নেই।

ফরয তরক হলে অর্থাৎ হাটুর উপর কাপড় উঠে গেলে ও মেয়েদের মাথার
কাপড় পড়ে গেলে ওয়ু ভেঙ্গে যায় এর কোন দলীল নেই। অনেকের ধারণা
বাচাকে দুধপান করালে, ছোট বাচাদের সৌচ কাজ করিয়ে দিলে বা কুকুরের
গায়ের সঙ্গে কাপড় লেগে গেলে ওয়ু ভঙ্গ হয়, এটাও ভুল ধারণা। উল্লেখ্য যে,
ওয়ু ভঙ্গের কারণ সমূহের মধ্যে যেসব কারণ উল্লেখ করা হয়েছে তাছাড়া বাকী
অন্য কোন কারণে ওয়ু ভঙ্গ হয় না।

গোসলের বিবরণঃ

عَنْ أَبْنَ عَبَّاسِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَتْ مَيْمُونَةُ عَلَى يَدِيهِ فَغَسَلَهَا ثُمَّ صَبَ بِيَمِينِهِ عَلَى شِمَالِهِ فَغَسَلَ فَرْجَهُ فَضَرَبَ بِيَدِهِ الْأَرْضَ فَمَسَحَهَا ثُمَّ غَسَلَهَا فَمَضْسَمَ وَاسْتَنْشَقَ وَغَسَلَ وَجْهَهُ وَذَرَعَيْهِ ثُمَّ صَبَ عَلَى رَأْسِهِ وَفَاضَ عَلَى جَسَدِهِ ثُمَّ تَحْرَيْ فَغَسَلَ قَدَمَيْهِ فَنَوَّلْتُهُ ثُوبًا فَلَمْ يَأْخُذْهُ فَانْطَلَقَ وَهُوَ يَنْقُصُ يَدِيهِ .

আবুদল্লাহ ইবনু আবাস (রাঃ) বলেন, (আমার খালা) মায়মুনা (রাঃ) বলেন,
এশবার আমি রাসূল (ছাঃ)-এর জন্য গোসলের পানি রাখলাম। অতঃপর একটা
কাপড় দ্বারা তাকে পর্দা করলাম। তিনি প্রথমে নিজের দুই হাতের উপর পানি
ঢাললেন এবং (কজি পর্যন্ত) ধৌত করলেন। অতঃপর তান হাত দ্বারা বাম হাতের
উপর পানি ঢাললেন এবং লজ্জাস্থান ধৌত করলেন। তারপর হাত মাটিতে
ঘষলেন এবং উহাকে মুছে নিলেন। অর্থাৎ মাটি দ্বারা হাত মাঝলেন। অতঃপর
পুনরায় হাত ধৌত করলেন, কুলি করলেন, নাকে পানি দিলেন, সম্পূর্ণ মুখমণ্ডল
ও কনুই পর্যন্ত দুই হাত ধৌত করলেন। অর্থাৎ ছালাতের ওয়ুর ন্যায় ওয়ু
করলেন। কিন্তু পা ধৌত করলেন না। অতঃপর মাথার উপর পানি ঢাললেন এবং
সমস্ত শরীরে পানি প্রবাহিত করলেন। এরপর তিনি পূর্বের স্থান হতে কিছু দূরে
সরে গিয়ে দুই পা ধৌত করলেন। অতঃপর আমি তার শরীরের পানি মোছার
জন্য কাপড় দিলাম, কিন্তু তিনি তা গ্রহণ করলেন না, হাত দু'টি ঝাড়তে ঝাড়তে

চলে গেলেন' (মুভাফাক্ত আলাইহ, কিঞ্চ ইবারত বুখারীর, বঙ্গানুবাদ বুখারী ১ম খণ্ড. হ/২৭৬; বাংলা মিশকাত হ/৪০০)।

গোসল অর্থ ধৌত করা। শারঙ্গি পরিভাষায় পরিব্রতা অর্জনের নিয়তে ওয় করে সর্বাঙ্গ ধৌত করাকে গোসল বলে। উপরোক্তখিত হাদীছে রাসূল (ছাঃ)-এর গোসলের বিবরণ উল্লেখিত হয়েছে। সুতরাং জানাবাতের গোসলের জন্য দু'হাত কজি পর্যন্ত ধৌত করতে হবে। পরে নাপাকী পরিষ্কার করে পা না ধুয়ে ছালাতের ওয়ুর ন্যায় ওয় করে সমস্ত শরীরে পানি প্রবাহিত করতে হবে। এরপর একটু দূরে সরে গিয়ে পা ধৌত করতে হবে। তবে সমস্ত শরীরে পানি ঢালার পূর্বে মাথায় তিনবার পানি ঢালাও সুন্নাত (বঙ্গানুবাদ বুখারী, ১ম খণ্ড, হ/২৬৫)।

গোসল সম্পর্কে অন্যান্য জ্ঞাতব্য বিষয়ঃ

- (১) যে কোন কাজ 'বিসমিল্লাহ' বলে শুরু করা সুন্নাত। তাই গোসলের প্রথমেও 'বিসমিল্লাহ' বলতে হবে।
- (২) গোসলের ওয়ুর সময় পা না ধুলেও কোন দোষ নেই। পরে ধুলেও চলবে (বাংলা মিশকাত হ/৪০০)।
- (৩) গোসলের স্থান হ'তে একটু সরে গিয়ে পায়ে পানি ঢালা। আর এটা অপবিত্র পানি গায়ে ছিটে আসার ভয় থাকলে (বাংলা মিশকাত হ/৪০০)।
- (৪) মহিলাদের মাথার খোপা বা বেনি না খুললেও চলবে। তবে চুলের গোড়ায় পানি পৌঁছাতে হবে (বাংলা মিশকাত হ/৪০২)।
- (৫) পুরুষ-মহিলা সকলের জন্য পর্দা করে গোসল করা যরুবী (বাংলা মিশকাত হ/৪০০)।
- (৬) অপবিত্রতা দূর করার পর মাটি, সাবান ইত্যাদি দ্বারা হাত পরিষ্কার করতে হয় (বাংলা মিশকাত হ/৪০০)।
- (৭) স্বামী-স্ত্রী মিলনের কারণে অপবিত্র হ'লে ছালাত, ছিয়াম, কুরআন তেলাওয়াত ইত্যাদি ইবাদত ব্যতীত সব ধরনের কাজ-কর্ম, খাওয়া-দাওয়া, পান করা, চলা-ফেরা করা সব বৈধ। তবে ওয় করা সুন্নাত (বাংলা বুখারী হ/২৮৬, ২৮৪)।

গোসলের প্রকারভেদঃ গোসল দু'ধরনের। যথা- (ক) ফরয গোসল (খ) মুস্তাহাব গোসল।

ফরয় গোসলঃ হায়েয, নিফাস, স্ত্রী মিলন ও স্বপ্নদোষ হ'তে পবিত্রতা অর্জনের জন্য যে গোসল করতে হয় তাকে ফরয় গোসল বলে।

মুস্তাহাব গোসলঃ যে গোসল করলে নেকী আছে, না করলে কোন দোষ নেই।
যেমন-

- (১) জুম‘আর ছালাতের পূর্বে গোসল করা।
- (২) মুর্দাকে গোসল করানোর পর গোসল করা।
- (৩) ইসলাম গ্রহণের সময় গোসল করা।
- (৪) হজ্জ বা ওমরার ইহরাম বাধার পূর্বে গোসল করা।
- (৫) আরাফার দিন গোসল করা।
- (৬) দুই ঈদের দিন গোসল করা।

তায়াম্মুমের বিবরণঃ

তায়াম্মুম অর্থ সংকল্প করা। পারিভাষিক অর্থে পানি না পাওয়া গেলে ওয় ও গোসলের পরিবর্তে পাক মাটি দ্বারা পবিত্রতা অর্জনের পদ্ধতিকে তায়াম্মুম বলে। আল্লাহ তা‘আলার বাণী,

وَإِنْ كُنْتُمْ مَرْضَى أَوْ عَلَى سَفَرٍ أَوْ جَاءَ أَحَدُكُمْ مِنَ الْغَائِطِ أَوْ لَمْسُتُمُ النِّسَاءَ فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمِّمُوا صَعِيدًا طَيْبًا، فَامْسَحُوا بِوْجُوهِكُمْ وَأَيْدِيكُمْ مِنْهُ -

‘যদি তোমরা পীড়িত হও কিংবা সফরে থাক অথবা পায়খানা থেকে আস কিংবা স্ত্রী স্পর্শ করে থাক, আর যদি পানি না পাও তাহ’লে তোমরা পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম কর। সুতরাং তোমাদের মুখমণ্ডল ও হস্তদ্বয় মাসাহ কর’ (মায়েদাহ ৬)।

তায়াম্মুমের পদ্ধতিঃ আম্মার ইবনু ইয়াসার (রাঃ)-এর নিকট আসল এবং বলল আমি না পাক হয়েছি কিন্তু পানি পাইনি। এসময় আম্মার (রাঃ) ওমর (রাঃ)-কে স্মরণ করিয়ে দিয়ে বললেন, আপনার কি স্মরণ নেই যে, এক সফরে আমি ও আপনি ছিলাম এবং উভয়ে নাপাক ছিলাম। আপনি পানির অভাবে ছালাত আদায় করলেন না। আর আমি মাটিতে গড়াগড়ি দিলাম এবং ছালাত আদায় করলাম। অতঃপর কোন এক সময়

রাসূল (ছাঃ)-এর নিকট ঘটনা খুলে বললাম। তিনি বললেন, তোমার জন্য একপ করাই যথেষ্ট ছিল। এই বলে নবী করীম (ছাঃ) আপন হাত মাটিতে মারলেন এবং দু'হাতে ফুঁক দিয়ে তাঁর চেহারা ও উভয় হাত মাসাহ করলেন (বুখারী, মিশকাত হা/৫২৮)।

ওয়ুর প্রথমে বিসমিল্লাহ না বললে ওয় পূর্ণ হয় না। তায়াম্মুম ওয়ুর স্থলাভিষিঞ্চ (মিশকাত হা/৪০২; বাংলা মিশকাত হা/৩৭০)।

অতএব ‘বিসমিল্লাহ’ বলে পবিত্র মাটির উপর দু'হাত মেরে তাতে ফুঁক দিয়ে মুখমণ্ডল ও দু'হাতের কজি পর্যন্ত একবার মাসাহ করতে হবে (বাংলা বুখারী হা/৩৩৮; বাংলা মিশকাত হা/৪৯৩)।

যেসব কারণে তায়াম্মুম করতে হয়ঃ

(১) যদি পবিত্র পানি না পাওয়া যায় এবং পানি সংগ্রহ করতে গেলে ছালাত কায়া হওয়ার আশংকা থাকে (মায়েদাহ ৬)। (২) পানি ব্যবহারে রোগ বৃদ্ধির আশংকা থাকলে এবং জীবনের ঝুকি থাকলে (আবুদাউদ, ইবনু মাজাহ, মিশকাত হা/৫৩১-৫৩২)।

উপরোক্ত কারণ সমূহের প্রেক্ষিতে ওয় বা গোসলের পরিবর্তে প্রয়োজনে দীর্ঘদিন এমনকি দশ বছর হ'লেও তায়াম্মুম করা যাবে (আবুদাউদ, মিশকাত হা/৫৩০; বাংলা মিশকাত হা/৪৯৫)।

তায়াম্মুম সম্পর্কে বিশেষ জ্ঞাতব্যঃ

- (১) তায়াম্মুম করে ছালাত আদায় করার পর উক্ত ছালাতের সময়ের মধ্যে পানি পাওয়া গেলেও পুনরায় ঐ ছালাত আদায় করতে হবে না। তবে করলে কোন দোষ নেই (আবুদাউদ, মিশকাত হা/৫৩৩; বাংলা মিশকাত হা/৪৯৭)।
- (২) ওয় ও গোসলের মাধ্যমে যেসব কাজ করা যায় তায়াম্মুম করেও সেসব কাজ করা যায়। এমনিভাবে যেসব কারণে ওয় ভেঙ্গে যায় তায়াম্মুমও সেসব কারণে ভেঙ্গে যায়। কারণ তায়াম্মুম ওয় ও গোসলের স্থলাভিষিঞ্চ।
- (৩) যদি মাটি পানি কিছুই পাওয়া না যায় তাহ'লে বিনা ওয়তেই ছালাত আদায় করতে হবে (বাংলা বুখারী ১ম খণ্ড, হা/৩৩৬)।

হায়েয ও নেফাসের আলোচনাঃ হায়েযের আভিধানিক অর্থ ঝাতুস্মাব । পারিভাষিক অর্থে কোন রোগ ও আঘাত ব্যতীত প্রাণব্যক্তি মেয়েদের জরায় থেকে প্রতি মাসে যে রক্ত প্রবাহিত হয় তাকে হায়েয বলে । আর সন্তান প্রসবের পর যে রক্তস্মাব হয় তাকে নেফাস বলে ।

হায়েয ও নেফাসের সময়সীমাঃ হায়েযের নিম্ন সময়ের কোন সীমা নেই । তবে উর্ধ্ব সময় ছয়দিন বা সাত দিন (আহমাদ, আবুদাউদ, তিরমিয়ী, মিশকাত হ/৫৬১; বাংলা মিশকাত হ/৫১৬) ।

অনুরূপভাবে নেফাসেরও কোন নিম্ন সময়সীমা নেই । তবে উর্ধ্ব সময় হচ্ছে ৪০ দিন (ইরওয়া ১ম খণ্ড, হ/২০১) ।

হায়েয অবস্থায যেসব কাজ করা নিষেধঃ রাসূল (ছাঃ)-এর ভাষ্য হ'তে যেসব কাজ নিষেধ বলে জানা যায় তা হচ্ছে- ছালাত, ছিয়াম, কা'বা ঘরের তাওয়াফ ও যৌনসঙ্গ ব্যতীত যাবতীয় কাজকর্ম করা জায়েয । তবে ছিয়ামের কায়া পরে আদায় করতে হবে । হায়েয ও নেফাসের হৃকুম একই (বাক্সারাহ ২২২; বাংলা মিশকাত হ/৫১৪; মুসলিম, মিশকাত হ/২০০২; বাংলা বুখারী হাঁ২৯৪) ।

হায়েয হ'তে পবিত্রতা লাভের উপায়ঃ

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ امْرَأَةَ مِنَ الْأَنْصَارِ قَالَتْ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ أَغْتَسِلُ مِنَ الْمَحِيْضِ قَالَ حُذِيْرٌ فُرْصَةً مُمْسَكَةً فَتَوَضَّى ثَلَاثَةً ثُمَّ إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَسْتَحْيِيَا فَاعْرَضْ بِوَجْهِهِ أَوْ قَالَ تَوَضَّى بِهَا فَاخْدِنْتَهَا فَجَدَبْتُهَا فَلَخْبِرْتُهَا بِمَا يُرِيدُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ-

আয়েশা (রাঃ) হ'তে বর্ণিত, একজন আনছারী মহিলা আল্লাহর রাসূল (ছাঃ)-কে জিজেস করল, আমি কিভাবে হায়েযের গোসল করব? আল্লাহর রাসূল বললেন, এক টুকরা কস্তরীয়ুক্ত নেকড়া নেও এবং তিন বার ধূয়ে নেও । রাসূল (ছাঃ) লজ্জায় অন্যদিকে মুখ ঘুরিয়ে নিলেন এবং বললেন, তা দিয়ে তুমি পবিত্র হও । আয়েশা (রাঃ) বলেন, আমি তাকে নিজের দিকে টেনে নিলাম । তারপর তাকে নবী করীম (ছাঃ)-এর কথার মর্ম বুঝিয়ে দিলাম (মূল বুখারী, ১ম খণ্ড, পঃ ৪৫; বাংলা

বুখারী, ১ম খঙ্গ, হা/৩১৫)। আয়েশা (রাঃ) হ'তে অন্য বর্ণনায় আছে, তা দিয়ে রক্তের চিহ্ন বিশেষভাবে মুছে ফেল (মূল বুখারী, ১ম খঙ্গ, পৃঃ ৪৫; বাংলা বুখারী, ১ম খঙ্গ, হা/৩১৪)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে, হায়েয হ'তে পরিত্রাতা অর্জনের জন্য বিশেষ কোন নিয়ম নেই। তবে গোসলের পূর্বে তুলা অথবা নেকড়ায় সুগন্ধি লাগিয়ে তা দিয়ে রক্তের দাগ বা চিহ্ন তিনবার মুছে ফেলার কথা হাদীছে এসেছে।

উল্লেখ্য, যারা হায়েয হ'তে পরিত্রাতা লাভের জন্য লবন এবং বরইপাতা দিয়ে গরম পানির কথা বলেন তাদের বক্তব্যের স্বপক্ষে কোন ছহীহ হাদীছ পাওয়া যায় না। সুতরাং তাদের ঐ কথা ভিত্তিহীন।

ইস্তেহায়ঃ ইস্তেহায়া হচ্ছে এক ধরনের রোগ, যা স্ত্রী লোকের হয়ে থাকে। হায়েযের ৬/৭ দিন পরে এবং নেফাসের ৪০ দিন পরে যে রক্তস্নাব অব্যাহত থাকে তাকে ইস্তেহায়া বলে। আর ইস্তেহায়ার রোগীকে মুস্তাহায়া বলে। হায়েয ও নেফাস অবস্থায় যে সমস্ত কাজ হারাম ইস্তেহায়া রোগীর জন্য উক্ত কাজগুলি জায়েয়।

ইস্তেহায়া রোগীর করণীয়ঃ ইস্তেহায়া রোগীর জন্য প্রত্যেক ছালাতের পূর্বে গোসল করে ছালাত আদায় করতে হবে (বুখারী, ১ম খঙ্গ, পৃঃ ৪৭; বাংলা বুখারী, ১ম খঙ্গ, হা/৩২৭)। আর যদি তাতে সমর্থ না হয় তাহলে যোহরের ছালাতকে একটু পিছিয়ে এবং আছরের ছালাত একটু এগিয়ে একই গোসলে দুই ছালাত আদায় করতে হবে। অনুরূপভাবে মাগরিবকে একটু পিছিয়ে দিয়ে এবং এশার ছালাতকে একটু এগিয়ে নিয়ে এক গোসলে দুই ওয়াক্তের ছালাত আদায় করতে হবে। আর ফজরের জন্য আলাদাভাবে এক বার গোসল করতে হবে। এভাবে তিনবার গোসল করে পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করতে হবে (আহমাদ, আবুদাউদ, তিরমিয়ী, মিশকাত হা/৫৬১; বাংলা মিশকাত হা/৫১৬)। আর তাও সম্ভব না হলৈ প্রত্যেক ছালাতের পূর্বে রক্ত ধূয়ে ওয়ু করে ছালাত আদায় করবে (বুখারী, ১ম খঙ্গ, পৃঃ ৪৭; বাংলা বুখারী ১ম খঙ্গ, হা/৩৩১; বাংলা মিশকাত হা/৫১৩)। যদি তাও সম্ভব না হয় তাহলে বিনা ওয়ুতে ছালাত আদায় করতে হবে।

হায়েয সম্পর্কে অন্যান্য মাসআলা সমূহঃ

- (১) হায়েয অবস্থায স্বামীর সাথে সঙ্গম ব্যতীত উঠা-বসা, এক চাদরে শোয়া সহ সকল কাজ জায়েয (মুসলিম, মিশকাত হ/৫৪৫; বাংলা মিশকাত হ/৫০০)।
- (২) হজ্জের সময় কা'বা ঘর তাওয়াফ ব্যতীত হজ্জের যাবতীয় কাজ সমাধা করতে পারে (বুখারী, ১ম খণ্ড, পৃঃ ৪৪; বাংলা বুখারী ১ম খণ্ড, হ/৩০৫)।
- (৩) হায়েয হ'তে পবিত্রতা অর্জনের জন্য সাবান, সোডা দিয়ে কাপড় পরিষ্কার করা এবং মাথায সাবান দেয়া শর্ত নয়। সাবান, সোডা কিছুই না থাকলে শুধুমাত্র গোসল করে ছালাত আদায করতে হবে (বুখারী, ১ম খণ্ড, পৃঃ ৪৪-৪৫; বাংলা বুখারী, ১ম খণ্ড, হ/৩০৬)।
- (৪) কারো কাপড়ে হায়েযের রক্ত লাগলে তা শুধু পানি দিয়ে ধুয়ে ছালাত আদায করা যথেষ্ট (বুখারী, ১ম খণ্ড, পৃঃ ৪৪-৪৫; বাংলা বুখারী, হ/৩০৬-৩০৭)।
- (৫) হায়েয অবস্থায হলুদের পাত্রে হাত দেওয়া যাবে না, ধানের গোলায ও ক্ষেতে যাওয়া যাবে না, এগুলি ভ্রান্ত ধারণা ও কুসংস্কার বৈ কিছুই নয়। কেননা রাসূল (ছাঃ)-এর বাণী কা'বা ঘর তাওয়াফ, ছালাত, ছিয়াম এবং যৌনসঙ্গ ব্যতীত হায়েয ও নেফাস অবস্থায সব ধরনের কাজ করা বৈধ।
- (৬) কেউ যদি ফজরের পূর্বে পবিত্র হয় এবং গোসল না করে ছিয়ামের নিয়ত করে তবে তার ছিয়াম পূর্ণ হবে (বাংলা বুখারী, হ/১৯২৫-২৬, ‘ছিয়াম’ অধ্যায়)। অনুরূপ কারো যদি সূর্যাস্তের পূর্বে হায়েয শুরু হয় তবে তার ছিয়াম বাতিল বলে গণ্য হবে।
- (৭) হায়েয হ'তে পবিত্রতা অর্জনের জন্য কেউ যদি ওয়ু, গোসল কোনটাই করতে সক্ষম না হয় তবুও তাকে ছালাত, ছিয়াম সহ যাবতীয় ইবাদত আদায করতে হবে (মায়েদা ৬)।
- (৮) হায়েয হ'তে পবিত্রতা অর্জনের জন্য সুগন্ধি ব্যবহার করা যবারী (মূল বুখারী, ১ম খণ্ড, পৃঃ ৪৫;)।

ঈমান

ঈমানের পরিচয়: إيمان من أمن شدّتِي হ'তে নির্গত। ঈমানের শাব্দিক অর্থ বিশ্বাস স্থাপন করা, আত্মার প্রশান্তি লাভ। শরী'আতের পরিভাষায আল্লাহ এবং তাঁর

রাসূলের প্রতি, অবতারিত কুরআনের উপস্থাপিত বিষয় সমূহকে সত্য বলে মেনে নেওয়া। রাসূল (ছাঃ)-এর বাণী,

بُنْيَ الإِسْلَامُ عَلَىٰ خَمْسٍ شَهَادَةٍ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ

‘ইসলাম পাঁচটি স্তম্ভের উপর স্থাপিত। তন্মধ্যে প্রথমটি হচ্ছে ঈমান অর্থাৎ আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা’বুদ নেই এবং মুহাম্মাদ (ছাঃ) তাঁর বান্দা ও রাসূল এ সাক্ষ্য দেওয়া (মূল বুখারী, ১ম খণ্ড, পৃঃ ৮; বঙ্গানুবাদ বুখারী, হ/৮; বাংলা মিশকাত হ/২-৩)।

আল্লাহ তা’আলার বাণী,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَالْكِتَابِ الَّذِي نَزَّلَ عَلَىٰ رَسُولِهِ وَالْكِتَابِ الَّذِي
أَنْزَلَ مِنْ قَبْلِ وَمَنْ يَكْفُرُ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكِتَابِهِ وَرَسُولِهِ وَالْيَوْمِ الْآخِرِ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا

‘হে মুমিনগণ! তোমরা আল্লাহর প্রতি পরিপূর্ণ বিশ্বাস স্থাপন কর। আরো বিশ্বাস স্থাপন কর তাঁর রাসূলের প্রতি। এবং তাঁর কিতাবের প্রতি যা তিনি অবতীর্ণ করেছেন স্বীয় রাসূলের প্রতি। আর ঐ সমস্ত কিতাবের প্রতি যেগুলি ইতিপূর্বে নায়িল করা হয়েছে। যে অস্ত্রিকার করবে আল্লাহকে, তাঁর ফেরেশতাগণকে, তাঁর প্রেরিত নবী-রাসূলগণকে এবং পুনরুত্থান দিবসকে সে পথভ্রষ্ট হয়ে বহু দূরে সরে যাবে’ (নিসা ১৩৬)।

মহান আল্লাহ অন্যত্র বলেন,

مَا أَصَابَ مِنْ مُصِبَّيَّةٍ فِي الْأَرْضِ وَلَا فِيْ أَنفُسِكُمْ إِلَّا فِيْ كِتَابٍ مِنْ قَبْلِ أَنْ تَبَرَّأُهَا

‘পৃথিবীতে ব্যক্তিগতভাবে তোমাদের উপর যে বিপদ-আপদই আসুক না কেন, তা আমি পৃথিবী সৃষ্টির পূর্বেই লাওহে মাহফুয়ে লিখে দিয়েছি’ (হাদীদ ২২)।

উপরোক্ত আয়াতদ্বয় দ্বারা বুঝা যায় যে, ঈমানের স্তম্ভ হচ্ছে ছয়টি। যথা- (১) আল্লাহর প্রতি বিশ্বাস (২) তাঁর নবী-রাসূলগণের প্রতি বিশ্বাস (৩) তাঁর কিতাব সমূহের প্রতি বিশ্বাস (৪) তাঁর ফেরেশতাগণের প্রতি বিশ্বাস (৫) শেষ দিবসের প্রতি বিশ্বাস (৬) তাকুদীরের ভাল-মন্দের প্রতি বিশ্বাস।

১. আল্লাহর প্রতি বিশ্বাসঃ আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করার অর্থ হচ্ছে তাঁর অস্তি ত্বে, একত্বাদে, তাঁর ছিফাত বা গুণাবলীতে বিশ্বাস স্থাপন করা। তিনি একক চিরস্থায়ী ও পরাক্রমশালী।

২. নবী-রাসূলগণের প্রতি বিশ্বাসঃ নবী-রাসূলগণের প্রতি বিশ্বাস অর্থ আদম (আঃ) হ'তে শুরু করে মহানবী মুহাম্মাদ (ছাঃ) পর্যন্ত যত নবী-রাসূল পৃথিবীতে এসেছেন তাঁদের প্রতি একনিষ্ঠভাবে বিশ্বাস স্থাপন করা এবং তাঁদেরকে সত্য বলে স্বীকার করা।

৩. কিতাব সমূহের প্রতি বিশ্বাসঃ কিতাব সমূহের প্রতি ঈমান আনার অর্থ হচ্ছে পবিত্র কুরআন ছাড়াও পৃথিবীর শুরু হ'তে মুহাম্মাদ (ছাঃ) পর্যন্ত যত কিতাব আল্লাহ অবতীর্ণ করেছেন সেগুলির উপর ঈমান আনা। যদিও সেগুলি আমরা দেখিনি।

৪. ফেরেশতাগণের প্রতি বিশ্বাস : ফেরেশতাগণের প্রতি বিশ্বাস স্থাপন করার অর্থ হচ্ছে তাঁরা নূরের তৈরী। তাঁরা নারী বা পুরুষ কোনটাই নন। তাঁরা ইচ্ছানুসারে রূপ পরিবর্তন করতে পারেন। তাঁরা অদ্ধ্য তাদের আমরা দেখতে পারি না। তাঁরা কখনো পানাহার করে না এবং নিদ্রা যায় না। তাঁরা আল্লাহর সৃষ্টিজগতের নানাবিধ কাজে সর্বদা নিয়োজিত। তাঁরা কখনো আল্লাহর হৃকুম অমান্য করেন না। এগুলি মনে থাণে সত্য বলে বিশ্বাস করা।

৫. আখিরাতের প্রতি ঈমান আনাঃ আখিরাতের বিশ্বাসের অর্থ হচ্ছে পরকালে আল্লাহ আবার মানুষকে জীবিত করবেন এবং তাদের কৃতকর্মের হিসাব নিবেন। বিচারের পর প্রত্যেকের কর্মফল অনুযায়ী জান্নাত কিংবা জাহানামে প্রবেশ করাবেন। আখিরাতের এই সব বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করা।

৬. তাক্বদীরের প্রতি বিশ্বাসঃ তাক্বদীরের প্রতি বিশ্বাস করার অর্থ হচ্ছে মানব জীবনে কল্যাণ-অকল্যাণ, বিপদাপদ, সুখ-দুঃখ সব কিছু আল্লাহর পক্ষ হ'তে হয়ে থাকে। এতে কারো কোন হাত বা ক্ষমতা নেই। এ বিষয়গুলিকে সত্য বলে মনে-থাণে বিশ্বাস করা।

ঈমানের পূর্ণ পরিচয় দেওয়ার জন্য আল্লাহ জিবরীল (আঃ)-কে রাসূল (ছাঃ)-এর নিকট প্রেরণ করেন। তিনি এসে প্রশ্নোত্তরের মাধ্যমে ঈমান সহ ইসলামের

অন্যান্য মৌলিক বিষয় সম্পর্কে ছাহাবীগণকে অবহিত করেন। এ সম্পর্কে হাদীছে এসেছে- আবু হুরায়রা (রাঃ) বলেন, একদা রাসূল (ছাঃ) জন সমক্ষে বসেছিলেন। এমন সময় এক অপরিচিত ব্যক্তি এসে জিজ্ঞেস করলেন, ঈমান কি? রাসূল (ছাঃ) বললেন, ঈমান হল আপনি বিশ্বাস স্থাপন করবেন আল্লাহর প্রতি, তাঁর ফেরেশতাগণের প্রতি, তাঁর কিতাব সমূহের প্রতি, তাঁর নবী-রাসূলগণের প্রতি, পরকালের প্রতি এবং তাকদ্দীরের ভাল-মন্দের প্রতি। তখন প্রশ্নকারী ব্যক্তি বললেন, হ্যাঁ আপনি ঠিক বলেছেন। তারপর লোকটি দ্বীন সম্পর্কে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করার পর চলে গেলেন। তখন রাসূল বললেন, তিনি হচ্ছেন জিবরীল (আঃ)। তিনি তোমাদেরকে দ্বীন শিক্ষা দেওয়ার জন্য এসেছিলেন।

কুরআন-হাদীছ পর্যালোচনা করলে দেখা যায় যে, আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করার সাথে সাথে বাকি বিষয় সমূহের প্রতি দৃঢ় মনোবলের সঙ্গে আঙ্গ স্থাপন করাই হচ্ছে ঈমান। তাই সকল নারী-পুরুষের কর্তব্য হচ্ছে উক্ত বিষয়গুলি সম্পর্কে কোনরূপ সন্দেহ পোষণ না করা। বিশেষ করে আদর্শ নারী হিসাবে প্রত্যেক নারীর উচিত বাল্যবস্থায়ই সন্তান-সন্ততিকে ঈমান সম্পর্কিত বিষয়গুলির প্রতি আঙ্গ স্থাপনের শিক্ষা দেওয়া। অন্ততঃ এতটুকু ধারণা দিতে হবে যে, দুনিয়াতে যা কিছু আছে সব কিছুর স্রষ্টা

আল্লাহ তা'আলা। তিনি সব কিছুর মালিক, প্রতিপালক ও রক্ষক।

ঈমানের অন্তর্ভুক্ত কার্যাবলীঃ

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللُّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللُّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِيمَانٌ بِضُعْفٍ وَسِتُّونَ
شَعْبَةً وَالْحَيَاةُ شُعْبَةٌ مِنَ الْإِيمَانِ -

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, নবী করীম (ছঃ) বলেছেন, ‘ঈমানের ঘাটের অধিক শাখা রয়েছে। আর লজ্জা হচ্ছে ঈমানের একটি শাখা’ (মূল বুখারী, ১ম খণ্ড, পৃঃ ৮; বঙ্গানুবাদ বুখারী ১ম খণ্ড, হা/৯)।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْمَانٌ بِضُعْفٍ
وَسَبْعُونَ شَعْبَةً فَأَفْضَلُهَا قَوْلُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَدْنَاهَا إِمَاطَةُ الْأَذِى عَنِ الطَّرِيقِ وَالْحَيَاةُ شُعْبَةٌ
مِنَ الْإِيمَانِ -

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত, রাসূলুল্লাহ (ছঃ) বলেছেন, ‘ঈমানের সন্তরটির অধিক শাখা রয়েছে। তন্মধ্যে শ্রেষ্ঠ হচ্ছে আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই এই ঘোষণা দেওয়া এবং সবচেয়ে নিম্ন স্তরেরটি হচ্ছে রাস্তা থেকে কঠিনায়ক বস্তু সরিয়ে ফেলা। আর লজ্জা হচ্ছে ঈমানের এশতি শাখা’ (মুভাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত হ/৪)।

প্রথম হাদীছে ষাটটি ও দ্বিতীয় হাদীছে সন্তরটির অধিক ঈমানের শাখা-প্রশাখার কথা উল্লেখ করা হয়েছে। এভাবে ষাটটি ও সন্তরটি উল্লেখ করার অর্থ হচ্ছে ঈমানের বহু শাখা-প্রশাখা রয়েছে। ঐসব শাখা-প্রশাখার সমন্বয়ে মুমিনের ঈমান পরিপূর্ণ হয়। যার মধ্যে ঈমানের সব শাখা বিদ্যমান তাকে পূর্ণসং মুমিন বলে গণ্য করা হবে। পক্ষান্তরে যার মধ্যে ঈমানের সব শাখা বিদ্যমান থাকে না তার ঈমান পূর্ণসং নয়। আল্লাহ বলেন, ‘আমি তাদের হিদায়াত বৃদ্ধি করে দিয়েছিলাম’ (কাহাফ ১৩)। ‘যাতে মুমিনদের ঈমান আরো বৃদ্ধি পায়’ (মুদ্দাছহির ৩১)। উপরোক্ত হাদীছ দু'টিতে ঈমানের সর্বোত্তম ও সর্বনিম্ন শাখা উল্লেখ করার সাথে সাথে মধ্যস্থিত আরেকটি শাখার কথা উল্লেখ করা হয়েছে। এর দ্বারা লজ্জাশীলতার গুরুত্ব বুঝানো হয়েছে। কারণ লজ্জা মানুষকে অনেক অপকর্ম থেকে বিরত রাখে। রাসূল (ছাঃ) লজ্জাকে কল্যাণ বলেও উল্লেখ করেছেন। তিনি বলেন, লাজুকতা পূর্ণ ও কল্যাণ ব্যতীত আর কিছুই আনয়ন করে না। অন্য এক বর্ণনায় আছে লজ্জার সর্বাংশই উত্তম (মুভাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত ৯ম খণ্ড, হ/৪৮৫০)। মুসলিমের অন্য এক বর্ণনায় আছে, লজ্জার পুরোটাই কল্যাণময়।

عَنْ أَبْنَى مَسْعُودَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ إِنَّ مِمَّا أَدْرَكَ النَّاسُ مِنْ كَلَامِ النَّبِيِّ الْأَلِيِّ إِذَا لَمْ تَسْتَحِيْ فَاصْنَعْ مَا شِئْتَ -

আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, পূর্ববর্তী নবীদের বাণী হ'তে পরবর্তী লোকেরা (অবিকৃতাবস্থায়) যা পেয়েছে (আজো যা

বিদ্যমান) তা হচ্ছে যখন তুমি লজ্জাহীন হবে তখন তুমি যা ইচ্ছা তা করতে পার’ (বুখারী, মিশকাত হা/৪৮৫১)।

প্রথম হ’তে শেষ নবী পর্যন্ত অনেক বিধিবিধান, আচার-আচরণ পরিবর্তন হ’লেও লজ্জার বিধান বহাল রেখে প্রথম নবী হ’তে শেষ নবী পর্যন্ত লজ্জার গুরুত্ব একই রূক্ম রয়েছে। অর্থাৎ লজ্জা ঈমানের এমন একটি শাখা যা মানুষের মধ্য হ’তে বিলুপ্ত হ’লে ঈমানও বিলুপ্ত হয়ে যায়। যেমন রাসূল (ছাঃ) বলেন, ‘লজ্জা ঈমানের অঙ্গ’। আর মুমিনের স্থান হ’ল জান্নাত। পক্ষান্তরে নির্লজ্জতা দুশ্চরিত্রের পরিচায়ক। আর দুশ্চরিত্রের স্থান জাহানাম’ (আহমাদ, তিরমিয়ী, মিশকাত হা/৪৮৫৬, হাদীছ ছহীহ)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে, যার লজ্জা নেই তার ঈমান নেই। আর যার ঈমান নেই তার জান্নাত নেই। অপরদিকে যে লজ্জাহীন সে দুশ্চরিত্রে অধিকারী। দুশ্চরিত্রে অধিকারী জাহানামী। মূলতঃ লজ্জাশীলতা নারীর ভূষণ। লজ্জাহীনরা অধিকাংশ সময় সমাজে নিগৃহীত হয়। তাই ইহকাল ও পরকাল উভয় জগতের কল্যাণের জন্য সকলকে লজ্জাশীল হওয়া আবশ্যিক। রাসূল (ছাঃ) অত্যন্ত লজ্জাশীল ছিলেন। আবু সাউদ খুদরী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) পর্দানশীল কুমারী মেয়েদের চেয়েও অধিক লজ্জাশীল ছিলেন (রিয়ায়ুছ ছালেহীন, হা/৩০৮৫)। অত্র হাদীছ দ্বারা প্রমাণিত হয় যে, লজ্জাশীলতা প্রকৃতপক্ষে নারীদের স্বভাব। অথচ বর্তমান সমাজে নারীরা বেপর্দা হয়ে নির্লজ্জভাবে চলা ফেরা করে। পাতলা রেশমী পোশাকে সুসজ্জিত হয়ে পর পুরুষকে আকৃষ্ট করার হীন উদ্দেশ্যে রাস্তায় বের হয়। তাদের পোশাকের ভিতর দিয়ে দেহের বিশেষ বিশেষ অঙ্গ দেখা যায়। ফলে যুবকরা তাদের দেখে আকৃষ্ট হয়। এর ফলেই সংঘটিত হয় ধৰ্ষণ, অপহরণের মত ন্যক্তারজনক ঘটনা। এ কারণে সমাজের শাস্তি-শৃংখলা বিনষ্ট হয়, সমাজের স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত হয়। সমাজ হয়ে ওঠে অশাস্তির অগ্নিগর্ভ। এজন্য রাসূল (ছাঃ) নারীদের থেকে পুরুষদেরকে সাবধান থাকতে বলেছেন। কারণ নারীরা পুরুষদেরকে ক্ষতির মধ্যে ফেলতে পারে (বুখারী, মুসলিম, মিশকাত হা/৩০৮৫)।

আল্লাহ ও তাঁর রাসূলকে সর্বাধিক ভালবাসা ও পরিপূর্ণ ঈমানের পরিচয়। আনাস (রাঃ) হ'তে বর্ণিত রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, ‘তোমাদের মধ্যে কেউ ততক্ষণ পূর্ণ মুমিন হ'তে পারবে না, যতক্ষণ না আমি তার নিকট তার পিতামাতা, সন্তান-সন্তি ও সব মানুষ অপেক্ষা অধিক প্রিয় পাত্র হব’ (মুসলিম, মূল বুখারী, ১ম খণ্ড, পৃঃ ৭; বঙ্গানুবাদ বুখারী, হ/১৫ ‘ঈমান’ অধ্যায়)। আল্লাহ তা‘আলার বাণী, ‘নিশ্চয়ই যারা ঈমানদার ও সৎকর্মশীল তাদের জন্য রয়েছে জান্নাতুল ফিরদাউসের আতিথেয়তা’ (কাহাফ ১০৭)।

অন্য একটি হাদীছে এসেছে, আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যার চরিত্র উত্তম সেই পরিপূর্ণ ঈমানদার’ (আবুদাউদ, দারেমী, মিশকাত, বঙ্গানুবাদ মিশকাত হ/৪৮৫৮)।

উল্লিখিত কুরআনের আয়াত ও হাদীছ দ্বারা বুঝা যায় যে, উত্তম চরিত্রের অধিকারী ব্যক্তিই পূর্ণ মুমিন। উত্তম চারিত্রিক গুণাবলী অর্জনের মাধ্যমে পূর্ণ মুমিন হ'তে হ'লে সব ধরনের পাপ কাজ হ'তে বিরত থাকতে হবে। যেসব কাজ করতে মনে খটকা লাগে বা বিবেকে বাধা দেয়, তাই হচ্ছে পাপ। রাসূল (ছাঃ) বলেন, ‘পৃণ্য হ'ল উত্তম স্বভাব। আর পাপ হ'ল যে কাজ মনে সংশয় সৃষ্টি করে এবং যা সমাজে প্রকাশ হওয়া লজ্জাজনক মনে হয়’ (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হ/৪৮৫২)।

সুতরাং নিজেকে সব ধরনের অনেসালামিক ও গর্হিত কাজ থেকে বিরত রাখাই হচ্ছে পূর্ণ মুমিনের পরিচয়। দ্বীনের ব্যাপারে কোন ছোট খাট বিষয় নেই। দ্বীনের সব বিধান মেনে চলাই মুমিনের কর্তব্য। কোন জিনিস থেকে কিছু বাদ দিলে যেমন সে জিনিস অসম্পূর্ণ রয়ে যায় তেমনি পূর্ণ মুমিন হওয়ার জন্য দ্বীনের ছোট বড় সব বিধানই মেনে চলতে হবে।

ঈমানের ফলাফলঃ

আল্লাহ তা‘আলার বাণী, *إِلَّا الَّذِينَ أَمْنَوْا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَلَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٌ*

‘কিন্তু যারা বিশ্বাস স্থাপন করেছে ও সৎ আমল করেছে তাদের জন্য রয়েছে অশেষ পুরক্ষার’ (তীব্র ৬)।

অন্যত্র মহান আল্লাহ বলেন,

إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ كَانَتْ لَهُمْ جَنَّتُ الْفِرْدَوْسِ نُزُلًا—

‘নিশ্চয়ই যারা ঈমানদার ও সৎকর্মশীল তাদের জন্য রয়েছে জান্নাতুল ফিরদাউসের আতিথেয়তা’ (কাহাফ ১০৭)।

অন্যত্র আল্লাহ তা‘আলা বলেন, ‘قَدْ أَفْلَحَ مُؤْمِنِينَ، قَدْ أَفْلَحَ مُؤْمِنِينَ’ (যুমিনুন ১)। অন্যত্র তিনি বলেন, ‘যারা ঈমান আনে ও সৎকর্ম সম্পাদন করে তাদের জন্য রয়েছে এমন জান্নাত যার তলদেশে ঝর্ণধারা প্রবাহমান রয়েছে’ (বাক্সারাহ ২৫)।

ঈমান সম্পর্কে রাসূল (ছাঃ) বলেন, ‘যার অন্তরে সরিষা দানা পরিমাণ ঈমান রয়েছে সে জাহানামে প্রবেশ করবে না’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/৪৮৮০)।

আবু সাউদ খুদরী (রাঃ) হ'তে বর্ণিত নবী (ছাঃ) বলেছেন, ‘ক্ষয়ামতের দিন যখন জান্নাতবাসীরা জান্নাতে এবং জাহানামবাসীরা জাহানামে প্রবেশ করবে তখন আল্লাহ তা‘আলা ফেরেশতাগণকে ডেকে বলবেন, যার অন্তরে সরিষাদানা পরিমাণ ঈমান আছে তাকে জাহানাম হ'তে বের করে আনো। তারপর তাদের জাহানাম হ'তে বের করে আনা হবে।

মহান আল্লাহ পবিত্র কুরআনের বল্হ জায়গায় মুমিনদের ঈমানের কারণে

তাদের জন্য অতিব সুন্দর পুরক্ষারের ওয়াদা করেছেন। তেমনি কাফিরদের জন্য কঠিন শাস্তির কথা উল্লেখ করেছেন। আল্লাহ বলেন,

وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِاِيَّتِنَا اُولَئِكَ اَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ—

‘আর যারা আমার নির্দেশনাবলীকে অস্বীকার করবে এবং মিথ্যারোপ করবে তারাই হল জাহানামী। তারা সেখানে চিরদিন অবস্থান করবে’ (বাক্সারাহ ২৩৪)। তিনি আরো বলেন, ‘আর যারা অস্বীকার করেছে তাদের ধন-সম্পদ, সন্তান-সন্ততি আল্লাহর নিকট কোন কাজে আসবে না। আর তারাই হবে জাহানামের ইন্দন’ (আলে ইমরান ১০)।

আবু হৱায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যার হাতে মুহাম্মাদের জীবন তাঁর কসম! মানব জাতির যে কেউ হোক, ইহুদী হোক কিংবা নাছারা, যে আমার ন্যুওয়াতের কথা শ্রবণ করবে এবং যা নিয়ে আমি প্রেরিত হয়েছি তার প্রতি

ঈমান না এনে মারা যাবে সে নিশ্চয়ই জাহানামীদের অন্তর্ভুক্ত হবে’ (মুসলিম, মিশকাত, বঙ্গনবাদ মিশকাত হা/চ ‘ঈমান’ অধ্যায়)।

ছালাত

আল্লাহ তা'আলার প্রতি বিশ্বাস স্থাপন করার পর পরই তাঁর ইবাদত করা আবশ্যিক হয়ে যায়। ইবাদতের মধ্যে প্রধান ও শ্রেষ্ঠ হচ্ছে ছালাত। কেননা রাসূল (ছাঃ) বলেছেন, ‘কৃয়ামতের দিন বান্দার সর্বপ্রথম হিসাব হবে তার ছালাতের। যার ছালাত শুন্দি হবে তার সকল আমলই পরিশুন্দি হবে। আর ছালাত বাতিল হবে তার সকল আমল বাতিল হবে’ (তিরমিয়ী, আবুদাউদ, ত্বাবারানী, আওসাত, আলবানী সিলসিলা ছহীহা হা/১৩৫৮)। তাই ছালাত সম্পর্কে আমাদের সর্বাগ্রে জানা দরকার। নিম্নে ছালাত সম্পর্কে আলোচনা উপস্থাপন করা হ'ল।

ছালাতের ফরয়িয়াত সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন,

الصلوة لذكر .

‘নিশ্চয়ই আমি আল্লাহ, আমি ব্যতীত আর কোন ইলাহ নেই। আমার
স্মরণার্থে ছালাত আদায় কর’ (তু-হা ১৪)। তিনি অন্যত্র বলেন,

- وَأَقِمِ الصَّلَاةَ إِنَّ الصَّلَاةَ تَنْهَىٰ عَنِ الْفُحْشَاءِ وَالْمُنْكَرِ

‘ছালাত আদায় কর। নিশ্চয়ই ছালাত অশ্বীল ও গহিত কাজ থেকে বিরত রাখে’ (আনকাবুত ১৫)। অন্যত্র তিনি আরো বলেন, ‘আপনি আপনার পরিবারের লোকদেরকে ছালাতের আদেশ দিন এবং নিজেও এর উপর অবিচল থাকুন’ (তত্ত্বা ১৩২)।

ছালাতের গুরুত্ব সম্পর্কে হাদীছে এসেছে-

عَنْ أَئْسِ بْنِ حَكَمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوَلُ مَا يُحِاسَبُ بِهِ الْعَبْدُ يَوْمَ الْقِيَامَةِ الصَّلَاةُ فَإِنْ صَلَحتْ صَلَحَ سَائِرَ عَمَلِهِ وَإِنْ فَسَدَتْ فَسَدَ سَائِرَ عَمَلِهِ

‘কিয়ামতের দিন আল্লাহ তাঁর বান্দাদের সর্বপ্রথম হিসাব নিবেন ছালাতের। ছালাতের হিসাব ঠিক হ'লে বাকি আমল সমূহের হিসাব ঠিক হবে। ছালাত বিনষ্ট হ'লে বাকি আমল সমূহ বিনষ্ট হবে’ (তাবারানী, আওসাত্ত, আত-তারগীর ওয়াত তারহীব হা/৩৬৯, ১/২২২ পৃঃ)।

আল্লাহ তা‘আলা পবিত্র কুরআনে সবচেয়ে বেশী বার ছালাতের কথা উল্লেখ করেছেন। অন্য কোন ইবাদতের ব্যাপারে এত তাকীদ করেননি। কুরআনে অন্যন্য ৮২ জায়গায় ছালাতের কথা এসেছে (আল-মু’জাম, বৈরাগ্য ছাপা ১৯৮৭)। উল্লেখ্য যে, অন্য কোন ইবাদত পালনে অপারগ হ'লে ফিদইয়া, ছদাকু বা কাফফারা দিতে বলা হয়েছে। কিন্তু ছালাতের ব্যাপারে কোন বদলার কথা বলা হয়নি। যাদের উপর ছালাত ফরয হয়েছে তাদের জ্ঞান থাকা পর্যন্ত আজীবন ছালাত আদায় করে যেতে হবে। দাঁড়িয়ে ছালাত আদায়ে সক্ষম না হ'লে বসে, বসে সক্ষম না হ'লে শুয়ে হ'লেও ছালাত আদায় করতেই হবে। কোন অবস্থায় ছালাত পরিত্যাগ করা যাবে না। আল্লাহ বলেন, ‘তোমরা ছালাত সম্পন্ন কর দাঁড়িয়ে, বসে কিংবা শুয়ে। সর্বাবস্থায় আল্লাহকে স্মরণ করতে থাকবে (নিসা ১০৩)।

عَنْ عِمَرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى فَإِنَّمَا فَإِنْ لَمْ تَسْتَطِعْ فَقَاعِدًا، فَإِنْ لَمْ تَسْتَطِعْ فَعَلَى جَنَبٍ-

ইমরান ইবনে হুছাইন (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘তোমরা দাঁড়িয়ে ছালাত আদায় করবে। যদি তাতে অসমর্থ হও তবে বসে আদায় করবে। যদি তাতেও অসমর্থ হও তবে পার্শ্বের উপর শুয়ে আদায় করবে’ (বুখারী, বঙ্গনুবাদ মিশকাত হা/১১৭৯)।

ছালাত আদায়ের পূর্বশর্ত হচ্ছে পবিত্রতা। পবিত্র হয়ে ছালাত আদায় করতে হবে। পানি দ্বারা পবিত্রতা অর্জন করা সম্ভব না হ'লে, মাটি দ্বারা তায়াম্বুম করে ছালাত আদায় করতে হবে। ক্রিবলামুখী হয়ে ছালাত আদায় করতে হবে কিন্তু কোন অপরিচিত স্থানে বা সফরে থাকাবস্থায় ক্রিবলা চিনতে না পারলে অনুমান করে ক্রিবলা ঠিক করে ছালাত আদায় করতে হবে। এতে ক্রিবলা সঠিকভাবে নির্ধারিত না হ'লেও ছালাত হয়ে যাবে। ছালাত শুন্দ হওয়ার জন্য পরিধানের পোশাকও পবিত্র হওয়া যব্বারী। যদি কারো পরিক্ষার পোশাক না থাকে তবে ঐ

অবস্থায়ই তাকে ছালাত আদায় করতে হবে। একেবারেই কারো পোশাক না থাকলেও তাকে পোশাক বিহীন অবস্থায় ছালাত আদায় করতে হবে। এক কথায় যে যে অবস্থায় থাকুক না কেন সবাইকে সর্বাবস্থায় ছালাত আদায় করতে হবে। ছালাতের কোন বিকল্প নেই। এর পরিবর্তেও কোন বিধান নেই। কেউ অজ্ঞান হয়ে গেলে তার জন্য ঐ অবস্থায় ছালাত মাফ। কিন্তু যখন তার জ্ঞান ফিরে আসবে তখন তাকে ছালাত আদায় করতে হবে।

ছালাতের গুরুত্ব ও ফয়লত

ইসলামে ছালাতের গুরুত্ব অপরিসীম। রাসূলুল্লাহ (ছাঃ) আল্লাহর উপর ঈমান আনার পরই ছালাতের স্থান বলে উল্লেখ করেছেন (বঙ্গনুবাদ মিশকাত হ/২, ঈমান অধ্যায়)। ছালাত হচ্ছে ইসলামের মূল স্তুতি বা খুটি, যা ব্যতীত ইসলাম টিকে থাকতে পারে না। এ মর্মে হাদীছে এসেছে- মু'আয (রাঃ) হ'তে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেছেন, দ্বীনের কাজের আসল স্তুতি হচ্ছে ইসলাম এবং ইসলামের মূল স্তুতি হচ্ছে ছালাত (আহমাদ, তিরমিয়ী, ইবনু মাজাহ, মিশকাত হ/২৯, বঙ্গনুবাদ মিশকাত হ/২৭)। ইসলামে ছালাতের গুরুত্ব এত বেশী যে, সাত বৎসর বয়সেই বাচ্চাদেরকে ছালাত শিক্ষা দিতে বলা হয়েছে এবং দশ বৎসর বয়সে ছালাত আদায় না করলে তাদেরকে প্রহার করতে বলা হয়েছে (বঙ্গনুবাদ মিশকাত হ/৫২৬)। অন্য কোন ইবাদতের ক্ষেত্রে এরূপ কোন নির্দেশ দেওয়া হয়নি। ছালাতের গুরুত্ব সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন, ‘তোমরা সকল ছালাতের ব্যাপারে যত্নবান হও বিশেষ করে মধ্যবর্তী ছালাতের ব্যাপারে’ (বাক্তুরাহ ২৩৮)। অন্যত্র তিনি বলেন, ‘আর যদি তোমাদের কারো ব্যাপারে ভয় থাকে তাহ'লে পথ চলা অবস্থাতেই ছালাত আদায় কর। অথবা সওয়ারীর উপরে থাকাবস্থায়’ (বাক্তুরাহ ২৩৯)। এ আয়াত দ্বারা ছালাতের সীমাহীন গুরুত্ব অনুমান করা যায়।

রাসূল (ছাঃ) ছালাতের প্রতি গুরুত্বারোপ করে বলেন যে, ‘ইসলামের প্রথম যে রশি ছিন্ন হবে, তাহল তার শাসন ব্যবস্থা এবং সর্বশেষ যে রশি ছিন্ন হবে তা হল ছালাত। আর দুনিয়া হ'তে ছালাত বিদায় নেবার পরপরই ক্ষিয়ামত হবে’ (আহমাদ, ছহীহ ইবনু হিবান, গৃহীতঃ আলবানী, ছহীহ আত-তারগীব ওয়াত তারহীব, হ/৫৬৯)।

মহান আল্লাহ তা'আলা তাঁর ইবাদত সমূহের মধ্যে ছালাতকে দৈনিক পাঁচ ওয়াক্ত ফরয করেছেন, যা অন্য কোন ইবাদতের ক্ষেত্রে করেননি (বঙ্গনুবাদ মিশকাত হা/৫২৪)। এক হাদীছে রাসূল (ছাঃ) ছালাতের প্রতি গুরুত্বারোপ করে বলেন, ‘বান্দা ও কুফুরীর মধ্যে পার্থক্য হল ছালাত পরিত্যাগ করা’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হা/৫২৩)। আলী (রাঃ) থেকে বর্ণিত রাসূল (ছাঃ)-এর সর্বশেষ অভিয়ত ছিল ছালাত ও নারী জাতি সম্পর্কে (নাসাই, ইবনু মাজাহ হা/১৬২৫)।

ছালাতের ফয়লত সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন,

إِنَّ الصَّلَاةَ تَنْهَىٰ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ

‘নিচয়ই ছালাত অশীল ও গর্হিত কাজ থেকে বিরত রাখে’ (আনকাবৃত ৪৫)।

ছালাতের ফয়লতের ব্যাপারে রাসূল (ছাঃ) বলেন, ‘যে ব্যক্তি ছালাতের হিফায়ত করল ছালাত তার জন্য ক্লিয়ামতের দিন নূর, দলীল ও নাজাতের কারণ হবে’ (আহমাদ, দারেমী, মিশকাত হা/৫৭৮; বঙ্গনুবাদ মিশকাত হা/৫০১)। তিনি আরো বলেন, ‘যদি তোমাদের কারো বাড়ীর সামনে নদী থাকে যাতে দৈনিক সে পাঁচ বার গোসল করে, তাহলে তার শরীরে কি কোন ময়লা থাকতে পারে? ছাহাবীগণ বললেন, না তার শরীরে কোন ময়লা থাকতে পারে না। রাসূল (ছাঃ) বললেন, পাঁচ ওয়াক্ত ছালাতের উদাহরণ অনুরূপ। এর দ্বারা আল্লাহ তা'আলা তাঁর বান্দার গুনাহ সমূহ দূর করে দেন’ (যুত্তাফাকু আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/৫১৯)।

আবদুল্লাহ ইবনু ওমর (রাঃ) হ'তে বর্ণিত রাসূল (ছাঃ) এরশাদ করেন যে, ‘বান্দা যখন ছালাতে দণ্ডয়ামান হয় তখন তার সমস্ত গুনাহ হায়ির করা হয়। অতঃপর তার মাথায় ও দুই ক্ষঙ্গে রেখে দেওয়া হয়। এরপর সে ব্যক্তি যখনই রংকু, সিজদায় যায় তখনই গুনাহ সমূহ ঝরে পড়ে’ (তাবারানী, বায়হাক্সী, আলবানী হাদীছটিকে ছহীহ বলেছেন, মাজমু'আ রাসাইল, রিয়ায়: ১৪০৫ হিঃ পঃ ২০২)।

ওমর ইবনু রংআইবা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘এমন ব্যক্তি কখনো জাহানামে যাবে না যে সুর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পরে ছালাত আদায় করেছে’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হা/৫৭৫)।

আবু তুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, পাঁচ ওয়াক্ত ছালাত, এক জুম‘আ থেকে অপর জুম‘আ পর্যন্ত, এক রামায়ান হ'তে অন্য রামায়ান পর্যন্ত এর

মধ্যবর্তী যাবতীয় (ছগীরা) গুনাহের কাফফারা স্বরূপ। যদি সে কবীরা গুনাহ সমূহ হ'তে বিরত থাকে, যা তওবা করা ব্যক্তিত মাফ হয় না’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হা/৫১৮)।

ওবাদা ইবনু ছামেত (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘পাঁচ ওয়াক্ত ছালাত আল্লাহ তোমাদের জন্য ফরয করেছেন। যে ব্যক্তি উত্তমরূপে ওযু করে ছালাতের রূক্ন সমূহ পরিপূর্ণ করে যথাযথ খুশ-খুয়ু সহকারে ঠিক সময়ে আদায় করবে তাকে ক্ষমা করে দেওয়ার জন্য আল্লাহর প্রতিশ্রূতি রয়েছে। আর যে ব্যক্তি তা পালন করল না তার জন্য আল্লাহর কোন প্রতিশ্রূতি নেই। ইচ্ছা করলে ক্ষমা করতে পারেন কিংবা শাস্তি দিতে পারেন’ (আবুদাউদ, আহমাদ, মিশকাত, বঙ্গনুবাদ মিশকাত হা/৫২৪)।

উপরোক্ত হাদীছ সমূহ দ্বারা বুঝা যায় যে, বান্দার আমল সমূহের মধ্যে ছালাতই হচ্ছে মূল। যার ছালাত ঠিক হবে তার সব আমলই সঠিক হবে। আর যার ছালাত বিনষ্ট হবে তার সব আমলই বিনষ্ট হবে। তাই আদর্শ নারীর জন্য পাঁচ ওয়াক্ত ছালাত আদায়ের ব্যাপারে যত্নবান হওয়া অতিব যরুবী। কেননা রাসূল (ছাঃ)-এর বাণী, ‘যে মহিলা তার প্রতি নির্ধারিত পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করে, রামাযান মাসের ছিয়াম পালন করে এবং নিজের লজ্জাস্থানের হিফায়ত করে ও স্বামীর অনুগত থাকে তার জন্য জান্নাতের রাস্তা সহজ করে দেওয়া হয়। সে যে কোন দরজা দিয়ে ইচ্ছা জান্নাতে প্রবেশ করতে পারবে’ (আবুদাউদ, মিশকাত হা/৩২৫৪)। যেসব আমল দ্বারা নারী জাতি সহজেই জান্নাতে যেতে পারে তার একটি হচ্ছে সঠিকভাবে নিয়মিত পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করা।

একনয়রে ছালাতঃ

- ❖ ছালাত আদায় করার পরও এক শ্রেণীর মুছলী ‘ওয়াইল’ নামক জাহানামে যাবে (মাউন ৪-৫)।
- ❖ কিছু লোক এমন আছে যারা ছালাত আদায় করে কিন্তু তাদের ছালাত মোটেও হয় না (বঙ্গনুবাদ বুখারী, হা/১২২; বঙ্গনুবাদ মিশকাত হা/৭৩৪)।
- ❖ এক শ্রেণীর লোক এমন আছে যারা ছালাত আদায় করে কিন্তু তারা মুহাম্মাদ (ছাঃ)-এর উম্মতের অন্তর্ভুক্ত নয় (বঙ্গনুবাদ মিশকাত হা/৭৯১)।

রাসূল (ছাঃ)-এর ভাষায় সবচেয়ে নিকৃষ্ট চোর হচ্ছে যে ছালাতের ঝংকু, সিজদা ঠিকমত আদায় করে না। সে ছালাত চোর (আহমাদ, বঙ্গনুবাদ মিশকাত হ/৮২৫)।

ছালাত আদায় করার পর যদি তা সিদ্ধ না হয় তাহ'লে এর চেয়ে পরিতাপের বিষয় আর কি হ'তে পারে। এজন্য রাসূল (ছাঃ)-এর তরীকা অনুযায়ী যথাযথভাবে ছালাত আদায় করতে হবে। কেননা তিনি বলেছেন, ‘তোমরা ছালাত আদায় কর, যেভাবে আমাকে ছালাত আদায় করতে দেখেছ’ (বুখারী, মিশকাত হ/৬৮১)। নিম্নে এক নয়রে রাসূল (ছাঃ)-এর দেখানো পদ্ধতি অনুসারে ছালাত আদায়ের নিয়ম বর্ণিত হল।

অযু করার পর অন্তরে ছালাতের নিয়ত করে ক্রিবলামুখী হয়ে দাঁড়িয়ে ‘আল্লাহু আকবার’ বলে দু’হাত কাঁধ বরাবর উঠিয়ে তাকবীরে তাহরীমা শেষে বাম হাতের উপর ডান হাত রেখে বুকের উপর বাঁধবে। এ সময় দু’হাত কনুই বরাবর অথবা কজি বরাবর রেখে বুকের উপর বাঁধতে হবে। অতঃপর দো‘আয়ে ইস্তেফতাহ বা ‘ছানা’ পড়ে, আউযুবিল্লাহ ও বিসমিল্লাহ সহ সূরা ফাতিহা পাঠ করতে হবে। [জেহেরী ছালাতে সূরা ফাতিহা পাঠ শেষে সশব্দে ‘আমীন’ বলতে হবে। একাকী ছালাত আদায়ের ক্ষেত্রে চার রাক‘আত বিশিষ্ট ছালাতে সূরায়ে ফাতিহা পাঠ শেষে প্রথম দু’রাক‘আতে কুরআনের সহজসাধ্য অন্য কোন সূরা বা কিছু আয়াত তেলাওয়াত করতে হবে। মুছল্লী মুক্তাদী হ’লে জেহেরী ছালাতে চুপে চুপে কেবল সূরায়ে ফাতিহা পাঠ করবে এবং ইমামের ক্রিয়াত মনোযোগ দিয়ে শুনবে। তবে যোহর ও আছর ছালাতে ইমাম ও মুক্তাদী সকলেই সূরা ফাতিহা সহ অন্য সূরা পড়তে পারে এবং শেষের দু’রাক‘আতে কেবল সূরায়ে ফাতিহা পাঠ করবে।]

এরপর ক্রিয়াত শেষে ‘আল্লাহু আকবার’ বলে দু’হাত কাঁধ পর্যন্ত উঠিয়ে রাফটুল ইয়াদায়েন করে ঝংকুতে যেতে হবে। এসময় হাটুর উপরে দু’হাতে ভর দিয়ে পা, হাত, পিঠ ও মাথা সোজা করে ‘সুবহ্ঃানা রবিইয়াল আযীম’ (পবিত্র আমার প্রতিপালক যিনি মহান) যতবার সম্ভব পড়বে। তারপর ঝংকু থেকে উঠে সোজা ও সুস্থিরভাবে দাঁড়িয়ে দু’হাত ক্রিবলামুখী রেখে কাঁধ পর্যন্ত উঠাবে এবং ইমাম-মুক্তাদী সকলে ‘সামিআল্ল-হ লিমান হামিদাহ’ বলে ঝংকু থেকে মাথা উঠিয়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে বলবে ‘রবানা ওয়া লাকাল হামদু, হামদান কাছীরং ত্বইয়িবাম-মুবারকাং ফীহ’। এরপর ‘আল্লাহু আকবার’ বলে প্রথমে দুই হাত ও পরে দুই হাটু মাটিতে রেখে সিজদায় যাবে এবং সিজদায় বেশী বেশী দো‘আ পড়বে। সিজদার

সময় দুই হাত মাথার দু'পাশে কান অথবা কাঁধ বরাবর করে আঙুল সমূহ একত্রিত করে স্বাভাবিকভাবে কিলোমুখী করে রাখবে। এ সময় কনুই ও বগল ফাঁকা থাকবে। বুক হাটুর সঙ্গে চেপে রাখা যাবে না। বরং সিজদা লম্বা করে দিতে হবে যাতে পিঠ সোজা হয়ে থাকে এবং পেটের নিচ দিয়ে বকরীর বাচ্চা পার হয়ে যাওয়ার মত জায়গা ফাঁকা থাকে।

সিজদার সময় ‘সুবহঃনা রবিইয়াল আলা’ (মহাপবিত্র আমার প্রতিপালক যিনি সর্বোচ্চ) যতবার সম্ভব পড়বে। রুক্ম ও সিজদার জন্য আরো অন্যান্য অনেক দো‘আ আছে।

প্রথম সিজদা থেকে উঠে বাম পায়ের পাতার উপর বসবে ও ডান পায়ের পাতা খাড়া রাখতে হবে। এসময় স্থিরভাবে বসে এ দো‘আ পড়তে হবে ‘আল্লাহমাগ ফিরলী ওয়ার হামনী ওয়াজুরুনী ওয়াহ্দিনী ওয়া‘আফিনী ওয়ার বুকলী’ (হে আল্লাহ! আপনি আমাকে ক্ষমা করুন, আমার উপর রহম করুন, আমার অবস্থার সংশোধন করুন, আমাকে হিদায়াত দান করুন, আমাকে সুস্থিতা দান করুন, আমাকে রুক্মী দান করুন। অথবা কয়েকবার ‘রবিগফিরলী’ বলবে)। তারপর আল্লাহ আকবার বলে দ্বিতীয় সিজদায় যাবে এবং প্রথম সিজদার মত দো‘আ পড়বে। তবে রুক্ম ও সিজদায় কুরআনী দো‘আ পড়া যাবে না। এভাবে এক রাক‘আত ছালাত পূর্ণ হয়ে গেলে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ রাক‘আত আদায় করতে হবে। তবে দ্বিতীয় সিজদা থেকে উঠে অল্প সময় স্থির হয়ে বসে তারপর উঠে দ্বিতীয় রাক‘আত শুরু করবে। এসময় কোন কিছু পড়তে হবে না। মাটিতে দু'হাতে ভর দিয়ে পরবর্তী রাক‘আতের জন্য দাঁড়াতে হবে।

তিন বা চার রাক‘আত বিশিষ্ট ছালাতের দ্বিতীয় রাক‘আত শেষে বসে তাশাহুদ পড়ে তৃতীয় রাক‘আতের জন্য উঠে দাঁড়াবে এবং তয় ও ৪র্থ রাক‘আত অনুরূপভাবে আদায় করবে কিন্তু সুরা ফাতিহার পর অন্য কোন সুরা বা আয়াত মিলাতে হবে না। দু'রাক‘আত বিশিষ্ট ছালাত হ'লে দু'রাক‘আত শেষে বসে তাশাহুদের পর দরুদ, দো‘আয়ে মাচুরা ও সম্ভব হ'লে অন্যান্য দো‘আ পড়বে। এ সময় বাম পায়ের নিচ দিয়ে ডান পা বের করে দিয়ে এবং ডান পায়ের আঙুল কিলোমুখী রেখে নিতম্বের উপর বসবে। বৈঠকের সময় বাম হাতের আঙুল বাম হাটুর প্রান্ত বরাবর এবং ডান হাতের আঙুল ৫৩-এর ন্যায় (ডান হাতের বৃক্ষাঙ্গুলি দ্বারা মধ্যমা আঙুল সহ) মুষ্টিবদ্ধ করবে। তর্জনী বা শাহাদত আঙুল নাড়িয়ে সালামের পূর্ব পর্যন্ত ইশারা করতে থাকবে। এক্ষেত্রে মুছল্লীর নয়র শাহাদত আঙুলের দিকে থাকবে। অন্য সময়ে মুছল্লীর নয়র সিজদার স্থানের দিকে

থাকবে। এভাবে দো‘আয়ে মাছুরা শেষ করে প্রথমে ডানে ও পরে বামে ‘আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ’ বলে সালাম ফিরাবে। প্রথম সালামের শেষে ‘ওয়া বারাকাতুহ’ যোগ করা যেতে পারে।

ছালাত শেষ করে সালাম ফিরানোর পর পরই সরবে একবার ‘আল্লাহু আকবার’ বলে তিনবার ‘আসতাগফিরুল্লাহ’ বলবে এবং নিম্নের দো‘আ সহ অন্যান্য দো‘আ পড়বে।

اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْكَرْمِ

উচ্চারণঃ আল্ল-হম্মা আংতাস সালামু ওয়া মিংকাসসালামু তাবারকতা ইয়া যাল জালা-লি ওয়াল ইকর-ম।

অর্থঃ ‘হে আল্লাহ! আপনিই শান্তি, আপনার থেকেই শান্তি আসে। বরকতময় আপনি হে মর্যাদা ও সম্মানের মালিক’। ইচ্ছা হ’লে এটুকু পড়েও উঠে যেতে পারে।

আযান ও আযানের দো‘আ

আযান একটি গুরুত্বপূর্ণ ইবাদত। যারা আযান দিবে তারা ক্ষিয়ামতের মাঠে সম্মানিত হবে। আযানের আওয়ায যতদূর পর্যন্ত যায় তার সবকিছুই ক্ষিয়ামতের মাঠে সাক্ষ্য দিবে। আযানের শব্দগুলি নিম্নরূপ-

اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، أَشْهُدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ،
أَشْهُدُ أَنَّ مُحَمَّداً رَسُولُ اللَّهِ أَشْهُدُ أَنَّ مُحَمَّداً رَسُولُ اللَّهِ، حَيٌّ عَلَى الصَّلَاةِ حَيٌّ عَلَى
الصَّلَاةِ، حَيٌّ عَلَى الْفَلَاحِ، اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ.

আযানের জওয়াব এবং আযান শেষের দো‘আ

আব্দুল্লাহ ইবনে আমর ইবনে ‘আছ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেছেন, ‘যখন তোমরা মুআবিয়নের আযান শুনতে পাও, তখন সে যা বলে তোমরা তাই বল। অতঃপর আমার উপর দরজ পাঠ কর। কেননা যে ব্যক্তি আমার উপর একবার দরজ পাঠ করবে, আল্লাহ তার উপর ১০ বার রহমত বর্ষন করবেন। অতঃপর তোমরা আল্লাহর নিকট আমার জন্য ওয়াসীলা নামক স্থানটি

চাও। কেননা উহা জান্নাতের এমন একটি স্থান, যা আল্লাহর বান্দাদের মধ্যে একজনের জন্য নির্ধারিত। আমার ধারণা, আমিই সে ব্যক্তি। যে ব্যক্তি আমার জন্য উক্ত স্থান প্রার্থনা করবে, তার জন্য আমার সুপারিশ ওয়াজিব হয়ে যাবে’ (মুসলিম, মিশকাত, পৃঃ ৬৫ পৃঃ হা/৬৫৭ ‘আযানের ফয়েলত ও মুওয়ায়িনের করণীয়’ অনুচ্ছেদ)। অন্য বর্ণনায় রয়েছে, মুআয়িন যখন ‘হাইয়া ‘আলাছ ছালাহ’ এবং ‘হাইয়া ‘আলাল ফালাহ’ বলবে, তখন শ্রোতাকে ‘লা হাওলা ওয়ালা কুউয়াতা ইন্লা বিল্লাহ’ বলতে হবে (মুসলিম, মিশকাত, পৃঃ ৬৫ হা/৬৫৮)।

জাবির (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি আযান শুনে বলবে-

اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَ الصَّلَاةِ الْقَائِمَةِ آتِ مُحَمَّدَنَ الْوُسْيِلَةَ وَ ابْعِثْ
مَقَامًا مَحْمُودًا لِلَّذِي وَ عَدْتَهُ

উচ্চারণঃ আল্ল-হুম্মা রববা হা-যিহিদ্ দা‘ওয়াতিত তা-স্মাহ ওয়াস্লা-তিল কৃ-
যিমাহ, আ-তি মুহাম্মাদানিল ওয়াসীলাতা ওয়াল ফায়েলাহ, ওয়াব‘আছ্ছ মাক্ত-
মাম মাহ:মুদানিল্লায়ী ওয়া‘আভাহ।

অর্থঃ ‘হে আল্লাহ! এই পরিপূর্ণ আহ্�বান ও প্রতিষ্ঠিত ছালাতের তুমিই প্রভু! মুহাম্মাদ (ছাঃ)-কে অসীলা নামক স্থান ও মর্যাদা দান কর। তুমি তাঁকে সেই প্রশংসিত স্থানে পৌছে দাও, যা তাঁকে প্রদানের ওয়াদা তুমি করেছ।’ তাহ’লে ক্ষিয়ামতের দিন তার জন্য আমার শাফা‘আত ওয়াজিব হয়ে যাবে’ (বুখারী,
মিশকাত, হা/৬৫৯, পৃঃ ৬৫)।

প্রকাশ থাকে যে, আযানের দো‘আতে নিম্নোক্ত দু’টি বাক্য কেউ কেউ বৃদ্ধি করে থাকে। যার কোন ভিত্তি নেই। (১) **إِنَّكَ لَا تُخْلِفُ الْبَيْعَادَ** (২) **وَالدَّرَجَةَ الرَّفِيعَةَ** (১) (তাহফীক মিশকাহ আলবানী, হা/৬৫৯ টীকা নং ২)।

সাদ ইবনু আবু ওয়াকাছ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি মুআয়িনের আযান শুনে বলবে,

أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَ رَسُولُهُ رَضِيَّتُ بِاللَّهِ رَبِّهِ وَ
بِمُحَمَّدٍ رَسُولًا وَ بِالْإِسْلَامِ دِينًا

উচ্চারণঃ আশ্হাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লাহ ওয়াহ্দাহু লা- শারীকালাহু ওয়া আশ্হাদু আন্না মুহাম্মাদান ‘আব্দুহু ওয়া রসূলুহ, রয়ীতু বিল্লা-হি রববাঁ- ওয়া বিমুহাম্মাদির রসূলা-, ওয়া বিল ইস্লাম-মি দ্বীনা- ।

অর্থঃ ‘আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোন মা’বুদ নেই, তিনি একক, তার কোন শরীক নেই এবং মুহাম্মাদ (ছাঃ) তাঁর বান্দা ও রাসূল। আমি আল্লাহকে প্রতিপালক হিসাবে, মুহাম্মাদ (ছাঃ)-কে রাসূল হিসাবে এবং ইসলামকে দ্বীন হিসাবে পেয়ে সন্তুষ্ট হয়েছি’ তাহ’লে তার পাপসমূহ ক্ষমা করে দেওয়া হবে’ (মুসলিম, মিশকাত, পঃ ৬৫ হা/৬৬১ ‘আযানের ফরীলত ও মুওয়ায়িনের করণীয়’ অনুচ্ছেদ) ।

ইক্তামতের বাক্য

اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَشْهَدُ أَنَّ مُحَمَّداً رَسُولُ اللَّهِ حَيٌّ عَلَى الصَّلَاةِ
حَيٌّ عَلَى الْفَلَاحِ قَدْ قَامَتِ الصَّلَاةُ قَدْ قَامَتِ الصَّلَاةُ، اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ.

উচ্চারণঃ আল্লা-হ আকবার আল্লা-হ আকবার, আশহাদু আল্লা-ইলা-হা ইল্লাল্লাহ-হ, আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ-হ, হাইয়া আলাছ ছলা-হ, হাইয়া আলাল ফালাহ: কৃদক্ষমাতিছ ছলাতু কৃদক্ষমাতিছ ছলাহ, আল্লা-হ আকবার আল্লা-হ আকবার, লা-ইলা-হা ইল্লাল্লাহ-হ ।

ইক্তামতের জবাব

ইক্তামত দেয়ার সময় মুস্ত্রীগণ মু’য়ায়িনের সাথে সাথে ইক্তামতের শব্দগুলি বলবে। রাসূলুল্লাহ (ছাঃ) আযান ও ইক্তামত ইভয়কেই আযান বলেছেন (বুখারী, মুসলিম, মিশকাত হা/৬৬২; ফিকহস সুনাহ ১/৮৮ পঃ; হাইয়াতু কিবারিল ওলামা ১/২৭১ পঃ)। উল্লেখ্য, (ক্ষাদ কৃ-মাতিস্ব স্বলা-হ) এর জবাবে **أَقَامَهَا اللَّهُ** (ক্ষাদ কৃ-মাতিস্ব স্বলা-হ) ও **وَأَدَمَهَا** (বলার হাদীছটি যেস্কেফ) (যেস্কেফ আবদাউদ হা/৫২৮; ইরওয়াউল গানীল হা/২৪১, ১/২৫৮ পঃ আলবানী, তাহকীক মিশকাত হা/ ৬৭০-এর টীকান নং১)।

অতএব ইক্তামতের শব্দগুলির জবাবে মুছল্লীদেরও আযানের অনুরূপই বলতে হবে।

ছালাতের প্রয়োজনীয় দো'আ সমূহ

দো'আয়ে ইস্তেফতাহ বা ছানাঃ

اللَّهُمَّ بَاعِدْ بَيْنِيْ وَ بَيْنَ حَطَّاَيَّاَيِّ كَمَا بَاعِدْتَ بَيْنَ الْمَشْرِقَ وَ الْمَغْرِبَ اللَّهُمَّ تَقْنِيْ مِنَ الْحَطَّاَيَّاَ كَمَا يُتَقْنِي التَّوْبُ الْأَبِيْضُ مِنَ الدَّنَسِ اللَّهُمَّ اغْسِلْ حَطَّاَيَّاَيِّ بَالْمَاءِ وَ الثَّلْجِ وَ الْبَرَدِ-

উচ্চারণঃ আল্লাহ-হুম্মা বা- ‘ইদ বাইনা খাত্ত-ইয়া-ইয়া কামা বা- ‘আত্তা বাইনাল মাশ্রিক্তি ওয়াল মাগরিব। আল্লাহ-হুম্মা নাকুক্তিনী মিনাল খাত্ত-ইয়া কামা- ইউনাক্তক্তাছ ছাওবুল আবহিয়াযু নিদ দানাস। আল্লাহ-হুম্মাগ্সিল খাত্ত-ইয়া-ইয়া বিলমা-য়ি ওয়াছ ছালজি ওয়াল বারদ।

অর্থঃ ‘হে আল্লাহ! আমার ও আমার পাপ সমূহের মধ্যে দূরত্ব সৃষ্টি করে দাও, যেরপ তুমি দূরত্ব সৃষ্টি করেছ পূর্ব ও পশ্চিমের মধ্যে। হে আল্লাহ! তুমি আমাকে আমার পাপসমূহ হ'তে পরিচ্ছন্ন কর, যেরপ পরিচ্ছন্ন করা হয় ময়লা থেকে সাদা কাপড়কে। হে আল্লাহ! তুমি আমার পাপ সমূহ ধুয়ে ফেল পানি, বরফ ও শিশির দ্বারা’ (বুখারী, মুসলিম, মিশকাত, পৃঃ ৭৭ হ/৮১২ ‘তাকবীরের পর কী বলবে’ অনুচ্ছেদ)।

রংকুর দো'আ সমূহ

- (১) ইবনে মাস'উদ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘যখন তোমাদের কেউ রংকুর করবে তখন সে যেন বলে, (সُبْحَانَ رَبِّيْ الْعَظِيْمِ) সুবহঃ-না রবিয়াল আযীম) ‘আমার মহান অভুর পবিত্রতা বর্ণনা করছি’ (আবুদাউদ, মিশকাত পৃঃ ৮২)।
- (২) আয়েশা (রাঃ) বর্ণনা করেন, রাসূল (ছাঃ) তাঁর রংকুর এবং সিজদায় বেশী বেশী বলতেন- سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي-

উচ্চারণঃ সুবহঃ-নাকা আল্লাহ-হুম্মা রববানা ওয়া বিহ; মদিকা আল্লাহ-হুম মাগ্ফিল্লী।

অর্থঃ ‘হে আমাদের প্রতিপালক আল্লাহ! তোমার প্রশংসা সহকারে পবিত্রতা বর্ণনা করছি। হে আল্লাহ! আমাকে তুমি মাফ করে দাও’ (বুখারী, মুসলিম, মিশকাত, পৃঃ ৮২ হ/৮৭১ ‘রংকুর’ অনুচ্ছেদ)।

المراة المثالية

(৩) আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বুকু এবং সিজদায় বলতেনঃ

سَبُّوحٌ قَدْوَسٌ رَبُّ الْمَلَائِكَةِ وَالرُّوحُ .

উচ্চারণঃ সুকৃত্তন কুদ্দসুন রবুল মালা-ইকাতি ওয়ার-রহঃ।

ଅର୍ଥଃ ‘ଆଜ୍ଞାହ’ ସ୍ମୀଯ ସତ୍ୟ ପବିତ୍ର ଏବଂ ଗୁଣାବଳୀତେବେ ପବିତ୍ର ଯିନି ଫେରେଶତାକୁଳ ଏବଂ ଜିବରୀଲ (ଆୟ)-ର ପ୍ରତିପାଳକ’ (ମୁଲିମ, ମିଶକାତ, ପୃଷ୍ଠ ୮୨ ହ/୮୭୨)।

(৪) আলী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন রংকৃ করতেন তখন বলতেনঃ

اللَّهُمَّ لَكَ رَكَعْتُ وَ بِكَ أَمَّتُ وَ لَكَ أَسْلَمْتُ خَشَعَ لَكَ سَمْعٌ وَ بَصَرٌ وَ مُخْيٌّ وَ عَظَمٌ
عَصَبَيْ.

উচ্চারণঃ আল্ল-হম্মা লাকা রকা'তু ওয়া বিকা আ-মাংতু ওয়া লাকা আসলামতু
খশা'আলাকা সাম'ঈ ওয়া বাস্বরী ওয়া মুখথী ওয়া 'আয়মী, ওয়া 'আস্বী।

ଅର୍ଥঃ ‘ହେ ଆନ୍ଦାହ! ଆମି ତୋମାରଇ ଜନ୍ୟ ବୁକୁ କରଛି, ଏକମାତ୍ର ତୋମାରଇ ପ୍ରତି ଈମାନ ଏନେଛି । ଏକମାତ୍ର ତୋମାର କାହେଇ ଆତସମର୍ପନ କରେଛି । ଆମାର କର୍ଣ୍ଣ, ଚୋଖ, ମନ୍ତ୍ରକଷ, ହାଡ଼ ମାଝୁ ତୋମାର ଭୟେ ଶ୍ରଦ୍ଧାଯ ବିନୟାବନନ୍ତ’ (ମୁସଲିମ, ମିଶକାତ, ପୃଃ ୭୭ ହ/୮୧୩ ‘ତାକବୀରେ ତାହରୀମାର ପରେ କି ବଲବେ’ ଅନୁଚ୍ଛେଦ ।) ।

(৫) আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) রংকু এবং সিজদায় বলতেন, (সুবহঃ)-নাক ওয়া বিহঃ/মদিকা আস্তাগ্ফিরুক্ত ওয়া আতুরু ইলাইকা)। ‘তোমার প্রশংসা সহকারে তোমার পবিত্রতা বর্ণনা করি। তোমার নিকট ক্ষমা চাই, তোমার নিকট তাওবা করি’ (সিলসিলা ছইহা হা/৬৬৯)।

କୁଳ୍କୁ ହ'ତେ ଉଠାର ଦୋଆ

ରୁକ୍ତ ହ'ତେ ଉଠାର ସମୟ ବଲତେ ହ୍ୟ

سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَ -

উচ্চারণঃ ‘সামি’আল্ল-হ লিঘান হঃমিদাহ’। অর্থঃ আল্লাহ শোনেন তার কথা যে তাঁর প্রশংসা করে।

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘যখন ইমাম ‘সামি’আল্লাহ-
লি লিঘান হামিদাহ’ বলবে, তখন তোমরা বলবে, **اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ** (আল্লাহ-
হুম্মা রববানা- লাকাল হাম্দ) ‘হে আল্লাহ! যাবতীয় প্রশংসা একমাত্র তোমারই’
(ব্রথারী, মুসলিম, মিশকাত, পঃ ৮২)।

আবু সাউদ খুদরী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন রংকু হ’তে মাথা উঠাতেন,
তখন বলতেন,

اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْأً السَّمَاوَاتِ وَ مِلْأً الْأَرْضِ وَ مِلْأً مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدَ أَهْلِ النَّيَاءِ
وَ الْمَجْدُ أَحَقُّ مَا قَالَ الْعَبْدُ وَ كُلُّنَا لَكَ عَبْدٌ اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَ لَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ
وَ لَا يَنْفَعُ ذَا الْجَدَّ مِنْكَ الْجَدُّ

উচ্চারণঃ আল্লাহ-হুম্মা রববানা- লাকাল হাম্দু মিল্লাস সামা-ওয়া-তি ওয়া
মিল্লাল আরয়ি ওয়া মিল্লামা- শি’তা মিং শাইয়িম বা’দু আহলাছ ছানা-য়ি
ওয়াল মাজদি আহ:কু মা-কু-লাল ‘আবদু ওয়া কুল্লানা- লাকা ‘আবদুন, আল্লাহ-হুম্মা
লা- মা-নি’আ লিমা- আ’ত্তাইতা ওয়ালা- মু’ত্তিয়া লিমা- মানা’তা ওয়ালা-
ইয়ান্ফায় যাল জাদি মিংকাল জাদ।

অর্থঃ ‘হে আল্লাহ! তোমারই প্রশংসা যা আসমান পরিপূর্ণ, যমীন পরিপূর্ণ এবং
তুমি যা চাও তা পরিপূর্ণ। হে প্রশংসা ও মর্যাদার অধিকারী। মানুষ যা (তোমার
প্রশংসায়) বলে তুমি তার চেয়ে অধিক উপযোগী। আমরা সকলেই তোমার দাস।
হে আল্লাহ! তুমি যা প্রদান করবে, তাতে বাধা দেওয়ার কেউ নেই। আর তুমি
যাতে বাধা প্রদান করবে, তা প্রদানের কেউ নেই। কোন সম্পদশালীর সম্পদ
তোমার শাস্তি হ’তে রক্ষা করতে পারবে না। সে সম্পদও তোমার নিকট থেকে
প্রাপ্ত’ (মুসলিম, মিশকাত, পঃ ৮২)।

সিজদার দো’আ

(১) **سُبْحَانَ رَبِّ الْأَعْلَى** (সুবহঃ)-না রববিয়াল আ’লা) (তিরমিয়ী, মিশকাত, পঃ ৮৩
সনদ হাসান)।

(২) **سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَ بِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي**

(সুবহ:)-নাকা আল্লা-হম্মা রক্বানা-ওয়া বিহ: মদিকা আল্লা-হুম মাগফির্লী)

(৩) (سُبُّوْحُ قُدُّوسُ رَبُّ الْمَلَائِكَةِ وَ الرُّوحُ) سُبُّوْحُ قُدُّوسُ رَبُّ الْمَلَائِكَةِ وَ الرُّوحُ (সুবহ:ন কুদ্দুসুন রক্বুল মালা-ইকাতি ওয়ার-রুহ:)

(৪) আলী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) সিজদায় বলতেনঃ

اللَّهُمَّ لَكَ سَجَدْتُ وَ بِكَ أَمْنَتُ وَ لَكَ أَسْلَمْتُ سَجَدَ وَ جُهْمَى لِلَّذِي حَلَقَهُ وَ صَوَرَهُ وَ شَقَّ سَعْمَهُ وَ بَصَرَهُ تَبَارَكَ اللَّهُ أَحْسَنُ الْخَالِقِينَ-

উচ্চারণঃ আল্লা-হম্মা লাকা সাজাদ্তু ও বিকা আ-মাংতু ওয়া লাকা আস্লামতু সাজাদা ওয়াজ্হিয়া লিল্লা-বী খালাক্তাহু ওয়া স্বওয়ারাহু ওয়া শাক্তা সাম'আহু ওয়া বাস্তরহু তাবা-রকাল্ল-হু আহ:সানুল খ-লিক্ষ্টীন।

অর্থঃ ‘হে আল্লাহ! আমি তোমার জন্য সিজদা করছি, তোমার প্রতি ঝমান এনেছি, তোমার জন্য নিজেকে সপে দিয়েছি। আমার মুখমণ্ডল সিজদায় অবনত হয়েছে সেই সত্ত্বার জন্য, যিনি উহাকে সৃষ্টি করেছেন, উহার আকৃতি দান করেছেন এবং উহার কান ও চোখ খুলে দিয়েছেন। মঙ্গলময় আল্লাহ শ্রেষ্ঠ সৃষ্টিকর্তা’ (মুসলিম, মিশকাত, পৃঃ ৭৭, হা/৮১৩)।

(৫) আবু হুরায়রা (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) সিজদায় বলতেনঃ

اللَّهُمَّ اغْفِرْلِيْ دَنْبِيْ كُلَّهُ دِقَّهُ وَ جُلْهُ وَ أَوَّلَهُ وَ آخِرَهُ وَ عَلَانِيَّتَهُ وَ سِرَّهُ-

উচ্চারণঃ আল্লা-হম্মাগফির্লী যাম্বী কুল্লাহু দিক্কাহু ওয়া জিল্লাহু ওয়া আউওয়ালাহু ওয়া আ-খিরাহু ওয়া ‘আলা-নিয়্যাতাহু ওয়া সির্রাহ।

অর্থঃ ‘হে আল্লাহ! তুমি আমার ছোট-বড়, পূর্বে-পরের এবং প্রকাশ্য-অপ্রকাশ্য সমস্ত গুনাহ মাফ করে দাও’ (মুসলিম, মিশকাত, পৃঃ ৭৭, হা/৮৯২)।

(৬) আয়েশা (রাঃ) বলেন, এক রাতে আমি রাসূল (ছাঃ) -কে বিছানায় পেলাম না। আমি তাঁকে খুঁজতে লাগলাম। আমার হাত তাঁর পায়ের তলাতে ঠেকল। তখন তিনি মসজিদে উভয় পায়ের পাতা খাড়া অবস্থায় সিজদায় ছিলেন। তখন তিনি বলছিলেনঃ

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخَاتِكَ وَ بِمُعَافَتِكَ مِنْ عُقُوبَتِكَ وَ أَعُوذُ بِكَ مِنْكَ لَا أُحْصِيْ نَئَاءً عَلَيْكَ أَنْتَ كَمَا أَتَيْتَ عَلَى نَفْسِكَ-

উচ্চারণঃ আল্লাহস্মা ইন্নী আ'উয়ু বিরিয়-কা মিন সাখত্তিকা ওয়াবি মু'আ-ফাতিকা মিন 'উকুবাতিক, ওয়া আ'উয়ুবিকা মিংকা লা-উহ-বী ছানা-আন 'আলাইকা আংতা কামা- আছনাইতা 'আলা-নাফসিক।

অর্থঃ 'হে আল্লাহ! তোমার সন্তুষ্টির মাধ্যমে তোমার অসন্তুষ্টি হ'তে আশ্রয় চাই। আর তোমার শাস্তি হ'তে পরিত্রাণ চাই। তোমার প্রশংসা করে শেষ করা যায় না। তুমি সেই প্রশংসার যোগ্য যেরূপ তুমি নিজেই করেছ' (মুসলিম, মিশকাত, পৃঃ ৭৮)।

দুই সাজদার মাঝের দো'আঃ

اللَّهُمَّ اغْفِرْ لِيْ وَارْحَمْنِيْ وَاجْبُرْنِيْ وَاهْدِنِيْ وَعَافِنِيْ وَارْزُقْنِيْ -

উচ্চারণঃ আল্লাহস্মা মাগফির্লী ওয়ারহামনী ওয়াজ্বুরনী ওয়াহ্দিনী ওয়া 'আ-ফিনী ওয়ারবুক্সনী।

অর্থঃ 'হে আল্লাহ! আপনি আমাকে ক্ষমা করুন, আমার উপরে রহমত করুন, আমার অবস্থা সংশোধন করুন, আমাকে সৎ পথ প্রদর্শন করুন, আমাকে সুস্থতা দান করুন এবং আমাকে রিযিক দান করুন' (মুসলিম, মিশকাত, পৃঃ ৭৭, হ/৮৯৩)।

তাশাহুদঃ

التحَيَّاتُ لِلَّهِ وَ الصَّلَوَاتُ وَ الطَّبَيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَ رَحْمَةُ اللَّهِ وَ بَرَكَاتُهُ
السَّلَامُ عَلَيْنَا وَ عَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَ أَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ
وَ رَسُولُهُ -

উচ্চারণঃ আভাহিঃইয়া-তু লিল্লাহ-হি ওয়াস স্বলাওয়া-তু ওয়াত্ত-ত্বইয়িবা-তু আস-সালা-মু 'আলাইকা আইয়ুহান নাবিইয়ু ওয়া রহঃমাতুল্লাহ-হি ওয়া বারাকা-তুহ, আস্সালা-মু 'আলাইনা- ওয়া 'আলা- 'ইবা-দিল্লা-হিস স্ব-লিহীন আশ্হাদু আল্লাহ-ইলা-হা ইল্লাল্লাহ-হ ওয়া আশ্হাদু আন্না মুহঃস্মাদান 'আব্দুহু ওয়া রসূলুহ।

অর্থঃ 'মৌখিক, শারীরিক ও আর্থিক সমস্ত ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার উপর শাস্তি, রহমত ও বরকত অবতীর্ণ হউক। আমাদের উপর এবং আল্লাহ নেক বান্দাদের উপরও শাস্তি অবতীর্ণ হউক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, ইবাদতের যোগ্য আর কোন মাবুদ নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (ছাঃ) আল্লাহর বান্দা এবং রাসূল' (বুখারী, মিশকাত, পৃঃ ৮৫)।

দরদঃ

اللَّهُمَّ صَلُّ عَلَى مُحَمَّدٍ وَ عَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَحِيدٌ اللَّهُمَّ بارِكْ عَلَى مُحَمَّدٍ وَ عَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَحِيدٌ

উচ্চারণঃ আল্লাহ-হম্মা স্বল্পি ‘আলা-মুহাম্মাদ, ওয়া ‘আলা-আ-লি মুহাম্মাদ কামা-স্বল্পাইতা ‘আলা- ইব্রাহীম, ওয়া ‘আলা- আ-লি ইব্রাহীমা ইন্নাকা হঃমীদুম মাজীদ, আল্লাহ-হম্মা বা-রিক ‘আলা-মুহাম্মাদ, ওয়া ‘আলা-আ-লি মুহাম্মাদ কামা-বা-রকতা ‘আলা ইব্রাহীম, ওয়া ‘আলা- আ-লি ইব্রাহীম, ইন্নাকা হঃমীদুম মাজীদ।

অর্থঃ ‘হে আল্লাহ! তুমি মুহাম্মাদ (ছাঃ) ও তাঁর পরিবারবর্গের উপর রহমত বর্ষণ কর, যেভাবে রহমত বর্ষণ করেছ ইবরাহীম (আঃ) ও তাঁর পরিবারবর্গের প্রতি। নিশ্চয়ই তুমি প্রশংসিত ও সম্মানিত। হে আল্লাহ! বরকত অবতীর্ণ কর মুহাম্মাদ (ছাঃ) ও তাঁর পরিবারবর্গের উপর, যেভাবে তুমি বরকত নাযিল করেছ ইবরাহীম (আঃ) ও তাঁর পরিবার-পরিজনের প্রতি। নিশ্চয়ই তুমি প্রশংসিত ও সম্মানিত’ (বুখারী, মুসলিম, মিশকাত, পঃ ৮৬, হ/১১৯)।

দো'আয়ে মাছুরাঃ

اللَّهُمَّ إِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ ظَلَمًا كَثِيرًا وَ لَا يَغْفِرُ الذُّنُوبُ إِلَّا أَنْتَ فَاغْفِرْلِيْ مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَارْحَمْنِيْ إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ

উচ্চারণঃ আল্লাহ-হম্মা ইন্নী য:লামতু নাফসী যু:লমান কাছীরা-, ওয়ালা-ইয়াগফিরুজ্য যুনুবা ইল্লা- আংতা ফাগফিরলী মাগফিরাতাম মিন ‘ইন্দিকা ওয়ারহ:মনী ইন্নাকা আংতাল গফুরুর রহণীম।

অর্থঃ ‘হে আল্লাহ! আমি আমার উপর অসংখ্য অন্যায় করেছি এবং তুমি ব্যতীত পাপ ক্ষমা করার কেউ নেই। সুতরাং তুমি আমাকে ক্ষমা করে দাও। ক্ষমা

একমাত্র তোমার পক্ষ থেকে হয়ে থাকে। আমার প্রতি রহমত কর। নিশ্চয়ই তুমি ক্ষমাশীল ও দয়ালু' (বুখারী, মুসলিম, মিশকাত, পৃঃ ৮৭, হ/৯৩৯)।

দাজ্জাল থেকে পরিত্রাণ চেয়ে দো'আঃ দো'আয়ে মাছুরার সাথে নিম্নের দো'আটি যোগ করার জন্য হাদীছে বিশেষভাবে তাকীদ এসেছে।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ وَأَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ
الْمُسِيْحِ الدَّجَّالِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ - اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْمَأْتِمِ وَ
مِنَ الْمَغْرَمِ -

উচ্চারণঃ আল্ল-হুম্মা ইন্নী আ'উয়ুবিকা মিন 'আয়া-বি জাহান্নাম ওয়া আ'উয়ুবিকা মিন 'আয়া-বিল কুবর, ওয়া আ'উয়ুবিকা মিং ফিতনাতিল মাসীহিঃদ দাজজা-ল, ওয়া আ'উয়ুবিকা মিং ফিত্নাতিল মাহঃইয়া- ওয়াল মামা-ত, আল্ল-হুম্মা ইন্নী আ'উয়ুবিকা মিনাল মা'ছামি ওয়া মিনাল মাগ্রম।

অর্থঃ 'হে আল্লাহ! আমি তোমার নিকট জাহান্নামের আয়াব হ'তে আশ্রয় চাচ্ছি, কবরের আয়াব হ'তে আশ্রয় চাচ্ছি, আশ্রয় চাচ্ছি কানা দাজ্জালের পরীক্ষা হ'তে। তোমার নিকট আশ্রয় চাচ্ছি জীবন ও মৃত্যুর পরীক্ষা হ'তে এবং তোমার নিকট আশ্রয় চাচ্ছি পাপ ও খণের বোৰা হ'তে' (বুখারী, মুসলিম, মিশকাত, পৃঃ ৮৭)।

সালাম ফিরানোর পরের দো'আ সমূহঃ

الله أَكْبَرُ أَسْتَغْفِرُ الله، أَسْتَغْفِرُ الله

উচ্চারণঃ আল্ল-হ আকবার (একবার) আস্তাগফির়ুল্ল-হ, আস্তাগফির়ুল্ল-হ, আস্তাগফির়ুল্ল-হ (তিনবার)।

অর্থঃ আল্লাহ মহান। আমি তোমার নিকট ক্ষমা প্রার্থনা করছি।

অতঃপর -

اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ يَا ذَالْجَلَالِ وَالْإِكْرَامِ

উচ্চারণঃ আল্ল-হুম্মা আংতাস সালা-মু ওয়া মিংকাস সালা-মু তাবা-রাক্তা ইয়া-যাল জালা-লি ওয়াল ইকরা-ম।

অর্থঃ 'হে আল্লাহ! তুমি শান্তিময়। তোমার নিকট থেকেই শান্তির আগমন। তুমি বরকতময়, হে প্রতাপ ও সম্মানের অধিকারী!' (মুসলিম, মিশকাত, পৃঃ ৮৮)।

তারপর-

لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ اللَّهُمَّ
لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ وَلَا يَنْفَعُ دَا الجَدُّ بِنْكَ الْجَدُّ-

উচ্চারণঃ লা-ইলা-হা ইলাহ-হু ওয়াহ্দাতু লা- শারীকা লাহু লাহুল মুগুকু ওয়া
লাহুল হঃমদু ওয়া হুরা ‘আলা- কুল্লি শাইয়িং কুদীর, আল্ল-হস্মা লা- মা-নি’আ
লিমা- আ’ত্তাইতা ওয়ালা- মু’ত্তিয়া লিমা- মানা’তা ওয়ালা- ইয়াংফাউ যাল জান্দি
মিংকাল জান্দ।

অর্থঃ ‘আল্লাহ ব্যতীত কোন মা’বুদ নেই। তিনি এক, তাঁর কোন শরীক নেই।
তাঁরই রাজত্ব, তাঁরই প্রশংসা এবং তিনি সর্বশক্তিমান। হে আল্লাহ! তুমি যা
প্রদানের ইচ্ছা কর, তা কেউ প্রতিরোধ করতে পারে না এবং তুমি যাতে বাধা
দাও, তা কেউ প্রদান করতে পারে না এবং কোন সম্পদশালীর সম্পদই তোমার নিকট
তাকে রক্ষা করতে পারে না’ (বুখারী, মুসলিম, মিশকাত, পৃঃ ৮৮)

অতঃপর-
اللَّهُمَّ أَعِنِّيْ عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ

উচ্চারণঃ আল্লা-হস্মা আ’ইন্নী ‘আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হস্নি ইবা-
দাতিকা।

অর্থঃ হে আল্লাহ! আপনাকে স্মরণ করার জন্য, আপনার শুকরিয়া আদায় করার
জন্য এবং আপনার সুন্দর ইবাদত করার জন্য আমাকে সাহায্য
করুন (আহমাদ, আবুদাউদ, নাসাই, মিশকাত হা/৯৪৯, বাংলা মিশকাত হা৮৮৮)

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ الْجِنِّ وَأَعُوذُ بِكَ مِنْ الْبُخْلِ وَأَعُوذُ بِكَ مِنْ أَرْذِلِ الْعُمُرِ وَأَعُوذُ
بِكَ مِنْ فِتْنَةِ الدُّنْيَا وَعَذَابِ الْقَبْرِ

উচ্চারণঃ আল্ল-হস্মা ইন্নী আ’উয়ুবিকা মিনাল জুব্নি ওয়া আ’উয়ুবিকা মিনাল
বুখলি ওয়া আ’উয়ুবিকা মিন আরযালিল ‘ওমুরি ওয়া আ’উয়ুবিকা মিং ফিৎনাতিদ
দুনইয়া ওয়া ‘আয়া-বিল কুবারি।

অর্থঃ হে আল্লাহ আমি আপনার নিকটে আশ্রয় প্রার্থনা করছি কাপুরুষতা হ’তে,
কৃপণতা হ’তে, অতি বাধ্যকে পৌঁছে যাওয়া হ’তে। আপনার আশ্রয় প্রার্থনা করছি
দুনিয়ার ফিৎনা হ’তে ও কবরের আয়াব হ’তে (বুখারী, মিশকাত হা/৯৬৪)। তারপর-

سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ عَدَدَ حَلْقِهِ وَرِضاً نَفْسِهِ وَزِنَةَ عَرْشِهِ وَمَدَارَ كَلِمَاتِهِ -

উচ্চারণঃ সুবহঃ)-নাল্লা-হি ওয়া বিহামদিহী ‘আদাদা খালকুহী ওয়া রিয়া নাফসিহী ওয়া যিনাতা ‘আরশিহী ওয়া মিদা-দা কালেমা-তিহী ।

অর্থঃ আমি আল্লাহর মহত্ত্ব প্রশংসা জ্ঞাপন করছি তাঁর সৃষ্টিকুলের সংখ্যার সমপরিমাণ, তাঁর সত্ত্বার সন্তুষ্টির সমতুল্য এবং তাঁর আরশের ওয়ন ও কালেমা সমূহের ব্যাপ্তি সমপরিমাণ (মুসলিম, মিশকাত হা/২৩০১) ।

رَضِيْتُ بِاللَّهِ رَبِّا وَبِالإِسْلَامِ دِيْنًا وَبِمُحَمَّدٍ نَبِيًّا -

উচ্চারণঃ রায়ীতু বিল্লা-হি রাব্বাওঁ ওয়া বিল ইস্লা-মি দ্বীনাওঁ ওয়া বিমুহঃ/ম্মাদিন নাবিইয়া (৩ বার) ।

অর্থঃ আমি সন্তুষ্ট হ’য়ে গেলাম আল্লাহর উপরে প্রতিপালক হিসাবে, ইসলামের উপরে দীন হিসাবে এবং মুহাম্মাদের উপরে নবী হিসাবে (আহ্মাদ, তিরমিয়ী, মিশকাত হা/২৩৯৯) ।

اللَّهُمَّ أَجْرِنِيْ مِنَ النَّارِ -

উচ্চারণঃ আল্ল-হম্মা আজির্নী মিনান্ না-রি (৭ বার) ।

অর্থঃ ‘হে আল্লাহ তুমি আমাকে জাহান্নাম থেকে রক্ষা কর!’ (আহ্মাদ, নাসাই, ইবনে হিবান, তানকুই শরহে মিশকাত ২/৯৩, সনদে কোন দোষ নেই) ।

لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ (লা-হাওলা ওয়ালা কৃওয়াতা ইল্লা বিল্লা-হি) ।

অর্থঃ ‘নেই কোন ক্ষমতা, নেই কোন শক্তি, আল্লাহ ব্যতীত’ (মুভাফাক্ত আলাইহ, মিশকাত হা/২৩০২) ।

سُبْحَانَ اللَّهِ الْحَمْدُ لِلَّهِ إِلَّا اللَّهُ أَكْبَرُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَ
هُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

উচ্চারণঃ সুবহঃ/নাল্লা-হ (৩৩ বার) আলহঃ/মদু লিল্লাহি (৩৩ বার) আল্ল-হ
আকবার (৩৩ বার) লা-ইলা-হা ইল্লাল্ল-হ ওয়াহঃ/দাহু লা- শারীকা লাহ লাহল
মুল্কু ওয়া লাহল হঃ/মদু ওয়া হুয়া ‘আলা- কুল্লি শাইয়িং কৃদীর। একবার ।

অর্থঃ ‘পরম পবিত্র আল্লাহ। যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য। আল্লাহ মহান। আল্লাহ ব্যতীত ইবাদতের যোগ্য কোন মা‘বুদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, রাজত্ব তাঁর এবং প্রশংসা তাঁরই। তিনি সকল কিছুর উপর ক্ষমতাবান’ (মুসলিম, ১ম খণ্ড, হ/৪১৮; মিশকাত হ/৯৬৬-৯৬৭)।

سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ وَسُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ -

উচ্চারণঃ সুব্হাস-নাল্লা-হি ওয়া বিহাম্মদিহী ওয়া সুব্হাস-নাল্লা-হিল ‘আয়াম’।

অর্থঃ ‘পবিত্রতা ও প্রশংসাময় আল্লাহ এবং মহান আল্লাহ পবিত্রতাময়’।

অথবা সকালে ও সন্ধ্যায় ১০০ বার করে “সুব্হাস-নাল্লা-হি ওয়া বিহাম্মদিহী” পড়বে। এই দু‘আ পাঠের ফলে তার সকল গোনাহ ঝরে যাবে। যদি ও তা সাগরের ফেনা সমতুল্য হয় (মুভাফাক্ত আলাইহ, মিশকাত হ/২২৯৬-৯৮)।

আয়াতুল কুরসীঃ

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُومُ لَا تَأْخُذُهُ سِنَةٌ وَلَا نُومٌ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ
مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلَّا يَأْذِنُهُ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِّنْ
عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَلَا يُؤْدِهُ حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ -

আ-য়া-তুল কুরসীঃ আল্ল-হ লা ইলা-হা ইল্লা হ্যাল হ:ইয়ুল ক্ষাইয়ম। লা-তা'-খুয়ুহ সিনাতু ওয়ালা নাউম। লাহুমা ফিস্সামা-ওয়াতি ওয়ামা ফিল আরযি। মাংঘাল্লায়ী ইয়াশ্ফা‘উ ইংদাহু ইল্লা বিহ্যনিহী, ইয়া‘লামু মা বাইনা আইদীহিম ওয়া মা-খাল্ফাহম ওয়ালা-ইউহীতুনা বিশাইয়িম মিন ‘ইলমিহী ইল্লা-বিমা শা-আ ওয়াসি‘আ কুরসিইয়ুহস সামা-ওয়া-তি ওয়াল আরযা, ওয়ালা-ইয়াউদুহু হিঃফ্যুহমা ওয়া হ্যাল আয়াম (বাক্সারাহ ২৫৫)।

অর্থঃ আল্লাহ তিনি, যিনি ব্যতীত কোন প্রকৃত উপাস্য নেই। যিনি চিরঙ্গীব ও সবকিছুর ধারক। কোন রূপ তন্দু বা নিদ্রা তাঁকে স্পর্শ করে না। আসমান ও যমীনে যা কিছু আছে সবকিছু তাঁরই মালিকানাধীন। তাঁর হৃকুম ব্যতীত এমন কে আছে যে তাঁর নিকটে সুপারিশ করতে পারে? তাঁদের সম্মুখে ও পিছনে যা কিছু আছে সবকিছুই তিনি জানেন। তাঁর জ্ঞানসমূদ্র হ'তে তারা কিছুই আয়ত্ব করতে

পারে না, কেবল যতটুকু তিনি ইচ্ছা করেন। আর সেগুলোর রক্ষণাবেক্ষণ তাঁকে মোটেই শ্রান্ত করে না। তিনি সর্বোচ্চ ও সর্বাপেক্ষা মহান। রাসূল (ছাঃ) বলেন, প্রত্যেক ফরয ছালাত শেষে আয়াতুল কুরসী পাঠকারীর জানাতে প্রবেশ করার জন্য আর কোন বাধা থাকে না মৃত্যু ব্যতীত (নাসাদ)। শয়নকালে পাঠ করলে সকাল পর্যন্ত তার হেফায়তের জন্য একজন ফেরেশতা পাহারায় নিযুক্ত থাকে। যাতে শয়তান তার নিকটবর্তী হ'তে না পারে (বুখারী)।

اللَّهُمَّ اكْفِنِيْ بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ وَاغْنِنِيْ بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ-

উচ্চারণঃ আল্ল-হস্মাক্ফিনী বিহালা-লিকা ‘আন হারা-মিকা ওয়া আগ্নিনী বিফায়লিকা আম্বাং সিওয়া-কা।

অর্থঃ হে আল্লাহ! আপনি আমাকে হারাম ছাড়া হালাল দ্বারা যথেষ্ট করুন এবং আপনার অনুগ্রহ দ্বারা আমাকে অন্যদের হ'তে মুখাপেক্ষীহীন করুন! রাসূল (ছাঃ) বলেন, পাহাড় পরিমাণ খণ থাকলেও আল্লাহ তার খণ মুক্তির ব্যবস্থা করে দেন (তিরমিয়ী, বাযহাক্বী, মিশকাত হা/২৪৮৯)।

اسْتَغْفِرُ اللَّهِ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُومُ وَاتُّوبُ إِلَيْهِ-

উচ্চারণঃ আস্তাগ্ফিরঞ্জ্বা-হাল্লায়ী লা-ইলা-হা ইল্লা হয়াল হাইয়ুল কৃহাইযুম ওয়া আত্তুরু ইলাইহি।

অর্থঃ ‘আমি আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করছি। যিনি ব্যতীত কোন উপাস্য নেই। যিনি চিরঙ্গীব ও সবকিছুর ধারক। আমি তাঁর দিকে ফিরে যাচ্ছি বা তাওবা করছি’।

এই দু'আ পড়লে আল্লাহ তাকে ক্ষমা করেন, যদিও সে জিহাদের ময়দান থেকে পলাতক আসামী হয়। রাসূল (ছাঃ) দৈনিক ১০০ বার তাওবা করতেন (মুসলিম, ছহীহ তিরমিয়ী, হা/২৮৩১; মিশকাত হা/২৩২৫)।

ছালাতে নারী-পুরুষের পার্থক্যঃ

নারী-পুরুষের ছালাতের মধ্যে পদ্ধতিগত কোন পার্থক্য নেই। কেননা রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, **صَلُوا كَمَا رَأَيْتُمُوا نِيْ أَصْلَىٰ**

‘তোমরা আমাকে যেভাবে ছালাত আদায় করতে দেখ ঠিক সেভাবেই ছালাত আদায় কর’ (বুখারী, মিশকাত হা/৬৮১)। যদি নারী-পুরষের ছালাতের মধ্যে কোন পার্থক্য থাকত তাহলে তিনি সবার জন্য এভাবে একই নির্দেশ দিতেন না। তবে হাদীছে রাসূল (ছাঃ) ও ছাহাবীগণ হতে নারী-পুরষের ছালাতে যেসব ব্যতিক্রম পাওয়া যায়, তা নিম্নরূপঃ

- (১) জামা‘আতে ছালাত আদায় করার ক্ষেত্রে পুরুষদের জামা‘আতে ইমাম কাতারের সামনে একাকী দাঁড়াবেন। আর মহিলাদের জামা‘আতে মহিলা ইমাম প্রথম কাতারের মাঝে দাঁড়াবে, একাকী নয় (আবুদাউদ, দারাকুতনী, ইরওয়া হা/৪৯৩)।
- (২) ইমাম ছালাতের মধ্যে ভুল করলে, ভুল সংশোধনের জন্য পুরুষ মুক্তাদীগণ ‘সুবহঃনাল্লাহ-হ’ বলবে। আর মহিলা জামা‘আতে মুক্তাদীগণ ডান হাত দ্বারা বাম হাতে মেরে আওয়াজ করবে (বঙ্গনুবাদ বুখারী হা/১২০৩)।
- (৩) ছালাতের মধ্যে পুরুষের মাথা ঢাকার প্রয়োজন নেই। কিন্তু মহিলাদের মাথা না ঢাকলে ছালাত করুল হবে না (বঙ্গনুবাদ বুখারী হা/৩৫২; আবুদাউদ, হাদীছ ছহীহ, ইরওয়াউল গালীল হা/১৯৬)।
- (৪) মহিলারা পুরুষদের জামা‘আতে ইমামতি করতে পারবে না। কিন্তু পুরুষরা নারী-পুরুষ সকলের জামা‘আতে ইমামতি করতে পারবে।
- (৫) পুরুষদের জামা‘আতে ছালাত আদায়ের ক্ষেত্রে মহিলা একজন হলেও পুরুষদের পিছনে ভিন্ন কাতারে দাঢ়াতে হবে (বঙ্গনুবাদ বুখারী হা/৭২৭)।
- (৬) ছালাতের মধ্যে মহিলাদেরকে পায়ের গোড়ালী ঢেকে রাখতে হবে। কিন্তু পুরুষদের কাপড় থাকবে টাখনুর উপর পর্যন্ত (আবুদাউদ, ইবনু মাজাহ, মিশকাত হা/৪৩০১; বঙ্গনুবাদ মিশকাত হা/৪৩০৪)।

কেবল ছালাতেই নয়, অন্য কোন ইবাদতের ক্ষেত্রে নারী-পুরুষের মধ্যে পদ্ধতিগত কোন পার্থক্য নেই। যারা পার্থক্য করেন তারা নিজেদের মনগড়া ভাবে এটা করে থাকেন।

ছালাতে নারীর পোষাকঃ

আদর্শ মহিলারা যখন বাড়িতে অবস্থান করে তখন সাধারণ পোষাকে থাকে। আর যখন বাড়ী থেকে বের হয় তখন তারা তাদের সমস্ত শরীর সুন্দর করে ঢেকে বের হয়। অনুরূপভাবে যখন তারা ছালাত আদায় করে তখনও সুন্দরভাবে তার মাথা হ'তে পায়ের পাতা পর্যন্ত ঢেকে ছালাত আদায় করবে (বঙ্গনুবাদ বুখারী হা/৩৭২)। তবে ছালাতের মধ্যে চেহারা ঢাকা হাত মোয়া, পাঁ মোয়া পরার প্রয়োজন নেই।

আবদুল্লাহ ইবনু ওমর (রাঃ) তাঁর গোলাম নাফি'কে খালি মাথায় ছালাত আদায় করতে দেখে বললেন তুমি কি লোকের নিকট গেলে এ অবস্থায় যেতে? সে বলল, না। তখন তিনি বললেন, আল্লাহই সৌন্দর্য মণ্ডিত হওয়ার ব্যাপারে বেশী হকদার (বায়হাক্তী, আবুদাউদ)। অন্য বর্ণনায় আছে, লোকদের

তুলনায় আল্লাহই লজ্জার ব্যাপারে অধিক হকদার (আবুদাউদ, হাদীছ হাসান)।

ছালাতের বাইরে পর্দার ব্যাপারে আল্লাহ অধিক হকদার হ'লে শ্রেষ্ঠ ইবাদত ছালাতের ক্ষেত্রে তিনি আরো অধিক হকদার হবেন।

আল্লাহর বাণী, ‘প্রত্যেক মসজিদে তোমরা তোমাদের সুন্দর পোষাক গ্রহণ কর’ (আরাফ ৩১)। উক্ত আয়াত দ্বারা প্রমাণিত হয় যে, ছালাতের জন্য পোষাক সুন্দর হওয়া যরুবী। রাসূল (ছাঃ) বলেন, ‘কোন প্রাণবয়ক্ষা নারীর ছালাত চাদর ব্যতীত কবুল হয় না’ (আবুদাউদ, হাদীছ ছহীহ, ইরওয়াউল গালীল হা/১৯৬)।

অতএব ছালাত আদায়ের ক্ষেত্রে মহিলাদের পরিহিত সাধারণ পোষাকে যদি পায়ের পাতা পর্যন্ত ঢেকে যায়, তাহ'লে তার মাথা ঢাকার জন্য এমন একটি চাদর ব্যাবহার করতে হবে যাতে তার মাথা এমনভাবে ডেকে যায় যে কপালের সমস্ত চুল, কান ইত্যাদি আবৃত হয় ও শুধু মুখমণ্ডল বের হয়ে থাকে। রফটেল ইয়াদাইনের সময়ও যাতে বুক বা অন্য কোন অঙ্গ দেখা না যায়।

আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) ফজরের ছালাত আদায় করতেন আর আমি তাঁর সাথে অনেক মুমিনা মহিলাকে চাদর দিয়ে গা ঢেকে ছালাতের জামা‘আতে শরীক হ'তে দেখেছি। ছালাত আদায় শেষে তারা নিজ নিজ বাড়ী ফিরে যেত। তাদেরকে কেউ চিনতে পারত না (বঙ্গনুবাদ বুখারী হা/৩৭২)।

ছালাতে পর্দা করার জন্য ব্যবহৃত চাদর সাদা রঙের হওয়াই উত্তম। কেননা রাসূল (সা):-এর নিকট সাদা রং ছিল প্রিয় (ইবনু মাজাহ, মিশকাত হা/৩৭৭ পৃঃ)। ছালাতের সময় পুরুষদের কাঁধ খোলা রাখা নিষেধ।

বিবিধ জ্ঞাতব্য বিষয়

(১) ওয়ুর পর ছালাতের জন্য নিয়ত করতে হবে। (২) নিয়ত কোন ভাষায় মুখে উচ্চারণ করে পড়তে বা বলতে হবে না বরং মনে মনে কল্পনা করতে হবে। (৩) ছালাত সাধ্যানুসারে আদায় করতে হবে। দাঢ়িয়ে না পারলে বসে, বসে আদায় করতে না পারলে শুয়ে শুয়ে আদায় করতে হবে। (৪) ছালাতের মধ্যে দৃষ্টি সিজদার স্থানের দিকে রাখতে হবে। (৫) ছালাতের মধ্যে বৈঠকের সময় দৃষ্টি ডান হাতের শাহাদত আঙ্গুলের দিকে থাকবে। (৬) ছালাতের মধ্যে কোন কিছুর জন্য ইশারা করা যায়। (৭) ছালাতের মধ্যে থুথু ডান দিকে এবং সামনে ফেলা যাবে না। (৮) ছালাতের মধ্যে থুথু ফেলার প্রয়োজন হ'লে বাম হাতের তালুতে কিংবা রূমালের মধ্যে নতুনা বাম হাতের তালুতে নিয়ে বাম পায়ের গোড়ালীতে মুছে ফেলতে হবে। (৯) ছালাতের মধ্যে উচ্চস্বরে হাসা যাবে না। তবে মুচকি হাসি আসলে কোন দোষ নেই। (১০) ছালাতের মধ্যে ২য় কিংবা তৃয় রাক'আতে দাড়ানোর জন্য দুই হাত মাটিতে ভর করে দাড়াতে হবে। (১১) পুরুষের পোশাক টাখনুর উপরে এবং মহিলাদের পোশাক পায়ের পাতা পর্যন্ত হ'তে হবে। (১২) যদি ছালাতের মধ্যে কথা বলার প্রয়োজন হয় তাহ'লে পুরুষরা সুবহানাল্লাহ বলবে এবং মহিলারা ডান হাত দিয়ে বাম হাতের পিঠের উপরে সজোরে আঘাত করে হাত তালি দেয়ার মত শব্দ করবে। (১৩) ছালাতের মধ্যে হাঁচি আসলে আল-হামদুল্লাহ বলা যাবে কিন্তু কারো হাঁচির জবাব দেওয়া যাবে না। (১৪) ছালাতের মধ্যে সালামের জবাব দেওয়া যাবে না। তবে হাতের আঙ্গুলের ইশারায় সালামের জবাব দেওয়া যাবে। (১৫) সালামের মধ্যে কোমরে হাত রাখা যাবে না। তেমনি এক পায়ের উপর ভর করে অমনোযোগী হয়ে দাড়ানো যাবে না।

পাঁচ ওয়াক্ত ছালাতের সুন্নাতী ক্রিয়াআত

সূরা ফাতহা পাঠের পর ছালাতে অন্য ক্রিয়াআত হিসাবে কুরআনের যে কোন সূরা বা আয়াত যেটা সহজ তা পাঠ করা যায়। আল্লাহ বলেন,

فَقَرُّوا مَا تَيَسَّرَ مِنَ الْقُرْآنِ

‘অতঃপর তোমরা পাঠ কর কুরআন থেকে যা সহজ মনে কর’ (মুয়াম্বিল ২০)।

রাসূল (ছাঃ) পাঁচ ওয়াক্ত ছালাতে বিভিন্ন সময় বিভিন্ন সূরা বা আয়াত পাঠ করেছেন, যেগুলি আমাদের জন্য পাঠ করা সুন্নাত। বিভিন্ন হাদীছে সেসব আয়াত ও সূরা উল্লিখিত হয়েছে। নিম্নে রাসূল (ছাঃ) কর্তৃক বিভিন্ন ছালাতে পর্যট্ট ক্ষিরআত উল্লেখ করা হ'ল।-

ফজর ছালাতের ক্ষিরআতঃ

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) জুম‘আর দিন ফজর ছালাতের প্রথম রাক‘আতে ‘হাল আতা আলাল ইনসানি (সূরা আদ-দাহর) পড়তেন (মুভাফাক্ত আলাইহ, মিশকাত হা/৭৮০)। অন্য এক বর্ণনায় আছে, রাসূল (ছাঃ) ফজর ছালাতে সূরা তাকবীর পড়তেন (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৭৮)। অন্য হাদীছে আরো আছে, ফজর ছালাতে রাসূল (ছাঃ) সূরা তুর, সূরা মুমিনুন, সূরা কুফ ও অনুরূপ সূরা সম্মুহ পাঠ করতেন (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৭৭; বঙ্গানুবাদ হা/৭৭৩-৭৭৪)। সফরে থাকা কালীন রাসূল (ছাঃ) ফজর ছালাতে ‘নাস’ এবং ‘ফালাক্ত’ পড়তেন (আবুদাউদ, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৯০)। আরো উল্লেখ্য যে, ফজরের সুন্নাত ছালাতের দু’রাক‘আতেই যথাক্রমে সূরা ‘ইখলাছ’ ও ‘কাফিরুণ’ পড়তেন। অন্য এক বর্ণনায় আছে ফজরের সুন্নাত ছালাতে সূরা বাক্সারার ১৩৬ নং আয়াত থেকে পড়তেন এবং দ্বিতীয় রাক‘আতে সূরা আলে ইমরানের ৬৪ নং আয়াত থেকে পড়তেন (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৮৪-৭৮৫)। এক বর্ণনায় আছে রাসূল (ছাঃ) ফজরের ছালাতে দু’রাক‘আতে সূরা ‘বিলবাল’ পড়তেন (আবুদাউদ, বঙ্গানুবাদ মিশকাত হা/৮০২)।

যোহর ও আছর ছালাতের ক্ষিরআতঃ

জাবের (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যোহর ও আছর ছালাতে সূরা ‘লাইল’ এবং ‘আলা’ পড়তেন এবং আছরের ছালাতেও অনুরূপ সূরা পড়তেন (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৭২)। আবার কোন কোন সময় সূরা ‘বুরুজ’ ও ‘ত্বরিক’ পড়তেন (যাদুল মা‘আদ, হাদীছ ছহীহ, পঃ ২০৩)। অপর এক বর্ণনায় আছে, রাসূল (ছাঃ) যোহর ছালাতে সূরা সাজদার মত লম্বা ক্ষিরআত পড়তেন (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৭১)।

কিন্তু রাসূল (ছাঃ) যখন যোহর ছালাতে ক্ষিরআত দীর্ঘ করতেন তখন আছরের ছালাতেও তাই করতেন। আর যখন যোহর ছালাতে ক্ষিরআত সংক্ষিপ্ত করতেন তখন আছর ছালাতেও ক্ষিরআত সংক্ষিপ্ত করতেন (যাদুল মা‘আদ পঃ ২০৩)।

মাগরিব ছালাতের ক্ষিরাআতঃ

জুবাইর ইবনু মুতইম (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, আমি রাসূল (ছাঃ)-কে মাগরিব ছালাতে সূরা তুর পড়তে শুনেছি (বঙ্গানুবাদ বুখারী, হা/৭৬৫)। অন্য এক বর্ণনায় আছে, রাসূল (ছাঃ) মাগরিব ছালাতে সূরা মুরসলাত পড়তেন (বঙ্গানুবাদ বুখারী হা/৭৬৩)। তিনি মাগরিবের ছালাতে কোন কোন সময় সূরা ছফফাত, আদ-দুখান, সূরা আলা, ত্বীন, নাস, ফালাক, পড়তেন। কোন সময় তিনি কুরআনের সর্ববৃহৎ সূরা দুইটি এবং কোন সময় কেসারে মুফাচছাল অর্থাৎ বাইয়েনাহ হ'তে নাস পর্যন্ত সূরাগুলি পড়তেন (যাদুল মা'আদ পঃ ২০৪)।

এশার ছালাতের ক্ষিরাআতঃ

বর্ণিত আছে যে, রাসূল (ছাঃ) এশার ছালাতে সূরা ত্বীন এবং ইনশিক্তাকৃ পড়তেন (বঙ্গানুবাদ বুখারী, হা/৭৬৬-৭৬৭)। একদা মুআ'য ইবনু জাবাল (রাঃ) এশার ছালাতে সূরা 'বাক্সারাহ' পড়ায় একজন ছাহাবী বিরক্ত হয়ে ছালাত ছেড়ে দিয়ে রাসূল (ছাঃ)-এর নিকট দীর্ঘ ক্ষিরাআতের অভিযোগ করলে রাসূল (ছাঃ) মু'আযকে বললেন, তুম কি মানুষকে ফিতনায় ফেলবে? তুম এশার ছালাতে সূরা আশ-শামস, সূরা যুহা, আল-লাইল, আলা পড়বে (বুখারী, মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৭৫)।

জুম'আর দিন ফজর ছালাতে বিশেষ ক্ষিরাআতঃ

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) জুম'আর দিন ফজর ছালাতে প্রথম রাক'আতে সূরা 'সাজদা' এবং দ্বিতীয় রাক'আতে সূরা 'আদ-দাহ্র' পড়তেন (বুখারী, মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৮০)।

দুই ঈদ ও জুম'আর ছালাতের ক্ষিরাআতঃ

ওবাইদুল্লাহ ইবনু আবু রাফে (রাঃ) বলেন, একবার মারওয়ান আবু হুরায়রা (রাঃ)-কে মদীনায় নিজের স্থলাভিষিক্ত করে রেখে মক্কায় গেলেন। এসময় আবু হুরায়রা (রাঃ) জুম'আর ছালাতে আমাদের ইমামতি করলেন। তখন তার প্রথম রাক'আতে সূরা জুম'আ এবং দ্বিতীয় রাক'আতে সূরা মুনাফিকুন পড়লেন। অতঃপর বললেন, আমি রাসূল (ছাঃ)কে জুম'আর ছালাতে এদু'টি সূরা পড়তে শুনেছি (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/৭৮১)।

নু'মান ইবনু বা�শির (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) দুই ঈদে ও জুম'আর ছালাতে সূরা আলা এবং গাশিয়া পড়তেন। আর ঈদে ও জুম'আ যখন একই দিনে হত তখন তিনি এ দু'টি সূরা উভয় ছালাতেই পড়তেন (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/৭৮২)। উল্লেখ্য যে, রাসূল (ছাঃ) উভয় ঈদে সূরা কৃষ্ণ এবং ইকুতারাবাতিস সাআতু পড়তেন (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/ ৭৮৩)।

ছালাতে সূরা ফাতিহা ও অন্যান্য ক্ষিরাআতঃ

ছালাতে দো'আয়ে ইস্তিফতাহ পাঠ শেষে আউযুবিল্লাহ ও বিসমিল্লাহ নীরবে পড়বে। প্রকাশ থাকে যে, আউযুবিল্লাহ শুধু প্রথম রাক'আতে পড়তে হবে। পরবর্তী রাক'আতগুলিতে পড়ার প্রয়োজন নেই (ফিকহস সুন্নাহ ১/১০৯ পৃঃ; নায়ল ৩/১৯)। ইমাম ও মুজ্বাদী সকলের জন্য সর্ব প্রকার ছালাতে প্রতি রাক'আতে সূরা ফাতিহা পাঠ করতে হবে (মুজ্বাদু আলাইহ, মিশকাত হ/৭৬৫)। অতঃপর ৩/৪রাক'আত বিশিষ্ট ছালাতের প্রথম দুই রাক'আতে সূরা ফাতিহা পাঠের পর অন্য যে কোন সূরা বা কুরআন হ'তে যে কোন আয়াত পাঠ করতে হবে (মুয়াম্বিল ২০)। মুহুম্মদী মুজ্বাদী হ'লে জেহরী ছালাতে সূরা ফাতিহা পাঠের পর ইমামের কিরাআত মনোযোগ সহকারে শ্রবণ করবে (আরাফ ২০৪)। তবে যোহর ও আচর ছালাতে ইমাম ও মুজ্বাদী সকলেই সূরা ফাতিহা সহ অন্য সূরা পড়বে এবং শেষ দু'রাকা'আতে কেবল সূরা ফাতিহা পাঠ করবে (বঙ্গনুবাদ বুখারী হ/৭৭৬)।

নফল ছালাতঃ

পাঁচ ওয়াক্ত ছালাতের সাথে আরো কিছু ছালাত রয়েছে যার গুরুত্ব অপরিসীম। যা আমাদের দেশে সুন্নাত ও নফল নামে পরিচিত। আসলে সমস্ত সুন্নাতগুলিই হচ্ছে নফল। মূলতঃ ফরয বাদে সকল ছালাতই নফল। সুন্নাত ও নফলের মধ্যে তেমন কোন পার্থক্য নেই। তবে নফল ছালাতের মধ্যে এমন কিছু ছালাত আছে যার ব্যাপারে রাসূল (ছাঃ) কোন তাকীদ করেননি। আবার এমন কিছু ছালাত আছে যার ব্যাপারে রাসূল (ছাঃ) বিশেষভাবে তাকীদ করেছেন। সফর অবস্থায়ও রাসূল (ছাঃ) সেগুলি আদায় করেছেন এবং ছুটে গেলেও তার কায়া আদায় করেছেন।

আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) নফল ছালাত সমূহের মধ্যে কোন ছালাতের প্রতি এত অধিক লক্ষ্য রাখতেন না, যত লক্ষ্য রাখতেন ফজরের পূর্বের দুই রাক‘আত নফলের প্রতি (মুভাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত হা/১০৯৫)।

আয়েশা (রাঃ) হ’তে অপর এক বর্ণনায় আছে যে, রাসূল (ছাঃ) বলেছেন, ‘ফজরের দুই রাক‘আত ছালাত দুনিয়া ও তার মধ্যবর্তী সমস্ত জিনিস অপেক্ষা উত্তম’ (মুসলিম, মিশকাত হা/১০৯৬)।

عن ام حبيبة قالت قال رسول الله ﷺ منْ صَلَى فِي بَوْمٍ وَلَيْلَةٍ ثَنَتِي عَشَرَةَ رَكْعَةً
بُنَيَ لَهُ بَيْتٌ فِي الْجَنَّةِ أَرْبَعًا قَبْلَ الظَّهَرِ وَرَكْعَتَيْنِ بَعْدَهَا وَرَكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ وَرَكْعَتَيْنِ
بَعْدَ الْعِشَاءِ وَرَكْعَتَيْنِ قَبْلَ صَلَاةِ الْفَجْرِ.

উম্মু হাবিবা (রাঃ) হ’তে বর্ণিত রাসূল (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি দিনে এবং রাতে বার রাক‘আত নফল ছালাত আদায় করবে তার জন্য জাল্লাতে একটি ঘর নির্মাণ করা হবে। (উক্ত নফল ছালাতগুলি হচ্ছে) যোহরের পূর্বে চার রাক‘আত ও পরে দুই রাক‘আত। মাগরিবের পরে দুই রাক‘আত এবং এশার পরে দুই রাক‘আত ও ফজরের পূর্বে দুই রাক‘আত (তিরমিয়ী, বঙ্গানুবাদ মিশকাত হা/ ১০৯১)।

عن ام حبيبة قالت سَعِيتُ رَسُولَ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ حَفَظَ عَلَى أَرْبَعِ
رَكَعَاتٍ قَبْلَ الظَّهَرِ وَأَرْبَعَ بَعْدَهَا حَرَمَهُ اللَّهُ عَلَى النَّارِ.

উম্মু হাবিবা (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি, ‘যে ব্যক্তি যোহরের পূর্বে চার রাক‘আত ছালাতের হিফায়ত করল, আল্লাহ তার জন্য জাহান্নামকে হারাম করে দিবেন’ (আহমাদ, তিরমিয়ী, আবুদাউদ, নাসাই, ইবনু মাজাহ, হাদীছ ছহীহ, বঙ্গানুবাদ মিশকাত হা/১০৯৯)।

عن ابن عمر رض قال قال رسول الله ﷺ رَحِيمَ اللَّهُ إِمْرًا صَلَى قَبْلَ الْعَصْرِ أَرْبَعًا

আবদুল্লাহ ইবনু ওমর (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি আছরের পূর্বে চার রাক‘আত ছালাত আদায় করবে আল্লাহ তার উপর রহমত বর্ষণ করবেন’। অন্য এক বর্ণনায় আছরের পূর্বে দুই রাক‘আত ছালাতের কথা ও আছে (আহমাদ, তিরমিয়ী, আবুদাউদ, বঙ্গানুবাদ মিশকাত)।

উল্লিখিত হাদীছ সমূহ দ্বারা বুঝা যায় যে, ফজরের পূর্বে দুই রাক'আত, যোহরের পূর্বে চার রাক'আত ও পরে দুই রাক'আত, আছরের পূর্বে চার রাক'আত, মাগরিবের পরে দুই রাক'আত এবং এশার পরে দুই রাক'আত ছালাত আদায় করা সুন্নাত বা নফল। উক্ত নফল ছালাতগুলো রাসূল (ছাঃ) নিজে আদায় করেছেন এবং ছাহাবীগণকে আদায় করতে নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, এগুলি ব্যতীত মাগরিবের পরে যে ছয় রাক'আত বা বিশ রাক'আত ছালাত আদায়ের কথা বলা হয়, তা ভিত্তিহীন। তবে মাগরিবের ফরযের পূর্বে দুই রাক'আত ছালাত আদায় করা যায় (বঙ্গনুবাদ মিশকাত হা/১১৮৪)। ফরয ও নফল ছালাতের মধ্যে স্থান পরিবর্তন করে পার্থক্য করা এবং চার রাক'আত বিশিষ্ট নফল ছালাতগুলি দুই সালামে পড়াই সুন্নাত।

উপরোক্ত নফল ছালাতের প্রতি যত্নবান হওয়া প্রত্যেক আদর্শ নারীর জন্য অবশ্য কর্তব্য।

বিভিন্ন ছালাতের পরিচয়

পাঁচ ওয়াক্ত ফরয ছালাতের সঙ্গে সংশ্লিষ্ট নফল ছালাত ছাড়া আরো কিছু ছালাত রয়েছে, যেগুলির ব্যাপারে রাসূল (ছাঃ) বিশেষভাবে গুরুত্বারূপ করেছেন। ছালাতগুলির পরিচয় নিম্নে দেওয়া হ'ল।-

জুম'আর ছালাতঃ

১ম হিজরাতে মদীনায় হিজরতের সময় কুবা ও মদীনার মধ্যবর্তী বনু সালেম গোত্রে সর্বপ্রথম রাসূল (ছাঃ) জুম'আর ছালাত আদায় করেন (মির'আত ২/২৮৮)। শহরে হোক কিংবা গ্রামে হোক প্রত্যেক জ্ঞানবান বয়স্ক মুসলমানের উপর জুম'আর ছালাত আদায় করা ফরয (জুম'আ ৯)। গোলাম, রোগী, মুসাফির, শিশু ও মহিলাদের উপর জুম'আ ফরয নয়। তবে মহিলাগণ জুম'আর ছালাতে উপস্থিত হ'লে তাদেরকে বারণ করা যাবে না (মুসলিম হা/১০৫৯; আবুদাউদ, মিশকাত হা/১৩৭৭; বঙ্গনুবাদ বুখারী হা/৯০০)।

জুম'আর ফয়লতঃ

জুম'আর দিন অতি মহিমান্বিত দিন। এ মর্মে নিচের হাদীছটি বিশেষভাবে প্রণিধানযোগ্য।

عَنْ أَبِي هَرِيرَةَ رَضِيَ اللَّهُ تَعَالَى عَنْهُ عَنْ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ تَعَالَى لِلْأَخْرُونَ السَّابِقُونَ يَوْمَ الْقِيَامَةِ اُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِنَا وَأَوْتَيْنَا مِنْ بَعْدِهِمْ فَهَذَا الْيَوْمُ الَّذِي اخْتَلَفُوا فِيهِ فَهَدَاهَا اللَّهُ وَالنَّاسُ لِنَافِيَهِ تَبَعَ وَالْيَهُودُ غَدَّا وَالنَّصَارَى بَعْدَ غَدِّ.

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘আমরা দুনিয়ায় আগমনের দিক দিয়ে সর্বশেষ। কিন্তু ক্ষয়ামতের দিন মর্যাদার দিক দিয়ে সবার পূর্বে। তবে তাদের কিতাব দেওয়া হয়েছে আমাদের পূর্বে এবং আমাদেরকে দেওয়া হয়েছে তাদের পরে। অতঃপর এই দিন (শুক্রবার) সম্পর্কে তাদের মধ্যে মতানৈক্য রয়েছে। আল্লাহ আমাদেরকে এই শুক্রবার সম্পর্কে হিদায়াত দান করেছেন। পরের দিন ইয়াতুন্দীদের, তার পরের দিন নাছারাদের’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৩৪৫; বঙ্গনুবাদ বুখারী হা/৮৯৬)। মহান আল্লাহ এই দিনে দুনিয়া সৃষ্টি করেছেন এবং এই দিনে তিনি দুনিয়া ধ্বংস করবেন। এই দিনে আদম (আঃ)-কে সৃষ্টি করেছেন। পবিত্র কুরআন এই দিনে অবতীর্ণ হয়। তাই এই দিনটি অতি সম্মানিত। এ দিনে এমন একটি সময় রয়েছে যে সময়ে বান্দা তার প্রতিপালকের নিকট কিছু চাইলে তা ফিরিয়ে দেওয়া হয় না। অর্থাৎ তা দান করেন। অতএব জুম‘আর দিন দো‘আ, দরুদ, তাসবীহ, তেলাওয়াত ও ইবাদতে কাটিয়ে দেওয়া উচিত (যাদুল মা‘আদ ১/৩৮৬)। এ দিন খতীব স্বীয় খুৎবায় এবং ইমাম ও মুকাদ্দিগণ সিজদায় ও শেষ বৈঠকে তাশাহুদ ও দরবারের পর সালামের পূর্বে আল্লাহর নিকট প্রাণ খুলে দো‘আ করবেন। কেননা রাসূল (ছাঃ) এ সময় বেশী বেশী দো‘আ করতেন (মুসলিম, মিশকাত হা/৮৯৪)।

عَنْ أَبِي بَرْدَةَ بْنِ أَبِي مُوسَى قَالَ سَمِعْتُ أَبِي يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ يَقُولُ شَانْ سَاعَةً الْجُمُعَةِ هِيَ مَا بَيْنَ أَنْ يَجْلِسَ الْإِمَامُ إِلَى أَنْ تَقْضِيَ الْصَّلَاةَ

আবু বুরদা ইবনু আবু মূসা (রাঃ) বলেন, ‘আমি আমার পিতা আবু মূসাকে বলতে শুনেছি তিনি বলেন, আমি শুনেছি রাসূল (ছাঃ) জুম‘আর দিনের সেই সময়টা সম্পর্কে (যে সময় বান্দা তার প্রতিপালকের নিকট যা চাইবে তাই পাবে) বলেন, উহা ইমামের মিস্ত্রে বসা হ'তে ছালাত শেষ হওয়া পর্যন্ত (মুসলিম, মিশকাত হা/১৩৫৭-১৩৫৮)। জুম‘আর দিন সুন্দরভাবে গোসল করে সাধ্যমত উন্নত পোশাক পরে ও সুগন্ধি লাগিয়ে আগে আগে মসজিদে যাবে (বুখারী, মিশকাত হা/১৩৮৭)।

অন্য এক বর্ণনায় আছে রাসূল (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি জুম‘আর দিনে গোসল করে সাধ্যানুযায়ী উত্তম পোশাক পরিধান করে, তেল মালিশ করে অথবা সুগন্ধি থাকলে তা লাগিয়ে মসজিদে যাবে এবং দুই ব্যক্তির মাঝে ফাঁকা রাখবে না। তারপর ইমাম যখন খৃত্বা দিবে তখন চুপ করে খৃত্বা শুনবে, নিশ্চয়ই তার এক জুম‘আ হ’তে অপর জুম‘আ পর্যন্ত সমস্ত ছগীরা গুনাহ সমূহ মাফ করে দেওয়া হয় (বুখারী, মিশকাত হা/১৩৮৭)।

জুম‘আর দিন যে যত আগে মসজিদে যাবে সে তত বেশী নেকীর অধিকারী হবে। রাসূল (ছাঃ) বলেন, ‘যখন জুম‘আর দিন আসে ফেরেশতাগণ মসজিদের দরজায় এসে দাঁড়ায় এবং যে যত আগে আসে তার তত বেশী নেকী লিখতে থাকেন। এদিন যে সর্বপ্রথম মসজিদে আসে তার জন্য একটি উট কুরবানী করার সম্পরিমাণ ছাওয়ার লেখা হয়। এরপর যে আসে তার জন্য একটি গরু কুরবানী করার সম্পরিমাণ ছাওয়ার লেখা হয়। তারপর আগমনকারীর জন্য একটি দুষ্প্রাপ্ত দান করার সম্পরিমাণ ছাওয়ার লেখা হয়। অনুরূপভাবে আগমনকারীরা ছাওয়া পেতে থাকেন। যখন ইমাম খৃত্বা জন্য বের হন ফেরেশতাগণ তখন খাতা বন্ধ করেন এবং খৃত্বা শুনতে থাকেন’ (মুভাফাক্ত আলাইহ, মিশকাত হা/১৩৮৪; বঙ্গনুবাদ মিশকাত হা/১৩০২)।

খৃত্বা চলাকালীন সময়ে চুপ করে খৃত্বা শ্রবণ করা যক্ষরী এবং কথা বলা হারাম (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১৩০৩)। এমনকি কেউ যদি কথা বলে তাকেও চুপ কর বলা ঠিক নয় (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৩৮৫; বঙ্গনুবাদ মিশকাত হা/১৩০৩)।

জুম‘আর খৃত্বাঃ

জুম‘আর জন্য দু’টি খৃত্বা দেওয়া সুন্নাত। দুই খৃত্বার মাঝখানে বসতে হয় (আর-রওয়া ১/৩৮৫ পঃ)। ইমাম যিষ্টরে বসার সময় মুছল্লাদের উদ্দেশ্যে সালাম দিবেন। আবুবকর, ওমর (রাঃ) নিয়মিত এটি করতেন। খত্তীব ছাহেব হাতে লাঠি নিয়ে দাঢ়িয়ে খৃত্বা দিবেন। ১ম খৃত্বায় হামদ, ছানা ও ক্রিরাআত ছাড়াও সকলকে নষ্টাহত করবেন। অতঃপর বসবেন। দ্বিতীয় খৃত্বায় হামদ, দরদ সহ সকল

মুসলমানের জন্য দো'আ করবেন (ইবনু মাজাহ, আহমাদ, তাবারানী, ফিকহস সুন্নাহ ১/২৩০-২৩৪)।

ইমাম শাফেটি (রহঃ) হামদ, দরন্দ ও নছীহত এই তিনটি বিষয়কে খুৎবার জন্য ওয়াজিব বলেছেন। এতদ্বয়তীত সূরা কুফ-এর প্রথমাংশ বা অন্য কিছু আয়াত তেলাওয়াত করা মুস্তাহাব (মির'আত ২/৩০৮, ৩১০ পৃঃ)। খুৎবা মুছল্লীদের বোধগম্য ভাষায় প্রদান করতে হবে। শ্রোতগণকে জান্নাতের প্রতি উৎসাহ প্রদান ও জাহানামের ভীতি প্রদর্শন করাই ছিল রাসূল (ছাঃ)-এর খুৎবার বিষয়। খুৎবার মূল উদ্দেশ্যও এটাই। আর এজন্যই খুৎবার প্রচলন করা হয়েছে। জুম'আর দিনের প্রতি বিশেষ গুরুত্বারোপ করে রাসূল (ছাঃ) বলেন, যারা জুম'আর দিন জুম'আর ছালাত হ'তে বিরত থাকে, আমার মনে হয় আমি তাদের ঘরে আগুন লাগিয়ে জ্বালিয়ে দেই। জুম'আর দিনে যাবতীয় কাজের ঝামেলা থেকে মুক্ত থেকে কেবল আল্লাহর ইবাদত-বন্দেগীতে সময় কাটানো প্রত্যেক মুমিন নর-নারীর জন্য যরুবী।

প্রকাশ থাকে যে, জুম'আর পূর্বে নির্দিষ্ট কোন সুন্নাত ছালাত নেই। মুছল্লী কেবল তাহিয়াতুল মসজিদ দু'রাক'আত ছালাত পড়ে বসে থাকবে। সময় পেলে খুৎবার পূর্ব পর্যন্ত যত খুশী নফল ছালাত আদায় করতে পারে। জুম'আর ছালাতের পরে মসজিদে চার রাক'আত অথবা বাড়িতে এসে দুই রাক'আত ছালাত আদায় করতে হয়। মসজিদে কিংবা বাড়িতে ২-৪ মোট ৬ রাক'আত নফল ছালাত আদায় করা যায় (মুসলিম, মিশকাত হা/১১৬৬; মির'আত ১১৪৮ পৃঃ)।

দুই ঈদের ছালাতঃ

ঈদায়েনের ছালাত ১ম হিজরী সনে চালু হয়। ঈদায়েন হ'ল মুসলিম উম্মাহর জন্য আল্লাহর নির্ধারিত বার্ষিক দুইটি আনন্দ উৎসবের দিন। ঈদায়েনের উৎসবের দিন দু'টি হচ্ছে মুসলমানদের একে অপরের সাথে মিলিত হওয়ার দিন। এই দিনে বংশগৌরব, হিংসা-বিদ্রোহ ইত্যাদি পরিহার করে ধনী-নির্ধন সকলে মিলে এক সাথে ঈদের আনন্দ উপভোগ করা আবশ্যিক। পবিত্রতা ও ধর্মীয় ভাবগান্ধীর্যের মধ্য দিয়ে এদিন দু'টি পালিত হবে। এতে আনন্দ উৎসবের নামে অশ্লীলতা যেমন থাকবে না, তেমনি বিনোদনের নামে উচ্ছৃংখলতা ও বিজাতীয় সংস্কৃতির চর্চা করাও যাবে না।

প্রাক ইসলামী যুগে আরব দেশে অন্যদের অনুকরণে নববর্ষ ও অন্যন্য উৎসব পালনের রেওয়ায় ছিল। রাসূল (ছাঃ) মদীনায় হিজরত করে দেখলেন যে, মদীনাবাসী বছরে দু'দিন খেলাধুলা ও আনন্দ উৎসব করে। তখন রাসূল (ছাঃ) তাদেরকে বললেন,

قَدْ أَبْدَلَكُمُ اللَّهُ بِهِمَا خَيْرًا مِنْهُمَا يَوْمَ الْأَضْحَى وَيَوْمَ الْفِطْرِ

‘আল্লাহ তোমাদের এ দু'দিনের পরিবর্তে দু'টি মহান উৎসবের দিন প্রদান করেছেন। ঈদুল আযহা ও ঈদুল ফির’ (আবুদাউদ, মিশকাত হা/১৪৩৯; বঙ্গনুবাদ মিশকাত হা/১৩৫৫)।

গুরুত্বঃ ঈদায়নের ছালাত সুন্নাতে মুওয়াক্তাদাহ। এটা সূর্যোদয়ের পরে সকাল সকাল খোলা ময়দানে গিয়ে পড়তে হয়। রাসূল (ছাঃ) নিয়মিতভাবে এ ছালাত আদায় করেছেন এবং নারী-পুরুষ সকল মুসলমানকে ঈদায়নের জামা ‘আতে হাযির হওয়ার নির্দেশ দিয়েছেন (ফিক্হস সুন্নাহ ১/২৩৬পঃ)। ঈদায়নের ছালাতের গুরুত্ব অপরিসীম। সকল নারী-পুরুষকে তো ঈদের মাঠে যেতে হবে। এমনকি ঝাতুবতী মহিলাদেরকেও যেতে হবে। তারা ছালাত আদায়কারীদের নিকট থেকে দূরে অবস্থান করবে এবং তাকবীর ও দো'আয় শরীক হবে (বঙ্গনুবাদ বুখারী হা/৯৭৪-৯৮১; মুসলিম, মিশকাত হা/১৪৩১)। শুধু তাই নয়, যাদের পর্দা করে ঈদের মাঠে যাওয়ার মত চাদর নেই, তাদেরকে সাথীদের চাদর মাথায় দিয়ে যাওয়ার কথা বলা হয়েছে (বঙ্গনুবাদ বুখারী হা/৯৮০; মুসলিম, মিশকাত হা/১৪৩১)। মহিলারা সকল ছালাতে পুরুষদের পিছনে থাকবে।

ঈদায়নের দিনে করণীয়ঃ

জুম‘আর দিনে যেমন সাধ্যমত সুন্দর পোশাক পরিধানের কথা বলা হয়েছে, ঈদায়নের ব্যাপারে তেমনটি বলা হয়নি। রাসূল (ছাঃ) খুব প্রত্যয়ে ঈদগাহের দিকে রওয়ানা হ'তেন। ঈদুল ফিতরের দিন তিনি কিছু না খেয়ে বের হ'তেন না। এদিন তিনি বেজোড় সংখ্যক কয়েকটি খেজুর খেতেন (বুখারী, মিশকাত হা/১৪৩৩; বঙ্গনুবাদ মিশকাত হা/১৩৪৯)। অন্য এক বর্ণনায় আছে-

عَنْ بُرِيْدَةَ قَالَ كَانَ النَّبِيُّ لَا يَخْرُجُ يَوْمَ الْفِطْرِ حَتَّىٰ يَطْعُمَ وَلَا يَطْعُمُ يَوْمَ الْاَضْحَىٰ حَتَّىٰ يُصْلِيَ .

বুরাইদা আসলামী বলেন, নবী করীম (ছাঃ) ঈদুল ফিতরের দিনে কিছু না খেয়ে বের হ'তেন না এবং ঈদুল আযহার দিন ছালাত আদায় না করা পর্যন্ত কিছু খেতেন না (তিরমিয়ী, ইবনু মাজাহ, দারেমী, বঙ্গনুবাদ মিশকাত হা/১৩৫৬ সনদ ছহীহ)।

রাসূল (ছাঃ) ঈদগাহে পৌঁছে প্রথমে দু’রাক’আত ছালাত আদায় করতেন। তারপর খৃৎবা দিতেন (মুভাফাক্ত আলাইহ, মিশকাত হা/১৪২৬; বঙ্গনুবাদ মিশকাত হা/১৩৪২)। খৃৎবায় জনতাকে লক্ষ্য করে উপদেশ দিতেন ও নষ্টীহত করতেন। আর সে নষ্টীহত ছিল পরকালের ভয়, আল্লাহর আনুগত্যের প্রতি উদ্বৃদ্ধ করা। তিনি প্রয়োজন মাফিক কথা বলতেন। বিশেষ করে মহিলাদেরকেও ভিন্নভাবে উপদেশ দিতেন (বঙ্গনুবাদ বুখারী হা/৯৭৮; মুসলিম, মিশকাত হা/১৪২৯)।

ঈদের দিনে বেশী তাকবীর বলার কথা এসেছে। এমনকি ঈদুল আযহার চাঁদ দেখার পর হ'তে রাসূল (ছাঃ) তাকবীর বলতেন (বুখারী হা/৯৭০)।

ইবনু আবুস (রাঃ) হ'তে বর্ণিত নবী করীম (ছাঃ) বলেছেন, যিলহজ্জ মাসের প্রথম দশদিনের আমল অন্যান্য দিনের আমলের তুলনায় উত্তম। তারা জিঞ্জেস করলেন, জিহাদও কি উত্তম নয়? নবী করীম (ছাঃ) বললেন, জিহাদও নয়। তবে সে ব্যক্তির কথা আলাদা, যে নিজের জান মালের ঝুঁকি নিয়েও জিহাদ করে এবং কিছুই নিয়ে ফিরে আসে না (বঙ্গনুবাদ বুখারী হা/৯৬৯)।

ঈদের দিন ছালাতের আগে কুরবানী করা যাবে না। যে ছালাতের আগে কুরবানী করবে তার কুরবানী কুরবানী হিসাবে গণ্য হবে না (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১৩৫৩)। প্রকাশ থাকে যে, যিলহজ্জ মাসে চাঁদ দেখার পর হ'তে কুরবানীর দিন পর্যন্ত নথ, চুল কাটা সুন্নাত পরিপন্থী।

ঈদের ছালাতের পদ্ধতি:

অন্যান্য ছালাত হ'তে ঈদের ছালাতের পদ্ধতি একটু ভিন্নতর। এক্ষামত ও আযান ছাড়াই ১ম রাক’আতে তাকবীরে তাহরীমা ও ছানা পাঠের পর ধীর-স্থিরভাবে স্বল্প বিরতি সহ পর পর সাত তাকবীর দিয়ে আউয়ুবিল্লাহ-বিসমিল্লাহ সহ ইমাম সরবে সূরা ফাতিহা ও অন্য সূরা পড়বেন। আর মুকাদ্দিগণ চুপে চুপে কেবল সূরা

ফাতিহা পড়বেন। তারপর রক্ত-সিজদা সেরে অনুরূপভাবে ২য় রাক‘আতে দাঢ়িয়ে ধীর-স্থিরভাবে পর পর পাঁচ তাকবীর দিয়ে কেবল বিসমিল্লাহ সহ সূরা ফাতিহা ও অন্য সূরা পড়বেন।

রাসূল (ছাঃ) এসময় ১ম রাক‘আতে সূরা কৃষ্ণ অথবা ‘আলা এবং দ্বিতীয় রাক‘আতে সূরা ‘কামার’ অথবা ‘গাশিয়া’ পড়তেন (মুসলিম, মিশকাত হা/৮৪০-৮১)। প্রত্যেক তাকবীরের সময়ে হাত কাঁধ পর্যন্ত উঠাতে হবে এবং বুকে বাঁধবে। তাকবীর বলতে ভুলে গেলে বা গণনায় ভুল হ’লে তা পুনরায় বলতে হয় না বা সিজদায়ে সাহে লাগে না (মির‘আত হা/১৪৫৭, ২/৩৪১পঃ)।

রাতের ছালাত বা তাহাজ্জুদ ছালাত

রাতের ছালাত বা তাহাজ্জুদ ছালাত নফল হ’লেও তা খুবই গুরুত্বপূর্ণ। রাসূল (ছাঃ) বলেন ‘ফরয ছালাতের পরে সর্বোত্তম ছালাত হল রাতের ছালাত’ (মুসলিম, মিশকাত হা/২০৩৯; বঙ্গনুবাদ মিশকাতহা/১৯৪১)। রাতের ছালাত শেষে বিতর ছালাত পড়তে হয় (মুসলিম, মিশকাত হা/১২৪৮)। তারাবীহ ও তাহাজ্জুদ দু’টিই রাতের ছালাতের অন্তর্ভুক্ত। রামাযান মাসে এটাকে তারাবীহ বলা হয়। অন্যান্য মাসে আদায় করা হ’লে একে তাহাজ্জুদ বলা হয়। মূলতঃ এ দু’ছালাত একই। রামাযান মাসে প্রথম রাতে তারাবীহ পড়লে শেষ রাতে তাহাজ্জুদ পড়তে হয় না (আবুদাউদ, তিরমিয়ী, মিশকাত হা/১২৯৮; বঙ্গনুবাদ মিশকাত হা/১২২৪)। তারাবীহ বা তাহাজ্জুদে রাসূল (ছাঃ) লম্বা ক্রিয়াত সহ দীর্ঘ সময় ধরে ক্রিয়াম, কু‘উদ, রক্তু, সিজদা ও তাসবীহ পাঠে ষশগূল থাকতেন। রামাযান মাসের ২৩, ২৫ ও ২৭ যে তিন দিন তিনি মসজিদে নববৌতে জামা‘আত সহকারে তারাবীহ পড়েছিলেন সে তিন দিনের প্রথম দিন রাতের এক তৃতীয়াংশ পর্যন্ত, দ্বিতীয় দিন মধ্যরাত্রি পর্যন্ত ও তৃতীয় দিন স্ত্রী-কন্যাসহ সাহারীর পূর্ব পর্যন্ত দীর্ঘ ছালাত আদায় করেন। মুহুল্লাদের দারুন আগ্রহ দেখে তারাবীহ ফরয হয়ে যাওয়ার ভয়ে তিনি আর জামা‘আত সহকারে তারাবীহ পড়াননি (মির‘আত হা/১৩১১)।

এক নয়রে রাতের নফল ছালাতের রাক‘আত সংখ্যা ও নিয়মঃ

রাসূল (ছাঃ) রাতের ছালাত ১৩ রাক‘আতের বেশী পড়েননি। ১৩ রাক‘আত ছালাত আদায় করলে প্রথমে দুই দুই করে আট রাক‘আত তারাবীহ বা তাহাজ্জুদ পড়তেন। তারপর একটানা পাঁচ রাক‘আত বিতর পড়তেন (মুসলিম প্রভৃতি)।

অথবা দুই দুই করে বার রাক‘আত পড়ে তারপর ১ রাক‘আত বিতর পড়তেন (মুসলিম, মিশকাত হা/১১৯৭)।

১১ রাক‘আতঃ দুই দুই করে ৮ রাক‘আত অতঃপর একটানা তিনি রাক‘আত বিতর পড়ে শেষ বৈঠক করবে (বুখারী, মুসলিম)। রামায়ান ও অন্যান্য সময়ে এটা ছিল রাসূল (ছাঃ)-এর অধিকাংশ রাতের আমল। ১১ রাক‘আত- দুই দুই করে মোট ১০ রাক‘আত এবং পরে এক রাক‘আত বিতর পড়তে হবে। অথবা ২ রাক‘আত তারাবীহ পড়ে একটানা ৮ রাক‘আত পড়ে ১ম বৈঠক করে নবম রাক‘আত শেষে বৈঠক করে ৯ রাক‘আত বিতর পড়তেন (মুসলিম)।

৯ রাক‘আতঃ দুই দুই করে ৬ রাক‘আত। অতঃপর তিনি রাক‘আত বিতর। অথবা একটানা ৭ রাক‘আত বিতর পড়ে সালাম ফিরাবে। অতঃপর ২ রাক‘আত সহ মোট ৯ রাক‘আত পড়বে (মুসলিম হা/১৩৯ ‘মুসাফিরের ছালাত’ অধ্যায়; ছহীহ ইবনু খুয়ায়মা হা/১০৭৮)।

৭ রাক‘আতঃ দুই দুই করে ৬ রাক‘আত অতঃপর ১ রাক‘আত বিতর। অথবা দুই দুই করে ৪ রাক‘আত। অতঃপর তিনি রাক‘আত বিতর (বুখারী)।

৫ রাক‘আতঃ দুই দুই করে ৪ রাক‘আত। অতঃপর ১ রাক‘আত বিতর। অথবা একটানা পাঁচ রাক‘আত বিতর পড়তেন। দুই দুই করে ৮ রাক‘আত অতঃপর একটানা ও রাক‘আত বিতর। এটা ছিল রাসূল (ছাঃ)-এর তারাবীহ ও তাহাজ্জুদ। বৃদ্ধাবস্থায় কিংবা সময় কম থাকলে ঐ নিয়মে আদায় করতেন।

প্রকাশ থাকে যে, ২০ রাক‘আত তারাবীহ বা তাহাজ্জুদের প্রমাণে বর্ণিত হাদীছগুলির কিছু জাল, বাকী সব ঘষ্টফ (আলবানী, হাশিয়া মিশকাত হা/১৩০২; ১/৪০৮ পৃঃ; ইরওয়া হা/৮৪৬, ৪৪৫; মির‘আত হা/১৩০৮)।

রাসূল (ছাঃ) দু’রাক‘আত অন্তর সালাম ফিরিয়ে ৮ রাক‘আত তারাবীহ শেষে কখনো এক কখনো তিনি কখনোবা পাঁচ রাক‘আত বিতর এক ছালামে পড়তেন। জেনে রাখা আবশ্যিক যে, ছালাতের রাক‘আত সংখ্যা শুধু বৃদ্ধি না করে যথার্থ ‘খুশ-খুয়ু’ সহকারে ক্রিয়াম-কু’উদ, রঞ্কু’-সুজুদ সঠিকভাবে আদায় করে দীর্ঘ সময় নিয়ে ছালাত আদায় করাই উত্তম।

যদি কেউ এশার ছালাত পড়ার পর বিতর আদায় করে ঘুমিয়ে যায় এবং শেষ রাতে তাহাজ্জুদ পড়ার ইচ্ছা করে তাহ’লে তাহাজ্জুদ পড়ে তাকে আর পুনরায়

বিতর পড়তে হবে না। কেননা এক রাতে দুইবার বিতর পড়ার প্রয়োজন নেই (নায়ল ৩/৩১৪-১৭পৃঃ ‘বিতর’ অধ্যায়)। ছালাত শেষে তিনবার ‘সুবহঃনাল মালিকিল কুন্দুস’ পড়া উচিত (আবুদাউদ, নাসাই, মিশকাত হা/১২৭৪)। অতঃপর ইচ্ছা করলে দুরাক ‘আত’ নফল ছালাত হালকাভাবে আদায় করতে পারে। সেখানে সূরা ‘যিলযাল’ ও ‘কাফিরণ’ পড়া যায়। তবে অন্য সূরাও পড়া যায় (মুয়াম্পিল ২০)।

নবী করীম (ছাঃ) রাতের ছালাতের জন্য উঠলে যা পড়তেনঃ

ইবনু আবুস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বিছানা থেকে উঠে সূরা আলে ইমরানের শেষ রূক্ত পাঠ করতেন (রুখারী, মুসলিম, মিশকাত, বঙ্গনুবাদ মিশকাত হা/১১২৭)। অন্য বর্ণনায় আছে রাসূল (ছাঃ) বিছানা থেকে উঠে আকাশের দিকে তাকিয়ে সূরা আলে ইমরানের শেষ রূক্তুর ১ম পাঁচ আয়াত পড়তেন (নাসাই, মিশকাত হা/১২০৯; বঙ্গনুবাদ মিশকাত হা/১১৪১)।

সূরা আলে ইমরানের শেষ রূক্তুর ১ম পাঁচ আয়াতঃ

إِنَّ فِيْ خَلْقِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَاحْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ لَآيَاتٍ لَّا يُلَيِّ الْأَلْبَابِ- الَّذِينَ
يَذْكُرُونَ اللَّهَ قِيَامًا وَقُعُودًا وَعَلَى جُنُوبِهِمْ وَيَنْفَكِرُونَ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ- رَبَّنَا مَا
خَلَقْتَ هَذَا بَاطِلًا سُبْحَانَكَ فَقِنَا عَذَابَ النَّارِ- رَبَّنَا إِنَّكَ مَنْ تُدْخِلُ النَّارَ فَقْدَ أَخْزَيْتَهُ وَمَا
لِلظَّالَمِينَ مِنْ أَنْصَارٍ- رَبَّنَا إِنَّنَا سَمِعْنَا مُنَادِيًّا يُنَادِي لِلْإِيمَانِ أَنْ آمِنُوا بِرَبِّكُمْ فَامْنَأْ، رَبَّنَا
اغْفِرْلَنَا دُنْوَبِنَا وَكَفَرْ عَنَّا سِيَّاتِنَا وَتَوَفَّنَا مَعَ الْأَبْرَارِ- رَبَّنَا وَأَتَنَا مَا وَعَدْنَا عَلَى رُسُلِكَ وَلَا
تُخْزِنَا يَوْمَ الْقِيَامَةِ إِنَّكَ لَا تُخْلِفُ الْبَعْدَ-

উচ্চারণঃ ইন্না ফী খলক্সি সামা-ওয়া-তি ওয়াল আরয়ি ওয়াখতিলা- ফিললাইল ওয়ানানাহা-রি লাআ-ইয়া-তিল লি উলিল আলবাব। আল্লায়ীনা ইয়ায কুরুনাল্ল-হা ক্ষিইয়া-মাঁও ওয়া কু-উদাঁও ওয়া ‘আলা- জুনুবিহিম ওয়া ইয়াতাফাককারণা ফী খলক্সি সামা-ওয়া-তি ওয়াল আরয়ি, রববানা- মা- খলাকৃতা হা-যা বা-ত্তিলান সুবহঃনাকা ফাক্সিনা- ‘আয়া-বান্না-র। রববানা- ইন্নাকা মাংতুদখিলিননা-রা ফাক্স আখবাইতাহ, ওয়ামা- লিয়য-লিমীনা মিন আংছ-র। রববানা-ইন্নানা- সামি’না মুনা-দিইয়াই ইউনা-দী লিল স্টমানি আন আ-মিনু বিরবিকুম ফা আ-মান্না,

রবৰানা- ফাগফির লানা- যুনুবানা- ওয়া কাফফির আন্না- সাইয়ি আ-তিনা- ওয়া তাওয়াফফানা- মা'আল আবর-হ। রবৰানা- ওয়া আ-তিনা মা- ওয়াত তানা- 'আলা- রসুলিকা ওয়লা- তুখবিনা- ইয়াওমাল ক্ষিইয়া-মাতি ইন্নাকা লা- তুখলিফুল মী'আদ।

রাসূল (ছাঃ) তাহাজ্জুদ ছালাত পড়ার জন্য উঠে ১০ বার আল্ল-হ আকবার, ১০ বার আল-হ:মদু লিল্লাহ, ১০ বার সুবহ:নাল্লা-হি ওয়া বিহঃমদিহী, ১০ বার আস্তাগফিরগ্ল-হ, ১০ বার লা-ইলা-হ ইলাল্ল-হ পড়তেন। প্রকাশ থাকে যে, সুবহ:নাল মালিকিল কুদুস এবং আল্ল-হম্মা ইন্নী আউযুবিকা মিন যীক্ষিদুনইয়া ওয়া যীক্ষি ইয়াওমাল ক্ষিয়ামাহ ১০ বার করে বলার প্রমাণে পেশকৃত হাদীছটি ঘষ্টেফ (আবুদাউদ, মিশকাত হ/১২১৬)।

আবদুল্লাহ ইবনু আববাস (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) যখন রাতে তাহাজ্জুদে দাঁড়াতেন তখন পড়তেনঃ

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ قَيْمُ السَّمَاوَاتِ وَ الْأَرْضِ وَ مَنْ فِيهِنَّ وَ لَكَ الْحَمْدُ أَنْتَ تُورَ السَّمَاوَاتِ وَ الْأَرْضِ وَ مَنْ فِيهِنَّ وَ لَكَ الْحَمْدُ أَنْتَ مَالِكُ السَّمَاوَاتِ وَ الْأَرْضِ وَ مَنْ فِيهِنَّ وَ لَكَ الْحَمْدُ أَنْتَ الْحَقُّ وَ وَعْدُكَ الْحَقُّ وَ لِقَائِكَ حَقٌّ وَ قَوْلُكَ حَقٌّ وَ الْجَنَّةُ حَقٌّ وَ النَّارُ حَقٌّ وَ النَّبِيُّونَ حَقٌّ وَ مُحَمَّدٌ حَقٌّ وَ السَّاعَةُ حَقٌّ اللَّهُمَّ لَكَ اسْلَمْتُ وَ بِكَ آمَنْتُ وَ عَلَيْكَ تَوَكَّلْتُ وَ إِلَيْكَ أَنْبَتُ وَ بِكَ خَاصَّمْتُ وَ إِلَيْكَ حَاكَمْتُ فَاغْفِرْلِيْ مَا قَدَّمْتُ وَ مَا أَخْرَجْتُ وَ مَا أَسْرَرْتُ وَ مَا أَعْلَنْتُ وَ مَا أَنْتَ أَعْلَمُ بِهِ مَنِّي أَنْتَ الْمُقْدَمُ وَ أَنْتَ الْمُؤْخَرُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ وَ لَا إِلَهَ غَيْرُكَ.

উচ্চারণঃ আল্ল-হম্মা লাকাল হ:মদু আংতা ক্ষিইয়িমুস সামা-ওয়া-তি ওয়াল আরয়, ওয়ামাং ফীহিন্না ওয়া লাকাল হ:মদু আংতা নূরস সামা-ওয়া-তি ওয়াল আরয়, ওয়ামাং ফীহিন্না ওয়ালাকা হ:মদু আংতা মা-লিকুস সামা-ওয়াতি ওয়াল আরয়, ওয়ামাং ফীহিন্না ওয়ালাকাল হ:মদু আংতাল হ:ক্ষু, ওয়া'দুকাল হ:ক্ষু ওয়া লিক্তা-উকা হ:ক্ষুকুন ওয়া ক্ষওলুকা হ:ক্ষুকুন, ওয়াল জান্নাতু হ:ক্ষুকুন, ওয়ান নারু হ:ক্ষুকুন, ওয়ান নাবয়না হ:ক্ষুকুন, ওয়া মুহ:ম্মাদুন হ:ক্ষুকুন, ওয়াস সা'আতু হ:ক্ষুকুন, আল্ল-হম্মা লাকা আসলামতু ওয়াবিকা আ-মাংতু ওয়া 'আলাইকা তাওয়াককআলতু, ওয়া ইলাইকা আ-নাবতু ওয়াবিকা খা-স্বামতু ওয়া ইলাইকা

হঃ/কামতু ফাগফিরলী মা- কৃদামতু ওয়ামা আখ্খারতু ওয়ামা আসরারতু ওয়ামা-
আ'লাংতু ওয়ামা- আংতা আ“লায় বিহী মিল্লী আংতাল মুক্তাদিয়, ওয়া আংতাল
মুআ-খথিরু, লা-ইলা-হা ইন্না- আংতা ওয়া লা-ইলা-হা গটুরুক ।

অর্থঃ ‘হে আল্লাহ! সমস্ত প্রশংসা একমাত্র তোমারই জন্য । আসমান, যমীন এবং
এদের মধ্যস্থিত যা কিছু আছে সবকিছুর তুমিই অধিকর্তা । প্রশংসা মাত্রই
তোমার । আসমান, যমীন এবং এদের মধ্যস্থিত যা কিছু আছে, তুমি সবকিছুর নূর
বা জ্যোতি । (হে আল্লাহ!) প্রশংসা মাত্রই তোমার জন্য । আসমান, যমীন এবং
উভয়ের মধ্যস্থিত যা কিছু আছে তুমি ঐ সবের প্রতিপালক । (হে আল্লাহ!)
প্রশংসা মাত্রই তোমার । আসমান ও যমীনের রাজত্ব তোমার । সকল গুণকীর্তন
তোমার জন্যই । তুমি সত্য, তোমার অঙ্গীকার সত্য, তোমার বাণী সত্য, তোমার
দর্শন লাভ সত্য, জান্নাত সত্য, জাহান্নাম সত্য, নবীগণ সত্য, মুহাম্মাদ (ছাঃ)
সত্য এবং ক্ষিয়ামত সত্য । হে আল্লাহ! তোমার নিকটে আত্মসমর্পন করলাম,
তোমারই উপর নির্ভরশীল হ'লাম, তোমার উপর দৃঢ় বিশ্বাস স্থাপন করলাম,
তোমার দিকে প্রত্যাবর্তিত হ'লাম, তোমারই সাহায্যের প্রত্যাশায় শক্তির বিরুদ্ধে
যুদ্ধে প্রবৃত্ত হ'লাম এবং তোমাকেই বিচারক নির্ধারণ করলাম । অতএব আমার
পূর্বের ও পরের গোপনীয় এবং প্রকাশ্য দুষ্কর্ম সমূহ মাফ করে দাও । তুমি ব্যতীত
ইব্দতের যোগ্য কোন মা'বুদ নেই' (রুখারী, মুসলিম, মিশকাত, পৃঃ ১০৭ হা/১২১১
'রাতে ছালাতে দাঁড়ানোর সময় কি বলবে' অনুচ্ছেদ; বঙ্গানুবাদ মিশকাত হা/২১৪৩) ।

অন্য এক বর্ণনায় আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন রাত্রে উঠে ছালাত
শুরু করতেন তখন বলতেন,

اللَّهُمَّ رَبَّ جِبْرِيلَ وَبِيكَأَيْلَ وَاسْرَافِيلَ فَاطِرِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ
إِنْتَ تَحْكُمُ بَيْنَ عِبَادِكَ فِيمَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ إِهْدِنِي لِمَا اخْتَلَفَ فِيهِ مِنَ الْحَقِّ يَادِنِكَ
تُهْدِي مِنْ نَّشَاءٍ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ-

উচ্চারণঃ আল্ল-হুম্মা রববা জিবরঙ্গলা ওয়া মীকা-ইলা ওয়া ইসর-ফীলা ফা-ত্তিরস
সামা-ওয়া-তি ওয়াল আরয়ি 'ধা-লিমাল গপবি ওয়াশ শাহা-দাতি আংতা তাহ:কুমু
বাইনা ইবা-দাতিকা ফীমা কা-নূ ফীহি ইয়াখ তালিফুনা ইহদিনা লিমা-উখতুলিফা
ফীহি মিনাল হঃক্তি বিহ্যনিকা ইন্নাকা তাহদী মাঃ তাশাউ ইলা- সিরা-ত্তিম
মুসতাক্তীম (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/১১৪৪) ।

অর্থঃ ‘হে আল্লাহ! জিবরাইল, মীকাঞ্জিল ও ইসরাফীলের প্রতিপালক, আসমান-যমীনের সৃষ্টিকর্তা, দৃশ্য ও অদৃশ্যের জ্ঞাতা তোমার বান্দারা যে বিষয়ে মতপার্থক্য করে তুমি তার ফায়ছালা কর। যে বিষয়ে মতবিরোধ করা হয়েছে সে বিষয়ে সঠিক পথ দেখাও। তুমি যাকে ইচ্ছা সহজ-সরল পথ দেখাও’ (বুখারী, মুসলিম, মিশকাত)।

لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ رَبِّ اغْفِرْ لِيْ.

উচ্চারণঃ লা-ইলা-হা ইল্লাল্ল-হু ওয়াহ্ঃদাহু লা- শারীকা লাহ, লাহুল মুলকু ওয়া লাহুল হঃমদু ওয়া হওয়া ‘আলা- কুল্লি শাইয়িং কুদীর, সুবহঃ-নাল্লা-হি ওয়াল হঃমদু লিল্লা-হি ওয়ালা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়াল্ল-হু আকবার, ওয়া লা- হাওলা ওয়ালা- কুওওয়াতা ইল্লা- বিল্লা-হিল ‘আলিইয়িল ‘আয়ীম- রবিগ্ ফির্লী।

অর্থঃ ‘আল্লাহ ব্যতীত কোন মা‘বুদ নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই। রাজত্ব তাঁরই অধীনে, প্রশংসা মাত্রই তাঁর। তিনি সমস্ত বস্তুর প্রতি ক্ষমতাশীল। আমরা আল্লাহর পবিত্রতা বর্ণনা করি। প্রশংসা আল্লাহর জন্য। আল্লাহ ব্যতীত কোন মা‘বুদ নেই। আল্লাহ সবচেয়ে বড়। তাঁর সাহায্য ব্যতীত কোন শক্তি বা কোন উপায় নেই। তিনি উচ্চ, বড়। শেষে বলবে, ‘হে আল্লাহ! আমাকে ক্ষমা করে দাও। তাকে ক্ষমা করে দেওয়া হবে’ (বুখারী, ইবনু মাজাহ, হা/৩১৪২; মিশকাত হা/১২১৩ ‘রাতে জাগ্রত হয়ে দো‘আ’ অনুচ্ছেদ, ‘ছালাত’ অধ্যায়)।

ছালাতুয় যুহা বা চাশতের ছালাত

যুহা অর্থ সূর্যের ওজ্জল্য। সূর্য স্পষ্টভাবে প্রকাশিত হওয়ার পর থেকে শুরু হয়ে দ্বিপ্রহরের পূর্ব পর্যন্ত এ ছালাত পড়া হয় বলেই একে ছালাতুয় যুহা বলা হয়। আমাদের দেশে এ ছালাত এশরাক ও চাশত নামে পরিচিত। আসলে এ দুটি একই ছালাত। প্রথম প্রহরের দিকে পড়লে একে এশরাক বলা হয় এবং দ্বিপ্রহরের পূর্বে পড়লে চাশত বলা হয়। এ ছালাতের আরেকটি নাম হচ্ছে আওয়াবীন। উল্লেখ্য, মাগরিবের পর ছয় রাকা‘আত ছালাতকে আওয়াবীন বলে

সমাজে যে প্রচলন আছে, তা সঠিক নয়। মূলতঃ এশরাক ও চাশতের অপর নাম হচ্ছে আওয়াবীন।

ফাঈলতঃ

عَنْ أَبِي ذِئْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ يَصْبَحُ عَلَى كُلِّ سَلَامٍ مِنْ أَحَدِكُمْ صَدَقَةٌ فَكُلُّ تَسْبِيهٍ صَدَقَةٌ وَكُلُّ تَحْمِيدٍ صَدَقَةٌ وَكُلُّ تَهْلِيلٍ صَدَقَةٌ وَكُلُّ تَكْبِيرٍ صَدَقَةٌ وَأَمْرٌ بِالْمَعْرُوفِ صَدَقَةٌ وَنَهِيٌّ عَنِ الْمُنْكَرِ صَدَقَةٌ وَيَجْزِيُّ مِنْ ذَلِكَ رَكْعَتَانِ يَرْكَعُهُمَا مِنَ الصُّحَىِ

আবু যার গিফারী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘সকাল হওয়া মাত্রই তোমাদের প্রত্যেকের প্রতিটি গ্রহিত জন্য একটি ছাদাক্তা করা আবশ্যক। তবে (মনে রেখো) তোমাদের প্রত্যেক তাসবীহ একটি ছাদাক্তা, প্রত্যেক তাহমীদ একটি ছাদাক্তা, প্রত্যেক তাহলীল একটি ছাদাক্তা, প্রত্যেক তাকবীর একটি ছাদাক্তা এবং সৎকাজের আদেশ একটি ছাদাক্তা এবং অসৎকাজে নিষেধ একটি ছাদাক্তা। অবশ্য এশরাক বা চাশতের দু’রাক‘আত ছালাত আদায় করা এসবের পরিবর্তে যথেষ্ট’ (মুসলিম, মিশকাত হা/১৩১১; বাংলা মিশকাত হা/১২৩৬)।

তাসবীহ- সুবহ-ানাল্লাহ, তাহমীদ-আলহামদুলিল্লাহ, তাহলীল- লা-ইলাহা ইল্লাল্লাহ, তাকবীর-আল্লাহ-হু আকবার বলা। প্রত্যেকটিই একটি করে ছাদাক্তা বিশেষ।

চাশতের ছালাতের রাক‘আত সংখ্যা ২, ৪, ৮, ১২ পর্যন্ত পাওয়া যায়। এক্ষেত্রে বিজয়ের দিন রাসূল (ছাঃ) ৮ রাক‘আত ছালাত আদায় করেছিলেন (মুভাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত হা/১২৩৪)। এ ছালাত দুই দুই রাক‘আত করে পড়তে হয়।

সূর্য বা চন্দ্র গ্রহণের ছালাত

পৃথিবীতে চন্দ্র, সূর্য আল্লাহর কুদরতের দু’টি অন্যতম নির্দশন। এই নির্দশন দুইটির গ্রহণ শুরু হ’লে আল্লাহর প্রতি গভীর আনুগত্য ও ভীতি সহকারে এর ক্ষতি থেকে বাঁচা এবং কল্যাণ হ’তে উপকৃত হবার প্রার্থনা করার উদ্দেশ্যে জাম‘আত সহকারে দু’রাক‘আত ছালাত আদায় করে শেষে খুৎবা দিতে হয়। এই ছালাতের বিশেষ পদ্ধতি রয়েছে। যাতে দু’রাক‘আত ছালাতে ১০টি রংকু’ হয়।

তবে ৪টি রংকুর হাদীছটি সর্বাধিক বিশুদ্ধ (যাদুল মা'আদ, ১ম খণ্ড, ১২৪ পৃঃ)। উল্লেখ্য, কারো জন্ম বা মৃত্যুতে এদের গ্রহণ হয় না।

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ إِنَّ الشَّمْسَ حَسِفَتْ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ فَبَعَثَ مُنَادِيَ الصَّلَاةِ جَامِعَةً فَتَقَدَّمَ فَصَلَّى أَرْبَعَ رَكْعَاتٍ فِي رَكْعَتِيْنِ وَارْبَعَ سَجْدَاتٍ قَالَتْ عَائِشَةُ مَا رَكَعْتُ رُكُوعًا قَطُّ وَلَا سَجَدْتُ سُجُودًا قَطُّ كَانَ أَطْوَلَ مِنْهُ.

আয়েশা (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, রাসূল (ছাঃ)-এর যামানায় একবার সূর্যগ্রহণ হল তখন তিনি ছালাতের জামা'আত প্রস্তুত বলে তিনি লোকদেরকে আহ্বান করার জন্য একজন আহ্বায়ক পাঠালেন। লোকেরা সমবেত হল। তিনি সম্মুখে অগ্রসর হ'লেন এবং চার রংকু চার সিজদা দিয়ে দু'রাক'আত ছালাত আদায় করালেন। আয়েশা (রাঃ) বলেন, আমি কখনো এমন রংকু করিনি এবং সিজদাও করিনি যা, এই সিজদা অপেক্ষা দীর্ঘ ছিল (মুভাফক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশ্কাত হ/১৩৯৫)।

ছালাতের পদ্ধতিঃ

আবদুল্লাহ ইবনু আবুস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ)-এর যুগে একদা সূর্য গ্রহণ হ'লে আল্লাহর রাসূল (ছাঃ) ছালাত আদায় করেন এবং লোকেরাও তাঁর সাথে ছালাত আদায় করে। প্রথমে তিনি ছালাতে দাঁড়ালেন এবং সূরা বাক্সারাহর মত দীর্ঘ ক্রিয়াআত করলেন। অতঃপর দীর্ঘ রংকু করলেন। তারপর মাথা তুলে ক্রিয়াআত করতে লাগলেন। তবে প্রথম ক্রিয়াআতের চেয়ে কিছু কম ক্রিয়াআত করে দ্বিতীয় রংকুতে গেলেন। এবারের রংকু প্রথম রংকুর চেয়ে কিছুটা কম দীর্ঘ হল। তারপর তিনি রংকু হ'তে মাথা তুলে সিজদা করলেন। অতঃপর সিজদা শেষে লম্বা ক্রিয়াআত করলেন। তবে প্রথম বারের তুলনায় কিছুটা কম ছিল। এরপর তিনি তৃতীয়বার লম্বা রংকু করলেন যা প্রথমবার রংকুর চেয়ে কম দীর্ঘ ছিল। রংকু থেকে মাথা তুলে পুনরায় ক্রিয়াআত করলেন। যা প্রথমবারের তুলনায় কম দীর্ঘ ছিল। অতঃপর তিনি চতুর্থবার রংকু করলেন এবং রংকু থেকে উঠে সিজদায় গেলেন। এরপর সালাম ফিরিয়ে ছালাত শেষ করলেন। ততক্ষণে সূর্য উজ্জ্বল হয়ে উঠেছে। তারপর ছালাত শেষে দাঁড়িয়ে খুৎবা দিলেন (মুভাফক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশ্কাত হ/১৩৯৭)।

সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের ছালাতে মহিলারাও পুরুষের সাথে জামা'আতে অংশ নিতে পারে (বঙ্গনুবাদ বুখারী হ/১০৫৩)। সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সময় যিকিরি-আযকার, দো'আ ও ছালাত আদায় করতে হয় যতক্ষণ পর্যন্ত গ্রহণ শেষ না হয় (বঙ্গনুবাদ বুখারী হ/১০৬০)।

প্রয়োজন পূরণের ছালাত

সঙ্গত কোন প্রয়োজন পূরণের জন্য বান্দা স্বীয় প্রভুর নিকট নিম্নের তরীকায় ছালাত আদায়ের মাধ্যমে সাহায্য প্রার্থনা করতে পারে। ইমাম আহমাদ ছহীহ সনদে আবু দারদা (রাঃ) হ'তে বর্ণনা করেন যে, রাসূল (ছাঃ) এরশাদ করেন, যে ব্যক্তি ভালভাবে ওযু করল। অতঃপর পূর্ণভাবে দু'রাক'আত ছালাত আদায় করল। আল্লাহ তাকে দান করেন যা সে প্রার্থনা করে সাথে সাথে কিংবা কিছুটা বিলম্বে হ'লেও (মুসনাদে আহমাদ, ফিকহস সুন্নাহ ১/১৫৯পঃ)।

ক্ষমা প্রার্থনার ছালাত

عَنْ عَلَىٰ قَالَ حَدِيثَنِي أَبُو بَكْرٍ وَصَدِيقِهِ أَبُو بَكْرٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ يَقُولُ مَا مِنْ رَجُلٍ يَذْنِبُ ذَبَابًا ثُمَّ يُقْدِمُ فَيَنْظَهِرُ ثُمَّ يُصْلِي ثُمَّ يَسْتَغْفِرُ اللَّهَ لَا غَفَرَ اللَّهُ لَهُ ثُمَّ قَرَأَ وَالَّذِينَ فَعَلُوا فَحِشَةً لَوْ ظَلَمُوا أَنفُسَهُمْ ذَكَرُوا اللَّهَ فَاسْتَغْفِرُوا لِذُنُوبِهِمْ.

আলী (রাঃ) বলেন, আমার নিকট আবুবকর (রাঃ) হাদীছ বর্ণনা করেছেন। আর তিনি সত্য বলেছেন। আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি যে, যখন কোন ব্যক্তি কোন গুনাহ করবে অতঃপর উঠে পবিত্রতা হাতিল করে এবং কিছু নফল ছালাত আদায় করে আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করবে, নিশ্চয়ই আল্লাহ তার গুনাহ ক্ষমা করে দেবেন। অতঃপর রাসূল (ছাঃ) নিম্নোক্ত আয়াত পাঠ করেন

إِذْ فَعَلُوا فَحِشَةً أَوْ ظَلَمُوا أَنفُسَهُمْ ذَكَرُوا اللَّهَ فَاسْتَغْفِرُوا لِذُنُوبِهِمْ—

‘যখন কেউ কোন গুনাহের কাজে লিঙ্গ হয় অথবা নিজের প্রতি যুলুম করে তখন আল্লাহকে স্মরণ করে এবং আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করে’ (আলে ইমরান ১৩৫)।

আবুবকর (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, আমি রাসূল (ছাঃ) কে বলতে শুনেছি যে, কোন লোক যদি গুনাহ করে। অতঃপর উঠে দাড়িয়ে দু'রাক'আত ছালাত

আদায় করে এবং আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করে তাহ'লে আল্লাহ তাকে ক্ষমা করে দেন' (আবুদাউদ, নাসাই, ইবনু মাজাহ, বাযহাক্সী, তিরমিয়ী, হাদীছ হাসান, ফিকৃহস সুন্নাহ ১/১৫৯; ছালাতুর রাসূল ১৩৫ পৃঃ)।

তওবার জন্য নিম্নের দো'আটি বিশেষভাবে সিজদায় ও শেষ বৈঠকে সালাম ফিরানোর পূর্বে পাঠ করতে হবে-

اَسْتَغْفِرُ اللَّهَ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ وَاتُّوْبُ إِلَيْهِ

উচ্চারণঃ আস্তাগ্রফিরাল্লা-হাল্লায়ী লা-ইলা-হা ইল্লা হয়াল হঃইযুল কৃহাইযুম ওয়া আত্বু ইলাইহি।

অর্থঃ আমি আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করছি। যিনি ব্যতীত কোন উপাস্য নেই। যিনি চিরঙ্গীব ও সবকিছুর ধারক। আমি তাঁর দিকে ফিরে যাচ্ছি বা তাওবা করছি' (ছবীহ তিরমিয়ী, হা/২৮৩১)।

ছালাতুল ইস্তেখারা বা কল্যাণ ইঙ্গিত প্রার্থনার ছালাত

ইস্তেখারা অর্থ কোন কাজের কল্যাণ প্রার্থনা করা। মুসলমান বান্দা যখন

কোন কাজের ব্যাপারে দ্বিধা-দ্বন্দ্বের মধ্যে পতিত হয় এবং নিজে কোন সিদ্ধান্তে উপনীত হ'তে না পারে তখন আল্লাহর নিকট সঠিক সিদ্ধান্ত চেয়ে বিশেষ নিয়মে প্রার্থনা করাকে ছালাতুল ইস্তেখারা বলে।

জাবের (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) আমাদেরকে সকল কাজে আল্লাহর নিকট ইস্তেখারা করার নিয়ম ও দো'আ শিক্ষা দিতেন, যেতাবে আমাদেরকে কুরআনের সূরা শিক্ষা দিতেন। তিনি বলতেন, যখন তোমাদের কেউ কোন কাজের ইচ্ছা করবে তখন সে যেন ফরয ছালাত ছাড়া দু'রাক'আত ছালাত আদায় করে। অতঃপর নিম্নের দো'আটি পড়ে-

اللَّهُمَّ إِنِّي أَسْتَخِيرُكَ بِعِلْمِكَ وَ اسْتَقِدُرُكَ بِقُدرَتِكَ وَ أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيمِ، فَإِنَّكَ تَقْرِيرُ وَ
لَا أَقْدِرُ وَ تَعْلَمُ وَ لَا أَعْلَمُ وَ أَنْتَ عَلَامُ الْغُيوبِ اللَّهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الْأَمْرُ خَيْرٌ لِي
فِي دِينِي وَ مَعَاشِي وَ عَاقِبَةِ أَمْرِي فَاقْدِرْهُ لِي وَ يَسِّرْهُ لِي ثُمَّ بَارِكْ لِي فِيهِ وَ إِنْ كُنْتَ تَعْلَمُ

أَنَّ هَذَا الْأَمْرَ شُرُّ لِيْ فِيْ دِينِيْ وَ مَعَاشِيْ وَ عَاقِبَةُ أَمْرِيْ فَاصْرِفْهُ عَنِيْ وَ اقْدُرِ الْخَيْرَ حَيْثُ كَانَ ثُمَّ ارْضِنِيْ بِهِ-

উচ্চারণঃ আল্ল-হুম্মা ইন্নী আস্তাথীরংকা বি ‘ইলমিকা ওয়াস্তাকুদিরংকা বিকুদুরতিকা’ ওয়া আস্তালুকা মিং ফায়লিকাল ‘আষণীম, ফাইলাকা তাকুদিরং ওয়ালা- আকুদির, ওয়া তা’লামু ওয়ালা- আ’লাম, ওয়া আংতা ‘আল্লা-মুল গুয়ুব আল্ল-হুম্মা ইং কৃংতা তা’লামু আল্লা হা-যাল আমরা খায়রুন লী ফী দীনী ওয়া মা’আশী ওয়া ‘আকুবাতি আমরী (‘আ-জিলিহী ওয়া আ-জিলিহী) ফাকুদুরহু লী ওয়া ইয়াসসিরহু লী ছুম্মা বা-রিকলী ফীহ, ওয়া ইং কৃংতা তা’লামু আল্লা হা-যাল আমরা শারুণ্ল লী ফী দীনী ওয়া মা’আ-শী ওয়া ‘আ-কুবাতি আমরী (‘আ-জিলিহী ওয়া আ-জিলিহী) ফাস্বুরিফহু ‘আল্লী ওয়াস্বুরিফনী ‘আনহু ওয়াকদির লিয়াল খয়রা হায়চু কা-না ছুম্মারঘিনী বিহ।

অর্থঃ ‘হে আল্লাহ! আমি তোমার নিকট তোমারই জ্ঞানের সাহায্যে এই বিষয়ের ভাল দিক জ্ঞাত হওয়া প্রার্থনা করছি এবং তোমারই ক্ষমতার সাহায্যে তোমার নিকটে (উহা লাভের) ক্ষমতা চাচ্ছি। আমি চাই তোমার নিকট বড় অনুগ্রহ। তুমি সক্ষম, আমি সক্ষম নই। তুমি জান আমি জিনিনা। তুমি অদ্শ্যের খবর জান। হে আল্লাহ! তুমি যদি মনে কর এ বিষয়টি আমার জন্য ভাল হবে, আমার দ্বীন, আমার জীবন ধারণ ও আমারে পরিণামের ব্যাপারে। তাহ’লে তুমি আমার জন্য তা নির্ধারণ কর এবং আমার পক্ষে সহজ করে দাও এবং আমার জন্য এতে বরকত দান কর। আর তুমি যদি মনে কর বিষয়টি আমার জন্য অকল্যানকর, তবে আমার দ্বীন, আমার জীবন ধারণ ও আমার পরিণামের ব্যাপারে তাহ’লে তুমি আমা হ’তে ফিরিয়ে রাখ এবং আমাকেও উহা হ’তে ফিরিয়ে রাখ’। আমার জন্য ভাল নির্ধারণ কর, যেখানেই হোক এবং আমাকে উহাতে সন্তুষ্ট রাখ (বুখারী, মিশকাত, পঃ ১১৬; বঙ্গানুবাদ মিশকাত হ/ ১২৪৭)।

অত্র হাদীছ দ্বারা বুঝা যায় যে, আমরা যদি এমন কোন কাজের সম্মুখীন হই যে সে কাজের ব্যাপারে কোন সিদ্ধান্ত নিতে পারছি না, তখন রাসূল (ছাঃ)-এর সুনাত অনুসারে ইস্তেখারার ছালাত আদায়ের মাধ্যমে আল্লাহর নিকট দো‘আ করে আমরা সঠিক সিদ্ধান্ত প্রার্থনা করব। যে কাজ করতে যাব তার প্রতি কোন সিদ্ধান্ত না নিয়ে এবং কোন দিকে ঝুঁকে না পড়ে নিরপেক্ষভাবে সরল মনে ইস্তেখারার ছালাত আদায় করতে হবে। অতঃপর যে দিকে ঘন টানবে সেভাবেই কাজ করতে হবে। এজন্য দু’রাক‘আত ছালাত দিন বা রাতে যে কোন সময়ে পড়া যায়। সুরা

ফাতিহা পাঠের পর অন্য যে কোন সুরা পড়তে হবে। অতঃপর হামদ ও দরুদ পাঠ করবে। যেমন আলহঃমদুলিল্লাহ-হি রবিল ‘আলামীন ওয়াছ ছলাতু ওয়াস সালা-মু আলা রসূলিল্লিল কারীম। অতঃপর ইস্তেখারার দো‘আ পাঠ করতে হবে। এখানে ‘হা-যাল আমর’ অর্থাৎ এখানে প্রার্থনাকারী নিজের কাজের নাম উল্লেখ করবে (বুখারী, বঙ্গনুবাদ মিশকাত হ/১২৪৭)। ইস্তেখারার দো‘আটি ক্ষিরাআতের পরে এবং রংকুর পূর্বে পাঠ করার জন্য আল্লামা সাইয়িদ সাবিক্স বলেছেন (ফিকৃহস সুন্নাহ ১/১৫৮পঃ)। তবে কেউ সালাম ফিরানো পূর্বেও বলতে পারে।

মুসাফির বা সফরকারীর ছালাত

আল্লাহর বাণী-

وَإِذَا ضَرَبْتُمْ فِي الْأَرْضِ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خَفْتُمْ أَنْ يُفْتَنَكُمْ
الَّذِينَ كَفَرُوا أَنَّ الْكَافِرِينَ كَانُوا لَكُمْ عَدُوًّا مُّبِينًا -

‘যখন তোমরা সফর কর তখন তোমাদের ছালাত কৃছর করায় কোন দোষ নেই। যদি তোমরা আশংকা কর যে কাফেররা তোমাদেরকে উত্যক্ত করবে। নিশ্চয়ই কাফেররা তোমাদের প্রকাশ্য শক্র’ (নিসা ১০১)।

ভ্রমণের সময় এবং ভয়-ভীতির সময় ছালাত কৃছর করা যায়। কৃছর অর্থ সংক্ষিপ্ত করা বা কমানো। পারিভাষিক অর্থে ৪ রাক‘আত বিশিষ্ট ছালাতকে দু’রাক‘আত করে পড়াকে কৃছর বলে। তবে মাগরিবের ছালাতকে তিন রাক‘আতই পড়তে হবে (বঙ্গনুবাদ বুখারী হ/১০৯২)। সফর অবস্থায় ভয়-ভীতি না থাকলেও ছালাত কৃছর করতে পারে।

ইয়ালা ইবনু উমাইয়া (রাঃ) বলেন যে, একদা ওমর (রাঃ) রাসূল (ছাঃ)-কে জিজেস করলেন, যদি ভয়-ভীতি না থাকে তবুও কি ছালাত কৃছর করতে হবে? উত্তরে রাসূল (ছাঃ) বললেন, ‘আল্লাহ এটিকে তোমাদের জন্য ছাদাক্ত হিসাবে প্রদান করেছেন। অতএব তোমরা তা গ্রহণ কর’ (মুসিলিম, মিশকাত, বঙ্গনুবাদ মিশকাত হ/১২৫৭)।

হারেছা ইবনু ওয়াহাব খুফাঈ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) আমাদের নিয়ে মিনায় দুই রাক‘আত ছালাত আদায় করেছিলেন। অথচ তখন আমরা সংখ্যায় বেশী

ছিলাম এবং শান্তি ও নিরাপদে ছিলাম (মুত্তাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১২৫৬)।

সফরের দূরত্ব এবং কৃত্তরের মেয়াদঃ

সফরের দূরত্বের ব্যাপারে বিদ্বানগণের মধ্যে এক থেকে ৪৮ মাইল সংক্রান্ত ২০ ধরনের মতামত রয়েছে (নায়ল ৪/১২২পঃ)। আল্লাহর বাণীতে সফরের দূরত্বের কোন সীমারেখা উল্লেখ করা হয়নি। কেবলমাত্র সফরের কথা এসেছে। রাসূল (ছাঃ) থেকেও এর কোন সীমা নির্দেশ করা হয়নি (যাদুল মা'আদ ১৪৬৩)। অতএব সফর হিসাবে গণ্য হয় এমন দূরত্বে সফর করার জন্য বের হয়ে কিছু দূর গিয়ে কৃত্তর করা যায়। যেমন রাসূল (ছাঃ) মদীনা থেকে যোহরের ছালাত ৪ রাক'আত আদায় করে বের হ'লেন। আর যুলভুলাইফা পৌঁছতে আচরের সময় হয়ে গেল এবং সেখানে তিনি কৃত্তর করে ২ রাক'আত ছালাত আদায় করলেন (বঙ্গনুবাদ বুখারী হা/১০৮৯)।

সফরে ছালাত জমা করাঃ

সফরে থাকাকালীন যোহর, আচর একসাথে ভিন্ন ভিন্ন ইক্সামত দিয়ে দুই দুই রাক'আত করে মোট ৪ রাক'আত ছালাত আদায় করতে হবে। অনুরূপভাবে মাগরিব ও এশা তিন ও দুই রাক'আত করে মোট ৫ রাক'আত ছালাত আদায় করতে হবে (বঙ্গনুবাদ বুখারী হা/১১০৯, ১১১২)।

ভয়-ভীতি ব্যতীত মুক্তীম অবস্থায়ও কোন বিশেষ ওয়র বশত দু'ওয়াক্তের ছালাতও সন্মত ছাড়াও একত্রে জমা করে পড়া যায়। যেমন যোহর ও আচর পৃথক ইক্সামতের মাধ্যমে চার চার রাক'আত করে এবং মাগরিব ও এশা অনুরূপ তিন ও চার রাক'আত একত্রে পড়া যায় (বঙ্গনুবাদ বুখারী হা/৫৪৩)। ইবনু আবাস (রাঃ)-কে জিজেস করা হ'ল এটা কেন? তিনি বললেন, উম্মতের যাতে কষ্ট না হয়। এই সুযোগ ইস্তেহাযা বা প্রদর রোগাক্রান্ত মহিলা ও বহু মুক্ত্রের রুগ্নী বা অন্যান্য কঠিন রোগী এবং কর্মব্যস্ত লোকগণও বিশেষ ওয়রবশত অনিয়মিতভাবে গ্রহণ করতে পারে (নায়লুল আওত্তার ৪/১৩৬-৪০পঃ; ফিকহস সুন্নাহ ১/২১৭-১৮পঃ)। তবে রোগীরা যতদিন পর্যন্ত সুস্থ না হয় ততদিন দুই ছালাতকে একত্রে পড়তে পারে। দুই ওয়াক্তের ছালাতকে জমা করে পড়ার নিয়ম হচ্ছে যোহরকে বিলম্ব করবে এবং আচরকে এগিয়ে পড়বে। অনুরূপভাবে মাগরিবকে দেরী করে এবং

এশাকে এগিয়ে নিয়ে একত্রে পড়বে (বঙ্গনুবাদ বুখারী হা/১১১২)। সফরে নফল ছালাত আদায় করা ও না করা উভয়ই জায়ে তবে রাসূল (ছাঃ) সফরে বিতর ও ফজরের সুন্নাত ছাড়তেন না (মুভাফাক্ত আলাইহ, মিশকাত হা/১৩৪০)।

কত দিন পর্যন্ত ছালাত কৃত্তুর করা যায়ঃ

রাসূল (ছাঃ) একবার ১৯ দিন সফরে অবস্থান কালে কৃত্তুর করেছেন। আমরাও তাই করি। তার বেশী হ'লে পূর্ণ করি (বঙ্গনুবাদ বুখারী হা/১০৮০)। যদি কারো সফরের মেয়াদ নির্দিষ্ট থাকে তথাপি তিনি কৃত্তুর করবেন (ফিকহস সুন্নাহ ১/২১৩)। সিদ্ধান্তহীন অবস্থায় ১৯ দিনের বেশী হ'লেও কৃত্তুর করা যায়। রাসূল (ছাঃ) তাবুক যুদ্ধের সময় ২০ দিন যাবৎ কৃত্তুর করেন। আনাস (রাঃ) শাম বা সিরিয়া সফরে এসে দু'বছর যাবৎ সেখানে থাকেন এবং কৃত্তুর করেন (মির'আত ৩/২২১পঃ; ফিকহস সুন্নাহ ১/২১৩-১৪ পঃ)। স্থায়ী মুসাফির যানবাহনের চালক এবং কর্মচারীগণ সর্বদা কৃত্তুর করতে পারেন (মির'আত ৩/২২১ পঃ; ফিকহস সুন্নাহ ১/২১৩-১৪ পঃ)।

অসুস্থ ব্যক্তির ছালাতঃ

অসুস্থ ব্যক্তি দাঁড়াতে অক্ষম হ'লে কিংবা রোগ বৃদ্ধির আশংকা থাকলে বসে শুয়ে কতিপয় ছালাত আদায় করবে (বঙ্গনুবাদ বুখারী হা/১১১৭)। আতা (রাঃ) বলেন, কিংবলার দিকে মুখ ফিরাতে অক্ষম ব্যক্তি যে দিকে সম্ভব সে দিকে মুখ করে ছালাত আদায় করবে (বঙ্গনুবাদ বুখারী হা/১১১৭)।

অসুস্থ ব্যক্তি সিজদার সময় সামনে বালিশ বা উচু অন্য কিছু নেওয়া যাবে না। যদি মাটিতে সিজদা করা অসম্ভব হয় তাহ'লে ইশারায় ছালাত আদায় করবে এবং সিজদার সময় কিছুটা বেশী মাথা ঝুকাবে (তাবারাণী, বাযহাক্তি, সিলসিলা ছহীহা হা/৩২৩)। এক কথায় অসুস্থ ব্যক্তি তার সাধ্যমত ছালাত আদায় করবে। ছালাতের কোন বিকল্প নেই।

যাকাতের আলোচনা

যাকাতের সংজ্ঞাঃ; শব্দের অভিধানিক অর্থ বৃদ্ধি, পবিত্রতা, পরিচ্ছন্নতা। ইসলামী শরী'আতের পরিভাষায় শরী'আতের নির্দেশ অনুসারে নিসাব পরিমাণ মালের একাংশ হকদারদের মধ্যে বণ্টন করে দেওয়া এবং এর বিনিময় গ্রহণ থেকে নিজেকে বিরত রাখাকে যাকাত বলে।

যাকাত আদায় করা ফরযঃ

যাকাত ইসলামের রূপকল সমূহের মধ্যে তৃতীয়। ঈমান ও ছালাতের পর পরই যাকাতের স্থান। মহান আল্লাহ তার কালামে পাকে ছালাতের সঙ্গে সঙ্গে বহু জায়গায় যাকাতের কথা উল্লেখ করেছেন। আল্লাহর বাণী-

خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُرْكِيَّهُمْ بِهَا -

‘আপনি গ্রহণ করুন, তাদের মাল হ’তে যাকাত। যা দ্বারা আপনি তাদেরকে পবিত্র ও পরিচ্ছন্ন করবেন’ (তওবা ১০৩)।

দ্বিতীয় হিজরীতে মদীনায় যাকাত ফরয হয়। যাকাত আদায় করতেই হবে। জ্ঞান থাকাবস্থায় যেমন ছালাত মাফ নেই, তেমনি নিসাব পরিমাণ সম্পদের মালিককে অবশ্যই যাকাত প্রদান করতে হবে। যাকাত আদায়ের কোন বিকল্প নেই। ঝণ্ট্রাস্ত ব্যক্তির খণ্ডের পরিমাণ যদি নিসাব পরিমাণ মালের চেয়ে বেশি হয়, তাহ’লে তাকে যাকাত দিতে হবে না। ছালাতের ন্যায় যাকাতও পূর্ববর্তী উম্মতের উপর ফরয ছিল। আল্লাহ বলেন,

وَإِذْ أَحَدْنَا مِبْنَاقَ بَنِيْ إِسْرَائِيلَ لَا تَعْبُدُونَ إِلَّا اللَّهُ وَبِالْوَالِدِينِ احْسَانًاً وَ ذِيْ الْقُرْبَى وَالْيَتَمَّى
وَالْمَسَكِينَ وَقُولُوا لِلنَّاسِ حُسْنًا وَأَقِيمُوا الصَّلَاةَ وَأَتُوا الزَّكَوَةَ -

‘যখন আমি বনী ইসরাইলদের নিকট হ’তে অঙ্গীকার গ্রহণ করলাম তোমরা আল্লাহ ব্যতীত কারো ইবাদত করবে না। পিতা-মাতা, নিকট আত্মীয় এবং ইয়াতীম, মিসকীনদের সাথে ভাল ব্যবহার করবে এবং মানুষকে সৎ উপদেশ দিবে, ছালাত আদায় করবে এবং যাকাত দিবে’ (বাক্তারাহ ৮৩)। যাকাত অঙ্গীকারকারী কাফের বলে গণ্য হবে (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১৫৯৮)।

যাকাতের গুরুত্বঃ

ইসলামে যাকাতের গুরুত্ব অপরিসীম। যাকাত ধনী ব্যক্তিদের নিকট হ'তে নিয়ে দরিদ্রদের মধ্যে বণ্টন করা হয়। এতে গরীব-মিসকীন অসহায় লোকেরা উপকৃত হয় এবং ধনীদের অন্তরের ক্ষেপণতা দূরীভূত হয়। আবদুল্লাহ ইবনু আবাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন মু'আয ইবনু জাবাল (রাঃ)-কে ইয়ামেনের শাসনকর্তা করে পাঠান তখন বললেন, মু'আয তুমি আহ'লে কিতাবের নিকট যাচ্ছ। তুমি তাদেরকে প্রথমে দাওয়াত দিবে যে, আল্লাহ ব্যতীত কোন মা'বৃদ নেই এবং মুহাম্মাদ (ছাঃ) তাঁর বান্দা ও রাসূল। যদি তারা এটা বিশ্বাস করে তাহ'লে তাদেরকে দাওয়াত দিবে যে, আল্লাহ তোমাদের উপর দিবা-রাত্রে ৫ ওয়াক্ত ছালাত ফরয করেছেন। যদি তারা এটাও মেনে নেয় তাহ'লে তাদেরকে বলবে যে, আল্লাহ তোমাদের উপর যাকাত ফরয করেছেন, যা তোমাদের ধনীদের নিকট থেকে গ্রহণ করা হবে এবং তোমাদের দরিদ্রদের মাঝে বণ্টন করা হবে। যদি তারা এটাও মেনে নেয় তাহ'লে তাদের উত্তম জিনিসগুলি গ্রহণ করা থেকে তুমি সাবধান হবে।

মহান আল্লাহর বাণী- ‘যদি তারা তওবা করে ছালাত আদায করে এবং যাকাত দেয় তাহ'লে তারা তোমাদের দ্বীনী ভাই’ (আলে ইমরান ১১)। রাসূল (ছাঃ) বলেন, ইসলামের পাঁচটি স্তম্ভের মধ্যে যাকাত ১টি (বুখারী, মুসলিম)। মহান আল্লাহ আরো বলেন, ‘তুমি তাদের মাল হ'তে ছাদাক্ত গ্রহণ কর এবঙ্গ তাদেরকে পবিত্র কর ও তাদের অন্তরকে সংশোধন কর’ (তওবা ১০৩)। ইসলামে যাকাতের এই অপরিসীম গুরুত্বের কারণে আবুবকর (রাঃ) বলেছিলেন যে, আল্লাহর কসম! যারা রাসূল (ছাঃ)-এর যামানায় যাকাত দিত তারা যদি আজ ছাগলের একটি রশি দিতেও অস্বীকার করে তাহ'লে আমি তাদের বিরংকে যুদ্ধ ঘোষণা করব (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হ/১৬৯৮)। এ হাদীছ দ্বারা প্রতীয়মান হয় যে, যাকাত ইসলামের একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ যা অস্বীকার করলে ইসলামী শরী‘আত অনুসারে তার বিরংকে যুদ্ধ ঘোষণা করা যক্রী।

যাকাত না দেওয়ার শাস্তি:

যারা যাকাত আদায করে না তাদের পরিণতি সম্পর্কে আল্লাহ বলেন,

الَّذِينَ يَكْنِزُونَ الدَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يَنْقُوْنَهَا فِي سَبِيلِ اللَّهِ فَبَشِّرُهُمْ بَعْدَ ابْلِيمٍ - يَوْمٌ يُحْمَى عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَتَكُوْنِيهَا بِهَا جَبَاهُهُمْ وَجَنُوبُهُمْ وَظَهُورُهُمْ هَذَا مَا كَنَزْتُمْ لِأَنفُسِكُمْ فَذُوقُوهُمْ مَا كَنَزْتُمْ تَكْنِزُونَ -

‘যারা সোন-রূপা জমা করে অথচ আল্লাহর রাস্তায় তা খরচ করে না অর্থাৎ যাকাত দেয় না তাদেরকে যত্নগাদায়ক শাস্তির সুসংবাদ দিন। যেদিন সেগুলিকে জহানামের আগুনে গরম করা হবে। অতঃপর সেগুলি দ্বারা তাদের ললাটে, পাৰ্শ্বদেশে ও পৃষ্ঠদেশে দাগ দেয়া হবে এবং তাদেরকে বলা হবে তার স্বাদ গ্রহণ কর যা দুনিয়াতে জমা করেছিলে’ (তওবা ৩৪-৩৫)।

মহান আল্লাহ তাঁর কালামে পাকে অন্যত্র বলেন, ‘আল্লাহ যাদেরকে ধন-সম্পদ দান করেছেন আর তারা তা নিয়ে কৃপণতা করছে। তারা যেন এ ধারণা না করে যে, এটা তাদের জন্য কলাগকর বরং এটা তাদের জন্য অকল্যাণকর। আর তারা যা নিয়ে কৃপণতা করছে ক্ষিয়ামতের দিন তা তাদের গলায় শিকল হিসাবে পরিয়ে দেয়া হবে’ (আলে ইমরান ১৮০)।

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, আল্লাহ যাকে সম্পদ দান করেছেন অথচ সে তার যাকাত দেয় না। ক্ষিয়ামতের দিন তার সম্পদকে টাকমাথা বিশিষ্ট সাপ বানানো হবে, যার চক্ষুর উপর দুইটি কাল দাগ থাকবে (অত্যন্ত বিষধর হবে)। ঐ সাপ তার গলায় পেঁচিয়ে দেয়া হবে। আর সেই সাপ তার মুখের দুই পাশে দংশন করতে থাকবে এবং বলবে আমি তোমার মাল, তোমার সংরক্ষিত সম্পদ। অতঃপর রাসূল (ছাঃ) আলে ইমরানের ১৮০ আয়াতটি পাঠ করেন।

অন্য বর্ণনায় আছে, যে ব্যক্তি তার গরু, ছাগল, ভেড়া, উট ইত্যাদির হক্ক আদায় করল না অর্থাৎ এসবের যাকাত দিল না। নিশ্চয়ই ক্ষিয়ামতের দিন ঐ গুলিকে মেটাতাজা অবস্থায় আনা হবে এবং ঐসব জানোয়ার তাদের খুর ও শিং দ্বারা মালিককে আঘাত করতে থাকবে। একদল অতিক্রম করবে, আবার অন্য দল আসবে এমনিভাবে বিচারকার্য শেষ হওয়া পর্যন্ত চলতে থাকবে’ (মুজাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১৬৩০)। আর বিচারের ঐ দিন হবে ৫০ হায়ার বছরের সমান (মুসলিম, আহমাদ)।

কোন কোন মালে যাকাত দিতে হবেং

কুরআন-হাদীছ পর্যালোচনা করলে বুঝা যায় যে, (১) ভূমি হ'তে উৎপাদিত ফসল (২) সোনা, রূপা, নগদ টাকা (৩) উট, গরু, ছাগল, ভেড়া এসবের যাকাত দিতে হয়। ব্যবসার মাল নগদ টাকা হিসাবে গণ্য।

(১) জমি থেকে উৎপাদিত ফসলঃ

জমিতে উৎপাদিত ফসলের যাকাত দিতে হবে। এমর্মে আল্লাহ বলেন, ‘হে ঈমানদারগণ! তোমরা যে সমস্ত পবিত্র জিনিস উপার্জন করেছ তা হ'তে দান কর। আর জমি হ'তে আমি যা বের করেছি তা হ'তেও’ (বাক্তারাহ ২৬৭)। তবে জমিতে উৎপাদিত ফসলের মধ্যে যেসব খাদ্যশস্য স্থায়ীভাবে সংরক্ষণ করা যায় সেগুলিতে যাকাত দিতে হবে। আর যেগুলি স্থায়ীভাবে সংরক্ষণ করা যায় না বরং পচে যাওয়ার সম্ভাবনা থাকে যেমন- তরকারী, শাক-সবজি ইত্যাদি। এগুলিতে যাকাত দিতে হবে না (ইবনু আবী শায়বা, ইরওয়া হা/৮০১, ৩য় খঙ,।)

জমি হ'তে উৎপাদিত ফসলের যাকাত দেওয়ার ক্ষেত্রে বৎসর পূর্ণ হওয়া শর্ত নয়। আল্লাহ বলেন, –
وَأَنْتُمْ حَقَّهُ بِمَ حَصَادِهِ

‘তোমরা ফসলের হক্ক আদায় কর যেদেন ফসল কর্তন কর’। অর্থাৎ ফসল সংগ্রহ করার সঙ্গে সঙ্গে যাকাত আদায় করতে হবে (আন‘আম ১৪১)।

(২) সোনা-রূপা, ব্যবসায়ী পণ্য বা নগদ টাকার যাকাতঃ

সোনা, রূপা, ব্যবসায়ী দ্রব্য বা নগদ টাকার নিসাব পরিমাণ হ'লে এবং এক বৎসর যাবত জমা থাকলে তার যাকাত দিতে হবে। আল্লাহ বলেন,

الَّذِينَ يَكْنِزُونَ الدَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُوْهُنَّا فِي سَبِيلِ اللَّهِ فَبَشِّرُهُمْ بِعَذَابٍ أَلِيمٍ

‘যারা সোন-রূপা জমা করে অথচ আল্লাহর রাস্তায় তা খরচ করে না অর্থাৎ যাকাত দেয় না তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ দিন’ (তওবা ৩৪)।

সোনা-রূপার যাকাত না দিলে পরকালে শাস্তির কথা আল্লাহ উল্লেখ করেছেন। এর অন্তর্ভুক্ত হচ্ছে নগদ অর্থ ও ব্যবসায়ী দ্রব্য। স্বর্ণের পরিমাণ যদি ২০ মিসকাল বা সাড়ে সাত ভরি এবং রূপার পরিমাণ যদি ২০০ দিরহাম বা সাড়ে ৫২ তোলার সমান হয় তাহ'লে যাকাত দিতে হবে (ইরওয়া ৩য় খঙ, হা/৮১৫)। নগদ অর্থ বা ব্যবসায়ী দ্রব্যের পরিমাণ সাড়ে সাত তোলা সোনা বা সাড়ে ৫২ তোলা রূপার মূল্যের সমান হলে এবং তা এক বৎসর পর্যন্ত জমা থাকলে তাতেও যাকাত দিতে হবে।

(৩) উট, গরু, ছাগল ও ভেড়ার যাকাতঃ

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত রাসূল (ছাঃ)-কে উট, গরু, ছাগল ইত্যাদির যাকাত সম্পর্কে জিজ্ঞেস করা হ'লে তিনি বললেন, এগুলির অধিকারী ব্যক্তি যদি এগুলির হক্ক আদায় না করে অর্থাৎ যাকাত না দেয় তাহ'লে ক্ষয়ামতের দিন তাকে খোলা ময়দানে উপুড় করে ফেলা হবে। আর ঐসব পশুগুলি দলে দলে এসে তাদের খুর ও শিং দ্বারা আঘাত করতে থাকবে যতক্ষণ না আল্লাহ তাঁর বান্দাদের বিচারকার্য শেষ না করবেন। আর ঐ দিনের পরিমাণ হবে ৫০ হায়ার বছরের সমান। অতঃপর সে জান্নাতে যাবে নতুবা জাহানামে যাবে (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/১৬৮১)। উল্লেখ্য যে, মহিষ গরুর মধ্যে শামিল এবং ভেড়া ছাগলের অন্তর্ভুক্ত। তবে ঘোড়া ও গাধার যাকাত নেই।

যাকাতের নিসাব বা কি পরিমাণ মাল হ'লে যাকাত দিতে হবেঃ

খাদ্যশস্য পাঁচ ওয়াসাক হ'লে যাকাত দিতে হবে। এর কম হ'লে যাকাত দিতে হবে না। রাসূল (ছাঃ) বলেন, খেজুর পাঁচ ওয়াসাকের কমে যাকাত নেই (মুত্তফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হ/১৭০২)। সুতরাং খাদ্যশস্যের পরিমাণ পাঁচ ওয়াসাক হ'লে ১ সা' বা আড়াই কেজি পরিমাণ যাকাত দিতে হবে। ১ ওয়াসাক সমান ১৫০ কেজি, ৫ ওয়াসাক সমান ৭৫০ কেজি বা ১৮ মণি ৩০ কেজি। জমিতে এই পরিমাণ ফসল উৎপাদিত হ'লে সেচের পানিতে উৎপাদিত ফসলের ২০ ভাগের এক ভাগ এবং সেচ ব্যতীত উৎপাদিত ফসলের ১০ ভাগের এক ভাগ যাকাত দিতে হবে। আমাদের দেশে পূর্বে প্রচলিত ৮০'র ওয়ন হিসাবে সেচ দেওয়া জমির ফসলে প্রায় ২০ মণি ১ মণি এবং সেচ বিহীন জমির ফসলে ১০ মণি ১ মণি হিসাবে যাকাত দিতে হবে। আর বর্তমান হিসাবে উৎপাদিত ফসলের পরিমাণ ১৮ মণি ৩০ কেজির সমান হ'লে সেচ দেওয়া জমির ফসলের ২০ ভাগের ১ ভাগ এবং সেচ বিহীন জমির ফসলের ১০ ভাগের ১ ভাগ যাকাত দিতে হবে।

সোনা, রূপা, ব্যবসায়ী দ্রব্য বা নগদ টাকার নিসাবঃ

রাসূল (ছাঃ) বলেন, স্বর্ণ ২০ মিসকালের কমে যাকাত নেই এবং রূপা ২০০ দিরহামের কমে যাকাত নেই (ইরওয়া ত্য খও, হ/৮১৫)। আমাদের দেশীয় হিসাবে ২০ মিসকাল সমান সাড়ে ৭ ভরি এবং ২০০ দিরহার সমান সাড়ে ৫২ ভরি। যদি কারো নিকটে ঐ পরিমাণ স্বর্ণ-রৌপ্য কিংবা তার সমমূল্যের নগদ অর্থ বা ব্যবসায়ী দ্রব্য থাকে এবং তাতে এক বছর অতিবাহিত হয় তাহ'লে তার

মালিককে শতকরা আড়াই টাকা হারে যাকাত দিতে হবে (আবুদাউদ, বুলুণ্ড মারামহা/৫৯২)।

উট, গরু, ছাগল ও ভেড়ার নিসাবৎ

উট পাঁচটির কমে যাকাত নেই। ৫টি হ'লে একটি ছাগল যাকাত দিতে দিতে হবে। গরু ৩০ টির কমে যাকাত নেই। ৩০টি গরুতে ২য় বছরে পড়েছে এমন একটি বাচ্চুর যাকাত দিতে হবে। ছাগল ৪০ টির কমে যাকাত নেই। ৪০ হ'তে ১২০ পর্যন্ত ১টি ছাগল যাকাত দিতে হবে। আমাদের দেশে উট, গরু ছাগল ও ভেড়া তেমন ব্যাপকভাবে লালন-পালন করা হয় না বলে এসবের সংক্ষিপ্ত ধারণা উপস্থাপন করা হল মাত্র। উল্লিখিত নিসাব পরিমাণ পশু যদি কারো নিকট থাকে এবং এক বৎসর অতিবাহিত হয় তাহ'লে তার যাকাত দিতে হবে (বুখারী, বঙ্গনুবাদ মিশকাত হা/১৭০৪)। উল্লেখ্য, মহিষের নিসাব গরুর নিসাবের সমান এবং ভেড়ার নিসাব ছাগলের নিসাবের সমান।

যাকাতের হক্কদার

মহান আল্লাহ যেমনভাবে ধন-সম্পদের যাকাত দিতে বলেছেন তেমনি যাকাত ব্যয়ের খাতও উল্লেখ করেছেন। তিনি বলেন,

إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسْكِينِ وَالْعَامِلِينَ عَلَيْهَا وَالْمُؤْلَفَةُ قُلُوبُهُمْ وَفِي الرِّقَابِ وَالْعَارِمِينَ
وَفِي سَبِيلِ اللَّهِ وَابْنِ السَّبِيلِ فَرِيْضَةٌ مِّنَ اللَّهِ وَاللَّهُ عَلَيْمٌ حَكِيمٌ -

‘নিশ্চয়ই ছাদাক্ত হচ্ছে ফকুর, মিসকীন, যাকাত আদায়কারী, অমুসলিমদের অন্তর জয় করার জন্য, ক্রীতদাস মুক্তিতে, ঝণগ্রস্ত, আল্লাহর রাস্তায় এবং পথিকদের জন্য। এটা আল্লাহর পক্ষ থেকে ফরয’ (তওবা ৬০)। এ ছাদাক্ত বলতে ধন-সম্পদের ফরয যাকাতকে বুঝানো হয়েছে। এ আয়াতে ৮ শ্রেণীর লোকের কথা উল্লেখ করা হয়েছে, যারা প্রত্যেকেই যাকাত পাওয়ার হক্কদার।

আল্লাহর রাস্তায় দান

ইসলামে দানের গুরুত্ব অপরিসীম। মহান আল্লাহ তা‘আলা তাঁর গুরুত্বপূর্ণ ইবাদত ছালাতের সঙ্গে যাকাত ছাড়াও দানের কথা উল্লেখ করেছেন। আল্লাহ বলেন,

‘তোমরা ছালাত আদায় কর এবং তোমাদেরকে যে রিযিক দেওয়া হয়েছে তা থেকে ব্যয় (দান) কর’ (বাক্সারাহ ৩)। এ আয়াতে আল্লাহ যে দানের কথা বলেছেন তা ধনী-দরিদ্র সকলের জন্য প্রযোজ্য। আল্লাহ তা‘আলা অন্যত্র বলেন, وَانْفَقُوا مِمَّا رَزَقْنَاكُمْ مِنْ قَبْلُ أَنْ يَأْتِيَ أَحَدُكُمُ الْمَوْتُ-

‘আর তোমরা তা হ’তে ব্যয় (দান) কর যা আমি তোমাদেরকে রিযিক্স হিসাবে দিয়েছি। তোমাদের মৃত্যু আসার পূর্বে’ (মুনাফিকুন ১০)। মহান আল্লাহ অন্য জায়গায় বলেন, ‘হে ঈমানদারগণ! আমি তোমাদেরকে যে রিযিক্স দিয়েছি তা হ’তে তোমরা দান কর। সেদিন আসার পূর্বে যে দিন ক্রয়-বিক্রয়, বন্ধুত্ব এবং সুপারিশ থাকবে না’ (বাক্সারাহ ২৫৪)।

উল্লিখিত আয়াতগুলিতে আল্লাহ বিশেষভাবে তাঁর মুমিন বান্দাদেরকে দান করতে বলেছেন, তাদের মৃত্যু আসার পূর্বে। এই দান কারো প্রতি নির্ধারিত পরিমাণ ফরয নয়। কেননা রাসূল (ছাঃ) সাধ্যমত দান করতে বলেছেন। আদী ইবনু হাতেম (রাঃ) বর্ণিত তিনি বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি। তোমরা জাহানাম হ’তে আত্মরক্ষা কর একটি খেজুর দান করে হ’লেও (বঙ্গনুবাদ বুখারী হ/১৪১৭ আধুনিক প্রকাশনী)। অন্য বর্ণনায় আছে, রাসূল (ছাঃ) গরু, ছাগলের পোড়া খুর অর্থাৎ সামান্য জিনিস হ’লেও দান করতে বলেছেন (আহমাদ, আবুদাউদ, তিরমিয়ী, বঙ্গনুবাদ মিশকাত হ/১৭৮৫, তিরমিয়ী হাদীছচ্চিকে ছহীহ বলেছেন)। কেননা দানের মাধ্যমে মানুষ জাহানাম থেকে মুক্তি পায় (বঙ্গনুবাদ বুখারী হ/১৪১৭ আধুনিক প্রকাশনী)। কিয়ামতের দিন আল্লাহর আরশের ছায়া ব্যতীত আর কোন ছায়া থাকবে না। সেদিন আল্লাহ সাত শ্রেণীর লোককে তাঁর আরশের ছায়ায় আশ্রয় দান করবেন। তন্মধ্যে এক শ্রেণী হচ্ছে এমন ব্যক্তি যে গোপনে দান করে। সে এমনভাবে দান করে যে, তার ডান হাত কি দান করে তা তার বাম হাত জানতে পারে না। দানের ব্যাপারে সবাইকে সচেষ্ট হ’তে হবে। রাসূল (ছাঃ) মহিলাদেরকে দান করার জন্য বিশেষভাবে নির্দেশ দিয়েছেন। একদী তিনি এক ঈদের ছালাতের পর মহিলাদের নিকট আসলেন এবং বললেন, হে নারী সমাজ! তোমরা দান কর। কেননা আমাকে অবগত করা হয়েছে যে, জাহানামের অধিকাংশ অধিবাসী নারীরাই হবে। তারা জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল! কোন অপরাধের কারণে? রাসূল (ছাঃ) বললেন, তোমরা অন্যের প্রতি বেশী বেশী অভিশাপ করে থাক এবং স্বামীদের প্রতি অকৃতজ্ঞতা প্রকাশ করে থাক। তোমরা দ্বিনে অপূর্ণ, ত্ত্বনে অপূর্ণ (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হ/১৮)। এজন্য রাসূল (ছাঃ) তাদেরকে বেশী বেশী দান করতে বললেন। বেলাল (রাঃ) বলেন,

আমি তাদের মধ্যে কাপড় প্রশস্ত করে ধরলাম, তারা তাদের হাতের বালা, আংটি ছেট-বড় সবাই যে যা পারল, সে তা দান করতে লাগল (বঙ্গনুবাদ বুখারী হ/৯৭৯ আধুনিক প্রকাশনী)।

রাসূল (ছাঃ)-এর যামানার মহিলাগণ যদি এভাবে দান করে থাকেন তাহ'লে তো আমাদেরকে আরো বেশী বেশী দান করতে হবে। মহিলারা তাদের স্বামীর সম্পদ হ'তে দান করতে পারে। স্বামীর সাক্ষাতে হোক কিংবা অগোচরে হোক স্বামীর সম্পদ থেকে দান করলে মহিলা ও তার স্বামী উভয়েই ছওয়াব পাবে। অথচ কারো ছওয়াব কম করা হবে না। তবে স্ত্রীকে লক্ষ রাখতে হবে দানের ক্ষেত্রে যেন বাড়াবাড়ি না হয়ে যায় এবং এর ফলে যাতে করে স্বামীর সংসারে বিপর্যয় নেমে না আসে (বঙ্গনুবাদ বুখারী হ/১৪২৫ আধুনিক প্রকাশনী)। অন্য বর্ণনায় আছে, রাসূল (ছাঃ) বলেন, হে নারী সমাজ! তোমরা দান কর যদিও তোমাদের গহনা হ'তেও হয় (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হ/১৮৩৮)।

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি হালাল উপার্জন হ'তে একটি খেজুর পরিমাণ দান করবে আল্লাহ তা কবুল করবেন। আল্লাহ কেবল পবিত্র মাল কবুল করেন। আর আল্লাহ তা ডান হাত দিয়ে কবুল করেন। এরপর আল্লাহ তা দাতার কল্যাণার্থে প্রতিপালন করেন। যেমন তোমাদের কেউ ঘোড়ার বাচ্চা প্রতিপালন করে। অবশ্যে সেই ছাদাক্ত পাহাড় সমান হয়ে যায়। (প্রাচীন কালে ঘোড়া ছিল মানুষের প্রিয় সম্পদ। এজন্য ঘোড়ার বাচ্চা পালন করার কথা উল্লেখ করা হয়েছে)।

উত্তম দানঃ আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘একটি দীনার তুমি আল্লাহর রাস্তায় দান করলে একটি দীনার গোলাম আযাদের কাজে খরচ করেছ। একটি দীনার তুমি দরিদ্রকে দান করেছ এবং একটি দীনার তুমি তোমার পরিবার-পরিজনের জন্য খরচ করেছ। এগুলির মধ্যে যেটি তুমি পরিবারের জন্য খরচ করেছ সেটিই হল ছওয়াবের দিক দিয়ে অধিক বড়’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/১৮৩৫)।

অন্য বর্ণনায় আছে—*خَيْرُ الصَّدَقَةِ مَا كَانَ عَنْ ظَهْرٍ غَنِيٌّ وَابْدأْ بِمَنْ تَعُولُ*

‘উত্তম দান হ'ল যা স্বচ্ছতার সাথে দান করা হয়। অর্থাৎ দান করার কারণে যাতে পরিবার-পরিজনের কোন কষ্ট না হয়। তুমি দান শুরু করবে তোমার পরিবার থেকে’ (বুখারী, মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/১৮৩৩)।

عَنْ مَيْمُونَةَ بِنْتِ الْحَارِثِ أَنَّهَا أَعْنَقَتْ وَلِيْدَةً فِي زَمَانِ رَسُولِ اللَّهِ ﷺ فَذَكَرْتُ لِرَسُولِ اللَّهِ صَفَّاقَ لَوْ أَعْطَيْتُهَا أَخْوَالَكَ كَانَ أَعْظَمَ لَأْجْرِكَ

মাইমুনা বিনতু হারেছ (রাঃ) হ'তে বর্ণিত তিনি রাসূল (ছাঃ)-এর যামানায় একটি দাস মুক্ত করলেন। অতঃপর তা রাসূলকে জানালেন। তিনি বললেন, যদি তুমি তা তোমার ভাইদের দান করতে তাহ'লে বেশী ছওয়াব হ'ত (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১৮৩৯)।

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত এক ছাহাবী রাসূল (ছাঃ)-কে জিজেস করলেন, কোন দানের ছরয়াব বেশী। রাসূল (ছাঃ) বললেন, সুস্থ ও কৃপণ অবস্থায় তোমার ছাদাক্ত করা। যখন তুমি দারিদ্রের আশংকা করবে এবং ধনী হওয়ার আশা রাখবে এমতাবস্থায় দান করা অতি উত্তম (বঙ্গনুবাদ বুখারী হা/১৪২৫; আধুনিক প্রকাশনী, হা/১৩৩৪)।

عَنْ أَسْمَاءَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَ لِي النَّبِيُّ ﷺ لَا تُوكِّي فَيُوكِي عَلَيْكَ -

আসমা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) আমাকে বললেন যে, সম্পদ কমে যাওয়ার ভয়ে ছাদাক্ত করা অর্থাৎ দান-খয়রাত বন্ধ করবে না। অন্যথায় তোমার জন্যও আল্লাহ কর্তৃক দান বন্ধ করে দেওয়া হবে' (বঙ্গনুবাদ বুখারী, হা/২৪৩৩; আধুনিক প্রকাশনী হা/১৩৪০)।

দান করার পর বলে বেড়ানোঃ

আল্লাহর তা'আলার বাণী,

الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ ثُمَّ لَا يَتَبَعَّدُونَ مَا أَنْفَقُوا مِنْهُ وَلَا أَذَى -

'প্রকৃতপক্ষে মুমিন তারাই যারা আল্লাহর পথে নিজেদের ধন-সম্পদ হ'তে ব্যয় করে এবং যা ব্যয় করে তার কথা বলে বেড়ায় না' (বাক্তারাহ ২৬২)।

আবু হুরায়রা (রাঃ) নবী করীম (ছাঃ) হ'তে বর্ণনা করেন, যে ব্যক্তি এমনভাবে ছাদাক্ত করল যে, তার ডান হাত যা ব্যয় করেছে বাম হাত তা জানে না।

আল্লাহর বাণী, তোমরা যদি প্রকাশ্যে দান কর তাহ'লে তা কতই না উত্তম। আর যদি গোপনে দান কর এবং অভাবগ্রস্তদের দিয়ে দাও তবে তোমাদের জন্য তা আরো ভাল' (বাক্তারাহ ২৭১)।

গোপনে দানের অনেক ফয়ীলত ও গুরুত্ব রয়েছে। পক্ষান্তরে লোক দেখানো দান করলে সে দান কোন কাজে আসবে না। বরং তা গোনাহের কারণ হবে (বাহুরাহ ২৬৪)। আর যে ব্যক্তি কাউকে কোন কিছু দান করার পর কোন কারণে খোটা দেয় সে জান্নাতে যেতে পারবে না (নাসাই, হাদীছ ছহীহ)। ছিয়ামতের দিন আল্লাহ তিন শ্রেণীর মানুষের সাথে কথা বলবেন না। তন্মধ্যে এক শ্রেণীর লোক হচ্ছে যারা দান করে খোটা দেয়।

যারা ছাদাকু করতে অক্ষম বা অসমর্থ তাদের উচিত মানুষের সাথে উভয় ব্যবহার করা ও ভাল কথা বলা। কেননা প্রত্যেক ভাল কথায় একটি ছাদাকুর সমান ছওয়াব রয়েছে। সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধও একটি ছাদাকু। তেমনি (১) সুবহঃনাল্লা-হ (২) আলহঃমদুল্লাহ-হ (৩) লা-ইলাহা ইল্লাল্লাহ-হ (৪) আল্লাহ-হ আকবার বলাতে ৩৬০ টি ছাদাকু করার মত ছওয়াব রয়েছে। অতএব আমরা যারা কর্মব্যস্ত ও অভাবী তাদের উচিত কাজের ফাঁকে ফাঁকে তাসবীহগুলি বলার অভ্যাস করা।

ছিয়ামের আলোচনা

ছিয়াম একটি গুরুত্বপূর্ণ ফরয ইবাদত। এর জন্য সীমাহীন প্রতিদান রয়েছে। এটি এমন এক ইবাদত যার প্রতিদান আল্লাহ স্বহস্তে প্রদান করবেন। ছিয়াম ব্যতীত পৃথিবীতে অন্য কোন ইবাদত নেই, যার প্রতিদান আল্লাহ নিজ হাতে দিবেন। ছিয়াম সম্পর্কে আলোচনার পূর্বে এর আভিধানিক ও পারিভাষিক অর্থ তথা সংজ্ঞা জানা আবশ্যিক।

সংজ্ঞা:

চুম একবচন, বহুবচনে চুম এর অর্থ বিরত থাকা। শরী'আতের পরিভাষায় আল্লাহর নির্দেশ পালনের উদ্দেশ্যে ছুবহে ছাদিক হ'তে সূর্যাস্ত পর্যন্ত পানাহার, স্ত্রী সহবাস এবং যাবতীয় অশীল কথা ও কাজ হ'তে বিরত থাকাকে ছিয়াম বলে। ছিয়ামকে রোয়া বলা হ'লে এর অর্থ বিকৃত ও পরিবর্তিত হয়ে যায়। এজন্য রোয়া বলা ঠিক নয়। রোয়া অর্থ উপবাস। আর উপবাস অর্থ পানাহার হ'তে বিরত থাকা। যা হিন্দু, বৌদ্ধ, খ্ষঁস্টান সকল ধর্মের লোকেরা পালন করে থাকে। এই উপবাসে অশীল কথা ও কর্ম পরিহার করা এবং স্ত্রী সহবাস থেকে বিরত থাকার কোন বিধান নেই। সুতরাং ছিয়াম ও রোয়ার মধ্যে অনেক পার্থক্য বিদ্যমান।

এছাড়া ইসলামের মৌলিক ইবাদতগুলির নাম বাংলা বা অন্য কোন ভাষায় না বলে আরবীতে বলাই উচ্চম। কেননা বাংলা বা অন্য কোন ভাষায় বললে ঐ ইবাদতের মূল অর্থ পরিবর্তিত হয়ে যায়।

ছিয়াম ইসলামের মৌলিক ফরয ইবাদতঃ

ইসলামের মৌলিক ইবাদত সমূহের মধ্যে ছিয়াম একটি। এটি ইসলামের পঞ্চম স্তরে অন্যতম। প্রত্যেক সুস্থ, প্রাণব্যক্ত, জ্ঞানবান ধনী-দরিদ্র নারী-পুরুষ সকলের উপর ফরয।

আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ.

‘হে বিশ্বাসীগণ! তোমাদের জন্য ছিয়াম ফরয করা হয়েছে যেমন তোমাদের পূর্ববর্তীদের প্রতি ছিয়াম ফরয করা হয়েছিল। যাতে তোমরা প্রহেয়গার হ’তে পার’ (বাক্সারা ১৮৩)। অন্য আয়াতে আল্লাহ বলেন,

فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلِيَصْمِمْ

‘তোমাদের মধ্যে যে এই মাসটিকে পাবে সে যেন ছিয়াম রাখে’ (বাক্সারা ১৮৫)।

রাসূল (ছাঃ)-এর বাণী, ‘ইসলাম পাঁচটি খুটির উপর প্রতিষ্ঠিত- (১) এই সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ বা উপাস্য নেই এবং মুহাম্মাদ (ছাঃ) তাঁর বান্দা ও রাসূল। (৩) দিনে রাতে পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করা (৩) নির্ধারিত মালের যাকাত আদায় করা (৪) সামর্থ থাকলে হজ্জ করা এবং (৫) রামায়ান মাসের ছিয়াম পালন করা।

এই ছিয়াম কেবল উম্মতে মুহাম্মাদীর উপর ফরয নয় বরং পূর্ববর্তী নবী-রাসূলগণের উম্মতের উপরও এই ছিয়াম ফরয ছিল। তবে তাদের উপর কোন মাসে কত দিন ছিয়াম ফরয ছিল এসম্পর্কে বিস্তারিত কিছু জানা যায় না। উম্মতে মুহাম্মাদীর উপর দ্বিতীয় হিজরীতে ছিয়াম ফরয হয়।

ছিয়ামের গুরুত্ব ও মাহাত্ম্যঃ

ছিয়ামের গুরুত্ব অপরিসীম। ছিয়ামের গুরুত্ব ও তাত্পর্য সম্পর্কে অনেক হাদীছ বর্ণিত হয়েছে। রাসূল (ছাঃ) বলেন,

إِذَا دَخَلَ رَمَضَانُ فُتِّحَتْ أَبْوَابُ السَّمَاءِ وَفِي رِوَايَةٍ فُتِّحَتْ أَبْوَابُ الْجَنَّةِ۔

‘যখন রামাযান মাস আসে তখন আসমানের দরজা সমূহ খুলে দেওয়া হয়। অন্য বর্ণনায় আছে, জান্নাতের দরজা খুলে দেওয়া হয়’ (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১৮৬০)।

عن أبي هريرة رضي الله عنه قال ان رسول الله صلى الله عليه وسلم قال إِذَا جَاءَ رَمَضَانُ فُتِّحَتْ أَبْوَابُ الْجَنَّةِ وَغُلُقْتْ أَبْوَابُ النَّارِ وَصُفِّدَتِ الشَّيَاطِينُ

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যখন রামাযান মাস আসে, তখন জান্নাতের দরজা খুলে দেয়া হয়, জাহান্নামের দরজা বন্ধ করে দেয়া হয় এবং সমস্ত শয়তানকে শৃংখণিত করা হয়’ (সিলসিলা ছহীহা হা/২২০৭, ১৩০৭)।

عن أبي هريرة رضي الله عنه قال إِذَا دَخَلَ رَمَضَانُ فُتِّحَتْ أَبْوَابُ الرَّحْمَةِ.

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যখন রামাযান মাস আসে তখন রহমতের দরজা খুলে দেয়া হয়’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৯৫৬; বাংলা মিশকাত হা/১৮৬০)। এ হাদীছ দ্বারা প্রমাণিত হয় যে, রামাযান মাস এক বিশেষ গুরুত্বপূর্ণ মাস। এ মাসে জান্নাতের দরজা খোলা থাকে, জাহান্নামের দরজা বন্ধ থাকে এবং আল্লাহর রহমতের দরজা খোলা থাকে। পূর্ণমাস আল্লাহর এক বিশেষ দয়া ও রহমত বর্ষণ হয়। প্রকাশ থাকে যে, রামাযান মাসকে তিন ভাগ করার হাদীছটি ঘঙ্গফ (আলবানী, তাহকীক মিশকাত হা/১৯৬৫)।

عن سهل بن سعد رضي الله عنه قال رسول الله صلى الله عليه وسلم فِي الْجَنَّةِ تَمَانِيَةُ أَبْوَابٍ مِنْهَا بَابٌ يُسَمَّى الرَّيَانُ لَا يَدْخُلُهَا إِلَّا الصَّائِمُونَ۔

সাহল ইবনু সাদ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘জান্নাতের আটটি দরজা রয়েছে। তার একটি দরজার নাম রাইয়ান। ছিয়ামপালনকারী ব্যতীত ঐ দরজা দিয়ে আর কেউ প্রবেশ করতে পারবে না’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৯৫৭; বাংলা মিশকাত হা/১৮৬১)।

عن أبي هريرة رضى الله عنه قال قال رسول الله ﷺ كُلُّ عَمَلٍ بْنَ آدَمَ يُضَاعِفُ الْحَسَنَةُ بِعَشْرِ أَمْثَالِهَا إِلَى سَبْعِ مائَةٍ ضَعْفٌ قَالَ اللَّهُ تَعَالَى إِلَّا الصَّوْمُ فَإِنَّهُ لِي وَأَنَا أَجْزِي بِهِ يَدْعُ شَهْوَتَهُ وَطَعَامَهُ مِنْ أَجْلِي لِلصَّائِمِ فَرْحَانٌ فَرْحَةٌ عِنْدَ فِطْرِهِ وَفَرْحَةٌ عِنْدَ لِقَاءِ رَبِّهِ، وَلَخَلُوفٌ فِيمَ الصَّائِمِ أَطْيَبُ عِنْدَ اللَّهِ مِنْ رِيحِ الْمِسْكِ وَالصِّيَامُ جَنَّةٌ وَإِذَا كَانَ يَوْمُ صَوْمٍ أَحَدِكُمْ فَلَا يَرْفُثُ وَلَا يَصْخَبُ فَإِنَّ سَابَةَ أَحَدٍ أَوْ قَاتَلَهُ فَلَيْقُلْ إِلَيْيَ أَمْرًا صَائِمٌ.

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘আদম সন্তানের নেক আমল বাঢ়ানো হয়ে থাকে। পত্যেক নেক আমল দশগুণ হ’তে সাত শত গুণ পর্যন্ত পৌঁছে। আল্লাহ তা’আলা বলেন, তবে ছিয়াম ব্যতীত। কারণ ছিয়াম আমারই জন্য পালন করা হয় এবং তার প্রতিদান আমিই দিব। সে আমার জন্য স্বীয় প্রবৃত্তি ও খাদ্য-পানি ত্যাগ করে। ছিয়াম পালনকারীর জন্য দু’টি প্রধান আনন্দ রয়েছে। একটি তার ইফতারের সময় এবং অপরটি জান্নাতে আপন প্রতিপালকের সাথে সাক্ষাতের সময়। নিচ্যরই ছিয়াম পালনকারীর মুখের গন্ধ আল্লাহর নিকট মিশকের খুশবু অপেক্ষাও অধিক সুগন্ধময়। ছিয়াম হচ্ছে মানুষের জন্য জাহান্নাম হ’তে রক্ষার ঢালস্বরূপ। সুতরাং যখন তোমাদের কারো ছিয়াম পালনের দিন আসে সে যেন অশ্লীল কথা না বলে এবং অনর্থক শোরগোল না করে। যদি কেউ তাকে গালি দেয় অথবা তার সাথে বাগড়া করতে চায় সে যেন বলে আমি একজন ছিয়াম পালনকারী’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৯৫৯; বাংলা মিশকাত হা/১৮৬৩)।

রামায়ন মাসে এমন একটি রাত আছে যা হায়ার মাস অপেক্ষা উন্নত (কৃদর ৩)। এ মাসে একজন আহ্বানকারী মানুষকে কল্যাণের দিকে ডাকে এবং অকল্যাণ থেকে বিরত থাকার আহ্বান জানায়। হাদীছে এসেছে-

عَنْ أَبِي هِرِيرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ ... وَيَنْتَادِيُ مُنَادِيًّا: يَابَاغِيَ الْخَيْرِ أَقْبِلْ وَيَابَاغِيَ الشَّرِّ أَقْصِرْ وَلَلَّهِ عُتْقَاءُ مِنَ النَّارِ وَذَلِكَ كُلُّ لِيَلَّةٍ۔

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘রামায়ন মাসে আহ্বানকারী আহ্বান করতে থাকে হে কল্যাণের অন্বেষণকারী আরও কল্যাণ অন্বেষণ করার উদ্দেশ্যে অগ্রসর হও। হে মন্দের অন্বেষণকারী মন্দ অন্বেষণ করা হ’তে থেমে

যাও। আল্লাহ এ মাসে বহু লোককে জাহানাম হ'তে মুক্তি দেন। আর এরূপ প্রত্যেক রাতেই হয়ে থাকে' (তিরমিয়ী, হাদীছ ছহীহ, আলবানী, তাহফীক্সে মিশকাত হা/১৯৬০; বাংলা মিশকাত হা/১৮৬৫)।

উল্লিখিত হাদীছগুলি দ্বারা বুঝা যায় যে, ছিয়ামের ঘর্যাদা ও গুরুত্ব অপরিসীম। ছিয়াম পালনের মাধ্যমে মানুষ জাহানাতে যেতে পারে এবং জাহানাম থেকে মুক্তি পায়। অশ্বীল ও গর্হিত কাজ থেকে বিরত থাকা যায়, বাগড়া-বাটি থেকে বেঁচে থাকা যায়। পরহেয়গারিতা অর্জন করা যায়। ক্ষিয়ামতের দিন ছিয়াম পালনকারীর জন্য ছিয়াম আল্লাহর কাছে সুপারিশ করবে যা কবুল করা হবে।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ تَعَالَى عَنْهُ قَالَ الصَّيَامُ وَالْقُرْآنُ يُشَفِّعُانِ لِلْعَبْدِ يَقُولُ

الصَّيَامُ أَيْ رَبٌّ إِنِّي مَنَعْتُهُ الطَّعَامَ وَالشَّهْوَاتِ بِالنَّهَارِ فَشَعْنَيْ فِيهِ فَيُشَفِّعَانِ-

আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হ'তে বর্ণিত রাসূল (ছাঃ) বলেছেন, 'ছিয়াম এবং কুরআন ক্ষিয়ামতের দিন আল্লাহর নিকট বান্দার জন্য সুপারিশ করবে। ছিয়াম বলবে, হে প্রতিপালক আমি তাকে দিনে তার খাদ্য ও প্রবৃত্তি হ'তে বাধা দিয়েছি। সুতরাং তার ব্যাপারে আমার সুপারিশ কবুল করুণ। কুরআন বলবে, আমি তাকে রাত্রে নিদ্রা হ'তে বাধা দিয়েছি। সুতরাং তার ব্যাপারে আমার সুপারিশ কবুল করুণ। অতএব উভয়ের সুপারিশ কবুল করা হবে' (বায়হাক্তী, হাদীছ ছহীহ, আলবানী, তাহফীক্সে মিশকাত হা/১৯৬০; বাংলা মিশকাত হা/১৮৬৬)।

রাসূল (ছাঃ)-এর ছিয়ামঃ

আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন ছিয়াম পালন করতে থাকতেন তখন আমরা বলতাম যে, তিনি আর ছিয়াম ছাড়বেন না। আবার যখন ছিয়াম ছাড়তেন তখন আমরা বলতাম যে, তিনি আর ছিয়াম রাখবেন না। আমি রাসূল (ছাঃ)-কে রামায়ন ছাড়া পূর্ণমাস ছিয়াম পালন করতে দেখিনি এবং শা'বান ছাড়া অন্য কোন মাসে এত অধিক ছিয়াম পালন করতে দেখিনি।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفْضَلُ الصَّيَامِ بَعْدَ

রَمَضَانَ شَهْرُ اللَّهِ الْمُحْرَمَ وَأَفْضَلُ الصَّلَاةِ بَعْدَ الْفَرِيْضَةِ صَلَاةُ اللَّيْلِ.

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘রামাযানের পর আল্লাহর মাস মুহাররমের ছিয়ামই শ্রেষ্ঠ এবং ফরয ছালাতের পর রাতের ছালাতই শ্রেষ্ঠ ছালাত’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/১৯৪১)।

عَنْ أَبْنَى عَبَّاسٍ رَضِيَّ رَضِيَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَحَرَّى صِيَامَ يَوْمٍ فَضْلَهُ عَلَى
غَيْرِهِ إِلَّا هَذَا الْيَوْمُ يَوْمٌ عَشُورَاءُ وَهَذَا الشَّهْرُ يَعْنِي شَهْرُ رَمَضَانَ

ইবনু আবাস (রাঃ) বলেন, আমি নবী কর্ম (ছাঃ)-কে এই দিন অর্থাৎ আশুরার দিন এবং এই মাস অর্থাৎ রামাযান মাস ব্যতীত কোন দিন বা মাসে ছিয়াম রাখার প্রতি এত খেয়াল করতে এবং অন্যান্য দিন সমূহের উপর শ্রেষ্ঠত্ব দান করতে দেখিনি’ (মুত্তফক আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হ/১৯৪২)।

অন্য এক বর্ণনায় আছে রাসূল (ছাঃ) ছাহাবায়ে কেরামকে আশুরার দিন ছিয়াম পালন করার নির্দেশ দিলে ছাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! এই দিনকে ইহুদী ও নাচারারাও সম্মান করে। তখন রাসূল বললেন, ‘আমি যদি আগামী বছর পর্যন্ত বেঁচে থাকি তাহলে নবম তারিখেও ছিয়াম পালন করব’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/১৯৪৩)।

মুহাররম মাসের ৯ম ও ১০ম তারিখে দু’টি ছিয়াম রাখাকে আশুরার ছিয়াম বলে। এই ছিয়ামের অত্যধিক ফয়লত রয়েছে। আশুরার ছিয়াম পালন করলে এক বছর পূর্বের সমস্ত গুনাহ মাফ করে দেয়া হয় (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/১৯৪৬)।

عَنْ أَبِي أَيْوبَ الْأَنْصَارِيِّ رَضِيَّ اللَّهُ عَنْهُ أَنَّهُ حَدَّثَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ
مَنْ صَامَ رَمَضَانَ ثُمَّ أَتَبَعَهُ سِتًا مِّنْ شَوَّالَ كَانَ كَصِيَامُ الدَّهْرِ -

আবু আইউব আনছারী (রাঃ) হ’তে বর্ণিত তিনি রাসূল (ছাঃ) থেকে হাদীছ বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি রামাযানের ছিয়াম পালন করল, অতঃপর শাওয়ালের ছয়টি ছিয়াম পালন করল, সে যেন পূর্ণ এক বছর ছিয়াম পালন করল’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/১৯৪৯)।

অনেকের ধারণা কারো যদি রামাযানের ছিয়াম ছুটে যায় তাহলে আগে কায়া আদায় করে পরে শাওয়ালের ছিয়াম পালন করতে হবে। এ ধারণা ঠিক নয়।

কারণ রামাযানের কায়া ছিয়াম পরবর্তী বছর রামাযান মাস আসার পূর্বে বছরের যে কোন সময় আদায় করা যাবে কিন্তু শাওয়ালের ছিয়াম কেবল শাওয়াল মাসেই রাখতে হবে। এজন্য কারো রামাযানের ছিয়াম ছুটে গেলেও শাওয়ালের ছিয়াম আগে রেখে পরে রামাযানের কায়া ছিয়াম রাখা উত্তম। আবার শাওয়ালের নফল ছিয়াম একাধারে ছয়টা রাখা যাবে না, মাঝে মাঝে বাদ দিয়ে ছয়টা ছিয়াম পূরণ করতে হবে, এধারণাও ঠিক নয়। কেননা এ ব্যাপারে রাসূল (ছাঃ) থেকে কোন হাদীছ বর্ণিত হয়নি। সুতরাং যার যেভাবে সুবিধা সে সেভাবে এ ছিয়াম রাখতে পারে। এক্ষেত্রে ধরাবাধা কোন নিয়ম নেই।

অন্য এক বর্ণনায় আছে রাসূল (ছাঃ) বলেছেন, প্রত্যেক মাসে তিন দিন ছিয়াম পালন করা সারা বছর ছিয়াম পালন করার সমান। প্রত্যেক মাসের ১৩, ১৪, ১৫ এই তিন দিন ছিয়াম রাখার কথা হাদীছে এসেছে। রাসূল (ছাঃ) আবু যারকে বললেন, ‘তুমি মাসে তিন দিন ছিয়াম রাখবে যখন মাসের ১৩, ১৪, ১৫ তারিখ হবে’ (তিরমিয়ী, নাসাই, বঙ্গানুবাদ মিশকাত হ/১৯৫৯)।

অপর এক বর্ণনায় আছে, রাসূল (ছাঃ) বলেছেন, ‘আরাফার দিন ছিয়াম পালন করলে, এক বছর আগের এবং এক বছর পরের সমস্ত ছগীরা গুনাহ সমূহ মাফ করে দেওয়া হয়। যারা হজ্জত পালনের জন্য মক্কায় যাবে তারা ব্যতীত অন্যরা এই দিন ছিয়াম পালন করবে। কেননা যারা হজ্জে গমন করে তাদের জন্য এই ছিয়াম নয়।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَعْرَضُ الْأَعْمَالُ بَعْدَ الْإِنْتِنْيَنِ وَالخَيْبَيْسِ فَأَحَبُّ أَنْ يُعْرَضَ عَمَلِيْ وَأَنَا صَائِمٌ

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, সোমবার ও বৃহস্পতিবার বাদ্দার আমল সমূহ আল্লাহর দরবারে পেশ করা হয়। অতএব আমি চাই যে, আমার আমল পেশ করা হোক আমার ছিয়াম রত অবস্থায়’ (তিরমিয়ী, নাসাই, বঙ্গানুবাদ মিশকাত হ/১৯৫৮)।

হাফছাহ (রাঃ) বলেন, চারটি বিষয় এমন যেগুলি রাসূল (ছাঃ) কখনো ছাড়তেন না। আশুরার ছিয়াম, যিলহজ মাসের প্রথম দশকের ছিয়াম, প্রত্যেক মাসে তিন দিন ছিয়াম এবং ফজরের পূর্বে দু’রাক ‘আত সুন্নাত (নাসাই, বঙ্গানুবাদ মিশকাত

হা/১৯৭১)। অত্র হাদীছে যিলহজ মাসে চাঁদ ওঠার পর হ'তে কুরবানীর পূর্ব পর্যন্ত সময়কে বুকানো হয়েছে। অন্য এক বর্ণনায় আছে, রাসূল (ছাঃ) বলেছেন, দিন সমূহের মধ্যে এই দশদিনের আমল আল্লাহর নিকট প্রিয়তর। ছাহাবীগণ জিজ্ঞেস করলেন, আল্লাহর রাস্তায় জিহাদও নয়? রাসূল (ছাঃ) বলেন, আল্লাহর রাস্তায় জিহাদও নয়। তবে যে ব্যক্তি তার জান ও মাল নিয়ে বের হয়ে আর ফিরে আসে না। অর্থাৎ শহীদ হয় তার কথা ভিন্ন (বুখারী, বঙ্গানুবাদ মিশকাত হা/১৩৭৬)। অত্র হাদীছ দ্বারা যিলহজ মাসের প্রথম দশ দিনের উচ্চ মর্যাদা ও গুরুত্ব প্রমাণিত হয়। তাই এই দিনগুলি ছালাত, ছিয়াম, যিকর-আয়কার সহ বিভিন্ন ইবাদতের মধ্যে কাটানো উচিত (মির‘আতুল মাফাতীহ, ৫ম খণ্ড, হা/১৪৭৫)।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَصُومُ أَحَدٌ كُمْ
يَوْمَ الْجُمُعَةِ إِلَّا أَنْ يَصُومَ قَبْلَهُ أَوْ يَصُومَ بَعْدَهُ—

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘তোমাদের কেউ যেন শুধু জুম‘আর দিনে ছিয়াম না রাখে, এ দিনের পূর্বে বা পরে ছিয়াম পালন ব্যতীত’ (মুভাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত হা/১৯৫৩)।

অন্য বর্ণনায় আছে, রাত্রি সমূহের মধ্যে শুধু জুম‘আর রাত্রিকে ছালাত আদায় করার জন্য নির্দিষ্ট করো না এবং দিন সমূহের মধ্যে কেবল জুম‘আর দিনকেই ছিয়াম পালনের জন্য নির্দিষ্ট করো না। যদি ঐ দিন তোমাদের ছিয়াম রাখার তারিখে না পড়ে (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হা/১৯৫৪)। তবে কারো যদি কোন কারণে ছিয়াম আদায়ের ক্ষেত্রে জুম‘আর দিন এসে যায় তাহ'লে কোন অসুবিধা নেই।

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ صَامَ
يَوْمًا فِي سَبِيلِ اللَّهِ بَعْدَ اللَّهِ وَجْهًا عَنِ النَّارِ سَبْعِينَ حَرِيفًا—

আবু সাঈদ খুদরী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যে আল্লাহকে সন্তুষ্ট করার জন্য একদিন ছিয়াম পালন করবে, আল্লাহ জাহানামকে তার নিকট হ'তে সন্তুষ্ট বছরের পথ দূরে করে দিবেন’ (মুভাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত হা/১৯৫৫; সিলসিলা ছহীহা হা/২২৬৭/২৫৬৫)।

উল্লিখিত হাদীছ সমূহ দ্বারা জানা যায় যে, রামাযান মাসের ফরয ছিয়াম ছাড়াও রাসূল (ছাঃ) নির্দিষ্ট কিছু দিনে ছিয়াম পালন করতেন। তিনি বলেন, আল্লাহর সন্তুষ্টির জন্য ছিয়াম রাখলে জাহানাম থেকে মুক্তি পাওয়া যায় (মুত্তাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত হ/১৯৫৫)।

এক নয়ের রাসূল (ছাঃ)-এর ছিয়ামঃ

(১) শা'বান মাসের অধিক ছিয়াম (২) শাওয়াল মাসের ছয়টি ছিয়াম (৩) প্রতি মাসে তিনটি ছিয়াম তথা আইয়ামে বীয়ের ছিয়াম (৪) সোমবার ও বৃহস্পতিবারের ছিয়াম (৫) আরাফার দিন অর্থাৎ হজের দিন হাজীগণ ব্যতীত অন্যদের জন্য ছিয়াম (৬) মুহাররম মাসের ৯ম ও ১০ম তারিখের ছিয়াম (৭) ফিলহজ মাসে কুরবানীর পূর্ব পর্যন্ত ছিয়াম রাখা যায়।

উল্লেখ্য, শুধু শুক্রবারে এবং দুই ঈদের দিন এবং ঈদুল আযহার পরের দু'দিন রাসূল (ছাঃ) ছিয়াম রাখতে নিষেধ করেছেন। তাছাড়া শা'বান মাসের ১৫ তারিখকে উদ্দেশ্য করে ছিয়াম, ছালাত, যিকর-আযকার, ইবাদত, কবর যিয়ারত, কুরআন তেলাওয়াত ইত্যাদির প্রমাণে কোন ছহীহ হাদীছ পাওয়া যায় না। শবে বরাতের স্বপক্ষে আলেমগণ যেসব হাদীছ ও আছার পেশ করেন তার সবই ভিত্তিহীন, জাল-য়স্তফ।

মুসাফির বা ভ্রমণকারী ও অসুস্থ ব্যক্তির ছিয়ামঃ

মহান আল্লাহ কোন ক্ষেত্রে কোন কঠোরতা আরোপ করেননি। তিনি বলেন, **يُرِيدُ اللَّهُ بِكُمُ الْيُسْرَىٰ وَلَا يُرِيدُ بِكُمُ الْعُسْرَىٰ**

‘নিশ্চয়ই আল্লাহ তোমাদের সাথে কঠোরতা আরোপ করতে চান না বরং তিনি তোমাদের প্রতি সহজ করতে চান’ (বাক্সারাহ ১৮৫)। ইবাদতের ক্ষেত্রেও আল্লাহ বান্দাদের প্রতি কোন জোর-জবরদস্তিমূলক কোন নির্দেশ করেননি। তিনি বান্দাদের সুবিধা-অসুবিধার প্রতি লক্ষ্য রেখে ইবাদতের নির্দেশ দিয়েছেন এবং প্রত্যেকে যাতে নিজের সুযোগ-সুবিধামত আদায় করতে পারে তার যথোপযুক্ত পদ্ধতিও তিনি জানিয়ে দিয়েছেন। যেমন সফরে থাকলে বা অসুস্থ হ'লে অনেকের পক্ষে ছিয়াম পালন অত্যন্ত কঠকর হয়ে পড়ে। এক্ষেত্রে আল্লাহ অসুস্থ ও সফরকারীর জন্য অন্য সময়ে ছিয়াম পালনের সুযোগ দিয়ে বান্দাদের প্রতি তিনি ইহসান করেছেন। আল্লাহ বলেন, **فَمَنْ كَانَ مِنْكُمْ مَرِيضاً أَوْ عَلَىٰ سَفَرٍ فَيَدَدُهُ مِنْ آيَاتٍ أُخْرَ—**

‘তোমাদের মধ্যে কেউ যদি রোগাত্মক থাকে অথবা সফরে থাকে তাহ’লে সে যেন অন্য দিন সমূহে এই সংখ্যা পূর্ণ করে (বাহ্যরাহ ১৮৩)। অর্থাৎ সে যেন ঐ সময়ে ছিয়াম পালন না করে। অসুস্থ ব্যক্তি সুস্থ হ’লে কিংবা সফরকারী সফর শেষ করে পরবর্তীতে এই ছিয়াম পালন করবে। তবে ভ্রমণকারী ইচ্ছা করলে সফর অবস্থায়ও ছিয়াম রাখতে পারে। আবার ইচ্ছা করলে সে ছিয়াম ছেড়েও দিতে পারে (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১৯১২)। ফরয, নফল উভয় ছিয়ামের ক্ষেত্রে একই বিধান। সফর অবস্থায় ছুটে যাওয়া ছিয়াম পরবর্তীতে কায়া আদায় করতে হবে। অসুস্থ, গর্ভবতী ও দুধ পানকারিনী মহিলার ক্ষেত্রেও একই বিধান প্রযোজ্য। ইচ্ছা করলে তারা ছিয়াম রাখতে পারে কিংবা ছেড়ে দিতে পারে। পরবর্তীতে সুবিধামত সময়ে কায়া আদায় করতে হবে। তবে গর্ভবতী ও সন্তানকে দুধপানকারিণী মহিলা অন্যের দ্বারা পালন করাতে পারে।

উল্লেখ্য, যদি কোন ব্যক্তি এমন অসুস্থ হয় যে, তার আর সুস্থ হওয়ার আশা নেই তাহ’লে তার পক্ষ থেকে ফিদইয়া দিতে হবে। অর্থাৎ প্রত্যেক ছিয়ামের পরিবর্তে একজন মিসকীনকে খাদ্য দান করতে হবে।

সফর অবস্থায় আত্মার উপর যুলুম করে ছিয়াম পালন করা উচিত নয়। মক্কা বিজয়ের বছর নবী করীম (ছাঃ) ও ছাহাবায়ে কেরাম মক্কা অভিমুখে রওয়ানা হ’লেন এবং ছিয়াম রাখলেন। রাসূল (ছাঃ) কুরাউল গামীম নামক স্থানে পৌঁছে এক পিয়ালা পানি চাইলেন। তিনি পানির পাত্র উপরে উঠিয়ে ধরলেন যাতে লোকেরা তা দেখতে পায়। তিনি পানি পান করে ছিয়াম ভঙ্গ করলেন। রাসূল (ছাঃ)-কে বলা হ’ল যে, এখনো কিছু লোক ছিয়াম রেখেছে। রাসূল (ছাঃ) শুনে বললেন এরাই নাফরমান, এরাই নাফরমান। অন্য বর্ণনায় আছে, হামিয়া ইবনু আমর আসলামী (রাঃ) একবার রাসূল (ছাঃ)-কে জিজেস করলেন, আমি যদি সফরে ছিয়াম পালন করতে সক্ষম হই এবং ছিয়াম রাখি তাহ’লে আমার কি কোন গুনাহ হবে? রাসূল (ছাঃ) বললেন, সফর অবস্থায় ছিয়াম না রাখা আল্লাহর পক্ষ থেকে একটি অনুগ্রহ। যে তা গ্রহণ করবে তার জন্য এটা কল্যাণকর হবে। আর যদি কেউ ছিয়াম রাখতে পদ্ধতি করে তাহ’লে তার কোন গুনাহ হবে না’ (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হা/১৯৩১)।

এক হাদীছে সফর অবস্থায় ছিয়াম না ভাঙ্গার কারণে ছাহাবীদেরকে নাফরমান বললেন এবং অন্য হাদীছে আছে, তিনি বললেন, সফরে ছিয়াম রাখলে কোন গুনাহ নেই। এ হাদীছ দু'টির মাঝে বাহ্যত বৈপরিত্ব পরিলক্ষিত হয়। মূলতঃ হাদীছ দু'টির মাঝে কোন বৈপরিত্ব নেই। কারণ উপরের হাদীছে বর্ণিত হয়েছে যে, রাসূল নিজে উপস্থিত থেকে তিনি ছিয়াম ভঙ্গ করলেন কিন্তু যারা তাঁর অনুসরণ করেনি তাদেরকে তিনি নাফরমান বলেছেন। পক্ষান্তরে দ্বিতীয় হাদীছে রাসূল সাধারণ সফরের কথা বলেছেন। এখানে সফরকারী ইচ্ছা করলে ছিয়াম রাখতে পারে, ইচ্ছা করলে ভঙ্গ করতে পারে। এটা সফরকারীর উপর নির্ভরশীল।

ছিয়াম অবস্থায় করণীয়ঃ

ছিয়াম কেবলমাত্র আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে পালনীয় একটি দৈহিক ও মানসিক ইবাদত। অন্যান্য ইবাদতের মতো এতে লৌকিকতার কোন

অবকাশ নেই। কেননা মানুষ লোকদেখানোর উদ্দেশ্যে সারাদিন পানাহার ও যাবতীয় ভোগের সামগ্রী ত্যাগ করে না বরং আল্লাহর ভয়েই মানুষ এসব থেকে বিরত থাকে। এজন্য সে ছিয়ামের পবিত্রতা রক্ষা করে যথাযথভাবে ছিয়াম পালন করতে সচেষ্ট হয়।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ لَمْ يَدْعَ قَوْلَ
الزُّورِ وَالْعَمَلَ بِهِ فَلَيْسَ لِلَّهِ حَاجَةٌ فِي أَنْ يَدْعَ طَعَامَهُ وَشَرَابَهُ -

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি মিথ্যা কথা ও অশ্লীল কাজ পরিহার করল না, তার পানাহার পরিত্যাগ করাতে আল্লাহর কোন প্রয়োজন নেই’ (বুখারী, বঙ্গানুবাদ মিশকাত হা/১৯০২)। অর্থাৎ তার খাওয়া ও না খাওয়া উভয়েই সমান। কেননা তার ছিয়াম হয় না। অন্য বর্ণনায় আছে-

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ ... إِذَا كَانَ يَوْمَ صَوْمٍ أَحَدِكُمْ فَلَا
يَرْفَثُ وَلَا يَصْخَبُ فَإِنْ سَابَهُ أَحَدٌ أَوْ قَاتَلَهُ فَلَيَقُلْ أَنِّيْ أَمْرَأٌ صَائِمٌ .

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘...যখন তোমাদের কারো ছিয়াম পালনের দিন আসে সে যেন অশ্লীল কথা না বলে এবং অনর্থক শোরগোল

না করে। যদি কেউ তাকে গালি দেয় অথবা তার সাথে ঝগড়া করতে চায় সে যেন বলে, আমি একজন ছিয়াম পালনকারী' (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৯৫৯; বঙ্গনুবাদ মিশকাত হা/১৮৬৩)।

অত্র হাদীছ দু'টি দ্বারা বুঝা যায় যে, আল্লাহর ইবাদত সমূহের মধ্যে ছিয়াম এমন একটি ইবাদত যা মানুষকে অন্যায়-অনাচার, পাপাচার, মিথ্যা ও অনর্থক কথা এবং অশ্রীল ও গহ্তিত কাজ, হৈচৈ, শোরগোল, ঝগড়া-বিবাদ ইত্যাদি হ'তে বিরত রাখে। ছিয়াম পালনকারী যেমন পানাহার সহ যাবতীয় ভোগের সামগ্রী হাতের কাছে পেয়েও কেবল আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য তা হ'তে বিরত থাকে তেমনি ঐ সব অপকর্ম থেকেও তাকে বিরত থাকতে হবে। কেবল পানাহার থেকে বিরত থাকলে ছিয়াম পালন হয় তা নয় বরং উল্লিখিত কর্মগুলি থেকে বিরত না থাকলেও ছিয়াম আদায় হয় না। কেননা ঐ সব কর্ম করতে থাকলে ছিয়ামের আসল উদ্দেশ্য সফল হয় না। ফলে সারাদনি শুধু না খেয়ে থাকা হয় কিন্তু কোন ছওয়াব লাভ হয় না। তাই ছিয়াম পালনের সাথে সাথে যাবতীয় অপকর্ম পরিহার করতে হবে। আর এর মধ্যেই ছিয়ামের স্বার্থকতা।

সুবহে ছাদিকের পূর্বে স্ত্রী সহবাসের কারণে অপবিত্রাবস্থায় যদি কারো সকাল হয়ে যায় তাহ'লে তার ছিয়ামের কোন ক্ষতি হবে না (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/১৯০৪)।

মিসওয়াক করলে, কুলি করার পর মুখের থুথু গিলে ফেললে, চোখে সুরমা লাগলে, স্ত্রীর শরীরের সাথে শরীর লাগলে, অনিচ্ছাকৃতভাবে বমি হ'লে, শরীরের কোন অঙ্গ কেটে রক্ত বের হ'লে, খাদ্য গ্রহণের উদ্দেশ্য ব্যতিরেকে কেবল রোগের প্রতিষেধক হিসাবে ইনজেকশন লাগালে ছিয়ামের কোন ক্ষতি হয় না। স্বপ্নদোষ হ'লেও ছিয়াম নষ্ট হয় না।

নফল ছিয়াম বিশেষ কোন কারণ ছাড়াই ভঙ্গ করা যায় কিন্তু রামায়ান মাসের ফরয ছিয়াম গ্রহণযোগ্য শারঙ্গি কারণ (রোগ-ব্যাধি, সফর) ছাড়া ভঙ্গ করা যায় না। রাসূল (ছাঃ) বলেন, কেউ যদি কোন কারণ ছাড়াই ইচ্ছাকৃতভাবে ছিয়াম ভঙ্গ করে তাহ'লে তাকে সেই ছিয়াম পূরণ করতে হবে। তবে সারা জীবন ছিয়াম পালন করলেও উক্ত ছিয়ামের ফয়লত লাভ করতে পারবে না। যদি কেউ স্ত্রী সহবাসের মাধ্যমে রামায়ানের ছিয়াম ভঙ্গ করে তবে তাকে ঐ ছিয়ামের কাফফারা আদায় করতে হবে। ছিয়ামের কাফফারা হচ্ছে সামর্থ্য থাকলে একটি দাস মুক্ত

করা অথবা একাধারে দুই মাস ছিয়াম পালন করা। তাও সম্ভব না হ'লে ৬০ মিসকীনকে খাদ্য দান করা (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হ/১৯০৭)।

রামাযানের ফরয ছিয়াম কায়া হয়ে গেলে তা সুবিধামত বছরের যে কোন সময়ে আদায় করা যায়। তবে সাথে সাথে আদায় করাই উত্তম। কেননা মানুষের মৃত্যুর কোন নিশ্চয়তা নেই। যে কোন সময় মৃত্যু আসতে পারে। তাই চেষ্টা করতে হবে কায়া ছিয়াম যত দ্রুত সম্ভব আদায় করা।

কারো জীবন্দশায় অজ্ঞান অবস্থায় দুই চার দিনের ছালাত ছুটে গেলে এবং ঐ অবস্থায় মারা গেলে উক্ত ছালাতগুলি যেমন তার ওয়ারেছদের মধ্য হ'তে কাউকে আদায় করা লাগে না। তেমনি ছিয়ামের ক্ষেত্রেও তাই।

শা'বানের শেষে রামাযানের দু'একদিন পূর্বে ছিয়াম রাখা যাবে না। তবে কেউ যদি এসময়ে ছিয়াম রাখতে অভ্যন্ত হয় অর্থাৎ মাস শেষে ছিয়াম পালনে অভ্যন্ত হয় কিংবা মানত বা কায়া ছিয়াম থাকে তাহ'লে তা আদায় করতে পারে (মুসলিম, বঙ্গনুবাদ বুখারী হ/১৯১৪)।

রামাযান মাসে বেশী দান-খয়রাত করা, ছালাত আদায় করা, যিকির-আয়কারের মাধ্যমে সময় অতিবাহিত করা উত্তম। কেননা রামাযান মাসের ফৌলত অন্যান্য মাসের চেয়ে অনেক বেশী। এ মাসে একটি সৎ আমলের ছওয়াব অন্য মাসের চেয়ে অনেক অনেক গুণ বেশী। তাছাড়া এ মাসে এমন একটি রাত আছে যা হায়ার মাস অপেক্ষা উত্তম। রাসূল (ছাঃ) রামাযান মাসে বেশী বেশী দান করতেন (বঙ্গনুবাদ বুখারী হ/১৯০২)।

সাহারী ও ইফতারঃ

রাসূল (ছাঃ)-এর বাণী, *تَسْحَرُوا فِي السَّحُورِ بِرَكَةً*—

‘তোমরা সাহারী খাও। কেননা সাহারীতে বরকত আছে’ (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হ/১৮৮৫)। অন্য বর্ণনায় আছে, আমাদের ছিয়াম ও আহ'লে কিতাবের ছিয়ামের মধ্যে পার্থক্য হ'ল সাহারী খাওয়া (মুসলিম, বঙ্গনুবাদ মিশকাত হ/১৮৮৬)। সাহারী না খেলেও ছিয়াম সিদ্ধ হবে তবে ছিয়ামের নিয়ত করতে হবে। রাসূল (ছাঃ) এরশাদ করেন যে, খাদ্য ও পানির পাত্র হাতে থাকা অবস্থায় কেউ যদি আয়ান শুনতে পায় তাহ'লে প্রয়োজন পূরণ না করা পর্যন্ত সে যেন পাত্র

রেখে না দেয়। যদি এমন হয় যে, খাওয়া শুরু করা হয়নি ইতিমধ্যে আযান হয়ে গেল তবুও খানা খাওয়া যাবে। এতে ছিয়ামের কোন ক্ষতি হবে না।

ইফতার তাড়াতাড়ি করাই শরীর ‘আত সম্মত। অর্থাৎ সূর্যাস্তের সাথে সাথে ইফতার করতে হবে। হাদীছে এ ব্যাপারে বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়েছে। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, ‘দ্বীন চিরদিন বিজয়ী থাকবে যতদিন লোকেরা ইফতার তাড়াতাড়ি করবে। কেননা ইহুদী-নাছারারা ইফতার দেরীতে করে’ (আবুদাউদ, ইবনু মাজাহ, মিশকাত হা/১৯৯৫)।

রাসূল (ছাঃ)-এর ছাহাবীগণ লোকদের মধ্যে ইফতার সর্বাধিক তাড়াতাড়ি এবং সাহারী দেরীতে করতেন (নায়লুল আওত্তার, কায়রো: ১৯৭৮ ৫/২৯৩ পৃঃ)। অন্য বর্ণনায় আছে রাসূল (ছাঃ) বলেছেন, আল্লাহ বলেন, ‘আমার বান্দাদের মধ্যে আমার নিকট ত্রি বান্দা অধিক প্রিয় যে তাড়াতাড়ি ইফতার করে’ (তিরমিয়ী, বঙ্গানুবাদ মিশকাত হা/১৮৯৮)। অন্য বর্ণনায় আছে রাসূল (ছাঃ) বলেন, ‘দ্বীন ততদিন বিজয়ী থাকবে যতদিন ঘানুষ শিঘ্রই ইফতার করবে’ (আবুদাউদ, ইবনু মাজাহ, বঙ্গানুবাদ মিশকাত হা/১৮৯৮)।

খেজুর দ্বারা ইফতার করা উত্তম। খেজুর না থাকলে পানি দ্বারা ইফতার করবে। খেজুর দ্বারা ইফতার করলে যে ছওয়াব বেশী হবে তা নয়। তবে খেজুর দ্বারা ইফতার করা সুন্নাত। কারো নিকট খেজুর বা পানিও যদি না থাকে তবে যা আছে তা দিয়ে ইফতার করতে হবে। ছিয়াম পালনকারী ব্যক্তিকে ইফতার করালে অনেক ছওয়াব রয়েছে। কোন ব্যক্তি কোন ছায়েমকে ইফতার করালে সে ত্রি ছায়েমের সমান ছওয়াব পাবে। এক্ষেত্রে কারো ছওয়াব কম করা হবে না (বায়হাক্তী, হাদীছ ছইহ, মিশকাত হা/১৯৯২)।

ইফতারের দো‘আ

রাসূল (ছাঃ) যখন ইফতার করতেন তখন বলতেনঃ

ذَهَبَ الظَّمَاءُ وَابْتَلَتِ الْعَرْوُقُ وَثَبَتَ الْأَجْرُ إِنْ شَاءَ اللَّهُ -

উচ্চারণঃ যাহাবায যঃমা-উ ওয়াবতাল্লাতিলি ‘উরুক, ওয়া ছাবাতাল আজ্জৰ ইংশা-আল্লা-হি।

অর্থঃ ‘পিপাসা দূর হ’ল, শিরা-উপশিরা সিঙ্গ হ’ল এবং নেকী নির্ধারিত হ’ল ইনশাআল্লাহ’ (আবুদাউদ, মিশকাত, হ/১৯৯৩, ‘ছিয়াম’ অধ্যায়, সনদ ছহীহ; বঙ্গানুবাদ মিশকাত হ/১৮৯৬)।

অন্য বর্ণনায় আছে রাসূল (ছাঃ) ইফতারের সময় বলতেনঃ

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِرَحْمَتِكَ الَّتِي وَسَعَتْ كُلَّ شَيْءٍ أَنْ تَغْفِرَ لِيْ -

উচ্চারণঃ আল্লাহ-ভূম্বা ইন্নী আস্তালুকা বিরহ:মাতিকাল্লাতী ওয়াসি‘আত কুল্লা শাইয়িন আং তাগফিরা লী।

অর্থঃ ‘হে আল্লাহ! তোমার যে রহমত সকল কিছু পরিবেষ্টন করে রেখেছে, তার দ্বারা প্রার্থনা জানাই, তুমি আমাকে ক্ষমা করে দাও’ (ইবনু মাজাহ, পঃ ১২৫, সনদ ছহীহ-ইবনু হাজার)। উল্লেখ্য যে, দেশে প্রচলিত **اللَّهُمَّ لَكَ صُمْتُ وَ عَلَى رِزْقِكَ أَفْطَرْتُ** মর্মে বর্ণিত হাদীছতি ঘষ্টফ (ঘষ্টফ আবুদাউদ হ/২৩৫৮ ‘ছিয়াম’ অধ্যায়; ঘষ্টফ ইবনু মাজাহ ১৩৫ পঃ)।

আবু ভুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘আল্লাহ তিন শ্রেণীর লোকের দো‘আ ফেরত দেন না। তন্মধ্যে এক শ্রেণীর লোক হচ্ছে ছিয়াম পালনকারী, যতক্ষণ সে ইফতার না করে’ (ইবনু মাজাহ হ/১৪৩২ সনদ ছহীহ)।

ছিয়ামের উপকারিতাঃ

ছিয়ামের দ্বারা পরকালীন মুক্তি যেমন লাভ করা যাবে তেমনি ইহকালীন জীবনেও ছিয়ামের অনেক উপকারিতা রয়েছে। ছিয়াম পরিপাক যন্ত্র ও পাকস্থলীকে সর্বদা কাজ করা থেকে বিরতি দান করে এবং শরীরের বর্জ্য পদার্থ নিঃসরণে সহায়তা করে। ধূমপায়ীকে দিনের বেলা ধূমপান থেকে বিরত রাখে। এভাবে আস্তে আস্তে ধূমপান পরিহার করা তার জন্য সহজসাধ্য হয়। ছিয়াম মানুষের কুপ্রবৃত্তিকে দমন করে। ফলে মানুষ নিজেকে অন্যায় কাজ হ’তে রক্ষা করতে পারে। ছিয়ামের মাধ্যমে মানুষ দরিদ্র ও অভিবাদীদের নিরামণ ক্ষুধার জ্বালা অনুভব করে তাদের প্রতি সদয় হ’তে পারে।

হজ্জ

হজের সংজ্ঞা:

হজের আভিধানিক অর্থ ইচ্ছা বা সকলে করা। আর শরী'আতের পরিভাষায় নির্দিষ্ট কিছু নিয়ম-কানূনের মধ্যমে বাইতুল্লাহর তওয়াফের সংকলকে হজ বলে।

ইসলামের পাঁচটি স্তরের মধ্যে হজ অন্যতম যা, অস্বীকার করা কুফুরী। তবে সকলের উপর হজ ফরয নয়। হজ ফরয হওয়ার জন্য কিছু শর্ত রয়েছে। তন্মধ্যে মকায় যাওয়া আসার সামর্থ্য থাকা অন্যতম। আল্লাহ বলেন, **وَلَلَّهِ عَلَىٰ مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا.**

النَّاسُ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا.

‘মানুষের জন্য আল্লাহর উদ্দেশ্যে বায়তুল্লাহর হজ করা ফরয, যার রাস্তা খরচ বহনের সামর্থ্য আছে’ (আলে ইমরান ৯৭)। অত্র আরাতে আল্লাহ পথকেই শর্ত হিসাবে উল্লেখ করেছেন। পথের সামর্থ্য বলতে প্রথমত যার বাইতুল্লাহ পর্যন্ত যাওয়া আসার অর্থ ও সামর্থ্য রয়েছে, তার জন্য হজ ফরয। দ্বিতীয়ত পথে যার কোন শক্তির ভয় বা শাসকের পক্ষ থেকে কোন সমস্যা নেই তার জন্য হজব্রত পালন করা ফরয।

হজব্রত পালনের ব্যাপারে বয়সের কোন সীমাবদ্ধতা নেই। ছালাত, ছিয়ামের ক্ষেত্রে যেমন বয়স নির্ধারিত হয়েছে, হজের ক্ষেত্রে তেমনটি নেই। শিশু থেকে শুরু করে বৃদ্ধ পর্যন্ত যে কোন বয়সের নারী-পুরুষ সামর্থ্য থাকলে হজব্রত পালন করতে পারে। তবে শিশু ও অপ্রাপ্ত বয়স ছেলে-মেয়ের হজের ছওয়াব তার পিতা-মাতা বা অভিভাবক পাবে (মুসলিম, বঙ্গানুবাদ মিশকাত হ/২৩৯৬)।

কোন ব্যক্তি ফরয ছালাত ছুটে যাওয়া অবস্থায় মারা গেলে তার পক্ষ থেকে ঐ ছালাত আদায় করার কোন বিধান নেই। কিন্তু কারো উপর যদি হজ ফরয হয়ে থাকে এবং সে যদি অসুস্থতা বা বার্ধক্যের কারণে আদায় করতে না পারে কিংবা মারা যায়, তাহলে তার পক্ষ থেকে তার আত্মীয়-স্বজন হজব্রত পালন করতে পারবে (যুত্তাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত হ/২৯৯৭)।

হজের ফরয়িয়াতের প্রতি লক্ষ্য করলে বুঝা যায় যে, হজ কেবল সম্পদশালীদের উপর ফরয, দরিদ্রদের উপর ফরয নয়। তবে কোন দরিদ্র ব্যক্তি ইচ্ছা করলে তা আদায় করতে পারে।

মহিলাদের জন্য হজ্জ ফরয হওয়ার ক্ষেত্রে পাথেয় থাকার সাথে সাথে হজ্জ সফরের জন্য স্বামী বা মাহরাম ব্যক্তি যেমন পিতা, ছেলে, ভাই থাকা আবশ্যিক, যারা তার সফরসঙ্গী হ'তে পারে। স্বামী বা মাহরাম সফরসঙ্গী ব্যতীত মহিলাদের উপর হজ্জ ফরয নয় (মুভাফাক্ত আলাইহ, বঙ্গনুবাদ মিশকাত হা/২৩৯৯, ২৪০১)।

হজ্জের ফয়েলতঃ

হজ্জ একটি গুরুত্বপূর্ণ ইবাদত যার প্রতিদান বা পুরস্কার হচ্ছে জান্নাত। যে ব্যক্তি হালাল পন্থায় উপার্জিত অর্থ ব্যয় করে যথাযথ নিয়মে হজ্জ পালন করে, সে সদ্যপ্রসূত শিশুর ন্যায় নিষ্পাপ হয়ে যায়। হজ্জের ফয়েলত সম্পর্কে অনেক হাদীছ বর্ণিত হয়েছে। এখানে কয়েকটি উল্লেখ করা হ'লো-

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعُمْرَةُ إِلَى الْعُمْرَةِ
كَفَارَةً لِمَا بَيْنَهُمَا وَالْحَجُّ الْمُبِرُورُ لَيْسَ لَهُ جَزاءٌ إِلَّا الْجَنَّةُ -

আরু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘এক ওমরা থেকে অপর ওমরা পর্যন্ত কাফফারা স্বরূপ এবং কবুল হজ্জের প্রতিদান জান্নাত ছাড়া অন্য কিছু নয়’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/২৫০৮; বাংলা মিশকাত হা/২৩৯৪)।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ حَجَّ لِلَّهِ فَلَمْ
يَرُثْ وَلَمْ يَفْسُقْ رَجَعَ كَيْوَمْ وَلَدَتْهُ أُمُّهُ -

আরু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি আল্লাহকে সন্তুষ্ট করার জন্য হজ্জ করল এবং এ হজ্জের মধ্যে কোন অশ্লীল কথা ও কর্মে লিপ্ত হল না, সে ঐ দিনের মত নিষ্পাপ হয়ে প্রত্যাবর্তন করে, যেদিন তার মা তাকে প্রসব করেছিল’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/২৫০৭; বাংলা মিশকাত হা/২৩৯৩)।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سُئِلَ رَسُولُ اللَّهِ أَيُّ الْعَمَلٍ أَفْضَلُ قَالَ إِيمَانُ بِاللَّهِ وَرَسُولِهِ قِيلَ
ثُمَّ مَاذَا قَالَ الْجِهَادُ فِيْ سَبِيلِ اللَّهِ قِيلَ ثُمَّ مَاذَا قَالَ حَجُّ مُبِرُورُ -

আরু হুরায়রা (রাঃ) বলেন, একদা রাসূল (ছাঃ)-কে জিজেস করা হয়েছিল কোন আমল শ্রেষ্ঠ? তিনি বলেগেন, ‘আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি বিশ্বাস স্থাপন করা।

অতঃপর জিজেস করা হল তারপর কি? রাসূল বললেন, আল্লাহর রাস্তায় জিহাদ করা। পুনরায় জিজেস করা হল, তারপর কি? তিনি বললেন, কবুলকৃত হজ্জ' (বুখারী, মুসলিম, মিশকাত হা/২৫০৬)।

জাহান্নামী নারী

পুরুষ-মহিলা প্রত্যেকে নিজ নিজ কৃতকর্মের জন্য পরকালে জাহান্নামে কিংবা জাহান্নামে যাবে। তাই যেসব নারী ইসলামী আদর্শ মেনে চলে না তাদের জন্য পরকালে ভয়াবহ পরিণতি অপেক্ষা করছে। আল্লাহ বলেন,

إِنَّ الَّذِينَ يُحِبُّونَ أَنْ تَشْيِعَ الْفَاحِشَةَ فِي الَّذِينَ آمَنُوا لَهُمْ عَذَابٌ أَلِيمٌ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ .

‘যেসব লোক পসন্দ করে যে, ঈমানদারদের মধ্যে নির্লজ্জতা ও অশ্লীলতা প্রসার লাভ করুক তাদের জন্য ইহকাল ও পরকালে যন্ত্রণাদায়ক শাস্তি রয়েছে’ (নূর)।

অত্র আয়াত দ্বারা বুঝা যায় যে, ইসলামী শরী‘আত বহির্ভূত কাজ এবং নির্লজ্জতা ও অশ্লীলতাই হচ্ছে জাহান্নামে যাওয়ার মূল কারণ।

যদের ব্যাপারে আল্লাহ ও তাঁর রাসূল (ছাঃ) সরাসরি জাহান্নামে যাওয়ার ঘোষণা দিয়েছেন তাদের মধ্যে বেপর্দী নারী অন্যতম। বেপর্দী নারীর কারণে অনেক সময় ঈমানদার পুরুষদের ঈমান নষ্ট হয়। এদের কারণেই অধিকাংশ মানুষ জাহান্নামে যাবে। নারীদের সম্পর্কে আল্লাহ বলেন,

وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْ جِنْ تَبَرَّجْ الْجَاهِلِيَّةِ الْأُولَىِ -

‘তোমরা নিজ নিজ গৃহে অবস্থান কর। জাহেলী যুগের নারীদের মত নিজেদেরকে প্রদর্শন করো না’ (আহযাব ৩৩)।

বেপর্দী নারীদের ব্যাপারে রাসূল (ছাঃ) বলেন, ঐ সমস্ত মহিলা যারা কাপড় পরিধান করেও উলঙ্গ, যারা পুরুষদেরকে নিজেদের দিকে আকৃষ্ট করে এবং নিজেরাও পুরুষদের প্রতি আকৃষ্ট হয়, তাদের মাথা উষ্টের বুঁকে পড়া কাঁধের মত। অর্থাৎ তারা মাথার চুলকে এমনভাবে উচু করে খোপা বাঁধে যা উটের কাঁধের মত দেখায়। তারা জাহান্নামে প্রবেশ করতে পারবে না। এমনকি জাহান্নামের সুগন্ধও তারা পাবে না। যদিও জাহান্নামের সুস্থান বহু দূর পর্যন্ত ছড়িয়ে পড়বে।

কাপড় পরা সত্ত্বেও তারা উলঙ্গ। কারণ তাদের কাপড় এতই পাতলা যে তাদের সর্বাঙ্গ দেখা যায় কিংবা এমন আট-সাট বা টাইট ফিটিং পোশাক পরে, যে তাদের দেহের বিভিন্ন অঙ্গ সহজেই পরিদ্রষ্ট হয় এবং বিশেষ অঙ্গের প্রতি পুরুষের দৃষ্টি পড়ে। ফলে যুবকরা তাদের প্রতি আকৃষ্ট হয়। এ কারণেই রাসূল (ছাঃ) ঘোষণা করেছেন, তাদের জন্য জান্মাত হারাম।

নারীরা হচ্ছে ঢেকে রাখার বস্তু। কাজেই তারা তাদের সৌন্দর্য প্রকাশ করবে না। বরং তাদের উচিত নিজেরদেরকে আবৃত করে রাখা। আল্লাহ বলেন, **وَلَا يُبْدِيْنَ زِينَتَهُنَّ لَا مَا ظَهَرَ مِنْهَا**—

‘তারা তাদের সৌন্দর্য প্রকাশ করবে না। তবে যা স্বভাবতই প্রকাশ হয়ে পড়ে তার কথা স্বতন্ত্র’ (নূর ৩১)।

অত্র আয়াত দ্বারা বুঝা যায় যে, মহিলাদের পোশাক হ'তে হবে চিলাচলা ও মোটা কাপড়ের যাতে তার শরীরের উচু-নীচু অঙ্গগুলি বাহির থেকে বোঝা না যায়। নারীর সমস্ত শরীরই ঢেকে রাখা আবশ্যিক। তবে এসব অঙ্গ না ঢাকলেও অসুবিধা নেই যেসব অঙ্গ স্বভাবতই প্রকাশ পায়। যেমন মুখমণ্ডল, হাতের কজি ও পায়ের পাতা ইত্যাদি। অনেক বিদ্বান বলেন যে, মুখমণ্ডল হচ্ছে মহিলাদের সৌন্দর্যের মূল। অতএব মুখমণ্ডলও ঢেকে রাখতে হবে (ইসলামে হালাল হারামের বিধান, পৃঃ...)।

وَلَا يُبْدِيْنَ زِينَتَهُنَّ لَا لِبَعْلِتَهُنَّ أَوْ أَبَائِهِنَّ—

‘আর তারা তাদের সৌন্দর্য প্রকাশ করবে না তাদের স্বামী ও পিতাদের ছাড়া অন্য কারো সামনে’ (নূর ৩১)। অত্র আয়াতে মুসলিম মহিলাদেরকে স্বামী এবং নির্দিষ্ট করেকেজন পুরুষ ব্যক্তিত অন্য কারো সামনে তাদের সৌন্দর্য প্রকাশ করতে নিষেধ করা হয়েছে। যাদের সামনে সৌন্দর্য প্রকাশ করা যায়-

- (১) পিতা, দাদা, নানা, স্বামীর পিতা, দাদা ও নানা।
- (২) নিজ পুত্র, পৌত্র, পৌত্রী, নাতি-নাতনী।
- (৩) নিজ ভাই, বৈমাত্রেয় ও বৈপিত্ত্য ভাই।
- (৪) আপন ভাতুল্পুত্র ও ভাগনা।
- (৫) অতিবৃদ্ধ যাদের ঘোন চাহিদা নেই।

(৬) যেসব অপ্রাপ্ত বয়স্ক বালক, নারীর লজ্জাস্থানের প্রতি যার কোনরূপ আকর্ষণ সৃষ্টি হয়নি।

(৭) আপন চাচা ও মামা। তারা হচ্ছে পিতৃতুল্য।

আবু সাঈদ খুদরী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘পুরুষরা একে অপরের লজ্জাস্থানের প্রতি তাকাবে না। তেমনি নারীরাও পরস্পরের লজ্জাস্থানের প্রতি তাকাবে না। দু’জন পুরুষ একই কাপড়ের নিচে শয়ন করবে না। তেমনি দু’জন নারী একই কাপড়ের নিচে শয়ন করবে না’ (মুসলিম, মিশকাত হ/৩১০০; বঙ্গমুবাদ মিশকাত হ/৩০৯৯ ৬ষ্ঠ খণ্ড)। অত্র হাদীছে নারী-পুরুষকে বিশেষভাবে পর্দা করার কথা বলা হয়েছে। তেমনি নারী-পুরুষ পরস্পরের লজ্জাস্থানের প্রতি দৃষ্টিপাত না করার নির্দেশ দেয়া হয়েছে। বিশেষ করে একজন নারী যেন অন্য নারীর হাতের কজি ও মুখমণ্ডল ব্যতীত অন্য কোন অঙ্গের প্রতি লক্ষ্য না করে।

অন্য বর্ণনায় আছে রাসূল বলেছেন, ‘একজন নারী অপর নারীর অঙ্গের সাথে অঙ্গ লাগাতে বা স্পর্শ করতে পারে না। কারণ সে তার স্বামীর নিকট ঐ নারীর অঙ্গের বর্ণনা দিবে তখন তার স্বামী ঐ মহিলাকে অন্তর দৃষ্টিতে দেখবে’ (মিশকাত হ/৩১০০)। মুমিনা মহিলার জন্য নিজের স্বামীর কাছে অন্য কোন মহিলার অঙ্গ-প্রত্যঙ্গের বর্ণনা দেওয়া সমীচীন নয়। বিশেষ করে মহিলারা মাথার উকুন মারার নাম করে একে অপরের মাথা দেখাদেখি করে। কিন্তু স্বামীর নিকট অন্য মহিলার চুলের বর্ণনা দেয়া ঠিক নয়।

জাহানামের অধিবাসীদের মধ্যে অধিকাংশই হবে নারী। এর সবচেয়ে বড় কারণ হচ্ছে স্বামীর অবাধ্য হওয়া এবং তার কৃতজ্ঞতা প্রকাশ না করা। স্বামীর অসম্ভবিতে স্ত্রীর ইবাদত কবুল হয় না। তাই স্বামীর বিনা অনুমতিতে স্ত্রী নফল ইবাদত করতে পারে না।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرُو رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَنْظُرُ
اللَّهُ إِلَى إِمْرَأَةٍ لَا تَشْكُرُ لِزَوْجِهَا وَهِيَ لَا تَسْتَغْفِي عَنْهُ-

আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেন, ‘আল্লাহ ঐ মহিলার দিকে কর্মনার দৃষ্টিতে তাকাবেন না, যে স্বামীর শুকরিয়া আদায় করে না। আর সে স্বামীকে নিজের জন্য পরিপূর্ণ মনে করে না’ (তাবারানী, কাবাস্বির, পৃঃ ২৯৩)।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَسَارٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
ثَلَاثَةُ لَا يَدْخُلُونَ الْجَنَّةَ الْعَاقُلُ إِلَّا دِيَمْبُوْثُ وَرَجْلُهُ النَّسَاءُ—

আবদুল্লাহ ইবনু ওমর (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘তিনি শ্রেণীর লোক জান্নাতে যাবে না। (১) পিতা-মাতার অবাধ্য সন্তান। (২) বাঢ়ীতে বেহায়াপনার সুযোগ দানকারী পুরুষ (৩) পুরুষের বেশ ধারণকারী মহিলা (নাসাঞ্জ)।

বর্ণিত আছে যে কোন এক সময় সূর্য গ্রহণের ছালাতের পর ছাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আমরা আপনাকে দেখলাম আপনি এই স্থান হ'তে কিছু সামনে গেলেন। অতঃপর আবার পিছনে আসলেন। রাসূল (ছাঃ) বললেন, আমি জান্নাত দেখলাম। আমি সেখান হ'তে একটি ফলের গোছা নেওয়ার ইচ্ছা করছিলাম। আমি যদি একটি গোছা নিতাম তাহ'লে তোমরা পৃথিবী বিদ্যমান থাকা পর্যন্ত খেতে পারতে। তারপর জাহানাম দেখলাম, আজকের মত আশ্চর্য দৃশ্য আর কখনো দেখিনি। সেখানে দেখলাম অধিকাংশই নারী। ছাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! এর কারণ কি? তিনি বললেন, তাদের কুফুরীর কারণে। বলা হল, তারা কি আল্লাহর সাথে কুফুরী করে? রাসূল (ছাঃ) বললেন, না তারা স্বামীর কৃতজ্ঞতা স্বীকার করে না এবং অনুগ্রহের শুকরিয়া আদায় করে না। তুমি যদি সারা জীবন তাদের সাথে অনুগ্রহ কর অতঃপর তোমার মধ্যে কোন কিছু লক্ষ্য করে, তারা বলে আমি তোমার নিকট কখনো কল্যাণ পাইনি (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৪৮২; বঙ্গানুবাদ মিশকাত হা/১৩১৭, ৩য় খণ্ড)।

অত্র হাদীছ দ্বারা প্রমাণিত হয় যে, জাহানামের অধিকাংশ অধিবাসী হবে নারী। কারণ তারা স্বামীর কৃতজ্ঞতা স্বীকার করে না এবং তার অনুগ্রহের শুকরিয়া আদায় করে না।

عَنْ الْحُصَيْنِ بْنِ مَحْصَنٍ أَنَّ عَمَّةً لَهُ أَتَتْ النَّبِيَّ ﷺ فِي حَاجَةٍ فَفَرَغَتْ مِنْ حَاجَتِهَا فَقَالَ
لَهَا النَّبِيُّ ﷺ أَذَاتُ زَوْجِ أَنْتِ قَالَتْ نَعَمْ قَالَ كَيْفَ أَنْتِ لَهُ قَالَتْ مَا آلُوهُ إِلَّا مَا عَجَزْتُ
عَنْهُ قَالَ فَإِنْظُرِي أَيْنَ أَنْتِ مِنْهُ فَإِنَّمَا هُوَ جَنَّتُكِ وَنَارُكِ

হৃচাইন ইবনু মিহছান বলেন, আমার ফুফু আমার নিকট হাদীছ বর্ণনা করেন যে, কোন প্রয়োজনে আমি রাসূল ﷺ এর কাছে আসলাম। অতঃপর নবী ﷺ বললেন, ‘হে ওমুক মহিলা! তোমার স্বামী আছে কি? আমি বললাম, হ্যাঁ আছে। তিনি বললেন, তুমি তার জন্য কেমন? সে বলল, আমি তার আনুগত্য ও খিদমতে কমতি করি না। তবে আমি তার পক্ষ থেকে কমতি পাই। রাসূল ﷺ বললেন, তুমি অপেক্ষা কর, তুমি তার মাধ্যমে কোথায় যাবে? কেননা সে তোমার জাহানাত এবং জাহানাম’ (আহমাদ, মুছ্নাফ ইবনু আবী শায়বাহ, আলবানী, আদারুয যিফাফ ২৮৫ পৃঃ; সিলসিলা ছহীহা হা/২৬১২, ১৯৩৪)।

উপরোক্তখিত হাদীছ ও আয়াত দ্বারা প্রতীয়মান হয় যে, নারী-পুরুষ সবাইকে কৃত পাপের জন্য জাহানামে যেতে হবে। কিন্তু মহিলাদের ঐ সমস্ত পাপ ছাড়াও বেপর্দী হয়ে চলা এবং স্বামীর অবাধ্যতার কারণে তাদেরকে অধিক পরিমাণে জাহানামে যেতে হবে। অতএব প্রত্যেক নারী-পুরুষকে পাপ কাজ থেকে বিরত থেকে সৎ আমল করার জন্য আগ্রাণ চেষ্টা করতে হবে। বিশেষ করে নারীদেরকে সৎ আমলের পাশাপাশি যথাযথ পর্দা মেনে চলতে হবে এবং স্বামীর বাধ্য ও অনুগত হ'তে হবে।

নারী-পুরুষ সবাইকে সৎআমলের পাশাপাশি আল্লাহর সৃষ্টি জীবের প্রতি সদাচরণ করতে হবে। কেননা হাদীছে আছে এক মহিলা একটি বিড়ালের প্রতি নিষ্ঠুর ও নির্দিয় আচরণ করার কারণে জাহানামে যাবে।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عُذْتَبْتُ إِمْرَأَةً فِي هَرَةٍ أَمْسَكَهَا حَتَّىٰ مَاتَتْ مِنَ الْجُوعِ فَلَمْ تَكُنْ تُطْعَمُهَا وَلَا تُرْسِلُهَا فَتَأْكُلُ مِنْ حِشَاشِ الْأَرْضِ

আবদুল্লাহ ইবনু ওমর ও আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, একজন মহিলাকে একটি বিড়ালের কারণে শাস্তি দেওয়া হয়। সে বিড়ালটিকে আটকিয়ে রেখেছিল, ফলে সেটি ক্ষুধায় কাতর হয়ে মারা যায়। সে বিড়ালটিকে খাদ্যও দিত না এবং ছেড়েও দিত না। যাতে সে যমীনের কীট-পতঙ্গ ধরে খেতে না পারায় সেটি মারা গেল’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৯০৩, বঙ্গানুবাদ মিশকাত হা/১৮০৮, ৪ৰ্থ খণ্ড)।

মহান আল্লাহর রাবুল আলামীন পবিত্র কুরআনের সূরা তাহরীমের শেষভাগে বিশ্বের সকল মহিলাদের জন্য চারজন নারীর দৃষ্টান্ত পেশ করেছেন। তন্মধ্যে দু'জনের দৃষ্টান্ত হচ্ছে মুমিনদের জন্য। এ দু'জন হচ্ছেন, ফিরাউনের স্ত্রী আসিয়া (রাঃ) তিনি আল্লাহত্ত্বাত্মক প্রতাপশালী সন্মাটের স্ত্রী হয়েও কঠিন বিপদের মধ্যে থেকে অমানুষিক অত্যাচার-নির্যাতন সহ্য করেও ঈমানের উপর অটল ও অবিচল ছিলেন। তিনি আল্লাহর প্রতি বিশ্বাস থেকে বিচ্যুত হননি। ফলে আল্লাহ তাকে দুনিয়াতেই জানাতে তার স্থান দেখিয়েছেন। অন্য হচ্ছেন, ঈসা (আঃ)-এর মাতা মরিয়াম বিনতু ইমরান। তিনি তাঁর সতীত্বকে বজায় রেখেছিলেন এবং তিনি ছিলেন বিনয় প্রকাশকারিণীদের অন্যতম।

عَنْ أَبِي مُوسَى رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ كَمَلَ مِنْ الرِّجَالِ كَثِيرٌ وَلَمْ يَكُمْلْ مِنْ النِّسَاءِ إِلَّا آسِيَةُ امْرَأَةُ فِرْعَوْنَ وَمَرْيَمُ بِنْتُ عِمْرَانَ -

আবু মুসা (রাঃ) থেকে বর্ণিত রাসূল ﷺ বলেছেন, ‘পুরুষদের মধ্যে অনেকেই পূর্ণ ঈমানদার হয়েছেন কিন্তু নারীদের মধ্যে ঈমরানের কন্যা মারইয়াম এবং ফেরাউনের স্ত্রী আসিয়া ব্যতীত আর কেউ পূর্ণ ঈমানদার হ'তে পারেনি’ (তাফসীর কুরআনুল কারীম, সূরা তাহরীম; বুখারী হা/৩৪১১; মুসলিম হা/৪৪৫৯; মিশকাত হা/৫৭২৪; বঙ্গনুবাদ মিশকাত হা/ ৫৪৭৯)।

আল্লাহ তা'আলা কাফেরদের জন্য নৃহ (আঃ)-এর পত্নী ও লৃত (আঃ)-এর পত্নীর দৃষ্টান্ত পেশ করেছেন। আল্লাহ বলেন, ‘তারা ছিল ধর্মপরায়ন আমার দুই বান্দার গৃহে। অতঃপর তারা তাদের সাথে বিশ্বাসাদাতকতা করল। ফলে নৃহ ও লৃত তাদেরকে আল্লাহর কবল থেকে রক্ষা করতে পারল না এবং তাদেরকে বলা হ'ল, জাহানামীদের সাথে জাহানামে প্রবেশ কর’ (তাহরীম ১০)। উল্লিখিত আয়াতে যে দু'জন নবীর স্ত্রী দ্বিনের ব্যাপারে নিজ নিজ স্বামীর বিরুদ্ধাচরণ করেছিল এবং গোপনে কাফের-মুশরিকদের সাহায্য করেছিল। ফলে তারা জাহানামে প্রবেশ করেছে। আল্লাহর প্রিয় পয়গম্বরদের স্ত্রী হওয়ার পরও তারা জ্হানাম থেকে পরিত্রাণ লাভ করতে পারেনি। তাদের একজন হচ্ছে নৃহ (আঃ)-এর স্ত্রী ‘ওয়াগেলা’ ও অপরজন লৃত (আঃ)-এর স্ত্রী ‘রয়াহেলা’ (তাফসীর কুরআনুল কারীম, সূরা তাহরীম)।

এসব দ্রষ্টান্ত দ্বারা প্রতীয়মান হয় যে, মুমিনের ঈমান তার কোন কাফের আত্মীয়-স্বজনের কোন উপকারে আসবে না। যেমন নবীগণ তাদের কাফের স্ত্রীদের জন্য কোন উপকার করতে পারেননি। তাই সকলকে সাবধান হ'তে হবে, পাপ কাজ হ'তে বিরত থেকে বেশী বেশী সৎ আমল করতে হবে। প্রত্যেক নারী-পুরুষকে নিজ নিজ আমলের কারণে জান্নাতে বা জাহানামে যেতে হবে। এক্ষেত্রে কারো পিতা-মাতা, ভাই-বোন, স্বামী-স্ত্রী বা অন্য কোন আত্মীয়-স্বজনদের বদৌলতে আল্লাহর শান্তি থেকে পরিভ্রান্ত পাবে না। আবার এটাও ঠিক যে, কোন পাপাচার কাফেরের মুমিনা স্ত্রী তার স্বামীর কারণে শান্তি ভোগ করবে না। বরং প্রত্যেককেই নিজ নিজ কৃতকর্মের হিসাব আল্লাহর নিকট দিতে হবে। আর স্ব স্ব আমলের কারণেই শান্তি বা শান্তি ভোগ করবে। এক্ষেত্রে কারো পাপের বোৰা অন্যে বহন করবে না বা কারো পাপের কারণে অন্যকে শান্তি দেওয়া হবে না।

জান্নাতী নারী

إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَئِكَ هُمْ خَيْرُ الْبَرِّيَّةِ، جَرَأُوهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنَّتٍ عَدِّنٍ
تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ حَالِدِينَ فِيهَا أَبَدًا -

নিচয়ই যারা ঈমান আনে ও সৎ আমল করে তারাই হচ্ছে সৃষ্টির সেরা। তাদের পালনকর্তার কাছে রয়েছে তাদের প্রতিদান এমন জান্নাত যার তলদেশ দিয়ে বার্ণাধারা প্রবাহিত। তারা সেখানে অনন্তকাল থাকবে' (আল-বাইয়েনাহ ৭-৮)। মানুষের পার্থিব কৃতকর্মের কারণে পরকালে তারা জান্নাত বা জাহানামের অধিবাসী হবে। উপরোক্ত আয়াতে মুমিন নর-নারীর জন্য জান্নাতের সুসংবাদ দেয়া হয়েছে।

عَنْ أَبْنَى عَبَّاسِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ أَلَا أَخْبِرُكُمْ مِنْ أَهْلِ الْجَنَّةِ النَّبِيِّ فِي الْجَنَّةِ
وَالصَّدِيقُ فِي الْجَنَّةِ وَالشَّهِيدُ فِي الْجَنَّةِ وَالْمَوْلُودُ فِي الْجَنَّةِ وَالرَّجُلُ يَرْوُرُ أَخَاهُ فِي نَاحِيَةِ
الْمِصْرِ لَا يَزُورُهُ إِلَّا لِلَّهِ عَزَّ وَجَلَّ وَنِسَائُكُمْ مِنْ أَهْلِ الْجَنَّةِ الْوَدُودُ الْمَوْلُودُ عَلَى زَوْجِهَا
الَّتِي إِذَا غَضَبَ جَاءَتْ حَتَّى تَضَعَ يَدَهَا فِي يَدِ زَوْجِهَا وَتَقُولُ لَا اذْوَقْ غَمْضًا حَتَّى
تَرْضَى -

ইবনু আবুস (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘আমি কি তোমাদেরকে জান্নাতের অধিবাসী পুরুষদের সংবাদ দিব না? নবী জান্নাতী, সত্যবাদী জান্নাতী, শহীদ জান্নাতী, নবজাতক শিশু জান্নাতী, একমাত্র আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে দ্বিনি ভাইয়ের সাক্ষাৎকারী জান্নাতী। আর ঐসব স্ত্রীগণ হচ্ছে জান্নাতের অধিবাসী যারা বন্ধুত্বাপন্ন, মেহপরায়ণ, বেশি বেশি সন্তান প্রসবকারিণী, স্বামীর প্রতি বারংবার গভীর প্রেম বিনিময়কারিণী। কোন সময় স্বামী রাগান্বিত হ'লে, স্বামীর হাতে হাত রেখে বলে, আমি আপনার সন্তুষ্টি অর্জন না করা পর্যন্ত কোন খাদ্যের স্বাদ আস্বাদন করবো না’ (সিলসিলা ছহীহা হা/১৮৭)।

অত্র হাদীছে চারটি গুণবিশিষ্ট মহিলাকে জান্নাতী বলা হয়েছে। (১) স্বামীকে খুব বেশি ভালবাসা, (২) ঘন ঘন সন্তান প্রসব করা (৩) স্বামীর সাথে বারংবার গভীর প্রেম বিনিময়ে অনুরাগী হওয়া (৪) স্বামী কোন কারণবশত রাগান্বিত হ'লে স্বামীকে রাখী-খুশী না করা পর্যন্ত খাদ্য না খাওয়ার দৃঢ় পরিকল্পনা করা।

অন্য বর্ণনায় আছে, স্বামীর সন্তুষ্টি ও অসন্তুষ্টিই হচ্ছে মহিলাদের জান্নাত ও জাহানাম (সিলসিলা ছহীহা হা/২৬১২, ১৯৩৪)।

عَنْ أَنْسٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ إِذَا صَلَّتْ خَمْسَهَا وَصَامَتْ شَهْرَهَا وَأَحْصَنَتْ فَرْجَهَا
وَأَطَاعَتْ بَعْلَهَا فَلَتَدْخُلْ مِنْ أَيِّ أَبْوَابِ الْجَنَّةِ شَاءَتْ -

আনাস (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘স্ত্রীলোক যখন তার প্রতি নির্ধারিত পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করে, রামাযান মাসের ছিয়াম পালন করে, নিজের লজ্জাস্থানের হেফায়ত করে ও স্বামীর অনুগত থাকে, তখন সে জান্নাতের যে কোন দরজা দিয়ে ইচ্ছা প্রবেশ করতে পারবে’ (আবু নু‘আইম, মিশকাত হা/৩২৫৪, বঙ্গালুবাদ মিশকাত হা/৩১১৫, হাদীছ ছহীহ)। অত্র হাদীছের ভাব ও ভাষার প্রতি লক্ষ্য করলে অতি সহজেই বুঝা যায় যে, মহিলাদের জন্য জান্নাত লাভ একেবারেই সহজ। কেননা চারটি গুণসম্পন্ন মহিলার জন্য তাদের ইচ্ছানুযায়ী যে কোন দরজা দিয়ে সরাসরি জান্নাতে প্রবেশের সুসংবাদ দেওয়া হয়েছে। মুসলিম মহিলাদের জন্য উপরোক্ত চারটি গুণে গুণান্বিত হওয়ার চেষ্টা করা অতিব যরুণী।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ وَالَّذِي نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لَا تُؤْدِي الْمَرْأَةُ حَقَّ رَبِّهَا حَتَّى تُؤْدِيَ حَقَّ رَوْجَهَا وَلَوْ سَأَلَهَا نَفْسَهَا وَهِيَ عَلَى قَنْبِ لَمْ تَمْنَعْهُ نَفْسَهَا -

আব্দুল্লাহ ইবনু আবী আওফা (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘স্ত্রী ততক্ষণ পর্যন্ত আল্লাহর হক্ক আদায় করতে পারে না, যতক্ষণ পর্যন্ত সে তার স্বামীর হক্ক আদায় না করবে। যদি স্বামী উটের গদির উপর থাকা অবস্থায় স্ত্রীর সাথে সহবাসের ইচ্ছা প্রকাশ করে, তবুও স্ত্রীকে সম্মতি প্রকাশ করতে হবে’ (ইবনু মাজাহ, আলবানী, আদাবুয যিফাফ ২৪৪ পঃ, হাদীছ ছহীহ)। অত্র হাদীছ দ্বারা প্রমাণিত হয় যে, স্বামীর সন্তুষ্টিই হচ্ছে স্ত্রীর জন্য আল্লাহর হক্ক আদায় করা। সুতরাং যে মহিলা স্বামীর সন্তুষ্টি অর্জন করতে পারল সে আল্লাহর হক্ক আদায় করতে পারল। আর আল্লাহর হক্ক আদায় করার অর্থই হচ্ছে তার জন্য জান্নাত অবধারিত। তাই প্রত্যেক মুমিনা আদর্শ নারীকে নিজের স্বামীর ব্যাপারে সজাগ থাকতে হবে। কেননা স্বামীই হচ্ছে তার জান্নাত ও জাহানাম।

আল্লাহর সৃষ্টি জীবের প্রতি সদয় আচরণ করতে হবে। কেননা রাসূল বলেছেন, সমস্ত সৃষ্টিই আল্লাহর পরিবারভূত। সুতরাং যদীনে যারা আছে তাদের প্রতি দয়া কর। আসমানে যিনি আছেন তিনি তোমাদের প্রতি দয়া করবেন। হাদীছে আছে একটি কুকুরের প্রতি অনুগ্রহ করার কারণে একজন ব্যভিচারিণী মহিলা আল্লাহর সন্তুষ্টি লাভ করতে পেরেছে।

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত তিনি বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, একজন পতিতা মহিলাকে ক্ষমা করে দেওয়া হয়। একটি কুপের পাশে উপবিষ্ট একটি কুকুরের নিকট দিয়ে অতিক্রমকালে সে দেখল কুকুরটি হাপাচ্ছে এবং পিপাসায় মারা যাওয়ার উপক্রম। কুকুরটির এ অবস্থা দেখে সে নিজের মোয়া খুলে মাথার ওড়নার সাথে বেঁধে কৃপ থেকে পানি উঠিয়ে কুকুরটিকে পান করাল। এর ফলে তাকে ক্ষমা করে দেওয়া হ'ল। এসময় রাসূল (ছাঃ)-কে জিজ্ঞেস করা হ'ল পশুর সেবায়ও কি কল্যাণ আছে? তিনি বললেন, প্রত্যেক প্রাণীর সেবায় কল্যাণ আছে’ (মুভাফাক্ত আলাইহ, বঙ্গানুবাদ মিশকাত হা/১৮০৭)।

উপরোক্ত হাদীছ দ্বারা বুঝা যায় যে, একটি প্রাণীর প্রতি দয়া করার কারণে একজন বারবণিতার মত পাপী মহিলাকে যদি আল্লাহ ক্ষমা করে দেন, তাহ'লে

আমাদেরকেও আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য তাঁর হৃকুম পালনের সাথে সাথে তাঁর সন্তুষ্টি জীবের প্রতি দয়া ও অনুগ্রহ করতে হবে।

আওফ ইবনু মালেক আল-আশজাঞ্জ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘আমি ও কালো গণ্ডব্য বিশিষ্ট মহিলা ক্রিয়ামতের দিন এভাবে নিকটবর্তী হব। রাবী ইয়ায়ীদ ইবনু যুরাঞ্জ নিজের মধ্যমা ও তজনী অঙ্গুলীর প্রতি ইঙ্গিত করে দেখালেন। অর্থাৎ সে এমন মহিলা যার স্বামী নেই অথচ সে মর্যাদাশীলা ও রূপসী হওয়া সত্ত্বেও ইয়াতীম সন্তানদের লালন-পালনের উদ্দেশ্যে নিজেকে বন্দী করে রেখেছে যে পর্যন্ত তারা (স্বনির্ভর হয়ে মায়ের সেবা-যত্ন হ'তে) পৃথক হয়ে যায় বা মৃত্যুবরণ করে’ (আবুদাউদ, বঙ্গানুবাদ মিশকাত হ/৪৭৬১)।

রাসূল (ছাঃ) পুরুষদের মধ্যে যেমন অনেককে জান্নাতের সুসংবাদ দিয়েছেন তেমনি নারীদের মধ্যেও কয়েকজনের সম্পর্কে দুনিয়াতেই জান্নাতের সুসংবাদ দিয়েছেন। তারা হচ্ছেন ফের‘আউনের স্ত্রী আসিয়া, ইমরানের কন্যা মারিয়াম, খুওয়াইলিদের কন্যা খাদীজা, মুহাম্মাদ (ছাঃ) এর মেয়ে ফাতিমা এবং আবুবকর (রাঃ)-এর মেয়ে আয়েশা। ফের‘আউনের স্ত্রী আসিয়া আল্লাহর কাছে যালিম সম্প্রদায়ের নিকট থেকে মুক্তি ও জান্নাতে তার জন্য একটি ঘর নির্মাণের প্রার্থনা করেছিল। আল্লাহর বাণী,

﴿وَضَرَبَ اللَّهُ مَثَلًا لِّلَّذِينَ آمَنُوا امْرَأَتَ فِرْعَوْنَ إِذْ قَالَتْ رَبُّ ابْنِ لِي عِنْدَكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجَّنِي مِنْ فِرْعَوْنَ وَعَمَلَهُ وَنَجَّنِي مِنَ الْقَوْمِ الطَّالِبِينَ﴾

‘আল্লাহ তা‘আলা ঈমানদার লোকদের জন্য ফেরাউনের স্ত্রীকে দৃষ্টান্তস্বরূপ পেশ করেছেন। ফেরাউনের স্ত্রী আসিয়া দো‘আ করে বললেন, হে আল্লাহ! আমার জন্য তোমার কাছে জান্নাতে একটি ঘর নির্মাণ কর এবং ফেরাউন ও তার কার্যকলাপ থেকে আমাকে মুক্তি দাও। মুক্তি দাও আমাকে অত্যাচারী লোকদের নির্যাতন থেকে’ (তাহরীম ১১)। আল্লাহ তার দো‘আ করুল করেছিলেন।

মারিয়াম সম্পর্কে আল্লাহ বলেন,

﴿وَمَرِيمَ ابْنَتَ عِمْرَانَ الَّتِي أَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيهِ مِنْ رُوحِنَا وَصَدَقَتْ بِكَلِمَاتِ رَبِّهَا وَكُنْبِيهِ وَكَانَتْ مِنَ الْفَانِتِينَ﴾

‘আর ইমরান কন্যা মারিয়ম, যিনি তাঁর ঘোনাগের পূর্ণ রক্ষণাবেক্ষণ করেছেন। তখন আমি তার মধ্যে আমার থেকে রুহ ফুঁকে দিয়েছি। তিনি তার প্রতিপালকের সব কথা ও তাঁর কেতাব সমূহের সত্যতা মেনে নিয়েছেন। বস্তুতঃ তিনি ছিলেন নিয়মিত ইবাদতকারিণী, আল্লাহর আদেশ পালনকারী বিনয়ী লোকদের অন্তর্ভুক্ত’ (তাহরীম ১২)।

عَنْ أَنَسِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ حَسْبُكَ مِنْ نِسَاءِ الْعَالَمِينَ مَرِيمٌ ابْنَةُ عِمْرَانَ وَحَدِيجَةُ بْنُتُ خُوَيْلِدٍ وَفَاطِمَةُ بْنُتُ مُحَمَّدٍ وَآسِيَةُ ابْنَةُ فِرْعَوْنَ -

আনাস (রাঃ) বলেন, নবী ﷺ বলেছেন, ‘সারা বিশ্বের মধ্য থেকে এই চারজন মহিলার ফয়লত সম্পর্কে তোমার অবগত হওয়া যথেষ্ট। তাঁরা হচ্ছেন ইমরানের মেয়ে মারিয়াম, খুওয়াইলেদের মেয়ে খাদীজা, মুহাম্মদ ﷺ এর মেয়ে ফাতিমা এবং ফেরাউনের স্ত্রী আসিয়া’ (তিরমিয়ী হা/৩৮৭৮, মিশকাত হা/৬১৮, বঙ্গনুবাদ মিশকাত হা/৫৯৩০)।

আয়েশা (রাঃ)-এর ব্যাপারে রাসূল ﷺ বলেছেন,

وَإِنْ فَضْلَ عَائِشَةَ عَلَى النِّسَاءِ كَفَضْلُ التَّرِيدِ عَلَى سَائِرِ الطَّعَامِ -

‘সব নারীর উপর আয়েশার মর্যাদা এমন যেমন সব রকমের খাদ্য সামগ্ৰীর উপর ছারীদের মর্যাদা’ (বুখারী হা/৩৪১১, মুসলিম হা/৪৪৫৯, মিশকাত হা/৫৭২৪, বঙ্গনুবাদ মিশকাত হা/৫৪৭৯)। রঞ্জিট টুকরা টুকরা করে গোশতের বোলের মধ্যে ভিজিয়ে দেওয়াকে ছারীদ বলে। এটা আরবের একটি জনপ্ৰিয় খাদ্য।

আবু হুরায়রা (রাঃ) বলেন, একদা জিবৱীল (আঃ) নবী করীম (ছাঃ)-এর নিকট আসলেন এবং বললেন, হে আল্লাহর রাসূল! ঐ যে খাদীজা একটি পাত্র নিয়ে আসছেন। তার মধ্যে তরকারী ও খাদ্যদ্রব্য আছে। তিনি যখন আপনার নিকট আসবেন তখন তাকে তার রবের পক্ষ থেকে এবং আমার পক্ষ থেকে সালাম বলবেন। আর তাকে জান্নাতের মধ্যস্থিত মুক্তখচিত এমন একটি প্রাসাদের সুসংবাদ প্ৰদান কৰবেন, যেখানে কোন হৈ ভল্লোড় বা কোন কষ্ট নেই’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/৬১৭৬, বঙ্গনুবাদ মিশকাত হা/৫৯২৫)।

عَنْ أُمٌّ سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ دَعَا فَاطِمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا عَامَ الْفَتْحِ فَنَاجَاهَا فَبَكَتْ ثُمَّ حَدَّثَهَا فَضَحِّكَتْ فَلَمَّا تُوفِيَ رَسُولُ اللَّهِ ﷺ سَأَلْتُهَا عَنْ بُكَائِهَا وَضِحْكِهَا فَقَالَتْ أَخْبَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ يَمُوتُ فَبَكَيْتُ ثُمَّ أَخْبَرَنِي أَنِّي سَيِّدَةُ نِسَاءِ أَهْلِ الْجَنَّةِ إِلَّا مَرِيمَ بْنَتَ عِمْرَانَ فَضَحِّكْتُ

উম্মু সালমা (রাঃ) বলেন, মক্কা বিজয়ের বছর এক দিন রাসূল (ছাঃ) ফাতিমাকে ডাকলেন এবং চুপে চুপে কিছু কথা বললেন। কথা শুনে ফাতিমা কেঁদে ফেললেন। অতঃপর তিনি পুনরায় তার সাথে কথা বললেন। এবার ফাতিমা হাসলেন। উম্মু সালমা বলেন, রাসূল (ছাঃ)-এর ওফাতের পর আমি ফাতিমা (রাঃ)-কে ঐ দিনের কাঁদার ও পরক্ষণেই হাসার কারণ জিজ্ঞেস করলাম। তিনি বললেন, রাসূল (ছাঃ) আমাকে বলেছেন যে, অচিরেই তিনি ইত্তিকাল করবেন। একথা শুনে আমি কেঁদেছি। তারপর তিনি আমাকে বললেন, আমি মারিয়াম বিনতু ইমরান ব্যতীত জান্নাতী সমস্ত নারীদের সরদার হব। একথা শুনে আমি হেসেছি' (তিরিমিয়ী, বঙ্গনুবাদ মিশকাত হা/ ৫৯৩৩)।

عَنْ جَابِرِ بْنِ عَتَيْبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ الشَّهَادَةُ سَبْعُ سَوَى الْقَتْلِ فِي سَيِّدِ الْمُؤْمِنِينَ شَهِيدٌ وَالْغَرِيقُ شَهِيدٌ وَصَاحِبُ دَاتِ الْجَنَّبِ شَهِيدٌ وَالْمَبْطُونُ شَهِيدٌ وَصَاحِبُ الْحَرِبِ شَهِيدٌ وَالَّذِي يَمُوتُ تَحْتَ الْهَدَمِ شَهِيدٌ وَالْمَرْأَةُ تَمُوتُ بِجَمْعِ شَهِيدٍ.

জাবের ইবনু আতিক (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেন, ‘আল্লাহর রাস্তায় যুদ্ধ করে নিহত হয়ে শহীদ হওয়া ব্যতীত সাত শ্রেণীর শহীদ রয়েছে। (১) মহামারীতে মৃত্যুক্ষণ শহীদ (২) পানিতে ডুবে মৃত্যুক্ষণ শহীদ (৩) ‘যাতুল জানব’ বা প্লেগ রোগে (এমন রোগ যাতে পাজরের নীচে হৃদয়ের নিকটে দানা উঠে এবং রোগীর শ্বাস নিতে কষ্ট হয়, এরূপ রোগে) মৃত্যুক্ষণ শহীদ। (৪) পেটের রোগে মৃত্যুক্ষণ শহীদ (৫) আগুনে পুড়ে মৃত্যুক্ষণ শহীদ (৬) কোন কিছু চাপা পড়ে মৃত্যুক্ষণ শহীদ এবং (৭) প্রসবকষ্টে মৃত স্ত্রীলোক শহীদ’ (মুয়াত্তা ইমাম মালেক, আবুদাউদ, নাসাই, মিশকাত হা/১৫৬১, বঙ্গনুবাদ মিশকাত হা/১৪৭৫, ৪ৰ্থ খণ্ড)।

অত্র হাদীছে রাসূল (ছাঃ) আল্লাহর রাস্তায় জিহাদ করে নিহত শহীদগণ ছাড়াও সাত শ্রেণীর লোককে শহীদের মর্যাদা দেয়ার ঘোষণা দিয়েছেন। তন্মধ্যে সন্তান প্রসবের সময় যেসব মহিলা মৃত্যুবরণ করে তারাও শহীদের মর্যাদা পাবে।

উপরোক্ত হাদীছগুলি দ্বারা বুঝা যায় যে, রাসূল (ছাঃ) নারীদেকে যেমন জাহানামের ভূতি প্রদর্শন করেছেন তেমনি জাহানাতের সুসংবাদও দিয়েছেন। ইবাদত-বন্দেগী, পরহেয়গারিতা ও সৎ আমল ছাড়াও দুই শ্রেণীর নারীর জন্য জাহানাতের সুসংবাদ দিয়েছেন। (১) যে বিধবা নারী তার ইয়াতীম সন্তান প্রতিপালনের জন্য নিজের সুখ-শান্তি বিসর্জন দিয়ে বিবাহ না করে একাকী জীবন যাপন করে, যতদিন না তারা স্বনির্ভর হয়। (২) সন্তান প্রসবকালে মৃত্যুবরণকারিণী নারী। এটা দ্বারা কঠিন বিপদের সময়েও দৈর্ঘ্য ধারণ করার উৎসাহ প্রদান করা হয়েছে।

জাহানাতী মহিলাদের অবস্থাঃ

জাহানাতে নারীগণ হবেন পূর্ণ যুবতী। আল্লাহ বলেন, -‘سَمَّا بِكَوَاعِبَ أَتَرَابًا - وَ كَوَاعِبَ مَوْلَانَا تَرْكَلَيْغَانَ’ (নাবা ৩৩)।

জাহানাতবাসিনী নারীদের সৌন্দর্য সম্পর্কে বলেন, যদি জাহানাতবাসিনী কোন নারী (হুর) পৃথিবীর পানে উকি দেয় তবে সমগ্র জগৎ তার রূপের ছটায় আলোকিত হয়ে যাবে এবং আসমান ও যমীনের মধ্যবর্তী স্থান সমূহ সুগন্ধিতে মোহিত করে ফেলবে। এমনকি তাদের (হুরদের) মাথার ওড়না গোটা দুনিয়া এবং তার মধ্যকার সম্পদরাজি হ'তেও উত্তম (বুখারী, বঙ্গনুবাদ মিশকাত হ/৫৩৭৩)।

অন্য বর্ণনায় রাসূল (ছাঃ) জাহানাতবাসিনী নারীদের সৌন্দর্যের বর্ণনা এভাবে দেন, সৌন্দর্যের দরকন তাদের হাড় ও গোশতের উপর দিয়ে নলার ভিতরের মজজা দেখা যাবে। তারা সকাল-সন্ধ্যা আল্লাহর পবিত্রতা বর্ণনায় রত থাকবে। তারা কখনো রোগাক্রান্ত হবে না। তাদের পেশাব-পায়খানার প্রয়োজন হবে না, থুথু ফেলবে না, সর্দি-কাশি হবে না। তাদের পাত্র সমূহ হবে সোনা-রূপার তৈরী। তাদের চিরগুণী স্বর্ণের এবং ধূনীর জ্বালানী হবে আগরের। তাদের গায়ের ঘাম হবে কস্ত্রীর ঘত (সুগন্ধিযুক্ত)। তাদের স্বত্বাব হবে মানুষের ঘত, শারীরিক গঠন বা

অবয়ব হবে পিতা আদম (আঃ)-এর ন্যায় এবং উচ্চতায় ষাট গজ লম্বা (বঙ্গনুবাদ মিশকাত, ১০ম খণ্ড, হ/৫৩৭৮)।

জান্নাতে হুরগণ হবেন এমন অপরূপা ও লাবণ্যময়ী যা মানুষ কোনদিন দেখেনি এবং কল্পনাও করেনি।

عَنْ أَبِي هَرِيرَةَ رَضِيَ اللَّهُ تَعَالَى عَنْهُ أَوْلُ زَمْرَةٍ تَدْخُلُ الْجَنَّةَ عَلَى صُورَةِ الْقَمَرِ لَيْلَةَ الْبَدْرِ
وَالَّذِينَ عَلَى أَثَارِهِمْ كَاهْسَنَ كَوْكِبٌ دُرَّيٌ فِي السَّمَاءِ أَضَاءَ قُلُوبُهُمْ عَلَى قُلُوبِ رَجُلٍ وَاحِدٍ لَا
تَبْغَضُ بَيْنَهُمْ وَلَا تَحَاسِدُ لِكُلِّ امْرِئٍ رَوْجَاتَانِ مِنَ الْحُوْرِ الْعَيْنِ يَرَى مُخَ سُوقَهُنَّ مِنْ وَرَاءِ
الْعَظْمِ وَاللَّحْمِ.

আবু হুরায়রা (রাঃ) হ'তে বর্ণিত নবী করীম (ছাঃ) বলেছেন, ‘প্রথম যে দল জান্নাতে প্রবেশ করবে তাদের চেহারা পূর্ণিমা রাতের চাঁদের মত উজ্জ্বল হবে। আর তাদের পরে যারা প্রবেশ করবে তাদের চেহারা আকাশের উজ্জ্বল তারকার চেয়েও অধিক সুন্দর ও উজ্জ্বল হবে। তাদের অন্তরণ্গলি হবে এক ব্যক্তির অন্তরের মত। তাদের মধ্যে কোন বিদ্বেষ থাকবে না, কোন হিংসা থাকবে না। আর তাদের প্রত্যেকের ডাগর ডাগর চোখ বিশিষ্ট দু'জন করে স্ত্রী থাকবে, যাদের পদতলের অস্থিমজ্জা হাড় ও গোস্ত ভেদ করে দেখা যাবে’ (বঙ্গনুবাদ বুখারী, ৩য় খণ্ড, হ/৩২৫৪)।

অন্য বর্ণনায় আছে রাসূল (ছাঃ) বলেছেন, ‘জান্নাতের হুরগণের চেহারার উজ্জ্বলতা আয়না অপেক্ষা অধিক স্বচ্ছ হবে’ (বঙ্গনুবাদ মিশকাত হ/৫৪০৯)।

হুরদের সম্পর্কে মহান আল্লাহ বলেন, عَيْنٌ كَامْتَالُ اللُّؤْلُؤِ الْمَكْوُنُونَ وَحُوْرٌ
'সেখানে থাকবে টানাটানা, ডাগর ডাগর আখি বিশিষ্ট নারীগণ। আর তারা হবে আবরণে রক্ষিত মতির ন্যায়' (ওয়াক্তি 'আহ ২২, ২৩)।

মহান আল্লাহ আরো বলেন, ‘জান্নাতবাসীদের নিকট থাকবে আয়ত লোচনা তরণীগণ। অর্থাৎ তারা তাদের স্বামী ছাড়া অন্য কোন পুরুষের দিকে তাকাবে না। আল্লামা ইবনু জাওয়ী বলেন, তারা তাদের স্বামীদের দৃষ্টিকে নত রাখবে। অর্থাৎ তারা এমন অনিন্দ্য সুন্দরী ও স্বামীর প্রতি নিবেদিতা হবে যে, তাদেরকে

পেয়ে স্বামীদের অন্তরে অন্য কোন নারীর প্রতি বাসনাই হবে না (কুরআনুল কারিম)।

মহান আল্লাহ আরো বলেন, ‘যেন তারা সুরক্ষিত ডিম’।

উপরোক্ত আয়াত ও হাদীছ দ্বারা বুঝা যায় যে, জান্নাতী হূরদের সৌন্দর্যের কোন তুলনা নেই। তাদের সৌন্দর্য বর্ণনা করে শেষ করা যাবে না। তার হচ্ছেন অতিব সুন্দরী। রাসূল (ছাঃ) জাহানামে মহিলাদের সংখ্যা যেমন বেশী হবে উল্লেখ করেছেন, তেমনি জান্নাতেও তাদের সংখ্যা অধিক হবে বলে উল্লেখ করেছেন।

عَنْ أَبِي سَعِيدٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَدْئِي أَهْلُ الْجَنَّةِ
الَّذِي لَهُ تَمَانُونَ الْفَ حَادِمٌ وَأَنْتَانٌ وَسَبْعُونَ زَوْجَةً—

আবু সাউদ খুদরী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, নিম্নমানের জান্নাতবাসীর জন্য আশি হায়ার খাদেম এবং বাহাতুর জন স্ত্রী হবে’ (তিরমিয়ী, মিশকাত, বঙানুবাদ মিশকাত হ/৫৪০৬)।

একজন নিম্নমানের জান্নাতবাসীর স্ত্রী যদি বাহাতুর জন হয় তাহলে কত লোক জান্নাতে যাবে আর তাদের স্ত্রীর সংখ্যা কত হবে? অতএব জান্নাতেও নারীদের সংখ্যা বেশী হবে। জান্নাতে নারীগণ সর্বদা তাদের স্বামীদের উপর রায়ী-খুশি থাকবে।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

عَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ إِنَّ فِي الْجَنَّةِ لِمُجْتَمِعًا لِلْحُورِ الْعَيْنِ يَرْفَعُنَ باَصَوَاتٍ
لَمْ تَسْمَعْ الْخَلَائِقُ مِثْلَهَا يَقْلُلُنَ تَحْنُنُ الْخَالِدَاتُ فَلَا تَبِيدُ وَتَحْنُنُ النَّاعِمَاتُ فَلَا تَبَاسُ وَتَحْنُنُ
الرَّاضِيَاتُ فَلَا نَسْخَطُ طُوبَى لِمَنْ كَانَ لَنَا وَكُنَّا لَهُ.

আলী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘জান্নাতের হূরগণ এক জায়গায় সমবেত হয়ে উচ্চ আওয়াজে সুমধুর সুরে সুলিলিত কঢ়ে গান গাইবে। সৃষ্টিজীব কখনো সেই সুর শুনতে পায়নি। তারা বলবে স্বামী গো! আমরা চিরদিন থাকব কখনো ধ্বংস হব না। স্বামী গো! আমরা সর্বদা সুখে আনন্দ-ফুর্তিতে থাকব কখনো দুঃখ-দুশিঙ্গায় পতিত হব না। স্বামী গো! আমরা সর্বদা সন্তুষ্ট থাকব

কখনো নাখোশ হব না। সুতরাং ধন্যবাদ, যার জন্য আমরা এবং আমাদের জন্য যিনি' (তিরমিয়ী, বিঙানুবাদ মিশকাত হ/৫৪০৭)।

যিকিরের আলোচনা

ছালাত, ছিয়াম, হজ্জ, যাকাত, দান-ছাদাক্ষুর মত আরেকটি গুরুত্বপূর্ণ ইবাদত হচ্ছে যিকর। যিকর অর্থ স্মরণ করা। অর্থাৎ বিভিন্ন তাসবীহও দো'আ পাঠের মাধ্যমে সর্বক্ষণ আল্লাহকে স্মরণ করার নামই হচ্ছে যিকর। মুমিন নারী-পুরুষকে সর্বদা যিকর করার অভ্যাস করা যৱে। হ্যরত জাবের (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'শ্রেষ্ঠ যিকর হ'ল 'লা ইলাহা ইল্লাল্লাহ' আর শ্রেষ্ঠ দো'আ হ'ল 'আলহামদুল্লাহ' (তিরমিয়ী, ইবনু মাজাহ, মিশকাত হ/২৩০২)।

অন্য এক বর্ণনায় আছে যে ব্যক্তি 'সুবহানাল্লাহিল আযীম ওয়া বিহামদিহী' বলবে তার জন্য জালাতে একটি খেজুর গাছ লাগানো হবে (তিরমিয়ী, মিশকাত হ/২৩০৪ হাদীছ ছহীহ)।

عن أبي هريرة رض قال قال رسول الله لَمَنْ أَقُولْ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا
اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ أَحَبُّ إِلَىٰ مِمَّا طَلَعَتْ عَلَيْهِ الشَّمْسُ.

আরু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'আমার নিকট পৃথিবী অপেক্ষাও প্রিয়তর হচ্ছে সুবহানাল্লাহ, আলহামদুলিল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ ও আল্লাহ আকবার বলা' (মুসলিম, মিশকাত হ/২২৯৫; বাংলা মিশকাত হ/২১৮৭)।

عن أبي هريرة رض قال قال رسول الله صلي الله عليه وسلم منْ قال سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ
فِي يَوْمٍ مِائَةَ مَرَّةٍ حَطَّتْ خَطَايَاهُ وَإِنْ كَانَتْ مِثْلَ رَبِيدِ الْبَحْرِ.

আরু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'যে ব্যক্তি দৈনিক একশত বার বলবে, সুবহানাল্লাহি ওয়া বিহামদিহী অর্থাৎ আল্লাহর পবিত্রতা বর্ণনা করি তাঁর প্রশংসার সাথে, তার সমস্ত গুনাহ মাফ করা হবে, যদিও তার গুনাহ সমুদ্রের ফেনার ন্যায় অধিক হয়' (বুখারী, মুসলিম, মিশকাত হ/২২৯৬; বাংলা মিশকাত হ/২১৮৮)।

عَنْ أَبِي هَرِيرَةَ رَضِيَ اللَّهُ تَعَالَى عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ تَعَالَى عَلَيْهِ وَسَلَّمَ كَلِمَتَانِ حَفِيقَتَانِ عَلَى اللِّسَانِ تَقْيِيلَتَانِ فِي الْمِيزَانِ حَبِيبَتَانِ إِلَى الرَّحْمَانِ سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ.

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘দু’টি সংক্ষিপ্ত বাক্য যা বলা সহজ, অথচ পাল্লাতে ভারী ও আল্লাহর নিকট অধিক প্রিয়। তা হল, সুবহানাল্লাহি ওয়া বিহামদিহী, সুবহানাল্লাহিল আয়ীম’ (বুখারী, মুসলিম, মিশকাত হা/২২৯৮; বাংলা মিশকাত হা/২১৯০)।

আবু মূসা আশ-আরী (রাঃ) বলেন, আমরা এক সফরে রাসূল (ছাঃ)-এর সাথে ছিলাম। লোকেরা উচ্চস্থরে তাকবীর বলতে লাগল। তখন রাসূল (ছাঃ) বললেন, হে মানুষ! তোমরা তোমাদের প্রতি রহম কর এবং নীরবে তাকবীর পাঠ কর। তোমরা বধিরকে ডাকছ না এবং অনুপস্থিতকেও ডাকছ না। তোমরা ডাকছ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টাকে, তিনি তোমাদের সাথে আছেন। যাকে তোমরা ডাকছ তিনি তোমদের বাহনের ঘাড় অপেক্ষাও তোমাদের অধিক নিকটে আছেন। আবু মূসা বলেন, আমি তখন রাসূল (ছাঃ)-এর পিছনে চুপে চুপে বলছিলাম, لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ (লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ) অর্থাৎ আমার কোন উপায় নেই, কোন শক্তি নেই আল্লাহর সাহায্য ব্যতীত। তখন রাসূল (ছাঃ) বললেন, ওহে ইবনু কায়েস! আমি কি তোমাকে জানাতের ভান্ডার সমূহের একটি ভান্ডারের সন্ধান দিব না? আমি বললাম, নিশ্চয়ই হে আল্লাহর রাসূল! তিনি বললেন, তা হচ্ছে-
لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ (লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ) (বুখারী, মুসলিম, মিশকাত হা/২৩০৩; বাংলা মিশকাত হা/২১৯৫)।

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূলাল্লাহ (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি সকাল-সন্ধ্যায় একশত বার বলবে সুবহানَ اللَّهِ الْعَظِيمِ وَبِحَمْدِهِ (সুবহ: নাল্ল-হিল ‘আয়ীম ওয়া বিহ: মদিহ) অর্থ ‘আমি উচ্চ মর্যাদাশীল আল্লাহর প্রশংসা সহকারে পবিত্রতা বর্ণনা করি’, ক্রিয়ামতের দিন তার চেয়ে শ্রেষ্ঠ বাক্য নিয়ে কেউ উপস্থিত হতে পারবে না, কেবল সে ব্যক্তি ব্যতীত যে এর অনুরূপ বা এটা অপেক্ষা অধিকবার বলবে’ (মুভাফাকৃ আলাইহ, মিশকাত হা/২২৯৭)।

عن سمرة بن جندب قال قال رسول الله ﷺ أَفْضَلُ الْكَلَامِ أَرْبَعُ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَفِي رِوَايَةٍ أَحَبُّ الْكَلَامِ إِلَى اللَّهِ أَرْبَعُ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ لَا يَضُرُّكَ بِأَيِّهِنَّ بَدَاتْ.

সামুরা ইবনু জুনদুব (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, শ্রেষ্ঠ বাক্য হচ্ছে চারটি- সুবহানাল্লাহি ওয়াল হামদুলিল্লাহি ওয়া লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার। অন্য বর্ণনায় আছে আল্লাহর প্রিয় বাক্য চারটি ‘সুবহানাল্লাহ’ (আল্লাহ পবিত্র), আল-হামদুলিল্লাহ (সমস্ত প্রশংসা আল্লাহর জন্য), লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ব্যতীত কোন মা’বুদ নেই, আল্লাহ আকবার (আল্লাহ মহান)। এর যে কোন একটি আগে পিছে হ’লে কোন ক্ষতি নেই (মুসলিম, মিশকাত হ/২২৯৪)।

আরু ভুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যে ব্যক্তি দৈনিক একশত বার বলবে লা�َ إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْحَمْدُ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ আল্লাহ ব্যতীত কোন মা’বুদ নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই, তাঁরই রাজত্ব, তাঁরই প্রশংসা এবং তিনিই হচ্ছেন, সমস্ত বিষয়ের উপর ক্ষমতাবান। ঐ ব্যক্তির দশটি গোলাম আযাদ করার সমান নেকী হবে। তার জন্য আরো একশত নেকী লেখা হবে এবং একশত গুনাহ মাফ করা হবে এবং এ বাক্য তাকে ঐ দিনের জন্য শয়তান হ’তে রক্ষাকর্বচ হবে সন্ধ্যা পর্যন্ত এবং সে যা করছে তা অপেক্ষা উভয় কেউ কিছু করতে পারবে না। ঐ ব্যক্তি ব্যতীত যে এ আমল অপেক্ষা অধিক আমল করবে’ (বুখারী, মুসলিম, মিশকাত হ/২৩০২; বাংলা মিশকাত হ/২১৯৪)।

এক নয়রে তাসবীহগুলি নিম্নরূপ-

سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ (সুবহঃ)-নাল্লা-হি ওয়ালহঃ)মদুলিল্লা-হি ওয়া লা-ইলা-হা ইল্লাল্লাহ-হ ওয়াল্লাহু আক্বার) (তিরমিয়ী, হাদীছ হাসান, মিশকাত, হ/২৩১৫)।

الْحَمْدُ لِلَّهِ (লা-ইলা-হা ইল্লাল্লাহ-হ) আর সবচেয়ে উত্তম দো’আ হচ্ছে- (আল-হঃ)মদু লিল্লা-হ) (তিরমিয়ী, হাদীছ ছহীহ, মিশকাত, হ/২৩০৬)।

لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ.

(লা-ইলা-হা ইলাল্লাহ ওয়া দাহু লা- শারীকা লাহ, লাহুল মুলকু ওয়া লাহুল হামদু ওয়া হওয়া ‘আলা- কুণ্ডি শাইয়িং কৃদীর) সে ১০ জন দাস মুক্ত করার সমান নেকী পাবে।

سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ سُبْحَانَ اللَّهِ الْعَظِيمُ

(সুবহঃ)-নাল্লা-হি ওয়া বিহঃম্বিহী সুবহঃ)-নাল্লা-হিল ‘আয়ীম) (বুখারী, মুসলিম, মিশকাত, হ/২২৯৮)।

কালেমায়ে তাইয়েবাহ-^{لَا إِلَهَ إِلَّا اللَّهُ} (লা-ইলা-হা ইলাল্লাহ ওয়া)

অর্থঃ আল্লাহ ব্যতীত কোন উপাস্য নেই।

কালেমায়ে শাহাদত

أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ.

উচ্চারণঃ আশ্হাদু আল্লা- ইলা-হা ইলাল্লাহ ওয়া দাহু লা- শারীকালাহু ওয়া আশ্হাদু আল্লা মুহাম্মাদান ‘আব্দুহু ওয়া রসূলুহ।

অর্থঃ ‘আমি সাক্ষ্য দিছি যে, আল্লাহ ব্যতীত কোন মা‘বুদ নেই, তিনি একক, তার কোন শরীক নেই এবং আমি আরো সাক্ষ্য দিছি যে, মুহাম্মাদ (ছঃ) তাঁর বান্দা ও রাসূল।

عَنْ أَبِي هَرِيرَةَ رَضِيَّ اللَّهُ تَعَالَى عَنْهُ أَنَّ اللَّهَ تَعَالَى تِسْعَةً وَّتِسْعِينَ إِسْمًا مِائَةً إِلَّا
وَاحِدٌ مِنْ أَحْصَاهَا دَخَلَ الْجَنَّةَ وَهُوَ وَتُرْ يُحِبُّ الْوَتْرَ.

আরু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘আল্লাহর নিরনবইটা এক কম একশত নাম রয়েছে। যে তা স্মরণ করবে সে জান্নাতে যবে। অন্য এক বর্ণনায় আছে, তিনি বেজোড়, বেজোড়কে ভালবাসেন’ (বুখারী, মুসলিম মিশকাত হ/২২৮৭, ‘দো‘আ’ অধ্যায়, ‘আল্লাহন নাম’ অনুচ্ছেদ)। আল্লাহর গুণবাচক নামের মাধ্যমে তাকে ডাকলে আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন।

আল্লাহর গুণবাচক নাম সমূহ

(১) (আল্লাহ) আল্লাহ যিনি ব্যতীত কোন মা'বুদ নেই। (২) (الرَّحْمَانُ) (আল-রহমান) দয়াময়, (৩) (الرَّحِيمُ) (আল-রাহীম) দয়াবান, বিশেষ দয়ার অধিকারী (৪) (الْمَلِكُ) (আল-মালিক) রাজাধিরাজ (৫) (الْقُدُوسُ) (আল-কুদুস) অতিপিত্র (৬) (السَّلَامُ) (আস-সালাম) শাস্তিময়, (৭) (الْمُؤْمِنُ) (আল-মুমিন) নিরাপত্তা দাতা, (৮) (الْمُهَمَّيْنُ) (আল-মুহাইমিন) রক্ষক, (৯) (الْعَزِيزُ) (আল-আযীয) প্রভাবশালীর, (১০) (الْجَبَارُ) (আল-জাবার) শক্তি প্রয়োগ দ্বারা সংশোধনকারী, (১১) (الْخَالِقُ) (আল-মুতাকাবিবর) অহংকারের অধিকারী, (১২) (الْمُتَكَبِّرُ) (আল-খালিক) স্রষ্টা (১৩) (الْبَرِّيُّ) (আল-বারী) ক্রটিহীন স্রষ্টা (১৪) (الْمُصَوَّرُ) (আল-মুছাবির) অংকনকারী (১৫) (الْغَفَّارُ) (আল-গাফফার) বড় ক্ষমাশীল (১৬) (الْقَهَّارُ) (আল-কাহহার) নির্বিশেষ ক্ষমতা প্রয়োগকারী, (১৭) (الْوَهَابُ বড় দাতা (আল-ফাত্তাহ) , (১৮) (الرَّزَاقُ) (আল-রায়াক) রিয়িক দাতা (১৯) (الْفَتَّاحُ আল-ফাত্তাহ) বিপদমুক্তকারী (২০) (الْعَلِيُّ) (আল-আলীম) বড় জ্ঞানী, সর্বজ্ঞ (২১) (الْقَابِضُ আল-কাবিয) সংকোচনকারী (২২) (الْبَاسِطُ আল-বাসিত) সম্প্রসারণকারী (২৩) (الْخَافِضُ আল-খাফিয) নিচুকারী (২৪) (الرَّافِعُ আর-রাফি') যিনি উপরে উঠান (২৫) (الْمَعْرُ আল-মুইয়্য) সম্মানদাতা (২৬) (الْذِلُّ আল-মুঘল্ল) অপমানকারী (২৭) (السَّبِيعُ আল-সাবিয়) সম্মানদাতা (২৮) (البَصِيرُ আল-বাছীর) দর্শক (২৯) (الْحَاكِمُ আল-হাকিম) নির্দেশ দানকারী (৩০) (الْعَدْلُ আল-আদল) ন্যায়বিচারক (৩১) (اللَّطِيفُ আল-লাতীফ) সৃষ্টির প্রয়োজন পূরণকারী, অনুগ্রহকারী (৩২) (الْخَيْرُ আল-খাবীর) ভিতরের বিষয় অবগত (৩৩) (الْحَلِيمُ আল-হালীম) ধৈর্যশীল (৩৪) (الْعَظِيمُ আল-আযীম) বিরাট সম্মানীর (৩৫) (الْغَفُورُ আল-গাফুর) বড় ক্ষমাকারী (৩৬) (الْعَلِيُّ আল-আযীয) কৃতজ্ঞ, যিনি অল্পে বেশি পুরস্কার দান করেন (৩৭) (الشَّكُورُ আশ-শাকুর) সর্বোচ্চ সমাসীন (৩৮) (الْكَبِيرُ আল-কাবীর) সবচেয়ে মহান (৩৯) (الْحَفِيظُ আল-হাফীয) বড় রক্ষাকারী (৪০) (الْمُقِيتُ আল-মুকীত) খাদ্যদাতা, দৈহিক ও আত্মিক শক্তিদাতা (৪১) (الْحَسِيبُ আল-হাসীব) অন্যের জন্য যথেষ্ট

(৪২) (আল-জলীল) মহিমাভিত (৪৩) (আল-কারীম) বড় দাতা (৪৪) (আর-রাকীব) সর্বদা লক্ষকারী (৪৫) (আল-মুজীব) ডাকে সাড়া দাতা (৪৬) (আল-ওয়াসিঃ) সম্প্রসারণকারী (৪৭) (আল-হাকীম) নির্খুতভাবে সকল কাজ সম্পাদনকারী (৪৮) (আল-ওয়াদুদ) বান্দার কল্যাণকারী (৪৯) (আল-মাজীদ) অসীম অনুগ্রহকারী (৫০) (আল-বায়েছ) প্রেরক (আশ-শহীদ) কাজের সাক্ষী (৫১) (আল-খাবীর) গোপন বিষয় অবগত (৫২) (আল-হাক) সত্য প্রকাশক (৫৩) (আল-কাবী) শক্তিশালী (৫৫) (আল-মতীন) বড় ক্ষমতাবান (৫৬) (আল-ওয়াকীল) অভিভাবক (৫৭) (আল-হামীদ) প্রশংসিত (৫৮) (আল-মুহূর্তী) পুরুষানুপুর্জ্জ হিসাব রক্ষক (৫৯) (আল-মুবদী) নমুনাহীন স্রষ্টা (৬০) (আল-মুস্তিদ) মৃত্যুর পর পুনরায় সৃষ্টিকারী (৬১) (আল-মুহূর্যী) জীবনদাতা (৬২) (আল-মুমীত) মৃত্যুদানকারী (৬৩) (আল-হাই) চিরঞ্জীব (৬৪) (আল-কাইযুম) স্বয়ং প্রতিষ্ঠিত (৬৫) (আল-ওয়াজিদ) ইচ্ছামত পাই এমন স্রষ্টা (৬৬) (আল-মাজীদ) বড় দাতা (৬৭) (আল-ওয়াহেদ) একক (৬৮) (আল-আহাদ) অংশীদার নেই যার (৬৯) (আচ-ছামাদ) অমুক্ষাপেক্ষ (৭০) (আল-কাদের) الصَّمْد (আল-কাদের) ক্ষমতাবান (৭১) (আল-মুকাদির) সকলের উপর ক্ষমতাবান (৭২) (আল-মুকাদিম) যিনি আগে বাঢ়ান ও নিকটে করেন (৭৩) (আল-মুআখথির) যিনি ইচ্ছামত পিছনে রাখেন (৭৪) (আল-আউয়াল) অনাদী (৭৫) (আল-আখির) অনন্ত (আল-ঝাহির) প্রকাশকারী (৭৭) (আল-বাতিন) গোপনকারী (৭৮) (আল-ওয়ালী) অভিভাবক (৭৯) (আল-মুতাআলী) সর্বোপরি (৮০) (আল-বাররু) অনুগ্রহকারী (৮১) (আল-মুনতাকীম) আত-তাওয়াব (আল-মুনতাকীম) তাওবা গ্রহণকারী (৮২) (আল-মুনতাকীম) প্রতিশোধ গ্রহণকারী (৮৩) (আল-আফুর্বু) বড় ক্ষমাশালী (৮৪) (আল-আরুফ) উর্ফ (আল-আরুফ)

(আর-রউফ) বড় দয়ালু (৮৫) (আল-মালিকি মুলক) রাজ্যাধিপতি (৮৬) (যুলজালালি ওয়াল ইকরাম) প্রতাপশালী মর্যাদাবান (৮৭) (আল-মুকসিত্ত) অত্যাচার দমনকারী (৮৮) (আল-জামে) সর্বগুণের অধিকারী অথবা ক্ষিয়ামতের দিন একত্রাকারী (৮৯) (আল-গনী) মুখাপেক্ষীহীন (৯০) (আল-মুগনী) যিনি কাউকে কারো মুক্ষাপেক্ষী হ'ত রক্ষা করেন (৯১) (আল-মুনি') বিপদে বাধাদানকারী (৯২) (আয়-যার) যিনি ক্ষতির ক্ষমতা রাখেন (৯৩) (আন-নাফে') যিনি উপকারের ক্ষমতা রাখেন (৯৪) (আন-নূর) আলো দানকারী (৯৫) (আল-হাদী) পথপ্রদর্শক (৯৬) (আল-বাদী'উ) নমুনাবিহীন স্রষ্টা (৯৭) (আল-বাকী) যিনি সর্বদা থাকবেন (৯৮) (আল-ওয়ারিছ) সকলের উত্তরাধিকারী (৯৯) (আর-রশীদ) পথ নির্দেশক (১০০) الصبور (আছ-ছবুর) বড় ধৈর্যশীল।

বিশেষ আশ্রয় প্রার্থনা

আল্লাহর নিকট ক্ষমা চাওয়ার জন্য এক বিশেষ প্রার্থনা। যা ছলাতের মধ্যে ও বিভিন্ন সময়ে বলা উচিত। নবী করীম (ছাঃ) সাধারণতঃ এসব দো'আর মাধ্যমে আল্লাহরনিকট আশ্রয় প্রার্থনা করতেন।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ وَأَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ، وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ
الْمَسِيحِ الدَّجَّالِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ.

অর্থঃ হে আল্লাহ আমি আপনার নিকট জাহানামের শাস্তি হ'তে আশ্রয় চাই, কররের শাস্তি হতে আশ্রয় চাই, দাজ্জালের ফির্তনা হতে আশ্রয় চাই, ইহকাল ও পরকালের ফির্তনা হতে আশ্রয় চাই (মুসলিম মিশকাত পৃঃ ৮৭)।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْجِبْنِ وَأَعُوذُ بِكَ مِنَ الْبُخْلِ وَأَعُوذُ بِكَ مِنْ أَرْدَلِ الْعُمُرِ وَأَعُوذُ بِكَ مِنْ
فِتْنَةِ الدُّنْيَا وَعَذَابِ الْقَبْرِ.

অর্থঃ হে আল্লাহ! আমি আপনার নিকট ভীরুতা হতে আশ্রয় চাই, কৃপণতা হতে আশ্রয় চাই, অতি বার্ধক্য হতে আশ্রয় চাই। আর আপনার নিকট আশ্রয় চাই দুনিয়াবী ফির্তনা ও কবরের শাস্তি হতে (বুখারী, মিশকাত পৃঃ ৮৮)

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ جَهْدِ الْبَلَاءِ وَدَرْكِ الشَّقَاءِ وَسُوءِ الْقَضَاءِ وَشَمَائِثِ الْأَعْدَاءِ.

অর্থঃ হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় চাই বিপদাপদের কষ্ট, দুর্ভাগ্যের আক্রমণ, মন্দ ফায়চালা হতে এবং বিপদে শক্র হাসি হতে (বুখারী, মুসলিম, মিশকাত পৃঃ ২১৬)

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحُزْنِ وَالْعَجْزِ وَالْكَسْلِ وَالْجُبْنِ وَالْبُخْلِ وَ ضَلَعِ الدِّينِ وَ غَلَبةِ الرِّجَالِ -

উচ্চারণঃ আল্ল-হম্মা ইন্নী আ'উয়ুবিকা মিনাল হামামি ওয়াল হঃবানি ওয়াল আজ্জিরি ওয়াল কাসলি ওয়াল জুবনি ওয়াল বুখলি ওয়া যালা'ইদ দায়নি ওয়া গলাবাতির রিজা-ল।

অর্থঃ ‘হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই চিন্তা, শোক, অক্ষমতা, অলসতা, কাপুরুষতা, ঝণের বোৰা ও মানুষের জবরদস্তি হ’তে’ (বুখারী, মুসলিম, মিশকাত হ/ ২৪৫৮)

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْكَسْلِ وَالْهَمِّ وَالْمُغْرِمِ وَالْمُأْمِمِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ النَّارِ وَفِتْنَةِ النَّارِ وَفِتْنَةِ الْقَبْرِ وَعَذَابِ الْقَبْرِ وَمِنْ شَرِّ فِتْنَةِ الْفَقَرِ وَمِنْ شَرِّ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَالِ اللَّهُمَّ اغْسِلْ خَطَايَايِ بِمَاءِ التَّلْجِ وَالْبَرَدِ وَنَقْ قَلْبِي كَمَا يُنَقِّي الثُّوبُ الْأَبِيَضُ مِنَ الدَّنَسِ وَبَا عِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَايِ كَمَا بَاعْدَتْ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ .

অর্থঃ হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই অলসতা, অতি বার্ধক্য, কর্য গোনাহ হ’তে। হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই জাহানামের শাস্তি ও জাহানামের ফির্তনা, কবরের ফির্তনা, কবরের শাস্তি, অর্থ-বিত্তের ফির্তনার অনিষ্ট, দারিদ্রের ফির্তনার অনিষ্ট, দাজালের ফির্তনার অনিষ্ট হতে আশ্রয় চাই। হে আল্লাহ! আমার বরফ ও ঠাণ্ডা পানি দিয়ে আমার গোনাহ সমূহ ধুয়ে দাও, আমার অন্তর

পরিষ্কার করে দাও যেমনভাবে সাদা কাপড়কে ময়লা হতে পরিষ্কার করা হয়। তুমি আমার গোনাহ ও আমার মাঝে এমন দূরত্ব সৃষ্টি কর যেমনভাবে পূর্ব ও পশ্চিমের মাঝে দূরত্ব করেছ। (বুখারী, মুসলিম, মিশকাত পৃঃ ২১৬)।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسْلِ وَالْجُبْنِ وَالْبَخْلِ وَالْهَرَمِ وَعَذَابِ الْقَبْرِ اللَّهُمَّ آتِنِي سُفْرَى تَقْوَاهَا أَنْتَ خَيْرُ مَنْ رَأَكَاهَا أَنْتَ وَلِيَهَا وَمَوْلَاهَا اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عِلْمٍ لَا يَنْفَعُ وَمِنْ قُلْبٍ لَا يَخْشُعُ وَمِنْ نَفْسٍ لَا تَشْبَعُ وَمِنْ دُعَوةٍ لَا يُسْتَجَابُ لَهَا.

অর্থঃ হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই অক্ষমতা, অলসতা, কাপুরণ্যতা, ক্ষণতা, অতি বার্ধক্য ও কবরের শাস্তি হতে। হে আল্লাহ! আপনি আমার আত্মাকে পরহেয়গারিতা দান করুন, আপনি তাকে পরিশুদ্ধ করুন, আপনি উত্তম পরিশুদ্ধতা দানকারী, আপনি আত্মার অভিভাবক ও তার সাহায্যকারী। হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাচ্ছি এমন বিদ্যা হতে যা উপকার করে না, এমন অস্তর হতে যা ভয় করে না, এমন আত্মা যা তৃষ্ণি লাভ করে না এবং দো'আ হতে যা কবুল হয় না (মুসলিম, মিশকাত পৃঃ ২১৬)।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ زَوَالِ نِعْمَتِكَ وَتَحَوُّلِ عَافِيَّتِكَ وَفُجَاءَةِ نِقْمَتِكَ وَجَمِيعِ سَخَطِكَ.

অর্থঃ হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই আপনার অনুগ্রহ চলে যাওয়া হতে, আপনার নিরাপত্তা বিপদাপদে পরিবর্তন হওয়া হতে, আপনার আকস্মিক শাস্তি হতে এবং আপনার সর্বথকার অসম্ভৃষ্টি হতে (মুসলিম, মিশকাত পৃঃ ২১৬)।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا عَمِلْتُ وَمِنْ شَرِّ مَا لَمْ أَعْمَلْ.

উচ্চারণঃ আল্ল-হুম্মা ইংরী আ'উয়ুবিকা মিন শার্রি মা- 'আমিলতু ওয়া মিন শার্রি মা- লাম আ'মাল।

অর্থঃ হে আল্লাহ! আপনার নিকট আশ্রয় চাচ্ছি যা আমি করেছি তার অনিষ্ট হ'তে, আর যা আমি করিনি তার অপকারিতা হ'তে (মুসলিম, মিশকাত হা/২৪৬২)।

اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ آمَنتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَإِلَيْكَ أَنْبَتُ وَبِكَ حَاصَمْتُ، اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِعَزَّتِكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَنْتَ تُضْلِلُنِي أَنْتَ الْحَيُّ الدَّيْنِ لَا يَمُوتُ وَالْجِنُّ وَالْإِنْسُ يَمُوتُونَ.

অর্থঃ হে আল্লাহ! আপনার নিকট আত্মসমর্পণ করলাম, আপনার প্রতি ঈমান আনয়ন করলাম, আপনার প্রতি ভরসা করলাম, আপনার নিকটে প্রত্যাবর্তন করব, আপনার সহযোগিতায় শক্তির বিরুদ্ধাচরণ করব। হে আল্লাহ! আমি আপনার মর্যাদার মাধ্যমে আশ্রয় চাই আমাকে পথভ্রষ্ট করা হ'তে আপনি ব্যতীত কোন মা'বূদ নেই। আপনি চিরঞ্জীব যার মরণ নেই, জিন ও মানুষের মরণ আছে (রুখারী, মুসলিম, মিশকাত পৃঃ ২১৭)।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبَرَصِ وَالْجَدَامِ وَالْجُنُونِ وَ مِنْ سَيِّئِ الْأَسْقَامِ

উচ্চারণঃ আল্ল-হুম্মা ইন্নী আ'উয়ুবিকা মিনাল বারাসি ওয়াল জুয়া-মি ওয়াল জুনুনি
ওয়া মিৎ সায়ইল আসক্ত-ম।

অর্থঃ ‘হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই শ্বেত রোগ, কুষ্টরোগ, পাগলামি ও খারাপ রোগ সমূহ হ'তে’ (নাসাই, মিশকাত, হা/২৪৭০)।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الشَّقَاقِ وَالنَّفَاقِ وَسُوءِ الْأَخْلَاقِ.

অর্থঃ ‘হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই বাগড়া-বিবাদ, মুনাফেক্তী ও
অসৎ চরিত্র হতে (নাসাই, মিশকাত পৃঃ ২১৬)।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ مُنْكَرَاتِ الْأَخْلَاقِ وَالْأَعْمَالِ وَالْأَهْوَاءِ.

অর্থঃ ‘হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই অপসন্দীয় চরিত্র,
অপসন্দনীয় চরিত্র ও মন্দ প্রবৃত্তি হতে (মুসলিম, মিশকাত পৃঃ ২১৬)।